नाश्ना जश्नीरज्ब क्रम

স্থকুমার রায়



এ মুখার্জী আগণ্ড কোম্পানী প্রাইভেট লি ২ বঙ্কিম চ্যাটার্জী খ্রীট, কলিকাতা-১২ প্ৰকাশক:

শ্রীশমিররঞ্জন মৃথোপাধ্যার
মাানেজিং ভিরেকটার
এ. মুথাজী খ্যাও কোং প্রাঃ লিঃ
২ বৃদ্ধিন চ্যাটাজী স্ত্রীট, কলিকাডা-১২

প্রথম প্রকাশ, বৈশাখ ১৩৭৬

প্রচ্ছদশিল্পী:

জী সিদ্ধেশর মিত্র

মুক্রাকর:

গ্রীবৌরেজ্রমোহন বসাক

শ্রীহর্গা প্রিণ্টিং হাউস

১• ডাঃ কার্তিক বোদ স্ত্রীট

কলিকাডা-৯

উৎসর্গ শ্রীযুক্ত মন্মথনাথ ব্রায় পরমশ্রদ্ধাস্পদেযু

গ্রন্থ-পরিচিতি

"বাংলা সংগীতের রূপ" গ্রন্থটি রচনা করেছেন সংগীতজ্ঞানী শ্রীপ্রক্ষার রায়।
পূর্বভাষ ব্যতীত সাতটি পরিচ্ছেদে গ্রন্থটি বিভক্ত এবং একটি পরিশিষ্ট
সংযোজিত। 'বাংলা সংগীতের রূপ' একাধারে সংগীতের ইতিবৃত্ত, সাহিত্য,
ব্যাকরণ ও বিজ্ঞান সম্বন্ধীয় গ্রন্থ বলা ধায়। সম্পূর্ণ নৃতন দৃষ্টিভঙ্গী নিয়ে এবং
প্রাচীন ও আধুনিক সংগীত-সমাজে প্রচলিত শিক্ষাপদ্ধতি, রীতিনীতি, রাগরূপ
ও রাগের বিকাশ এবং সঙ্গে সঙ্গোবচিত্র সাংগীতিক বিষয়বস্তু ও আলোচনার
দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে গ্রন্থটি স্থনিপুণভাবে রচিত হয়েছে মার্জিত রুচি ও
রীতির পরিচ্ধ দিয়ে।

পূর্বভাষে প্রীন্তকুমার বাবু লিখেছেন: "বর্তমান বাংলা গান, যাকে লগুসংগীত রূপে বিভিন্ন তাষার উল্লেখ করা হয়, দে সংগীতই এ প্রন্থের বিষয়বস্তা। পুতকের লক্ষ্য ঐতিহাসিকের নয়। এই প্রন্থে আছে পদ্ধতি ও আলিক (technique) সম্পর্কিত আলোচনা।" অবশ্য ঐতিহাসিকতার অবগাহী না হলেও অতীতের পৃষ্ঠা থেকে সামান্ত ও বিশেষ বছ ঘটনা ও রীতির হয়তো সমাবেশের প্রয়োজন হয়ে পড়ে যে কোন গ্রন্থ রচনা করতে গেলে। তাছাড়া আধুনিক ঘটনাবগাহী বিবর্তনশীল সমাজই অতীতের প্রয়োজন ও প্রতিষ্ঠাকে গ্রহণ করে তবে চলমান। বিচক্ষণ গ্রন্থকার তাই ঐতিহাসিক ক্রম ও উপাদানের উপস্থাপনের জন্ম আহ্বশীল না হলেও অতীতে ও বর্তমানে বাংলাদেশের সমাজে বাংলাগানের রূপায়ণ ও বিকাশ কীভাবে হয়েছে ও আছে তার একটি পরিচ্ছয় ও ক্ষেপ্ট বিবরণ সর্বসাধারণের কাছে তুলে ধরেছেন — য়া পরীক্ষা-নিরীক্ষাসেবী সংগীতশৈলী, সংগীতশেবী ও সাধারণ মান্তবের পক্ষে অনেক কার্যকরী হবে।

বিচারশীল গ্রন্থকার বলেছেন, প্রচলিত লঘুসংগীত জীবনের প্রাণবন্ত প্রবাহ এবং এই প্রবাহকে বৃঝতে গোলে কেবলি প্রচলিত ও অফুসত থিওরী প্রয়োগ করে বোঝা যায় না। রবীন্দ্রনাথ নিজে সংগীত আলোচনায় সে পথ বেছে নেন নি এবং বর্তমান গ্রন্থকারও সেই পদ্ধতি অফুসরণ করে এই গ্রন্থ ইচনা করেন নি। তিনি তাই লিখেছেন, "এই গ্রন্থে প্রচলিত লঘুসংগীত সম্বন্ধে বিশ্লেষণ করে যে থিওরীতে পৌছান গেছে, প্রত্যক্ষ অভিজ্ঞতার স্ত্রেই সেগুলো সাজাতে চেষ্টা করেছি।" প্রস্থকার পূর্ববর্তী জীবনে একজন বিচক্ষণ শিক্ষাবিদ ছিলেন এবং শাস্ত্রীয় সংগীতও শিক্ষা কবেছেন বহু বিদগ্ধ উন্তাদের নিকট। স্বতরাং ভারতীয় সংগীতের প্রত্যক্ষ জ্ঞান ও অভিজ্ঞতার তিনি অধিকারী এবং সেই অভিজ্ঞতার আলোকে ও দাধারণ বিশ্লেষণী রীতির আশোর নিয়ে তিনি প্রচলিত লঘু সংগীতের বহু তথ্য ও তত্ত্বের পরিচয় দিয়েছেন নৃতন একটি দৃষ্টির সন্ধান দিয়ে।

গ্রন্থকারের আর একটি কথা ঐ গ্রন্থের পূর্বভাষে বিশেষ উল্লেখযোগ্য। ভিনি বলেছেন: "দেকালে বাংলাদেশে আঞ্চলিক ভাষায় পল্লী-সংগীতের সঙ্গে বর্তমান ছিল ধর্মীয় স্থাবেদনে রচিত গান, যথা কীর্তন' প্রভতি। স্ববশ্য কীর্তন প্রাচীন শান্ত্রীয় প্রবন্ধদংগীতেরই কাঠামোকে আশ্রয় ক'রে রসের ও ভাবের পূর্ণ প্রকাশ, এবং এই কীর্তনই এক সময়ে বাংল। দেশের সাধারণ ও অসাধারণ সমাজে ভাব ও ভক্তির বক্তা সৃষ্টি করেছিল যা অপর কোন দেশে ও সমাজে যার তুলনা মেলে না। সংগীতজ্ঞানী গ্রন্থকার সমগ্র-দৃষ্টি নিয়ে গীতকার কবিদের (রবীজ-ছিজেজ-রজনীকান্ত-অতুলপ্রসাদ-নজরুল) ব্যক্তিত্বের ব্যাখ্যা করেছেন গঠনমূলক (constructive) সমালোচনার ভঙ্গীভে এবং এঁদের রচিত পান ও স্থরেরও পতি ও তাত্তিক হুতা নির্ণয় করার চেষ্টা করেছেন। তা চাড়া তিনি তাঁদের সংগীত-আলোচনার রীতি-পদ্ধতিকে একটু নতুন ভাবে পরীক্ষা করে লঘুদংগীতের পর্যায়ে কীভাবে অন্তভুক্তি করা যায় তারও একটা পথ নির্দেশ করেছেন। গ্রন্থকারের এই নির্দেশ গতামুগতিকত। থেকে পথক অথচ নতন একটি ধারাস্টের দাবী রাথে। বর্তমান গ্রন্থের প্রচেষ্টা ও লক্ষের উল্লেখ করে গ্রন্থকার লিখেচেন: "তত্ব ও তথামূলক আলোচনার জত্তে একটা বিশেষ দৃষ্টিকোণ গাওয়া ষায় কিনা, এই প্রস্থে সেই চেষ্টাই আছে।" স্বতরাং গ্রন্থের সমগ্র আলোচনার মলে যে একটি ষণার্থ তথ্য ও তত্তামুদদ্ধানের দার্থক প্রচেষ্টা আছে একথা অবশুই স্বীকার্য।

শ্রীস্কুমার বাব্র বর্তমান গ্রন্থে সাংগীতিক আলোচ্য বিষয়বস্ত ষণেষ্ট প্রাণিধানযোগ্য। তাঁর বিস্তৃত আলোচনা থেকে আধুনিক যুগের গান-শ্রুচয়িতা ও স্থুরকারদের রচনা ও স্থুর-প্রয়োগ রীতির বিশিষ্ট শৈলী, চরিত্র প্রভৃতির নির্ণয় করার চেষ্টা করেছেন। আর করেছেন শালীয় সংগীত বাংলা গানকে কতটুকু ও কীভাবে প্রভাবিত করেছে তার বিচিত্র উপাদানের সমাবেশ ক'রে। রবীন্দ্র-সংগীত, রবীন্দ্রনাথের গান রচনা ও হর-বৈচিত্রা, তাঁর গানের অনির্বচনীয়তা, ছত্ত্ররপ ও প্রকাশভদী প্রভৃতিরও আলোচনা করেছেন একটি নৃতন দৃষ্টিভলী নিয়ে। বিজেন্দ্রশাল, রজনীকান্ত, অতুলপ্রশাদ, নজকল প্রভৃতির গানের অকীয় রূপ ও বৈশিষ্ট্রেরও তিনি আলোচনা করেছেন বিশ্লেষণী মন নিয়ে। তাছাড়া পল্লীগাঁতির বিভিন্ন সমস্থা ও বিষয়বস্তুর আলোচনা প্রশঙ্গে করেছেন। মধ্য যুগেব গান, কীর্তন, স্থানাসংগীত, ভজন প্রভৃতির গতি-প্রকৃতি গঠন ও প্রকাশ-ভদীর আলোচনাকেও ভিনি গ্রন্থ থেকে বাদ দেন নি। ভাছাড়া সংগীতে বা গানে ব্যবহৃত বিচিত্র তালেরও তিনি পরিচয় দিয়েছেন যা সংগীত-শিক্ষার্থীদের পক্ষেত্র প্রয়োজনীয়।

'সংগীত প্রযোজনায় স্থ্রকার', 'বাংলা সানে রাগ্সংগীতের প্রভাব', 'থেয়াল ও বাংলা গান', 'টয়৷', 'ঠুনরী,' 'রাগপ্রধান বাংলা গান' প্রভৃতির আলোচনা বিশ্লেষণমূলক এবং এই স্থালোচনাগুলি গ্রন্থকে সমুদ্ধ করেছে। পরিশিষ্টে ছ'টি নির্দেশিকায় গ্রন্থকার গ্রন্থপঞ্জী এবং রবীক্স-সংগীত, শ্রীদিলীপকুমার রায়ের উল্লিখিত দিজেক্রলালের কতিপয় রাগভঙ্গিম-গান, অতৃপ্রপ্রদাদের গান সম্পর্কে কতকগুলি বিদগ্ধ সংগীতকারের মন্তব্য ও মতবাদ, নজকল গীতির রূপ, জনপ্রিয়ত। ও বৈশিষ্টা এবং রেফর্ডে প্রকাশিত আধুনিক সংগীতে স্কর-সংযোজনা এবং আকাশবাণীর 'রমাগীতি' অফুষ্ঠানে প্রচারিত কিছু সংখ্যক দৃষ্টান্ত গ্রন্থের অজীভূত করেছেন, দে বিষয়গুলি জান। সংগীত-বিঞ্চক ও সংগীত-শিক্ষার্থীদের পক্ষে একান্ত প্রয়োজনীয়। সংগীতজ্ঞানী ও শিক্ষানেবী বিচক্ষণ গ্রন্থকার দীর্ঘদিন ধরে আকাশবাণীর সংগীত অন্স্নীলনের দক্ষে সংযুক্ত থাকায় আধুনিক যুগে বাংলা গানের ও অন্যান্ত গানের সঙ্গে অভিজাত ক্ল্যাদিকাল শ্রেণীর পানের রূপ ও পতি-প্রকৃতির সম্বন্ধে তাঁর অভিমত প্রশিধানযোগ্য। তাছাড়া বর্তমান স্থুরকারণণের স্থুরসংযোজন প্রণালী ও তাঁদের মনগুত্ব অমুধায়ী গানের প্রকাশভদী সম্পর্কে অভিমত দেওয়াও তাঁর পকে সহজ হয়েছে।

মোট কথা প্রীস্কুমারবাবুর স্বকীয় নৃতন দৃষ্টিভঙ্গীর মাধ্যমে স্থলিখিত "বাংলা শংগীতের রূপ" গ্রন্থটি বাংলার গুণী সমাজে বিশেষ প্রশংশা লাভ করার দাবী রাথে। বর্তমানে বাংলাভাষায় সংগীতের বহু গ্রন্থই রচিত হয়েছে ও রচিত হচ্ছে বিভিন্ন ফচি, দৃষ্টি ও উদ্দেশ্য নিয়ে, কিন্তু তথাপি স্বাধীন চিন্তা ও বিশ্লেষণ মূলক দৃষ্টি নিয়ে সংগীত-গ্রন্থ রচনার এখনো ষংেষ্ট প্রয়োজনীয়তা আছে। পূর্বসূর্বাদের গ্রন্থ আমাদের স্থাদরণীয়, কিন্তু বর্তমানে সংগাতের প্রাচীন সংস্কৃত গ্রন্থের ঘথেষ্ট আলোচনা হওয়ায় সংগীতের আলোচ্য বস্তুর দৃষ্টি ও প্রসার আহেরা বুদ্ধি পেয়েছে এবং দেই শান্ত্রীয় দৃষ্টিভঙ্গী নিয়ে সংগীতের বিষয়বস্তুর স্থসংগত ও সঠিক আলোচনা হওয়া বাঞ্নীয়। তা ছাড়া গ্রন্থরচনার কেতে প্রাক্তগতি**ছ ও অবা**ন্তর স্মালোচনারীতির আশ্রয় নেওয়াও অবস্থত। সংগীতাশকা ও আলোচনার ক্ষেত্র এখন বাংলা দেশে বিস্তৃত, স্বতরাং সংগীত-বিষয়ক গ্রন্থরচনার সময়ে সংগীত-শিক্ষার্থীব। যাতে সঠিক, শাস্ত্র ও বিচার সম্মত এবং ইতিহাসনিষ্ঠ বিষয়বন্ধর সঙ্গে নিবিভভাবে পরিচিত হতে পারে সেদিকে বিশেষ কক্ষা রাথা কর্তব্য। বর্তমান গ্রন্থটির আলোচনাভদী দেদিক থেকে রুদোন্ডীর্ণ वना याय। देवळानिक, व्यवक्षणाच ও विश्वयंगी मत्नावृद्धि । प्रिय স্থবিজ্ঞ গ্রন্থকার মুমগ্র বিষয়ের আলোচনা করেছেন এবং আশা করি স্থলিখিত এই সংগীত-গ্রন্থ সংগীত-শিক্ষক, সংগীত-শিক্ষাথী ও সংগীত-সেবীদের সমাজে বিশেষ সমাদ্র পারে।

শ্রীরামকৃষ্ণ বেদাস্থ ঘঠ ১৯ বি, রাজা রাজকৃষ্ণ ট্রীট, কলিকাভা-৬ ২২শে এপ্রিল, ১৯৬৯।

স্বামী প্ৰজ্ঞানানন্দ

निद्यप्रम

বাংলার সমকালীন সংগীত-ধারাকে নিয়মের মধ্য দিয়ে বোঝণার চেটায় এই গ্রন্থের চিস্তা-পদ্ধতিকে শ্রেণীবন্ধ করে ক্ষেকজন সংগীত-আলোচকের উল্লেখ করেছি। থে ভাবনাতে যিনি বিশেষ মতামত দিয়েছেন প্রয়োজন অফুসারে তার মতামতই উল্লেখিত হয়েছে। এই উল্লেখের অভিরিক্তও অনেকেই ভাবছেন বলে মনে করি!

আলোচনা সংবদ্ধ করবার জন্তে ব্যাপক বিশ্লেষণ বর্জন করা প্রেছে। গ্রন্থের ছু একটি সংশ, যা 'সাহিত্য ও গংস্কৃতি' পত্রিকায় প্রশৃদ্ধাকারে প্রকাশিক হয়েছিল, তার অনেকটাই পরিব্তিত করা হয়েছে।

ছাপার সময়ে আমি কলকাতার বাইরে কটকে থাকায়, প্রকাশক মহাশগ্রকে প্রচুর কট স্বীকার করতে হয়েছে, এএতে আমি তাঁকে আমহিক ধন্তবাদ জানাই। গ্রন্থের রচনাকাল থও ও বিচ্ছিন্ন ভাবে ১৯৬১-১৯৬৬, কিছু মংশ পরেও সংযোজিত হয়েছে।

এই গ্রন্থ প্রকাশের পূর্বাহ্নে আনার চোথে গুলনার চিত্র ভাগছে। একজন চাকার স্বর্গীয় বিপ্লবী অনিলচন্দ্র রায়। তাঁর কাছেই আনার রবীন্দ্রশংগীত এবং অতুলপ্রসাদের গানের হাতেখড়ি। আর একজন আমার প্রথম সংগীতগুরু, বাঁর কাছে বলে ১৯০১ সাল থেকে সংগীত শাল্প পছা ও সংগীত শেখা শুরু করেছিলাম, তাঁকেই এই প্রন্থ উৎস্ব করছি। তিনি পূর্বে টাকায় চিলেন বর্তমানে পাকিস্তানে সিলেট-স্থনামগঞ্জে দিন্যাপন কংছেন। এআজে নানা রাগের আলাপচারী করে তিনি সংগীত শিক্ষা দিছেন, রবীন্দ্রন্থাত ভালবাসতেন, সংক্ষেপে সংস্কৃত প্রন্থগুলো আলোচনা করতেন। তাঁল দৃষ্টিভগী সম্পূর্ণ বৈজ্ঞানিক শদ্ধতির ছিল। আমার ভাবনার উৎসম্থ সেখানেই। *

এই গ্রন্থ প্রকাশের জন্মে সামার যে সব অগ্রজ, বন্ধু, সভীর্থ, অন্তেবাসী এবং শুভামুধ্যায়ী সংগীতশিল্পীদেও উৎসাহ আছে, উন্দের কাছেও আনি কৃতজ্ঞতা স্বীকার কলি।

সূচীপ**ত্ৰ** পূৰ্বভাষ

লোকপ্রচলিত সংগীত—রাগসংগীতের পরিভাষা—উনবিংশ শতকে লোক-প্রচলিত সংগীতের পরিবেশ—গীতস্ত্রসার—দিলীপকুমার রায় ও রবীন্দ্রনাথ —পুরাতন ও বর্তমান আলোচনা ও ব্যাখ্যায় বিভিন্ন লেথক—নাট্য সংগীত—ব্যবসায়িক রেকর্ড—আকাশবাণীর সংগীত—শিল্প-সচেতনতা ও লোক-প্রচলিত সংগীত—সংগীত সংগীত সংগীত ১-১৮

প্রথম পরিচ্ছেদ

উনিশশো তিরিশের পূর্বধারাঃ তিনটি লক্ষণ ১৯, রবীক্সনাথ ও সাময়িক কবি-গীতকার ২০, বিভিন্ন রচনারীতির ব্যাখ্যা ২১, বিষয়বস্তু-প্রধান গান ২১, শিল্পপ্রধান গান ২৩, নতুন মানিসিকভা, নিধুবাবু, জ্যোতিরিক্সনাথ ২৫-২৬।

রবীজ্ঞানাথঃ বিষয়বস্তু ও স্থর-নির্ভরতা ২৬-২৭, কলিবিভাগ ২৭, রাগব্যবহারের পদ্ধতি ২৭-২৮, স্থ্রের পরিবেশ ২৯-৩০।

রবীক্স-সংগীত কি একটি বিশেষ সংগীত শ্রেণী? প্রস্তাবনা:

গ্রুপদ, গেয়াল, টপ্পা, ঠুমরী, আধুনিক ও রবীক্স-সংগীত ৩১, রবীক্স-সংগীতের
স্বাতন্ত্র ৩২-৩৩।

রবীজ্রনাথের ভাবনায় সংগীত, কথা ও স্থরঃ প্রথম পর্যায়ের মতামত ৩০, সংগীতের স্থানির্বচনীয়তা ৩৪, হিন্দুছানী গানের প্রয়োগ ৩৫, স্থরের প্রকাশ-বৈচিত্রা ৩৬, রং বা গানের রস ৩৬, রোমাটিক মৃভ্যেন্ট ৩৭, রাগের প্রভাব ৩৮, গ্রুপদী প্রভাব ৩৮, রাগের ভাব ৩৯, নতুন উদ্ভাবন ৪০।

গীত পদ্ধতিঃ হিন্দুখানী সংগীতধারার সঙ্গে তারতমা° ৪১, কার্ক-কোশরের অপ্রয়োজন ও সরল পদ্ধা ৪২, রবীক্র মতে গায়কের ব্যক্তিত্ব ৪৩, ভাবসমগ্র শব্দমন্তি এবং গ্রুপদ ও বাংলাগান ৪৩-৪৪, প্রথম যুগের পরবর্তী রচনা ৪৪, তাল প্রসঙ্গ ৪৪-৪৫ (বিশেষ আলোচনা ২২৭-২৩১), রবীক্র-সংগীতের বিশিষ্ট লক্ষ্ণগুলোর সংক্ষিপ্ত তালিকা ৪৬-৪৮।

🔐 স্তর বা পর্যায় বৈচিত্র্য ৫০-৫২।

দ্বিভীয় পরিচেছদ

বিজেন্দ্রলাল ঃ বিজেন্দ্রলালের রচনায় নাটকীয়তা, হার্মনি, জাতীয়তা-বোধ ৫৩-৫৫, হাশ্ররদ ৫৩-৫৪, টপথেয়াল ও বিভিন্ন মত ৫৬ (টপথেয়াল সম্বন্ধে আলোচনা ২১৩-২১৪)।

রজনীকান্তঃ প্রকাশ বৈশিষ্ট্য ও আবেগ ৫৭, সরলতা ৫৮, জটিলতা থেকে মৃক্তি ৫৮-৫৯।

অতুলপ্রসাদঃ পরীকা-নিরীকা ৫৯, হিন্দুখানী গানের (থেয়াল, ঠুমরী, দাদরা) সক্ষে আত্মিক যোগাযোগ ৫৯-৬০, রজনীকান্ত ও অতুলপ্রসাদ ৫৯-৬২, রাগ ও গান ৬০, প্রধান উৎস (স্থর, কথা নয়) ৬১, বিজেজ্রলাল ও অতুলপ্রসাদ ৬১, রবীজ্রনাথ ও অতুলপ্রসাদ ৬১, অতুলপ্রসাদ ও নজরুল ৬১, গায়কের কায়দা ৬২-৬৩, অতুলপ্রসাদের গানের সম্বন্ধে কয়েকটি মতামত ৬১।

নজকল: পূর্বগুগ ও আধুনিক গানের সেতৃত্বরূপ ৬০, রবীন্দ্রনাথ—
অতৃলপ্রসাদ ও নজকল ৬৪, আধুনিকভা ৬৪-৬৫, নৃত্তকলের মন ৬৫, উল্লাস
৬৬, রাগসংগ্রহ ও স্থরের কলি সঞ্চয় ৬৬, গীতরীতি, আধুনিকভা ও স্থরকার
৬৭, নির্বাচন প্রক্রিয়া ও ছন্দ তৈরি ৬৭, গতি প্রবণতা ৬৭, স্থরের সামগ্রিকরূপ গ্রহণ (এক্ষেত্রে রবীন্দ্রনাথ, অতৃলপ্রসাদ ও নজকল) এবং আঞ্চলিক স্থরের
রূপান্তর ৬৮-৬৯, স্থর ও রাগ সম্বন্ধে নজকল ৬৯, ভাষা ও স্থর ৭০, শব্দ নির্বাচনের দক্ষতা ৭০, নজকলের স্থরে pattern-এর অভাব বা ব্যক্তি-চিহ্ন বিলোপ ৭০, গায়কীর মৃক্তি, সহজ ভাব ও স্থরের একাত্মতা ৭০, হাল্বা প্রেম-সংগীত ৭১, বৈচিত্রা ও নিঃস্পৃহ স্থরসংযোজনা ৭১, বাক্তিত্ব ৭১,
আধুনিকভার অগ্রদ্ত ৭২, (স্থরকার নজকল ১৭৪-১৭৬, রাগপ্রধান ও নজকল
২২১-২২৩)।

ভূতীয় পরিচেচ্চদ আধুনিক গান

গানে আধুনিকতা ৭৩, নতুন মানসিকতা ৭৪, আধুনিক কথাটি একটি নাম ৭৪।

গীতি: প্রথম কলি ৭৫, অন্থান্ত অক:—পরিসর, নিরলভারতা, ভাবমূহ্রত, রূপক্র ও ইক্তি, ভাষা ৭৬, গাখা, ভাব সরলতা ও ছন্দোবদ্ধতা ৭৭, ছন্দ ৭৮, স্থর প্রবােগের রীতি ৭৮, কাব্যসংগীত ৮০-৮১, জীবনের ছোন্না ৮১, যৌথগান ৮২, গীতি রচম্বিতা ও স্থরকার ৮২-৮৩।

শ্বকার ঃ স্বকার সহয়ে দিলীপ কুমার রায় ৮৩-৮৪, স্ব প্রযোজনার পদ্বায় গীতিকার ও স্বকার ৮৪-৮৫, স্বকারের কর্মপদ্ধতি ৮৫ ৮৬, আধুনিকতায় স্বর-প্রযোজক ৮৭, প্রযোজনার কাজে বিভিন্ন পর্যায় ৮৮, করেকজন স্বরকার ৮৯, স্বর্রচনা পদ্ধতি সম্বন্ধে কয়েকটি প্রশ্ন ৯০, যন্ত্র-সংগীতের সংযোজনা ৯১, রাগ বজায় রেথে আধুনিক গান ৯১, কচি-বিকার ৯'-২২, অস্কুর্ব ৯২, উৎস ৯৬, আধুনিক গানের সংজ্ঞা ৯৪।

গায়ন পদ্ধতি: কঠের গুণাবলী, ধারাবাহিকতা ও হ্বর রচনা ৯৫, কঠের নির্বাচন ৯৫-৯৬, কঠের প্রয়োগ-কুশলতা ৯৫-৯৭, গায়নরীতি ৯৭, হ্বরকারের প্রযোজনায় কঠ ৯৮ (কঠ ও হুরকার সম্বন্ধে ব্যাখ্যা ও বিশ্লেষণ:—বর্চ পরিচ্ছেদ)

চতুর্থ পরিচেছদ পল্লীগীতি

বস্থাবিচার ঃ পলীগীতির নানান সমস্থা ১০০-১০১, দাহিত্যাংশ ও বিষয়বস্থ ১০১, বিষের গান, উৎসবগীতি, গাথা, কর্মনংগীত, উপজাতীয় গান, কৃষিবিষয়ক গান প্রভৃতিতে বাস্তব্যুথিতা ১০২-১০৩, আধ্যাত্মিকতা ১০৪, সম্প্রদায়গত ১০৫ বাউলের গান ও ববীক্রনাথ ১০৫, ডাঃ আভতোষ ভট্টাচার্যের মত ১০৬, স্থরেশ চক্রবর্তীর মত ১০৭।

কলারূপ বনাম মৌলক পল্লীগীতিঃ পল্লীগীতির নগরে প্রবেশ ১০৮, প্রচার ও সংরক্ষণ— সংগীতের আসরে ১০৮, আর্টরপের অনিবার্যতা ১০৮, কলারূপ প্রয়োগ জনপ্রিয়তার কারণ ১০৯, কলারূপে নির্বাচন ক্রিয়া ১০৯, মৌলিক সংগ্রহ ও অবিকৃত রূপ ১১০, পল্লীগীতির কলারূপ কি আধুনিকতা? ১১০, পল্লীর গীতকার ও শিল্লী ১১১, পল্লীতে রেকর্ড সংগীত ১১১, স্থরের মৌলিকতা ও স্বরংসম্পূর্ণ রূপ ১১২।

পল্লীস্থরঃ বাহিরজীবনের গান ও ঘরোয়া গান ১১২, সংগীতের লম্বণ
স্থারে শ্রেণীবিভাগ ১১৩, ভাটিয়ালী ১১৪, টয়ারীভি ১১৪, বিঁঝিট স্থরের
প্রয়োগ ১১৫, বিলাবল পর্যায় ১১৫, স্থরেশবার্র মতে গঠন প্রকৃতি ১১৭,
স্থালোচনা ১১৮।

ছন্দ ও গায়ন পদ্ধতিঃ ছন্দের বিশেষত্ব ১১৯, করুণতা ও বিষাদে ছন্দোহীনতা ১২০, কর্মগীতি ও ছন্দ ১২০, সারিগানের ছন্দ ও রূপ ১২১, ভাওয়াইয়ার ছন্দ ও স্থর ১২১-১২২।

প্রাসংগীতে নৃত্য: গান্ধী, বাউল ও নৃত্য ১২২-১২৩, নৃত্যের জঞ্চে অন্তান্ত ধরণের গান ১২৩, একক কণ্ঠের প্রাধান্ত, যৌথ গানের হুর্বলতা ১২৪।

যন্ত্ৰদংগীতঃ ১২৫

द्रिकर्फर्यादश अन्तिक शारमंत्र जामिका :)२७—)२२।

পঞ্চম পরিচেচ্ছদ প্রাচীন ধর্মীয় গীভি

মধ্যযুগের গান ঃ ধর্মীর আবেদনের রচনা ও সংগীতরপ ১০০-১৩১। কীর্ত্তন ঃ কীর্ত্তন ও লোকগীতি ১৩২, বিষয়বস্ত ও হর ১৩২, চৈতত্তদেব, নরোত্তম ঠাকুর ১৩২, তদ্গুণরসোচিত গৌরচন্দ্রিকা, আঁথর, কাটান, দোহার ১৩৩-১৩৪, তাল ১৩৪-১৩৬, রাগসংগীত ও কীর্ত্তন ১৩৬, ভাঙাকীর্ত্তন ও বর্তমান কীর্তনের রূপ ১৩৭, রবীন্দ্রনাথ উল্লিখিত নাট্যশক্তি ১৩৮, দিলীপকুমার রায়ের বিশ্লেষণ ১৩২, কীর্তনের রীতি ১৪০।

শ্যামাবিষয়ক সংগীতঃ চণ্ডীগীতের প্রচলন ও কীর্তনের প্রভাব ১৯১, চণ্ডীগীতের প্রচলন সম্বন্ধে ডঃ শশিভূষণ দাশপ্র ১৪২-১৪৫, রামপ্রসাদী গান ১৪৬, রাগদংগীতের প্রভাব ১৪৬।

ভঙ্গনঃ ১৪৭

ষষ্ঠ পরিচেছদ কণ্ঠ

কণ্ঠ সম্বন্ধে প্রচলিত ধারণাঃ কণ্ঠগ্রকৃতি ও অভ্যাস—প্রডিজি—
শাস্বীয় সংগীতে কণ্ঠগার পথ—বর্তমান প্রয়োজনীয়তা ১৪৯-১৫১।

অনুকরণ অভ্যান ও মৌলিকভাঃ তুর্বপ, অমাজিত কঠ, চাপা গলার গান, বৈজ্ঞানিক দৃষ্টিভিন্দ ১৫৩, অভ্যাদের পদ্ধা ও সারগদের প্রয়োগ ১৫৪, পাশ্চাত্য সংগীতে কঠ পরিচ্যা ও বাংলা সংগীতের কঠ ১৫৪-৫৭।

লঘু-সংগীতে কণ্ঠঃ উপযুক্ত কণ্ঠে লঘুমংগীত ১৫৭-৫৮, কণ্ঠ নিৰ্বাচন ১৫৮। करथेत्र मास्तीय विद्यायनः ১৫৯-১৬১।

লঘু সংগীতে কণ্ঠের প্রানোগঃ রাগসংগীতে ও লঘুসংগীতে কণ্ঠ ১৬১-১৬২।

লঘু সংগীতে কঠের জেটি: ১৬২, মাইজোফোন ও কণ্ঠ ১৬২।
পদ্মীগীতি ও কণ্ঠ: মৃক্ত প্রকৃতি, গানের প্রকৃতি অহুসারে পদ্দী-সংগীতে
ব্যবহৃত কণ্ঠের হুটো রূপ ১৬৬, আঞ্চলিক গান ও কণ্ঠ ১৬৪।

শিল্পীর ব্যক্তিত্ব ও কণ্ঠঃ স্ক্র কারিগরির প্রয়োগ ১৬৫, কণ্ঠের তারতম্যে লঘু সংগীত ১৬৫, স্থরকারের কাজ ও কণ্ঠ ১৬৬।

গায়কী কণ্ঠের ক্রটি: সাধারণ স্বভিষোগ ১৬৬, গলার ক্রটি সম্বন্ধে শাস্ত্রীয় মত ১৬৭, সামান্ত ক্রটিও লঘু সংগীতের বাধা ১৬৮।

कर्छत्र वस्रम: ১৬৮।

ষৌথ গান বা বৃন্দ গান ও কঠ ১৬৯, স্থরকার ও প্রবোজকের দাছিও ১৭০-১৭১।

সংগীতের প্রযোজনায় স্থরকার

- (১) ব্যবস্থাপনা ও কুশলতা—নজকল, দিলীপকুমার রায় ও হিমাংও দত্ত ১৭২-১৭৪, নজকলের সংযোজন ১৭৪-১৭৬, হিমাংগুকুমার সম্বন্ধ দিলীপকুমার রায় ১৭৬, নির্বাচন প্রক্রিয়া ও স্থরকারের চিন্তার প্রবাহ ১৭৭, জ্ঞানপ্রকাশ ঘোষ—সংগীতের ভাবনা ও কণ্ঠ প্রয়োগ—হার্মনি—প্যাটার্ণ—ও অন্যান্ত বৈশিষ্ট্য ১৭৮-১৭৯, ধ্যানদৃষ্টি ও কল্পনাশক্তিতে সলিল চৌধুরী ১৮০, ধারাবাহিকতা ১৮০।
- (২) **অপেকারুত প্রাচীন রচিয়িতা—কমল দাশগুপ্ত, অনিল বাগচী,** প্হজ্মার মল্লিক, শচীন দেববর্মন, হেমস্ত মুথোপাধ্যায়—(সরলতা, চূর্ণ স্থরের জটিলতা, গায়ক স্থরকার, চলচ্চিত্র ও স্থরকার) ১৮১-১৮৪।
- (৩) যন্ত্র সহযোগিতা—ন্যবসাদ্ধিক সংগীত—হার্মনি ও মেলডি—বর্তমান সংগীত—ক্ষমুকরণ ও সুস ধারণা—স্থারকারের কান্ধ specialisation—এই বিশেষ কার্যধারা সাম্মিক প্রক্রিয়া নয় ১৮৪-১৮৮।

সপ্তম পরিচেচ্ছদ বাংলা গানে রাগ সংগীতের প্রভাব

রাগসংগীতের রীতি-পদ্ধতি: রাগসংগীতে বাঁধাধরা রীতি ও মুক্ত প্রকৃতি ১৮৯, রাগ সংগীতের ক্রমবিকাশে ও পরিবর্তনে থেয়াল ও ঠুমরী ১৯০, ভ্রাণারীতির সীমানায়ই শিল্পী আবদ্ধ নয় ১৯০, রাগসংগীত শুধু abstract রূপেরই প্রকাশ নয় ১৯১-১৯২, রবীক্রনাথের মত—রাগসংগীতের অলকার ১৯২-১৯৩, থেয়াল ও ঠুমরীর আতন্ত্রা ১৯৩, বাংলা গানে থেয়াল ও ঠুমরীর প্রয়োগ ১৯৫।

ঞ্চপদী প্রভাবঃ গ্রন্থ থেকে গানের অঙ্ক গঠন ১৯৫, গ্রুপদের পরিবেশ ১৯৬, গ্রুপদের কাঠানোতে রবীন্দ্রদানীত ১৯৬-১৯৭, বাংলা গানের মূলে গীতি-প্রবণতা ১৯৭, গ্রুপদের বাণী, উচ্চারণ পদ্ধতি ও কায়দা ১৯৮, বাংলা কথা, কাব্য ও রাগসংগীত ১৯৯, বাংলায় গ্রুপদের প্রচলন হয় নি ১৯৯, উনবিংশ শতকের গায়ক ও গীতিকার ২০০, গ্রুপদী প্রভাবে বাংলা গানের পাঁচটি লক্ষণ ২০১।

খেয়াল ও বাংলা গানঃ বাংলায় থেয়াল গান ২০২-২০৩, কেন পূর্ণ থেয়াল চালু হয় নি ২০৩-২০৪, কয়েকটি উদাহরণ ২০৪-২০৫, হিন্দীবাংলায় অরবর্ণ ও ব্যক্তনবর্ণ ২০৫, থেয়াল গানে শ্রোভার লক্ষ্যবস্ত ২০৬, থেয়ালের কথা ২০৭, বাংলা কাব্যসংগীত—থেয়াল বাংলায় রূপান্তরিত না হবার কারণ ২০৮, থেয়ালের বিপুল প্রভাব ২০৮, শাল্লীয় মতে গীত-রচয়িভার লক্ষ্ণ ২০৯।

টিপ্লাঃ টপ্লার প্রাচীনত্ব—আঞ্চলিক রূপ ২১০, টপ্লার তান, গীতি ও গঠন ২১১, টপ্লার ভন্তির সঙ্গে তৎকালীন সাধারণ গানের সামঞ্জ্য ২১২, বাংলায় টপ্লার প্রয়োগ ২১২-২১৬, টপ্-থেয়াল ২১৬-২১৪, বর্তমান বাংলায় টপ্লা রীভি ২১৫।

ঠুমরী: ঠুমরীর প্রকাশবৈশিষ্টা ২১৫, ভাবাবেগ ২১৬, শাধুনিক কালের ঠুমরী ২১৬-২১৭, লোকগীতির প্রভাব ২১৭, বাংলায় ঠুমরী ২১৮, বাংলা গানে রাগসংগীত সম্বন্ধে মস্তব্য ২১৯-২২০।

রাগপ্রধান বাংলা গানঃ নামকরণ ২২০, নজকলের 'হারামণি'
সমষ্ঠান ২২১, রাগ প্রয়োগের উদ্দেশ্তে গীত রচনা ১২১, রাগ প্রয়োগে

গভাহুগতিকতা থেকে মৃক্তি ২২২, রাগ-বিশুদ্ধি ও বাংলা গান ২২৩, নজকলের রাগপ্রধান গান ২২৩, ছন্দ, ডাল ও রাগপ্রধান গান ২২৫, বিলম্বিড লয় ও বাংলা গান ২২৫, রাগপ্রধান গানের স্ত্রে ও ভার ব্যাখ্যা ২২৬।

ভাল প্রসঙ্গ । শাস্ত্রীয় সংগীতে ভালের রূপ ২২৭, তাল সম্বন্ধে রবীন্দ্রনাথ ২২৭, তালের স্বতন্ত্র ব্যাখ্যা ২২৮, বর্তমান সংগীতে ভালের ত্রটো রূপ (লযুসংগীত এবং রাগসংগীতে) ২২৯, রবীন্দ্রনাথ স্বাধূনিক লয়ের প্রশক্তা ২৩০, রবীন্দ্রনাথের তাল প্রসঙ্গ ২৩০, রাগসংগীতের ভালের সম্পূর্ণ স্বভন্তর পথ ২৩২, লযুসংগীতে ছন্দের ধ্বনি ২৩৩, রাগসংগীত ও লযুসংগীতে ভাল ও ছন্দ সম্বন্ধে ক্রেকটি স্ত্র ২৩৪।

পরিশিষ্ট

নি**র্দেশিকা ১**॥ ব্যবস্থাত গ্রন্থপঞ্জী ২৩৬

নির্দেশিকা ২॥ রবীন্দ্রসংগীত: (ক) দিলীপকুমার রায়ের উল্লিখিত "রাগভদ্দিন" গানের দৃষ্টান্তপঞ্জী ২০৮, (খ) গ্রুপদান্দ তথা গ্রুপদ শ্রেণীন্ধপে শ্রামী প্রজ্ঞানানন্দের দৃষ্টান্তপঞ্জী ২০৮, (গ) রবীন্দ্রনাথের "দেশী" সংগীত রীতি শ্রুপারী রচনা সম্বন্ধে শ্রীশান্তিদেব ঘোষের বর্ণিত বিশেষ লম্মণ ২০৯, (ঘ) অপ্রচলিত তালের প্রকাশ তালিকা ২৪০

নির্দেশিকা ৩ ॥ দিলীপকুমার রায়ের উল্লিখিত দ্বিজেন্দ্রলালের রাগ-ভদিম গান ২৪১

নির্দেশিকা ৪॥ (ক) রজনীকান্তের যে সকল গান গ্রামোফোন রেকর্ড যোগে প্রচারিত—কান্তপদলিপি—খ্রীনলিনীকান্ত সরকার ২৪২

(খ) অতুলপ্রদাদের গান—দিলীপকুমার রায়ের উল্লিখিত রাগভন্ধি— অনেকক্ষেত্রে ঠুমরী জাতীয়—শ্রেষ্ঠগান হিদেবে তালিকাভুক্ত ২৪৩

নিদেশিকা ৫॥ নজকলগীতি। জনপ্রিয় গান—অধিকাংশই রেকর্ডে বিশ্বত ২৪৩

মির্দেশিকা ৬। স্থরকার ও প্রযোজক

- (ক) রেকডে প্রকাশিত আধুনিক সংগীতে স্থরসংযোজনাও প্রযোজনার কয়েকটি দৃষ্টাস্ত ২৪৫
- (খ) আকাশবাণীর "রম্যগীতি" অহ্ঠানে প্রচারিত কিছুসংখ্যক গানের দৃষ্টান্ত ২৪৬

বাংলা দেশের বাইরে বর্তমান বাংলা গান সহক্ষে যে ধরণের প্রশ্নের সমুখীন হতে হয়, এই গ্রন্থের প্রতিটি পরিছেন পরিকল্পনার মূলে তাই ছিল। কিছ প্রতিটি প্রসদ অবলম্বন করে ধীরে ধীরে অনেক স্থলেই মূল তত্ত্ব বিশ্লেষণে ব্যবহার করা হয়েছে। এর মধ্যে কয়েকটি পরিছেন্দই স্বতম্বভাবে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছিল। পরে পরিমার্জিত করে একটি সম্পূর্ণ বিষয়কে কেন্দ্র করে বইটি প্রকাশ করা হল।

বর্তনান বাংলা গান, যাকে লঘূদংগীতরণে বিভিন্ন ভাষায় উল্লেখ করা হয়, সে সংগীতই এই গ্রন্থের বিষয়-বস্তু। পুস্তকের লক্ষ্য ঐতিহাসিকের নয়। এই গ্রন্থে আছে পদ্ধতি ও আঙ্গিক (technique) সম্পর্কিত আলোচনা। ক্তকগুলো প্রশ্ন অবলয়নেই এই আলোচনার আরম্ভ, যথা—

বর্তমান লগুদংগীতের উৎস এবং প্রকৃতি কি ?
গীতিকারের নামে পরিচিত গানগুলোব বিশেষ প্রকৃতি কিভাবে
নিরূপণ করা যায় ?
রবীন্দ্র-সংগীত কি একটি সংগীত-শ্রেণী,
স্থবা সংগীত-শ্রেণী কিনা ?
আধুনিক গান কাকে বলব ?

আধুনিক গান বিচারের পন্থ। কি হবে ?
পলীগীতি সম্বন্ধে সমস্তাগুলি কিরপ ?
ভক্তিমূলক বাংলা গানের রূপ কি ?
কঠ-ভঙ্গি আঞ্চলিক সংগীতে কিভাবে প্রতিফলিত হন্ন ?
চিরান্নত রাগ-সংগীতের সঙ্গে বাংলা গানের সম্পর্ক কি ?

এরপ অনেক প্রশ্নই শ্রোতার মনে ভিড় করে আসে। অনেককে এই ধরণের প্রশ্ন জিজেদ করে বিশেষ গান সম্বন্ধ বিরপ মনোভাব প্রকাশ করতেও শোনা যায়। অধুনা প্রচলিত পল্লী-সংগীত সম্বন্ধে অভিযোগও অনেক। সংগীত-রীতির দিক থেকে লোকের মুখে রবীক্ত-সংগীতের সম্বন্ধে কিছু কিছু শভিষোগও শোনা যায়। যাঁদের বাংলা ভাষা জানা নেই, এবং যাঁরা চিরায়ত সংগীত সম্বন্ধে সজাগ, তাঁরা আধুনিক এবং রবীক্রনাথের মতো গীভিকারদের রচনার তারতম্য সম্বন্ধেও কোন ছির ধারণা করতে পারেন না। অর্থাৎ, শাধুনিক গান যদি একটি বিশেষ শ্রেণীর গান হয়ে থাকে, (যেমন, গ্রুগদ্ধেয়াল-টপ্লা ঠুমরী এক একটি শ্রেণী) তা হলে বাংলা গানের বিভিন্ন গীভিকারদের নিয়ে একটি বিশেষ শ্রেণীর স্বান্ধী হয় কিনা? এ ধরণের উক্তির পেছনে সমালোচক-মনও ক্রিয়ালীল দেখা যায়। রবীক্রসংগীত সম্বন্ধে এমন একটি প্রশ্বের উক্তর দিতে হয়েছিল আমাকে গৌহাটি রোটারী ক্লাবের এক বক্তৃতা প্রশক্ষে।

এই গ্রন্থের আলোচনায় উল্লিখিত প্রশ্নগুলো লক্ষ্য রেখে আরম্ভ করা হয়েছে। শেব পর্যন্ত রূপ-নির্ধারণ, তত্ত্ব গুজে পাবার চেষ্টা ও স্থাত্তের সন্ধানও রা গেছে। প্রতিটি বিশ্লেষণের পর অন্ধন্ম করবার চেষ্টাও করেছি। এ কথা সত্য যে অনেক ছলে সহায়ভৃতি-সম্পন্ন দৃষ্টি আছে। সহায়ভৃতি শিল্প-বোধের মূলে থাকা স্বাভাবিক।

প্রচলিত লঘুসংগীত জীবনের প্রাণবস্ত প্রবাহ। এই প্রবাহকে রাগ-সংগীতের সূত্র বা থিওরি প্রয়োগ করে ব্রুতে পারা যায় কিনা বলতে পারি না। এখানে দে রীতি অহুস্ত হয় নি। রবীন্দ্রনাথ নিজে সংগীত আলোচনায় দে পথে যান নি। এই গ্রন্থে প্রচলিত লঘু-সংগীত সম্বন্ধে বিশ্লেষণ করে যে থিওরিতে পৌছান গেছে, প্রতাক অভিজ্ঞতার স্তেই সেগুলো সাজাতে চেষ্টা করেছি।

সেকালের 'দেশী-সংগীত' আজকে লোক-প্রচলিত সংগীতরূপেই পরিচিত। আজকে এ গানের বহু বৈচিত্রা। [লোক-প্রচলিত কথার অর্থে লোক-সংগীত বা পল্লী-সংগীত বোঝান হয়নি। রাগ-সংগীতের সীমানার বাইরে সকল প্রকারের আঞ্চলিক গানকেই ব্যাপকভাবে ধরা হয়েছে।] দেখা যায়, অনেকেই এ গানের আলোচনা আরম্ভ করেন শাল্লীয় সংগীতের হত্ত্ব থেকে। একথা সত্য যে প্রাচীন কালে লোক-প্রচলিত নানান ধরণের সংগীতকে ধীরে ধীরে সংস্কার করেই রাগ-সংগীতের উৎপত্তি হয়। কিন্তু সংগীত-শাল্লে দেশী সংগীতের উল্লেখ স্বতন্ত্র ভাবেই করা হয়েছে। বহু প্রকারের গানের উল্লেখণ্ড প্রাহার। কিন্তু ব্যাপক আলোচনা কোথাণ্ড মিলে না।

² দে-কালে বাংলাদেশে আঞ্চলিক ভাষায় পল্লী-সংগীতের সঙ্গে বর্তমান ছিল

থমীয় আবেদনে রচিত গান, যথা কীর্তন । কীর্তন গানের পদ্ধতি ও আঞ্চিক বেঁধে দেওয়া হয়েছে। এটা দকল প্রকার লোক-প্রচলিত গানের মধ্যে একটা ব্যতিক্রম। কিন্তু, এখানে, আমাদের দৃষ্টিভর্দিতে কীর্তনকেও রাগ-সংগীতের ধারায় ব্যাখ্যা করা যায় কিনা, সে সম্বন্ধ আলোচনা করা হয়েছে। সমগ্র দৃষ্টিতে গীতকার-কবিদের (রবীক্র-ছিজেক্র-অতুলপ্রসাদ-রজনীকাস্ত-নজরুল) ব্যক্তিত্বের ব্যাখ্যা করা হয়েছে। অর্থাৎ এই সব গানের ঔপপত্তিক ও তাত্তিক স্থত্তের সন্ধানই মূল উদ্দেশ্য। রাগ-সংগীতের আলোচনার পথ প্রাস্তিক নয়।

পরীক্ষা করলে দেখা যায় আঞ্চলিক /লঘু/ লোক-প্রচলিত সংগীত ও রাগ-সংগীত, হ'টি স্বতন্ত্র প্রকাশভঙ্গি। হটোর স্বান্টি ও বিকাশের কারণ সম্পূর্ণ স্বতন্ত্র। ছুয়ের জমিটা আলাদা রক্ষের। লগু-সংগীতের মূল উৎস "প্রাকৃত রীতি"। মনের স্বত: कृত সহজ ভাবাবেগ, দৈনন্দিন জীবনের সভিজ্ঞতাকে স্ববলয়ন করে এবং সামাজিক জীবনকে আশ্রয় করে এ সংগীত রূপলাভ করেছে। এই প্রকৃতিকে সকল প্রাচীন শাস্ত্র "দেশী" বলে বর্ণনা করেছে। একই স্বর্ণে আমরা বলতে পারি, লঘু-সংগীত বা লোক-প্রচলিত নানান ধরনের গানের মূল উৎস প্রাকৃত-রীতি বা স্বতঃকূর্ত অমুপ্রেরণা। হয়ত রাগ-সংগীতের প্রভাবও এতে আছে। কিন্তু এই সব সংগীতের রূপ নির্ধারণের সূত্র কি কিছু আছে ? এই আলোচনার গোড়ায় বলে রাথা দরকার যে এ ধরণের বিশ্লেষণ নতুন নয়। কিন্তু দৃষ্টিভঙ্গি বিভিন্নমূখী। এ বিষয়ে নিয়মিত আঞ্চিক-বিল্লেখণ কদাচিৎ মিলে। বর্তমান লঘু বা আঞ্চলিক গানের যে রূপ পরিক্ট হয়েছে বা হবে, তাকে বান্তবদৃষ্টি নিয়ে পরীক্ষণ ও নিরীক্ষণ করলে কতকগুলো ব্যাখা। পাওয়া থেতে পারে। এই গ্রন্থের আনোচনাতে বাস্তব দৃষ্টিভঞ্চির ব্যাখ্যা দেওয়া হয়েছে। কিন্তু কোন পূর্ব-নির্ধারিত ফর্মলা ধরে নেওয়া श्यमि ।

এই সম্পর্কে স্থার একটি কথা উল্লেখ করা দরকার। এই গ্রন্থের বিষম্ব গানের কথা নয়। বাংলা গান স্থাবা যে কোন স্থাঞ্চলিক লঘু গানের স্থানোচনাতে কথাবস্ত প্রধান হয়ে দাঁড়াতে পারে। কাব্যসীতি নিম্নে কাব্যিক স্থালোচনা করা, ধর্মীয় গান নিম্নে দার্শনিক স্থালোচনার উদ্ভব হওয়া, রবীন্দ্র-সংগীত স্থালোচনায় কথার ঐশ্বাকে ব্যাখ্যা করা খুবই স্থাভাবিক। সে স্থালোচনা সংগীত-স্থালোচনা নয়। স্থাবার একথাও সত্য বে, লঘু-সংগীতে শুধু স্কর বা

সংগীতের দিকটা বিচার করলেই সরসতার উপলব্ধি হয় না। এই অর্থে ভঞ্ সংগীত-আলোচনা গৌণ মনে হতে পারে। এরপ কেন হয় ? সামরা লঘুগানের শ্রেণীবিভাগ করি বিষয়বস্তু অফুদারে, যথা প্রেমমূলক গান, প্রকৃতি-বিষয়ক গান, বীরত্ব-ব্যঞ্চক, অধ্যাত্ম-সংগীত, হাস্থ-রসাত্মক গান ইত্যাদি ইত্যাদি। এরপ বিষয়বস্তুর কথা ভাবলেও স্থরের কোন প্রকৃতি অফুরূপ বলে ব্যাখ্যা করা যায় ৰি ? লোক-সংগীতের বেলায় কতকগুলো বিশিষ্ট প্রকৃতি আছে এবং স্থার দিয়ে তাকে চেনা যায়, তাকে ছন্দের দিক থেকে ভেবে নেওয়া যায়। কিন্তু সকল রক্ষের গানের রচনায়ই কিছু সাংগীতিক নিয়ম বের করা যায় কি ? এই প্রশ্নের উত্তরে স্বরের অ্যাবস্ট্রাক্ট কল্পনার কথা আদে। সেই সঙ্গে আদে সংগীত-বোধ ও সংগীত-সঞ্চার করবার বিশেষ বিশেষ কায়দাগুলোর কথা। অর্থাৎ গানের কথা-বস্তুর অমুরূপ নির্দিষ্ট অর্থবোধক স্থুর আছে কিনা? একথা বুঝে নিতে হলে সংগীত-সংস্কারের ওপর কতকটা নির্ভরশীল হওয়া দরকার হয়। সংগীত-সংস্কারই বুঝিয়ে দেয় কোনটা কীর্তনের অস্ত্র, কোনটা রবীন্দ্র-স্বরের কাঠামে কোথায় ভাটিয়ালীর টানা স্থর অথবা কোথায় স্থরের মধ্যে দিনান্তের পরিবেশ আছে, কোন স্বর্টা নানা আবেগ-প্রবর্ণ ইত্যাদি। এই সব উপাদান বিশ্লেষণের সময় কথার প্রসঙ্গ বিচার্য হলেও, কথা ভুধু সংগীতের ক্ষেত্রে অনেকটাই গৌণ। বিশিষ্ট গানকে বিশিষ্ট স্থানের রূপে চিন্তে পারা ও তার লক্ষণ গুলো জানা আজ আর সমস্তা নয়। অর্থাং আমাদের এমন সংগীত-সংস্কার আছে ধে আমরা স্থারের বিষয়কে স্থারের ছারাই চিনে নিতে পারি, কথার সঙ্গে উপযুক্ত হার যুক্ত হয়েছে কিনা বুঝাতে পারি। যতক্ষণ পর্যস্ত তা নাহয়. কোন যুক্তিগ্রাহ্ম আলোচনার ভিতিভূমি দুঢ় হয় ন।। অর্থাৎ, আমাদের বক্তব্য এই যে স্থরের প্রকৃতি আাবস্ট্র।ই হলেও, নিছক ছর্বোধ্য নয়, বরং বিশেষ অর্থবোধক। এজন্মে গানকে কথাবস্ত অনুসারে শ্রেণীবিভাগ করলেও, স্থর বিশ্লেষণে ও রূপ নির্ধারণে অস্থবিধা হয় না। ভরু মনে রাখা দরকার, সংগীতের আলোচনাই এই গ্রন্থে প্রধান লক্ষা। দে জত্তে গীতি-वह्यिजारमञ्जू नाम প্রয়োজনের দিকে লক্ষ্য রেথে উল্লেখ করা হয়েছে, অনেক নাম হয়ত বাদ গেছে।

কিন্তু কথার বিচিত্র ব্যবহারে লঘ্-সংগীতের প্রকৃত রূপ নির্ধারিত হয়, পল্লীগীতি বা লোক-সংগীত এর উদাহরণ। ভৌগোলিক রূপটি লোকসংগীতে ফুটে ওঠে প্রধানত কথার ব্যবহারে এবং লোকসংগীত বিশিষ্ট পল্লীর ভাষা ও ভাব কেন্দ্র করেই পরিচিত হয়। এসব ক্ষেত্রে কথাকে বাদ দিয়ে স্থর-বিচার যেমন চলে না, তেমনি আবার কিছু কিছু গানের প্রকাশভঙ্গি বারা প্রকৃত সংগীতরূপ বর্ণনা করাও চলে। চেনান্ধানা উচ্চারণ ভঙ্গিতে ও স্থরে ভাবে প্রয়োগ করবার কায়দা থেকে লক্ষণ নির্ধারণ করা যায়। লোক-সংগীতে গানের কথাই ভবু প্রাকৃত নয়, স্বরটাও প্রাকৃত। পূর্বে উল্লেখ করা হয়েছে বে লঘু-সংগীতের নানান ধরণের গানের উৎসটা প্রাক্বড, স্বত:ফুর্ত। এই নানান ধরণের লঘু-সংগীতের সঙ্গে রাগ-সংগীতের বিভিন্নতা নির্দেশ করতে গেলেও একটি কথা উল্লেখযোগ্য-প্রচলিত রূপের ওপর রাগ-সংগীতের প্রভাব অনেক ভাবেই বিস্তৃত দেখা ধায়। কোথাও রাগ-সংগীত মৌলিক ভিত্তিভূমি, শ্রামা-সংগীত কোথাও কোথাও টপ্লায় পরিণত হয়েছে. কোথাও অন্ত গান গ্রুপদের मुर्जिट विकांगेज रुखिए, कीजान अपनी जात्नत अधान रुखए धवर রাগালাপের পদ্ধতি প্রয়োগের চেষ্টা হয়েছে, কোন স্থরকার খেয়ালকে অবলম্বন করেই গান রচনা করছেন, কোনো গানে সম্পূর্ণ ঠুমরীর ভব্দি এসেছে। স্কল স্থানেই রাগ-সংগীতের রূপের সঙ্গে লঘু-সংগীতের গঠনপ্রকৃতির বিভিন্নতা ও স্বাতস্ত্রা সম্বন্ধে প্রকৃত বিশ্লেষণ না হলে সংশ্যের সৃষ্টি হওয়া স্বাভাবিক। লযু-সংগীতের আলোচনা এজন্তে এই ক্রটি থেকে মুক্ত হওয়া দরকার। প্রভাবটি বাাখা। করে স্বাভন্তাটিকে চিনে নেওয়া দরকার।

আলোচনার লক্ষ্য গানের গঠনের রীতি ও কলা-কৌশল বিশ্লেষণ। উদাহরণ দিতে পারলে স্থিধি হত, সংগীতের উদাহরণ গানের ছারাই হওয়া উচিত। এখানে বক্তব্য বিষয়কে উপস্থাপিত করা হয়েছে, উদ্দেশ্য—ভাবনার সমগ্রতালাভ। সমসাময়িক শিল্প নিয়ে সমালোচক কত রকমের আলোচনাই করেন, একই বিষয়বস্তকে উপজীব্য করে বছ দৃষ্টিভিন্ধি গড়ে ওঠে। বাংলা গানের রূপ সম্বদ্ধে ভাই হয়েছে। চিরায়ত সংগীত বা রাগ-সংগীতের দৃষ্টিভিন্তিতেও অনেকে এর রূপ-বিচার করেছেন। এই গ্রন্থে সেই বাধাধরা রীতিটি অবলম্বিত হয়্ম নি। অক্তদিকে আমাদের আলোচনার মূল উদ্দেশ্য ঐতিহাসিকের নয়। বাংলা সংগীতের রূপ বলতে সংগীতের গঠন-প্রকৃতি, তত্ত্ব ও তথ্যমূলক আলোচনার জত্যে একটা বিশেষ দৃষ্টিকোণ পাওয়া বায় কিনা, এই গ্রন্থে সেই চেষ্টাই আছে।

٤

লোক-প্রচলিত বা লঘু-সংগীতের কোন ইতিহাস বা বিভৃত আলোচনা প্রাচীন সংগীত-শাস্তে পাওয়া যায় না, একথা সকলেই জানেন। বে সংগীত প্রচলিত সংগীতরপকে সংস্কার করে দাঁডিয়েছে, রাগ-সংগীতে আমরা সে রূপই পাচ্ছি। সংগীত-শাস্ত্রে এই বিষয়েরই স্থান। সংগীত আলোচনায় আমাদের দৃষ্টি শাস্ত্রীয় সংগীতের দিকেই ফিরে। কিন্তু শাস্ত্রীয় সংগীতও শপরিবর্তনীয় বা একেবারে বাঁধা নয়। যুগের সঙ্গে সামগ্রিক ভাবে পরিবর্তিত হয়ে এসেছে। সংগীত-তত্ত রচনার মধ্যেও সময়ের গতির সঙ্গে সঙ্গে বছ পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। রাগ-সংগীতের প্রভাক্ষ রূপই এর প্রমাণ। এ সম্পর্কে বর্তমান মুগের পরীক্ষা-নিরীক্ষার প্রতি লক্ষা করা যাক। শামরা জানি, উত্তর ভারতীয় রাগ-সংগীতে গানের ঐশর্য ঘরাণা রীতিতে আবদ্ধ ছিল। মনে করা হত, যে গানের রীতির কথা বলতে পূর্বস্রীর নাম উল্লেখ করা যায় না রাগ-সংগীত-সমাজে তার জাত নেই। রূপ ও त्रत्म পরিপূর্ণ করে পূর্বরীতি বজায় রাখা ঘরাণারই বর্তব্য। কিন্তু দেখা গেছে, প্রবহমাণ রাপ-সংগীতও মুগে মুগে রূপ বদলায়। গোড়ার এই রাগ-সংগীতের রীতিরও ক্রম-বিবর্তন হয়েছে, তাতে খন্ত বহিরাগত প্রভাবও এসে পড়েছে। অর্থাৎ সংগীত গতাহুগতিক পথ ছেড়ে নতুন পথে চলতে থাকে। রীতির কথা ছেড়ে দিলেও, মূল সংগীত রচনার কথা ধরা যাক। দেখানেও পরিবর্তন স্পষ্ট ও প্রত্যক্ষ। এ ধরণের পরিবর্তনের জত্যে এমন কি মুদলমান শাসনের পুর্বযুগের বর্ণিত রাগরূপ পরবর্তী যুগের রাগরপের সঙ্গে মেলে না। ব্যাখ্যা ছারা তাকে বুঝতে হয়। এজন্তে রাগ-সংগীতের বিশ্লেষণ করে পুরোনো শাস্ত্রীয় তত্ত্বে সঞ্জেও মিলিয়ে নেবার চেষ্টা চলে। এ ক্ষেত্রে পণ্ডিত ভাতথণ্ডে উত্তর ভারতীয় রাগ-দংগীতের প্রাচীন তত্ত্বের বিরাট বাধা ও প্রতিবন্ধকের স্তর ভেদ করে প্রচলিত হিন্দুস্থানী সংগীতের সঙ্গে যে সৃষ্ঠতি স্থাপন করেছেন তা চিরশ্বরণীয় হয়ে থাকবে। কিন্তু স্বীকার করতেই হবে বে লোক-প্রচলিত সংগীতের ক্ষেত্রে (অর্থাৎ নানান আঞ্চলিক সংগীতের ক্ষেত্রে) তেমন স্থান্থল কাজ আজ পর্যন্তও হয়নি। উনবিংশ শতক থেকে আজ পর্যন্ত সংগীত-সমালোচকেরা বিভিন্ন ভাবে নানা দিক থেকে নানান বিষয় সম্বন্ধে লিখেছেন। দেগুলোকে অবলয়ন করে ভাল মৌলিক রচনার সম্ভাবনা আছে।

লোক-প্রচলিত, আঞ্চলিক সংগীতের বিশ্লেষণমূলক ও ভান্থিক আলোচনায় বাধা-প্রতিবন্ধক আছে। গানগুলোর আঞ্চলিক রূপই এর বাধা। সাধারণ নিয়মে আঞ্চলিক রূপ পরিবর্তিত হয়। উনবিংশ শতক থেকে আরম্ভ করে বে সব গান স্বরলিপির মাধ্যমে অথবা নানান ভাবে আজ্ঞও সংরক্ষিত হয়েছে, সে সম্বন্ধে আজ্ঞকের যুগে আলোচনা হছেছে ও হতে পারে। প্রত্যক্ষ রূপ সম্বন্ধে নির্দিষ্ট ধারণা এখানেই সম্ভব। কিন্ধু বিভিন্ন প্রকারের গানের মূলে এক-একটি বিশেষ স্থ্র-বিচারের স্বত্র সন্ধান করা সহজ নয়। যে ধরণের আলোচনায় কীর্তন ও রবীক্রসলীত ব্রুতে পারা যাবে ঠিক অফ্রন্ধপ আলোচনায় উত্তর ভারতীয় ভজন গান ও গীত বোঝা যাবে না। তাছাড়া লোকিক সংগীতের বহু বৈচিত্র্য স্বতন্ত্র ধরণের বিশ্লেষণের অপেক্ষা রাথে। অর্থাৎ আজকাল সংগীতের লোক-প্রচলিত রীতি সম্বন্ধে ধারণা আমাদের হয়েছে কিন্ধু সংগীত বিচারের দিক থেকে তাদের আলোচনা স্বতন্ত্রভাবে প্রেণী-বিভাগ করে করা প্রয়োজন। কারণ, স্বর ব্যবহার ও প্রয়োগে সর্বত্র স্বাতন্ত্র আছে।

বিভিন্ন লোক-প্রচলিত গানের সামগ্রিক আলোচনার কথা ছেড়ে দিলেও, বাংলার নানা প্রকারের গানগুলো স্থান্থল ভাবে বিশ্লেষণ করা কডকটা সহজ্ঞসাধ্য। এর জন্তে যে লক্ষণ বা স্ত্রে অবলম্বন (principles) করা যায় তাকে ভারতের অন্তান্ত আঞ্চলিক সংগীতে বিচারেও প্রয়োগ করা থেতে পারে। লোক-প্রচলিত সংগীতের বিশ্লেষণে শাল্রীয় সংগীতের স্ত্রে প্রয়োগ করে ব্রুতে চেষ্টা করা খ্ব স্থাভাবিক, কিন্তু বিষয়বস্তু ও তাৎপর্যের দিক থেকে এই পদ্ধতি উপযুক্ত নয়, এর দারা লঘু-সংগীতের মূল্যায়নওচলে না, এতে সংগীত বিশ্লেষণের সব চেষ্টাই ব্যর্থ করে দিতে পারে। রবীন্দ্র-সংগীত চিন্তা করতে গিয়ে বারা তালু শাল্রীয় সংগীত বিশ্লেষণের পদ্ধায় এগিয়ে বান তাঁরা এর প্রক্লত রূপ প্রত্যক্ষ করতে পারবেন না। পল্লীগীতিকে রাগরাগিণী বিচারের পদ্ধায় বিশ্লেষণ করা যায় না এবং সেজতে পল্লী-সংগীতের উপযুক্ত কণ্ঠ ও তাল ব্যাখ্যায় স্বতন্ত্র স্থাবিশীর আবিষ্কার করা দরকার হয়ে পড়ে।

অন্তদিকে দেখা যায়, কোন কোন লোক-প্রচলিত সংগীত চিরায়ত সংগীতেরই ব্লপেও প্রকাশিত হয়েছে। যথা—কীর্তন। কীর্তনের বিকাশে একটা নির্দিষ্ট আন্দিক অনুশীলিত হয়েছে। অথচ একথা ঐতিহাসিক সত্য যে কীর্তন লোক-প্রচলিত সংগীতেরই একটি রূপের অভিযুক্তি। অর্থাৎ কীর্তনের উদ্দেশ্য

রাগ-শংগীতের অমুরপ নর। কথাবস্তু কীর্তন গানে প্রধান। কিন্তু বিশিষ্ট আঞ্চিক উদ্ভাবনের জন্মেই কীর্তন আলোচনায় দেই বিশেষ পদ্ধতি বুঝে নেবার দরকার। অর্থাৎ লোক-প্রচলিত গানের প্রত্যেকটি বিশেষ ক্ষেত্রে কোন হত্ত বা গঠন-পদ্ধতি পাওয়া সম্ভব। আদিক ব্যাখ্যার ক্ষেত্রে কোথাও সাহিত্য, কোথাও দর্শন, অথবা কোথাও এমন কি রাগ-সংগীতের উল্লেখন অনাবশ্রক হয়ে পড়ে। অথচ অনেক আলোচনায় এসব জ্বটও দেখতে পাওয়া যায়। কিন্তু, রাগ-সংগীতের উল্লেখণ্ড অনাবশুক কেন ? ধরা যাক, পল্লীগীতিতে কোন রাগের ৰূপ আছে, কিন্তু তাকে সেই ভাবে বিল্লেখন করতে যাওয়ার প্রয়োজনীয়তা হয়ত নেই। অথচ লোক-প্রচলিত সংগীতের ব্যাখ্যায় রাগ-সংগীতের উল্লেখ দরকার হয়। ভারতীয় সংগীতের ভিত্তি melodyতে বা একক স্থরবিকাশে। শেক্তরে রাগগুলো এক এক বিশিষ্ট ধরণের হুরের নামও বুঝায় বটে। यथा " काकि तान काकि ठाउँ (थरक उँ९भन इरयुष्ड्" এ कथाउँ वनतन त्या ৰায় প্ৰথম "কাফি" শক্টি রাপের জন্মে ব্যবহার করা হয়েছে এবং দ্বিভীয় "কাফি" শব্দটি একটি নাম। এইরূপ আলোচনার ক্ষেত্রে রাগ নাম হিসেবে ব্যবহৃত হতে পারে। এ ছাড়া লোক-প্রচলিত গানের আলোচনায় স্থরের প্রয়োগ-বিধি মতন্ত্র ভাবেই বিল্লেখণ করা ধায়। প্রচলিত গান সংক্ষে সাধারণের রুচি এবং সাধারণ শ্রোতার সংগীত-চেতনাও লক্ষ্য করা দরকার। সংগীত সম্বন্ধে একদিকে সজাগ কচি-বোধের প্রসন্থ আছে, অতদিকে দেখা ষায় শ্রোতার কান কোন কোন স্থরকে সহজে গ্রহণ করে। সেই স্থরের শারুত্তিই এর প্রমাণ। কেনই বা এরপ হয় ? এসব প্রসঙ্গও আঞ্চলিক সংগীত ব্দালোচনার পরিমণ্ডলে আবে। এ যুগের যে বাণী-প্রধান গান বিশেষ ধরণের সহজ স্বরে প্রকাশিত হয় এবং নানা প্রাকৃত ছল্দে প্রচারিত হয়, এই আলোচনা তাকে এড়াতে পারে না। অর্থাৎ আঞ্চলিক সংগীতের বিচারে একটি সমগ্র দৃষ্টি-ভঙ্গির প্রয়োজন। সমগ্র সংগীত-রূপটি বিশিষ্ট ইমারতের মতো মনের মধ্যে প্রতিষ্ঠিত করে প্রতি আংশের বিচার করা দরকার।

9

বাংলার সংগীতের মৌলিক আলোচনার স্তর্গাত উনবিংশ শতকে। সংস্কৃতি ও ধর্মের রেনেসাঁলের বিশেষ আলোক-পাত হয়েছিল সংগীতে। লোক-শ্পুচলিত সংগীতের একটা অভ্তপুর্ব জাগরণ হয়। সাহিত্যে বিশেষ ধারা বিভিন্ন ব্যক্তিকে কেন্দ্র করে ফ্রিলাভ করে। চিত্রকলার বিকাশ ও নাট্যশালার উজ্জীবন প্রভৃতি বছ বিষয়ে নবযুগ স্চিত হয়। নবযুগের সংগীতস্পষ্টতে ঠাকুর পরিবারকে ঘিরে একটা বিরাট নতুন সম্ভাবনার পরিমণ্ডল রচিত
হয়েছিল। এর অঙ্কুর গজিয়েছিল উনবিংশ শতান্দীর গোড়ায় নিধুবার্র
গানে। রামমোহন সংগীতের প্রয়োগ করেন নতুন করে—তাঁর অবলম্বন ছিল
চিরায়ত সংগীত। এর পরেই ঠাকুর পরিবারকে কেন্দ্র করে দেশী বিদেশী
বিদ্রের ব্যবহার, দণ্ড-মাত্রিক এবং পরে আকার-মাত্রিক অরলিপির উদ্ভাবন,
ঐকভান স্পষ্ট, যুক্ত-সংগীত ও নাটাগীতির রপান্তর, ভিজ্ম্লক গানে (ব্রহ্ম
সংগীতে) নানান রীভির ব্যবহার, লোক-সংগীতের প্রতি দৃষ্টি আকর্ষণ—প্রভৃতি
বহু রূপ পরিকৃট হয়।

উনবিংশ শতকের প্রথমার্ধে প্রচলিত সংগীতের প্রতি ঈশ্বর গুপ্তের দৃষ্টি ্দে-যুগের স্মরণীয় ঘটনা। প্রচলিত সংগীতকে তিনি প্রথমে লোকচক্র অস্তরাল থেকে গুণীর আাদনে মর্যাদা দান করে প্রতিষ্ঠিত করেন এবং এ -সম্বন্ধে আলোচনার স্তরণাত করেন। সংগীত দে যুগের মনীথিদের মনে নতুন ভাব প্রকাশের প্রধান বাহনক্রপে ধরা দেয়। সংগীত বাঁধা ছিল বিশিষ্ট স্মাসরে। সংগীত-রসিকদের দৃষ্টি নিবন্ধ ছিল হিন্দুস্থানী চিরায়ত সংগীতের 🏲 দিকে। রামমোহন দে ঐতিহের পুরোধা দেখানে গ্রুপদ-রীতির গানই বিশেষভাবে প্রযুক্ত হয় এবং একটি শ্বতম্ব রস স্পষ্ট করে। এই ধারা রবীক্স-লাথের প্রথম যুগের রচনা পর্যন্ত একটানা প্রবাহিত হয়ে আসে। দেবেক্রনাথ ঠাকুর রাগদংগীতের সংমিশ্রণেই এ ধারাকে নতুন গতি দান করেন। এর পর হিন্দী ভাঙা রীতিতে ব্রহ্মদংগীত রচনায় সভ্যেন্দ্রনাথ ঠাকুর ও বিষ্ণু চক্রবর্তীর কথা আলে। হিজেন্দ্রনাথ ও ক্ষেত্রমোহন গোস্বামীর দুওমাত্রিক স্বর্লিপির প্রচার এই ধারাকে অবিচ্ছিন্ন রাথে। আকারমাত্রিক অরলিপির প্রবর্তন করেন জ্যোভিরিজ্ঞনাথ ঠাকুর এবং জ্যোভিরিজ্ঞনাথের দ্বারা ঘাঁরা উৎসাহিত লয়েছিলেন জাঁলের মধ্যে কবি অক্ষয় চৌধুরী, অর্ণকুমারী দেবী এবং সমং রবীক্রনাথ ছিলেন। এজন্তে উনবিংশ শতকেব সংগীত আলোচনায় জ্যোতিরিজ্ঞনাথ ঠাকুরের কথা বিশেষ উল্লেখযোগ্য, নতুন যন্ত্রসংগীতের ব্যবহার, স্থর-রচনায় স্পষ্টপ্রবণ মনের প্রক্রিয়া এবং সমদাময়িক দামাজিক ও জাতীয় জাগরণের কাজে সংগীতের ব্যবহার ইত্যাদি পছ। উদ্ভাবন ও প্রচলনের ফলে জ্যোতিরিজ্ঞনাথ বাংলার নতুন ভাবনাকে গতি দান করেন। এই

ইডিহাস বিস্থৃতভাবে রচিত হওয়া দরকার। ১৮৬৭ সনের হিন্দু মেলার বছ বর্ণনা নানা স্থানে ছড়িয়ে রয়েছে এবং ১৮৬৮ সনে এর দিতীয় অধিবেশনে সংগীতের ক্রমবিকাশে দেশপ্রীতিমূলক সংগীতের প্রয়োগ নতুন প্রয়োজনার বৈশিষ্ট্য অর্জন করে। অতএব দেখা যায়, সে যুগের মনীবিদের বছ বিচিত্র-ভাবনার উৎসারিত প্রোত বাংলার নতুনকে গড়ে তোলবার মূলগত কারণ ওন্দানস প্রস্তৃতি।

দেখা যাচ্ছে তৎকালীন পরিবেশ কি করে সংগীত ভাবনাকে চিরাচরিত পথ থেকে একটি শ্বভন্ন জগতে নিয়ে গিয়েছিল। সংগীত আলোচনার প্রসঙ্গে এ সময়ে মৌলিক প্রতিক্রিয়াশীল ভাবনার সৃষ্টি করেন 'গীতস্ত্রসারে'র লেখক क्रम्थ्यन वत्मााभाषाय। ১৯৬৮ मतन मिनीभकुमात त्राय वतनहान, "श्रम्भात्त्रत ধ্যানদৃষ্টি, বিশ্লেষণের দীপ্তি ও স্বাধীন চিম্ভার প্রসাদে এই বইটি কুসংস্কারপীড়িভ ওন্তাদ-শাসিত দেশে হয়ে দাঁড়িয়েছে নব্যুগের অগ্রদুত।"...পঞ্চাশ বছরেরও: পুর্বে ডিনি ভবিক্তমাণী করে গিয়েছিলেন এ-যুগ হল কাব্য-সংগীতের যুগ, নাট্য-সংগীতের যুগ।" বান্তব দৃষ্টিভঙ্গি নিয়ে কৃষ্ণ্যন বন্দ্যোগাধাায় প্রচলিত কণ্ঠশাধনার রীতির সমালোচনা করেন, স্টাফ্ নোটেশান বা পাশ্চাত্য সংগীতের স্বরলিপি পদ্ধতি প্রচলনের পক্ষে যুক্তি দেন, তাছাড়া যে সব গীত-রীতি তথনো স্থী-সমাজে গ্রাফ্ ছিল না অথচ তার মধ্যে জনপ্রিয়তার মৌলিক লক্ষণ দেখা शिरप्रक्रित तम मदाबन यरथहे जाना क्ष्यान करवन। क्रक्रधन वरन्ताभाधारप्रव 'গী তত্ত্ত্বদার' এঞ্চত্তেই যুগান্তকারী পুত্তক বলে আনেকেই স্বীকার করেছেন। একটা দৃঢ় প্রতিক্রিয়াশীল সংগীত-ভাবনা সংস্কারমুক্ত ও স্পষ্ট হয়ে ভাষারূপ পেয়েছে। এই মনোভাবটি এ যুগের দংগীত আলোচনায় একটি অমূল্য তথা। সেই সঙ্গে পরবর্তীকালে রবীন্দ্রনাথের প্রথম যুগের সংগীত-ভাবনার কথা আসে। রবীজ্ঞনাথের সংগীত প্রদক্ষগুলো নতুনত্বের পথে সগর্ব পদক্ষেপ। রবীজ্ঞনাথ একদিকে যেমন রাগ-সংগীতের পরিবেশে প্রথমে সংগীত অমুশীলন করেছেন, প্রসঙ্গক্রমে তেমনি তিনি প্রাচীন সংগীত শাস্ত্রকে মৃত বলেও উল্লেখ করেছেন । রবীন্দ্রনাথের ভাবনা সংগীতের আর্ট ও প্রযুক্ত-শিল্পচেতনার দৃষ্টিভঙ্গিতে সংগীত-চিস্তাকে এগিয়ে দিয়েছে এবং মুক্ত আলোচনার ক্ষেত্র প্রস্তুত করে দিয়েছে !

8

এ যুগের গানের পরীক্ষণ ও নিরীক্ষণের ফলেই আধুনিক ভাবধারার প্রকাশ। দেখা বাবে লোক-প্রচলিত লঘু-সংগীত আলোচনায় চিরাচরিত রাগ-সংগীতের পদ্ধতির উল্লেখ না করেও বিশ্লেষণ করা বায়, কিছু সংগীতের মূল ভিত্তি অন্থসদ্ধানের জ্বল্যে মার্গ-সংগীতেরও প্রয়োজন হতে পারে। লোক-প্রচলিত গানের প্রতি মুক্ত দৃষ্টিভঙ্গি এবং মার্গ-সংগীত বোধের অতি সহাত্ম-ভৃতিশীল সহজ প্রেরণা এ দিলীপকুমার রাষের আলোচনায় পাওয়া পেছে। দিলীপ বাবুর আলোচনা, সংগীত-রীতি ও তত্ত্বের প্রতি আধুনিক দৃষ্টিভদির দফল প্রয়োগ। বর্তমান জগৎ ও জীবনের চাহিদাকে প্রত্যক্ষ রেখে তিনি শিল্পীর দৃষ্টিভবি সংগীত-আলোচনায় প্রয়োগ করেছেন। একদিকে ক্লাসিক্যাল সংগীতের বস-রূপের মৃল্যায়ন, অন্তদিকে মুক্ত রচনাতে শিল্পীমনের স্পর্শ-দিশীপ-কুমারের মধ্যে এ চুটো গুণের সম্মিলন হয়েছে এবং দিলীপকুমার বর্তমান ভাবধারার স্বপক্ষে বলতে সর্বাগ্রে এসে দাঁড়িয়েছেন। নতুন গানের আস্বাদন দিলীপকুমার মৃক্তভাবে করেছেন, পরীক্ষণ নিরীক্ষণের বহু পদা নিজে সৃষ্টি करत्रह्म। किन्न त्रवील्यनाथ ७ निनीशकुमारतत चारनाहनात, त्रवील्यनःशीराजत শালোচনায় রবীক্রনাথ বেমন সাধারণেরভাবগ্রাহ্ম জগতে দৃষ্টিফেরাতে বলেছেন, দিলীপকুমার তেমনি নতুন প্রচলিত গানের বিভিন্ন রূপ ও রুদের মৌলিক ব্যাখ্যা করেছেন। রবীজ্ঞনাথ যেখানে খনেকটাই লৌকিক গ্রীতির দিকে আরুষ্ট এবং সম্পূর্ণ ব্যক্তিগত ব্যাখ্যা দিয়েছেন, দিলীপকুমার সে ছলে নতুনের বৈচিত্র্য-সন্ধানী এবং গামকীর তাৎপর্য নতুন করে ব্যাখ্যা করেন। ছঞ্জনার দৃষ্টিতে একটি লক্ষ্য বর্তমান, বাংলার প্রচলিত সংগীতের মূল একই সংগীতের মাটিতে প্রোথিত। তাকে বুঝতে হলে কাব্য ও সংগীতের ভিত্তি-ভূমি বোঝা প্রয়োজন। রবীজ্ঞনাথ মূল রাগ-সংগীতের কাঠামোর উপর আপনার ভাবের অফুলারে দেহ রচনা করেছেন। তাতে যে প্রতিমা দাঁড়িয়েছে গোড়ার দিকের গানশুলো রাগ-সংগীতের অমুদ্ধণ হলেও প্রাণটি হয়েছে কাব্যামূভাব স্পন্দিত। ছয়ের মিলনে স্থর-প্রতিমাও নতুন রূপে রচিত হয়েছে। এইজন্তে আলোচনার কেত্রেও রবীক্রনাথ সাত্মভাব বিকাশের কথা ভেবেছেন, দিলীপকুমারের ব্যাখ্যা হিন্দুখানী সংগীতের রাগবিকাশের পছতি-অফুসারী নয়, দিলীপকুমার বাত্তব দৃষ্টিভঙ্গি নিয়ে নতুন তাৎপর্ব ব্যাথা। করেছেন অথবা এই দিকেই তাঁর লক্ষ্য। সংগীত প্রসকে ধৃজ্টিপ্রসাদের আলোচনা রাগ-সংগীত অহুসারী হলেও সংগীতের সৌন্দর্য তত্ত্বের দৃষ্টিভিন্ধি-সম্মত বলা চলে। রাণ-সংগীতের তাৎপর্ষ বিশ্লেষণে শ্রীদিলীপকুমার রায় বেমন নতুনত্বের সন্ধান দিয়েছেন তেমনি প্রচলিত সংগীতের মৃক্তির চিম্বাও তাঁর মধ্যে স্পষ্ট। লোক-প্রচলিত গানে ও নতুন কাব্য-সংগীতের স্প্রীর ক্ষেত্রে 'মেলডি'র প্রয়োগ সম্বন্ধ তিনি ভেবেছেন। একই সময়ে ধুর্জটিপ্রসাদ কলা ও দার্শনিকভায় বাংলা সংগীত আলোচনার ক্ষেত্র সমৃদ্ধ করেছেন।

সংগীতের প্রতি সমগ্র দৃষ্টির দিক থেকে হুরেশচন্দ্র চক্রবর্তীর দান বিশেষ বিবেচ্য। যদিও তাঁর রচনার সংগ্রহ ও মুল্যায়নের ক্রেল আজও অপেকা করতে হবে, তবু একথা বলা চলে ব্য প্রযুক্তি-সংগীতে পরীক্ষণ-নিরীক্ষণের ফলে বহু তথা ইনি যুক্তিবদ্ধ রীডিতে বিশ্লেষণ করেছেন। অক্তদিকে প্রচলিত সংগীতের প্রতিও একটি মৌলিক দৃষ্টিভঙ্গি ও স্বাতন্ত্র্য স্থরেশচন্দ্র চক্রবর্তীর শালোচনায় পাওয়া গেছে। সংগীতের কক্ষণ অফুসারে স্থেন্ডাল শ্রেণীবিভাগেও এঁর কাজ অসামান্ত। ইনি লোক-প্রচলিত সংগাঁত, বিশেষ করে লোক-গীতি সম্পর্কে নানা স্থানে নানা কথা বলেছেন। ওরু মতামত নয়, প্রযুক্তি সম্বন্ধেও তাঁর শভিজ্ঞতা ও গবেষণার একটি স্বামী মূল্য আছে। বাংলা লোক-প্রচলিত সংগাত সম্পর্কিত তার বহু মতামত আকাশবাণীর সংগীতের শ্রেণীবিভাগে ও প্রযোজনার মধ্যে আইডিয়া হিসেবে ক্রিয়াশীল ও প্রচ্ছন্ন আছে। লোক-প্রচলিত সংগীত সমালোচনার দিক থেকে সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে ঐতিহাসিক স্বালোচনা করেছেন জীরাজ্যের মিতা। এঁর রচনার মূল্য স্পামাতা। এক দিকে থেমন ঐতিহাসিক বিশ্লেষণ ও তথ্য প্রয়োগ অক্তদিকে আজকের সংগীতে গঠন-প্রকৃতির প্রতি মৌলিক দৃষ্টির মূল্য অনস্বীকাষ। প্রাক্-আধুনিক যুগের সংগাতের ঐতিহাসিকতা বাংলা-সংগাত আলোচনায় বিশেষ স্থান লাভ করেছে। রাগ-সংগীতের মুল্যবান গ্রন্থলোর অত্বাদ ও টীকা অনেকস্থলে প্রচলিত ধারণার উপর আঘাত হেনেছে।

রবীন্দ্র-সংগীতের ব্যাখ্যা ও বিশ্লেষণ ব্যান্দেই করেছেন। এঁদের মধ্যে প্রীশান্তিদেব ঘোষের তথ্যসমৃদ্ধ ও প্রযুক্তি-রীতি-ব্যাহ্যারী রচনার মূল্য সমধিক। তথ্যের প্রাচূর্য প্রীশান্তিদেব ঘোষের রচনা রবীক্রসংগীতের বিশেষ ব্যভিজ্ঞান। ইন্দিরাদেবী চৌধুরাণীর কয়েকটি বক্তব্য রবীক্রসংগীতের উপর প্রবল ব্যালাক-সম্পাত করেছে। তাছাড়া প্রীগৌমোক্রনাথ ঠাকুরের বক্তব্য ব্যাপক ও দৃষ্টিভঙ্গি মৌলিক। খ্রীশুভ গুহঠাকুরতা—বিশ্লেষণ-মূলক। স্থামী প্রীপ্রজ্ঞানানন্দের রবীক্র-

সংগীত-আলোচনা রাগভিত্তিক ও দার্শনিক। রবীদ্র-সংগীতের অন্তাম্থ আলোচনার ক্ষেত্রে শ্রীনারায়ণ চৌধুরী বহু প্রশ্ন উত্থাপিত করেছেন এবং এঁর বক্তব্যও স্বৃঢ়। শ্রীমন্ধণ ভট্টাচার্য সঙ্গীতের সঙ্গে কাব্যকে মিলিত করে ব্যাখ্যা করেছেন।

লোক-প্রচলিত সংগীতের আলোচনার যে প্রচেষ্টা এই গ্রন্থে আছে, তাতে সমর্থিত ধারণাগুলোর ক্ষেত্রেই উল্লিখিত নামের অবতারণা করা হয়েছে। এ ছাড়াও প্রচলিত সংগীতের বহু আলোচনাচারিদিকে ছড়িয়ে রয়েছে। লৌকিক-সংগীতের তথোর দিক থেকে ভক্টর আগুতোষ ভট্টাচার্যের রচনা বিশেষ ম্ল্যবান। এমন স্থাংবদ্ধ ও ব্যাপক তথা বিশ্লেষণ না হলে আগপ্ত বহু ক্ষেত্রে লোকগীতির রূপ বুঝো নেওয়া ছঃসাধ্য হত। আমরা জানি রবীক্রনাথের দৃষ্টি বাউল সম্প্রদায়ের ওপর কেন্দ্রীভূত ছিল, তাই বাউলের স্থর ও ছল্দ রবীক্রসংগীতে স্বতঃই উৎসারিত হয়েছে। বাউল গানের তথ্যসমূদ্ধ রচনার অভাব বাংলায় নেই। মহম্মদ মনস্থরউদ্ধীনের মূল্যবান সংগ্রহ এবং ডক্টর উপেক্রনাথ ভট্টাচার্যের কাজ এ সম্বন্ধে উল্লেখযোগ্য সংযোজন। এ ধরণের কাজের উৎস সন্ধান করতে গেলে আচার্য দীনেশচক্র সেনের কথা আরণ করা দরকার। লোকগীতির বস্তু ও তথ্য দীনেশচক্রের অন্থপ্রেরণায় সংগ্রহ করা হয়েছে। তথ্য ও রূপ পরিচিতির দিক থেকে শ্রীচিত্তরঞ্জন দেবের সম্প্রতি প্রকাশিত সংগ্রহও প্রশংসনীয়।

সমদাময়িক সংগীতের বিষয়-বস্তুকে কেন্দ্র করে এবং রাগ-সংগীতের দৃষ্টিভঙ্গি নিয়ে শ্রীনারায়ণ চৌধুবীর আলোচনা ও বক্রব্য লক্ষণীয়। রবীন্দ্র-সমসাময়িক ও উত্তর-রবীন্দ্র যুগের গীতকারদের সম্বন্ধে নানা প্রসংগে শ্রীচৌধুরীর বক্তব্য মৌলিক। সংগীত-আলোচনায় শাস্ত্রীয় সংগীতের উপরে ঘাঁদের দৃষ্টি নিবন্ধ কিন্তু বর্তমান গানের উপরেও বাঁরা ভাবনার আলোকপাত করেছেন বা করছেন তাঁদের কথা উল্লেখ করা হল। রাগ-সংগীতের দিক থেকে, মূল তত্ত্ব ও তথ্যের ঐতিহাদিক ও আজিকের আলোচনা বাঁরা করেছেন তাঁদের কথা এখানে উল্লেখ করা হয়নি। একথা আগেই উল্লেখ করা হয়েছে যে লোক-প্রচলিত গানের সমস্ত প্রকার রচনার বিচার-বিশ্লেষণ হওয়া দরকার—রাগ-সংগীত বিশ্লেষণের পদ্ধতি থেকে স্বতন্ত্র রক্ষমের। আলোচনার ক্ষেত্রে রবীন্দ্রনাথই নানা প্রসঙ্গে এ পথ দেখিয়েছেন। ব্যক্তিগত সংগীত সম্বন্ধে নানা প্রসঙ্গের নানা প্রসঙ্গের নানা প্রসংকর

শহত্তে পরিচিতি দান করে তেমনি সমসাময়িকদের রচনা সম্পর্কেও থাটে। স্বরকারের রাগসংশিশুণ, পরীক্ষণ ও নিরীক্ষণের প্রসক্তলো রবীন্ত্রনাথ ও সমসাময়িকদের সহত্তে সমানভাবেই প্রয়োজ্য। লোক-প্রচলিত সংগীত সহত্তে রবীন্ত্রনাথের দৃষ্টিভিক্তি নতুন যুগের স্পষ্টিকে স্বপ্রতিষ্ঠিত করেছে। এজন্ত রবীন্ত্রনাথ আধুনিক স্বরজগতের প্রথম বৃত্তপথ, যেন নতুন সৌরমগুলের রপরেখা স্পষ্ট করে দিলেন।

C

লোক-প্রচলিত লঘু-সংগীতের ক্রমবিকাশ ও বর্তমান-রূপে প্রকাশিত হওয়ার মৃলে যে কয়েকটি ধরণের প্রতিষ্ঠান বা বিভাগ বিশেষ ভাবে ক্রিয়াশীল হয়ে সংগীত-রূপকে নির্দিষ্টরূপে পরিপৃষ্ট করেছে, গোড়ায় সে কথা উল্লেখ করা দরকার। প্রথমেই রঙ্গমঞ্জের কথা উল্লেখযোগ্য। উনবিংশ শতকের শেষ ভাগ থেকে আরম্ভ করে বর্তমান শতাব্দীর তিন দশক পর্যন্ত নাটকের গান প্রথম ভাবে জনসাধারণের কানে এসেছে এবং মৃথে মৃথে ফিরেছে। এপানে গিরিশ ঘোষ এবং বিজেক্রলালের গানগুলির উল্লেখ করা দরকার। আধুনিক গানের আরম্ভ হওয়া পর্যন্ত নাট্যশালার গানগুলো বর্তমান যুগের স্বচনায় যোগ দিয়েছে। অক্সদিকে রবীক্রনাথের গানের বিশেষ ধরণের রচনার মৃল উৎস রবীক্রনাথের নানা ধরণের নাটক! ছিজেক্রলালের গানগুলোর ভঙ্গিতে উদাক্ত কঠের স্বর-সংযোজন নাট্য-প্রয়োজনেই হয়েছিল। আধুনিক যুগে নাট্যগীতি রূপান্তরিত হয়ে বিচিত্র বিছ ধরণের পরীক্ষণ নিরীক্ষণ সম্বন্ধে আলোচনা আজ বছমুখী হয়েছে।

কিন্তু প্রচলিত গানের প্রচার, প্রসার এবং প্রভাবের মূল কেন্দ্র গ্রাম্যেকান রেকর্ড। গ্রামোফোন রেকর্ড প্রকাশ সাধারণের ক্ষচি ও রস্বাধ সজাগ করেছে। বিগত চলিশ বছরে অপ্রত্যক্ষে বছভাবে সংগীত-রীতির পরীক্ষা নিরীক্ষা হয়েছে। প্রয়োগ-বৈশিষ্ট্যে সমৃদ্ধ এই পরীক্ষা। নতুন ভঙ্গির আমদানী, নতুন ধরণের রচনা, অন্ত দেশ থেকে স্থর সংগ্রহ, লৌকিক ছল্ম ও স্থরকে নতুন রচনায় প্রয়োগ, নাট্য ও ফিল্ম সংগীতকে লোকসমাজে প্রচার, মৌলিক রাগ-সংবদ্ধ বাংলা গানের প্রচার, কণ্ঠভঙ্গির বছতর কায়দার উদ্ভাবন, বল্ধ-সংগীতকে লোক-সমাজে প্রচার, ব্যাহ-র্নকে

জনপ্রিয় করা, পদ্ধীসংগীত ও ধর্মীয় গীতির প্রচার—এই সব কাজই গ্রামোফোন কোন্পানী তাদের ব্যবসার জন্তে করেছিল সন্দেহ নেই। কিন্তু সাধারণের কচি ও রসবোধের দাবী এবং বছ গুণী ও শুষ্টার মনও এর পেছনে একষোগে ক্রিয়াশীল হয়েছিল। এই সম্পর্কে অনেকের সম্বন্ধেই অভয়ভাবে আলোচনা করলে সংগীত বিকাশের তথ্য পাওয়া যেতে পারে। উদাহরণ স্বরূপ, নজকলের সংগীতের বিশেব ক্রণ হয়েছিল গ্রামোফোন রেকর্ডের জ্বলে রচনার উপলক্ষে। গীতকার এবং বিশেষ করে স্বর্কারের একটা কর্মপন্থা স্করনে রেকর্ড কোম্পানীগুলো ব্যবসার অতিরিক্ত ভাবনার পথ তৈরি করেছিল, স্বীকার করব। শিল্লীর প্রতিভার বিকাশের সহায়ক হয়েছিল গ্রামোফোন রেকর্ডে বিশ্বত সংগীতের পরিবেশ।

किन भात अवि श्रि शिवान कथा अत्कृत्व विश्वविद्यानस्त्र मान्त्र महन তুলনীয়। লোক-প্রচলিত গানের বছতর পরীক্ষা ও নিরীক্ষার ফলভোগ করেছেন দর্বদাধারণ। সংগীত-শিক্ষা সম্পর্কিত ধাণ পার হয়ে যখন এই বিশ্ববিভাক্ষেত্রের সংশ্লিষ্ট হওয়া যায় তথন এখানে সংগীত-শিল্প সম্বন্ধে নানান রূপ ও ভাবনা এবং সংগ্রহের অভিজ্ঞতা লাভ করা যেতে পারে। তাছাড়া সংগীত-প্রযুক্তির এই একটি মাত্রই সঙ্গীব ক্ষেত্র। এ বিশ্ববিভালয় শিক্ষা দেয় না, শিক্ষাদান এর লক্ষ্যও নয়, যদিও শিক্ষা ও পরীক্ষা-নিরীক্ষার চেষ্টা এখানে অবহেলিত নয়। সংগীত-রূপকে নানা ভাবে প্রাণবস্ত করে ভোলা এবং নবরপদানে সাহায্য করা এ প্রতিষ্ঠানের প্রধান লক্ষ্য। শ্রোভাসাধারণের দাবী অহুসারে বহু বিচিত্রতার সনাবেশ এখানেই সম্ভব। অর্থাৎ আকাশবাণীর কথাই এখানে উল্লেখ করছি। একট তলিয়ে দেখলে আকাশবাণীকে এভাবেই ভাবতে হবে। বছজনের ভাবনার দান এথানেই সঞ্চিত হয়, তাই বিশেষ করে লোক প্রচলিত নানান সংগীতরপ সংগীত-সংবৃহ্ণণের এ বিশ্ববিভাক্ষেত্র বিশেষ প্রাণবন্ত প্রতিষ্ঠান। সর্বসাধারণের সংগীত-জীবনের সঙ্গে সামাজিক ভাবে मः निष्ठं वर्लारे मः गौक मभारनाहनात अधान छे भकीवा इस **भाका**नवानीत चक्रकान करना।

বর্তমানে প্রচলিত বাংলা গানের রীতি-পদ্ধতি অভিব্যক্ত হয়েছে স্পষ্ট ভাবেই প্রামোফোন রেকর্ডের প্রচার প্রশার এবং অল ইণ্ডিয়া রেভিওর সংগীত-অফুষ্ঠান প্রচারের গোড়া থেকে। এই শতকের ত্রিশ দশক থেকে প্রচলিত বাংলা গান স্পষ্ট ও প্রত্যক্ষ রূপ পুরিগ্রহ করতে আরম্ভ করে। রবীক্র, ব্রক্তের, রক্তনীকাস্ক,

অতুলপ্রসাদের হুর কানের ভিতর দিয়ে মর্মে প্রবেশ করেছে। বছ যুগাস্তকারী গান জনচিত্ত মৃগ্ধ করেছে এবং শ্রোভার সংগীত-চিস্তাকে প্রবৃদ্ধ করেছে। সঙ্গে সঙ্গে পল্লী-সংগীতও লোকালয়ে প্রবেশ করেছে। এ সময়ে নজকলের উদ্ধব। উনিশশো ত্রিশ সালের পূর্ব থেকেই এই প্রস্তুতি একটি নতুন উৎপাদনের ক্ষেত্র তৈরি করল। সেই দঙ্গে গ্রামোফোন রেকর্ড ও তদানীস্তন অল ইণ্ডিয়া রেডিও প্রচলিত সংগীতের প্রচার ওপ্রসার সহজ্ঞাবেই করতে আরম্ভ করেছিল। वावनात्र मुष्टिं वारमारकान त्वकर्ष रेजितित मृत्न क्रिन, এकथा अनशीकार्य। কিন্তু দেই সঙ্গে রুচি ও রসবোধের প্রসার ও ব্যাপ্তি অত্যাবশ্রক হয়ে দাঁডালো। এই পরিবেশ স্বাষ্ট্র মাহেন্দ্রবোগ উনিশ্রশা তিরিশের পূর্ববর্তী ও পরবর্তী কয়েক বৎসর। অর্থাৎ এ সময়ে থেকে বর্তনান সংগীত-ধারার শুরু, বিশেষ ভাবে আধুনিক বাংলা গানের প্রচলন লক্ষ্য করা ষেতে পারে। এই সম্পর্কে ১৯৩৮ সালে 'সাংগীতিকী'গ্রন্থে দিলীপকুমার রায়ের একটি উক্তি স্মর্ণীয়। অজ্যুকুমারের একটি গান শচীন দেববর্মনের মুখে শুনে বলছেন, "আধুনিক বাংলং গানের মধ্যে একটা নব স্পন্দন, নব আকৃতি যেন স্পষ্ট শুনতে পাই। বর্ণনা করে এ স্পন্দনের আভাষ দেওয়া অতি কঠিন কাজ-কারণ, এ আলো ভবিষ্যতের অগ্রদুত, বার ভুধু পূর্বচ্ছটাই আমাদের গোচর হয়েছে—অরুণোদয়ের পুর্বক্ষণে আকাশ রাঙিয়ে ওঠার মতন।"

বর্তমান সংগীত শিল্প-সচেতন হয়ে পড়েছে, অর্থাৎ গানের অভিব্যক্তিকেই সকল দিক থেকে শ্রীসম্পন্ন করবাব চেটা আধুনিক যুগের দৃষ্টিভলিতে প্রাধান্ত লাভ করেছে। যে রকমের গানই হোক, নিভাস্ক সহজ সরল একদেয়ে পল্লীগীতি অথবা ব্যক্তিনামান্ধিত গান (অর্থাৎ, রবীন্দ্র-বিজেক্দ্র-রজনীকান্ত-অতুলপ্রসাদ-নজকল) হোক, গানকে প্রকাশের ক্ষেত্রে পরিপূর্ণ ষত্রসংগীত সহযোগিতা এবং গায়কী ভঙ্গি ও স্থর-উচ্চারণের পদ্ধতির দ্বারা কলা-সম্বর্থের কৌশলে রূপদান করা এ যুগের বৈশিষ্ট্য। গ্রামে গ্রামে পালা-কীর্তন যারা শোনেন, গ্রামোকোন রেকর্ডে ক্লফচন্দ্র দের কীর্তন যদি তাঁদের শোনান হয় তাহলে তাঁদের কাছেও সংগীতের আর একটি জগৎ স্পষ্ট হবে। গানের রীতি কলাসমন্থিত হয়ে পড়েছে ক্লফচন্দ্র দের গানে, গান গাইবার পদ্ধতি, অংশবিশেষ ছাঁটাই (editing), স্থরসংযোজনায় সামাত্র অদলবদল এবং স্কর্ম প্রযোজনাও সক্ষতিপূর্ণ করা দরকার হয়েছে। সর্বক্ষেত্রেই এই প্রয়োগের পরিমিতি-বোধ ক্রিয়াশীল। যেন প্রচলত পালা কীর্তন থেকে কলাকৌশলে

এ সংগীত খডন্ত। এটি একটি উদাহরণ মাত্র। খুব সোজাইছি একজন সমালোচকের কথার উদ্ভি দিছিছ। কথাটি পল্লীগীতি ও কীর্তন সহজে। "অমার্জিত কঠের একটা নিজ্প আবেদন আছে, তবে সাধা গলার আবেদন থেকে তা বড় নয়।" এই উক্তিটি গানের মৌলিক আবেদনকে অখীকার করে না, কিন্তু স্বংজ্ঞান-সমন্বিত কঠের গানের শিল্পসমন্তিত প্রকাশ গানকে স্বমামন্তিত করে—এ কথাই খীকার করে।

বর্তমান লোক-প্রচলিত সংগীতের আলোচনায় এই পরিবর্তনের উপর নক্ষ্য রেখে নানা প্রসঙ্গ এই গ্রন্থে প্রস্তাবিত হচ্ছে। লোক-প্রচলিত লঘুসংগীত, লোকগীতি এবং অভাভা ধরণের গানের তথা ও তত্ত্ব অমুসন্ধান করা ইয়েছে। আলোচনার ক্ষেত্রে সাধারণ প্রশ্ন থেকে আরম্ভ করা হয়েছে, সঙ্গে সঞ্জ অক্টান্ত চিন্তাও উত্থাপিত হয়েছে। বে কোন শিল্প আলোচনায় ব্যক্তিত্বের প্রকাশ-বৈশিষ্ট্যকে জানা প্রয়োজন হয় সকলের আগে, শিল্পবোধের প্রথম ধাপেই বাজিত্ব বিশ্লেষণ। ব্যক্তিনামান্ধিত যে দব গান স্বতন্ত্রভাবে বাংলায় চাল আছে. দে সব গানের বৈশিষ্ট্য কি--এ জিজ্ঞাসাকে বিশেষ স্থান দেওয়া হয়েছে। বিশ্লেষণের শেষে কিছু কিছু স্ত্র খুঁজে বের করতে চেষ্টা করেছি। আজকাল সংগীত সমালোচনায় শিল্পবীতি সম্বন্ধে নানান জিজ্ঞাস। এসে ভিড় করে। বলা বাহুল্য, প্রচলিত রাগ-সংগীতের স্তর্মারা চলিত গান বুঝে নেওয়া যায় না। সেজতোই রবীক্র-সংগীতকে বুঝবার জতো বহু সমালোচনা প্রকাশিত হয়েছে। এই গ্রন্থের প্রতি আলোচনার শুক বিশেষ প্রশ্নকে উপদক্ষ করে। এই প্রশ্ন-গুলোকে অবহেলা করা চলে না। আজকালের লোকসংগীতকে সভিত্রার লোকসংগীত বল। যাবে কি না ? আধুনিক গানকে চলচ্চিত্রের গানের লগতম অভিব্যক্তি থেকে বাঁচাতে হবে কি না ?—এ সব প্রশ্নও মুখে মুখে ফেরে। জনৈক সংগীত-সমালোচকের স্থচিন্তিত গ্রন্থ থেকে উদ্ভি দিচ্ছি, "বাংলা গানের শেষ পর্যায়ে নতুনতর রীতির প্রচেষ্টা চলেছে। আমার কাছে মনে হরেছে শচীন দেববর্মনই বাঙালীর গানের শেষ দিকৃপাল, জ্জুয় ভট্টাচার্যই শেষ গীতিকার এবং হিমাংশু দত্ত শেষ উল্লেখযোগ্য স্থরকার। [উক্তিটি অত্যন্ত একপেশে এবং বিচারের জ্পপেকা রাখে।] কণাট। ক্ষোভের সঙ্গেই মনে হচ্ছে—বর্তমান সময়ের আধুনিক সংগীতের কচিবিকৃতি ও ভাবের অপদার্থতা ও দৈক্ত দেখে, স্থরের যথেচ্ছ উচ্ছালভার কথা ভেবে।" এরপর লেখক আধুনিক সংগীতের বিরুদ্ধে বহু অভিযোগ উপছাপিত করেছেন, এবং লক্ষ্য করেছেন যে সংগীত-জগতের বছ গণ্যমান্ত ব্যক্তি ও উচ্চান্ত্র-সংগীতের পৃষ্ঠপোষকরা আধুনিকভার বছ বিক্তির সঙ্গে হাত মিলিয়েছেন। অর্থাৎ যদি প্রতি পদক্ষেপে লোক-প্রচলিত সংগীত সম্বন্ধে মতামত সংগ্রহ করা বায় তবে বিক্ল-চিম্বার শুপ লোক-প্রচলিত সংগীতকে ভাল করে জানার পথে তুর্লজ্য বাধা স্বরূপ হয়ে দাড়াতে পারে।

এই গ্রন্থ্যে পুরভাবে যে কথা বলতে চেষ্টা করেছি তাকে এখানে সাবার সংক্ষেপে বলে নেওয়া যাক: এই গ্রন্থটিতে আতে লোক-প্রচলিত সংগীতের রূপ অন্নসন্ধানের কাজে কিছু তত্ত্ব প্রত্তের আলোচনা। বিশেষ কয়েকটি প্রশ্ন থেকে প্রভাকটি প্রদঙ্গ উত্থাপিত করা হয়েছে। লোক-প্রচলিত দংগীত বলতে রাগ-সংগীতের সীমানার বাইরে সকলপ্রকার সংগীতকে ধরে নেওয়া হয়েছে, যাকে আঞ্জিক বা লঘু সংগীত বলে নানা ভাবেই প্রকাশ করা হয়। িশ্রীদলীপকুমার রায় 'সাঙ্গীতিকী' গ্রন্থে লোক-প্রচলিত সংগীতের প্রসঙ্গটির নাম দিয়েছেন "দেশী সংগীত", এবং বলেছেন, "দেশী সংগীতের মহিমা বিচার করতে হলে মার্গাংগীতের কচিগত পক্ষপাত থেকে সব আগে মৃক্তি চাইডে হবে।"] লোক-প্রচলিত লগু সংগীতের উদ্ভব স্বত:কৃত ও প্রাকৃত বা দেশী-সংগীত থেকে। এজন্মে রাগ-সংগীতের তত্ত্ব ও থক্ত ছারা লোক-প্রচলিত সংগীতকে বুঝতে যাবার পথে ঘথেষ্ট বাধা আছে। কিন্তু, প্রসংগক্রমে রাগ-সংগীত মৌলিক ভিত্তিভূমি বলে তাকে খনেক আলোচনারপ্রসঙ্গেই প্রয়োজন। লঘু সংগীতকে তাৎপর্য আরোপ করে বুঝতে চেষ্টা করবার পথ স্থগম করে দিয়েছেন রবীন্দ্রনাথ নিজের আলোচনায়। তা ছাড়া ধদিও আনেক স্থলেই **আলোচনা নানাভাবে সংমিশ্রিত হয়ে আছে, কিন্তু কিছু সমালোচকের** রচনার মধ্যে স্বত্তের সন্ধান পাওয়া যায়। লোক-প্রচলিত বর্তমান সংগীত-ধারা পর্যালোচনা করে দেখা যায় যে উনিশশো তিরিশের সময়কাল থেকে বাংলা গানকে বিশিষ্টরূপে শ্রেণীবিভাগ করে বোঝা যেতে পারে। এই সময় থেকে বিশেষ কারণেই বাংলা গানের রাজ্যটাকে স্পষ্টভাবে শ্রেণীবিভাগ করে নেওয়া ষায়। আলোচনার মধ্যে এই ধারণাটিকেও কেন্দ্র করা হয়েছে।

প্রথম পারচ্ছেদ

উনিশশো তিরিশের পূর্বধারা

উনবিংশ শতকের বাংলা গান রচনাকে তিনটে তাগে তাগ করা যেতে পারে। প্রথমে, সম্পূর্ণ গ্রুপদ-প্রতাবিত গান। এই গানের মূল অন্সন্ধান করতে গেলে রামমোহন, দেবেজ্ঞনাথ, সত্যেক্ত্রনাথ, বিষ্ণু চক্রবর্তী, বিজ্ঞেক্সনাথ এবং জ্যোতিরিজ্ঞনাথের উল্লেখ করা দরকার। এঁরা সকলেই গ্রুপদের রূপটির উপর জোর দিয়েছিলেন।

ছিতীয় পর্যায়ে টপ্পা-প্রভাবিত রীতি বাংলার স্বতঃকৃত রচনাকে রঙে ও রসে ভরপুর করে। এই গানের গোড়ায় ছিলেন নিধুবাব্। একথাও স্বীকার্য যে স্বস্তঃসলিলা গীতধারা গ্রামে গ্রামে কিনে, নানা ধনীয় গান এবং বছ ধরণের বিভিন্ন আঞ্চলিক পল্লীগীতি বেভাবে রচিত হয়ে স্মাসছিল—এই তুটো ধারা তা থেকে স্বতন্ত্র।

তৃতীয় পর্যায়ের রচনার মৃলে ছিলেন জ্যোতিরিক্রনাথ ঠাকুর। স্বর্রিত গান ছাড়াও অন্সের রচিত গানে স্থর সংযোজনা করবার কায়দা তাঁরই চেষ্টায় প্রথম উদ্ভাবিত হয়। সংগীতে বিভিন্ন ধরণের পরীক্ষা-নিরীক্ষা চলে। যন্ত্রের ব্যবহারে মৌলিকতা আদে। নাট্যগীতি প্রযোজনার বিশেষ কায়দা সম্বন্ধে ইনি ভাবেন। হিন্দুমেলার উৎসবে যে স্বদেশী গানের উদ্ভব হয় এরও মৃলে ছিলেন জ্যোতিরিক্রনাথ।

রবীন্দ্রনাথের বিশেষ যোগ প্রথম ও তৃতীয় প্রায়। রাগসংগীতকে তিনি গানের ভিতিভূমি করেন, এর ওপর স্করকলি ক্টির পদা উদ্ভাবন করেন। অক্তাদিকে লোকসংগীতের উপরেও তার দৃটি নিবদ্ধ থাকে। টপ্পারাতি রচনায়ও রবীন্দ্রনাথ হাত দিয়েছিলেন, এবং স্কর রচনার পথ তিনি বছদিকেই প্রসারিত করেন।

রবীক্রনাথের (১৮৬১-১৯৪১) সমসাময়িক রচয়িতারা প্রায় অন্তর্মণ পদ্বায় সংগীত রচনা করেন। এঁদের প্রত্যেকেরই দৃষ্টিভদ্ধী ও গীতরচনার ক্ষেত্র দীমিতও অতম্ব ছিল, বর্তমান সংগীত-রচনা-পদ্ধতির ধারা থেকেও এঁরা সকলেই ছিলেন স্বতম্ব। অথচ এঁদের রচনার মৌলিকভাও অনস্বীকার্য। সংগীতের দিক থেকে ধ্বীক্র-সমসাময়িকদের মধ্যে ধাদের রচনায় রবীক্রনাথের মত তেমন মৌলিকভা

ও বৈচিত্রা না থাকা সত্ত্বেও বাঁদের কথা বা গীতির ভাব-সম্পদ শ্রোভার মন কেডে নিয়েছিল ভাঁরা হলেন:

> বিজেজনাল—১৮৬০—১৯১০ রজনীকান্ত—১৮৬৫—১৯১০ অকুলপ্রদাদ—১৮৭১—১৯৩৪

বর্তমান শতাকার তিরিশ দশকের প্রবর্তী সংগীতরীতিতে, রবীন্দ্রনাথকে ধরে, এই চারটি ব্যক্তিত্বের নিদর্শন স্পষ্ট, ষ্দিও এর মধ্যে অতুলপ্রসাদ আধুনিক যুগেও রবীন্দ্রনাথের মতই সম্প্রসারিত। এই সময়ের মধ্যে রবীন্দ্রনাথের গীতিপরিমগুলটি পুর্বভাবে অভিব্যতঃ হয়ে গেছে। শুরু বলা যেতে পারে যে ১৯১০-এর পরও রবীন্দ্রনাথের নতুন নতুন হুর প্রয়োগের ও নতুন রচনার অভাব নেই এবং তর্ষনও তিনি এক্সণেরিমেন্ট বা পরীক্ষাও যথেষ্ট করেছেন। রবীক্ষনাথ এক্ষেত্রে কালজনী।

প্রায় এ সময় থেকেই বিশ্বভারতীর অদূরে স্বরলিপি-নির্ভর রবীক্রদংগীত গ্রামোকোন বােগে ও রেভিও মারফতে বিভিন্ন শিল্পীর বাক্তিগত পরিচর্যায় প্রচারিত হতে থাকে। গানে যন্ত্রের সহযোগিতাও বিভাশ লাভ করে। এক্ষেত্রে বিশ্বভারতীর স্বকীয় গীতরীতি থেকে কিছু স্বাতন্ত্র শিল্পীদের মধ্যে এদেপডে। এ স্বাভন্তা অবশ্য অতাত হক্ষা এবং গৌণ। অভাভ গানের সঙ্গে এসময় থেকেই আধুনিক গানেরও স্থক। এই নতুন ধারায় আংসন নজকুল ইদলাম একদিকে গীতিকার অভাদিকে স্থরের কারবারী হয়ে। ধারাটি আধুনিকের প্রথম পর্যায়। শুরু আলোচনার স্থবিদের জত্তে আধুনিক গানের এই পুর্বধারার কথা উল্লিখিত হল। আজকের নতুন পরিবেশে শ্রোভার দাবী মেটাবার জন্মে গীতরীতি যে বিচিত্রভাবে বিকশিত হয়ে এসেছে তাকে বুঝতে হলে তিরিশ দশকের পরবর্তী ধারার বিশ্লেষণ করা দরকার। উনবিংশ শতকে জ্যোতিবিজ্ঞনাথ কিছু কিছু খাজের রচনায় স্থার সংযোজনা করেছিলেন। নাটকের দংগীত রচনায় গিরিশচন্দ্রের গানের কথাও এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। একজনের গান রচনায় অত্যের স্থর প্রয়োগের কায়দায় নাট্য-সংগীতের বিশেষ রূপের প্রকাশ হয়। উনিশশো তিরিশ থেকে সংগীত আলোচনায় এরূপ স্থ্যকার ও প্রযোজকের একটি বিশিষ্ট ভূমিকা দেখা বাচ্ছে। কণ্ঠের সঙ্গে বন্ধ সংগীতের স্থাংগতি সৃষ্টি এবং সহযেগিতা, ষ্মুকে ভাবপ্রকাশের মর্বাদা দান-বর্তমান ধারার প্রধান লক্ষণ।

কিন্তু উনিশশো তিরিশের পূর্বধারার লক্ষণগুলো কিরকম ? গীতিরচনার এই মূল প্রদক্ষ আলোচনার সকে ব্যক্তিছের আলোচনাও দরকার। এই প্রসঙ্গে সংগীতের ইতিহাসের দিকে না গিয়ে রীতি বর্ণনাকরা বিধেয়। বাংলা গানের ক্রমবিকাশের প্রতি লক্ষ্য করলে দেখা বাবে যে গানের মধ্যে ভূটো বিশেষ লক্ষণ বিভিন্ন সংগীতকে রূপদান করে। একটি বিষয়বল্প-প্রধান এবং অত্য একটি শিল্প-প্রধান বা কলা-সমন্বিত। বিষয়বস্তুর প্রাধাক্ত কথাটি অর্থে—বে গান স্থাকে অবলম্বন-মাত্র করে নেয় এবং ভাব এবং কথাবস্ত বে পানের বিশেষ লক্ষ্যথাকে, দে গানের কথাই উল্লেখ করা হচ্ছে। বিষয়বস্তর প্রাধাত্ত থাকার জ্বতে স্থন-প্রয়োগের মৌলিকতা গৌণ হয়ে যায়, স্বর্ণাৎ নিছক একটি উদ্দেশ্যের জন্যে সহজ ও স্বাভাবিক ভাবে স্থর প্রয়োগ করা হয়। এ ক্ষেত্রে স্থর বাঁগাধরা পথেই চলে। অনেক ক্ষেত্রে ছন্দ হয় সংগীতের প্রধান অবলম্বন। এ ক্ষেত্রে লোকগীতি অথবা কীর্তনের কথা উল্লেখ করা যাক। বিষয়বস্তু কীর্তনের প্রধান আকর্ষণ। ভাগবতের সম্বন্ধে অভিজ্ঞতাই মৃল, .বৈঞ্ব ভাবধারার সমাক্ জ্ঞান না থাবলে বেশিক্ষণ এবং অভিনিবেশ সহকারে কীউন শোনা যায় না। লোকসংগীতে একটি স্থরের একঘেয়েমি থাকে। স্থরের একধ্যেয়েমিকে শ্বতিক্রম করিয়ে দেয় স্বভাবস্থলভ কণ্ঠ ও সরল ভাবধারা। বিষয়বস্তুই এই গানগুলোর প্রধান আকর্ষণ। বিশ্লেষণ করলে এসব গানের স্থ্য-প্রকৃতি নানাদিক থেকেই বর্ণনা করা চলে। কিন্তু তবু পরিসর অভান্ত সীমিত। কীতনের বহুল প্রচারের সঙ্গে সঙ্গে মধ্যমূগেই রুঞ্চ-কথাকে নাটকীয় রূপ দান করবার হুল্রে পালাগানে প্রচার আরম্ভ হয় এবং পৌরাণিক কাহিনীকে স্থবে, স্বভিব্যক্তির জন্তে একটা বিশেষ গায়ন-পদ্ধতির সৃষ্টি হয়। কীর্তনের স্ল প্রেরণায় যে সহজ ও যাভাবিক ভাব আছে রাগমংগীতে তা নেই। কিন্ধ রাগদংগীত দারা এর স্থর-স্ষষ্টি প্রভাবিত হয়েছে। রাগের রূপ অফুসরণ করবার রীভিও এতে অনুস্ত। কিন্তু বিষয়বস্তুর ধারাবাহিকতা এর মূল লক্ষ্য থাকায় লৌকিক প্রকাশভিক্তি এর বাহন। কোথাও রাগসংগীতের প্রভাব বিস্তৃত হলেও বক্তব্য বিষয়ে সহজ ছন্দের হিল্লোল এবং কথ। অংশের প্রাচূর্য এক বিচিত্র ভাব-জগৎ সৃষ্টি করে। ছন্দ-ভঙ্গির কাঠামোটিও বাঁধা।

বৈষ্ণব ধর্মের ভাবস্রোত এক সময় সমস্ত বাঙালী-সমাজকে তাসিয়ে দিয়েছিল। বহু-প্রসারী ভাব-ভক্তির নানা অলিগলি স্টে হয়েছিল। পরে রাগরাগিণী ও তালের বৈচিত্র্য নাট্যভঙ্গিতে যুক্ত হয়,পালাগানের প্রকাশে বিশিষ্ট গীত-রীতির रुष्टि इह। त्मक्षात्रात्र विकारन नाना चाक्रनिक विनिधान धता शर्फ (त्रापि, মনোহরশাহী, পরাণহাটী প্রভৃতি)। কীর্তন পানের এই সমন্ত বিশিষ্ট ভলিকে কীর্তনীয়া মাত্রেই স্বীকার করবেন। স্থর প্রকাশের কয়েকটি রূপ কীর্তনের নিজন্ম সংগীত-প্রতীক বলে ধরে নেওয়া থেতে পারে. স্থরের চেয়েও অক্সান্ত বিষয়ের তুলনায় বিশেষ ভাবে ছন্দের দিকটা বেশি বিকাশ লাভ করে, স্থর ভাকে শবলম্বন করে। স্থর বা রাগ ইত্যাদি, বহু তাল, বাক-রচনাপদ্ধতি-কথা, আথর প্রভৃতির ক্রমবিকাশেই প্রয়োগ করা হয়। কাজেই লক্ষ্য করলেই দেখা যায় যে, কীর্তনে বিষয়বস্তুর প্রাধান্তই মুখ্য। সংগীতের স্বাভাবিক স্বাক্ধণী শক্তি প্রয়োগ ৰুরে যে কোন গায়ক কীর্তনকে চমকপ্রদ করে তুলতে পারেন, গৌন্দর্য-স্কৃষ্টিতে পরিপূর্ণতা দান করতে পারেন, কিন্তু কার্তনের বিষয়বস্তুর সার্থকতা ও ভাবস্ফট অধুমাত্র স্থরের শক্তিতে না-ও সম্ভব হতে পারে। এই বক্তব্যের বারা এমন কথা বলা হয় নি বে সংগীতের মূলগত আকর্ষণী শক্তিকে কীর্তন অবহেলা করে, অথবা melody'র পরিপূর্ণতা কীর্তন দাবী করে না অথবা স্থকণ্ঠ এবং মধুরতম সংগীতরদ এর উপাদান হতে পারে না। সংগীত মাত্রেই এসব দাবী করে! কিন্তু মূল লক্ষ্য বিশ্লেষণ করলে কীর্তনের পরিমণ্ডল ও ভাবজগৎটিকে বড করে ধরা দরকার হয়ে পডে। এরপর বান্তব ক্ষেত্রে যা ঘটে সে কথাই বলা হচ্চে, প্রত্যক্ষ অভিজ্ঞতাই এক্ষেত্রে উক্তির পক্ষে প্রমাণ। একাধিক কীর্তন গানের আসবে দেখেছি, স্থবের বৈচিত্তা ও কণ্ঠের ঐশর্যের চেয়ে শুধ প্রকাশভঙ্গিও ব্যক্তিগত ভাব-প্রকাশের ব্যক্তিতের দ্বারা কীর্তনীয়া মন কেডে নিয়েছেন। দেৱা কীতনগায়কের কাছে অনেক সময়ে দেখা যায়, বোধ হয় কণ্ঠের ঐশর্যের তেমন দাম নেই, যেমন অধিকাংশ কীর্তন-শ্রোতার কাছেও নেই, কারণ স্থকণ্ঠই কীর্তনের প্রধান গুণ নয়, কণ্ঠের অভিরিক্ত আর একটি ভাবজগৎ ও মনোজগৎ আছে, দেখানকার আবেদন পূর্ণ না হলে সভ্যিকার কীর্তন গান হয় না। বিষয়বস্তু ও ভাবজীবনটা দেখানে বড় এবং দে প্রয়োজনে হ্মরের প্রয়োগ করে তাকে বেগবান করবার জন্মেই কীর্তনে সংগীতের প্রয়োজন। কীর্তনসংগীতের দিকটা আয়ত্ত করা থুব সহজ্পাধ্যও নয়, কিন্তু-এই সংগীতরীতির উৎপত্তির মূল লক্ষ্যই হচ্ছে বিষয়বস্তু, সেজ্বন্তে সাধারণতঃ গায়কের কর্মভঙ্গির সাধনার প্রতি লক্ষা থাকে না।

পলীগীতির মূলেও ঠিক এই রূপেরই সন্ধান মিলবে। 'বিষয়বস্তকে গৌণ'
*করে পলীগীতির স্বান্তিত্ব স্থীকার করা যায় না, বরং লে স্থলে স্থারের ক্ষীণরেশ

অথবা সামান্ত একটু স্থরের স্তান্তে বেঁধে কথাকে দাঁড় করানো বেতে পারে। পলীগীতির স্থর রচনায় কোন আইন নেই, পলীর আবেদনই সেধানে বড়, সে আবেদন কথা-নির্ভর। বিশিষ্ট ধরণের উচ্চারণ, আঞ্চলিক শব্দের রূপ এবং এমন কি আঞ্চলিক ভঙ্গিও এই কথার প্রাধান্ত প্রমাণ করে। অন্তাদিকে দেখা যায় এক একটি বিশেষ স্থরের ভঞ্গি নিয়ে এক একটি ভৌগোলিক গানের রীভিও চালু হয়।

সাধারণ প্রচলিত স্থাকে অবলখন করে রামপ্রসাদের একটি সংগীতরীতি আঞ্চলিক গানের ক্ষেত্রে ব্যক্তি-নামান্তিত হয়েছে। কিন্তু আজ এ সব
স্থার পরিচিত হলেও এগুলোতে বিষয়বস্তুর এবং বস্তব্যের ছবিটি স্পষ্ট করে
ধরা দেয়। স্বতঃস্কৃত ভাবেই স্থরের ছক তৈরী হয়ে গিয়েছে, স্থরের প্রয়োগরীতিতে প্রথমে কোন অতিশয় শিল্পভাবনা ক্রিয়াশিল হয় নি। আজ অবশু
আনকক্ষেত্রে এ গানের মধ্যেও শিল্পবোধের প্রয়োগ চলে একথা অখীকার করা
ধায় না। কিন্তু এই গানের মূল উপজীব্য বিষয়বস্তা, গানের আবেদনও তাই।
মৌলিক পল্লীগীতিতে স্থরের কলাশমত প্রয়োগের কোন স্থযোগ নেই, কোণাও
হয়ত স্বর প্রয়োগে পরিমিতি বোধ থাকে না। কিন্তু তাতে ক্ষতি কি ? বেমন
বিশিষ্ট কীর্তনীয়া ভালা গলায় হয়ত স্থরের সন্তা ঠিক না রেখে গান করলেন,
কোনো কোনো ক্ষেত্রে হয়ত স্থরের তেমন মেকদণ্ডও রইল না, কিন্তু প্রকাশভলি এবং ছন্দ ও গায়কের প্রসাদগুণের জন্মে ভাবে গলে গেল কীর্তন-শ্রোতার
সমাজ—এমন অভিজ্ঞতাও বিরল নয়। একই কথা বলা চলে বিভিন্ন আঞ্চলিক
গীতি স্থক্ষে।

এ বক্তব্যটিকে আরও স্পষ্ট করে বলা যাক। বিষয়বস্তু-প্রধান গানকে কলারূপ দান করতে কোন বাধা নেই। কিন্তু এ গানের মূল উপদ্ধীব্য হচ্চে কথা,
এর কেন্দ্র হচ্চে ভাবনার একটি স্বতন্ত্র জগং। সেই ভাবনাই হচ্চে মূল লক্ষ্য।
অর্থং, কীর্তন ইত্যাদিতে মূল লক্ষ্য হল পারমার্থিক জগং, পল্লীগীতি ইত্যাদিতে
পারিপার্ধিক জগং ও তার আশা আকাজ্জা ইত্যাদি। আমরা যথন এসব
ধরণের গানে কলানৈপুণ্যের অস্কুসন্ধান করি, তথন আমাদের বিচারের দৃষ্টিভিলি
যায় বদলে। স্পষ্টির মূল ভিত্তিভূমি থেকে আমরা এগুলোকে অত্য একটি
মর্থাদাসম্পন্ন প্র্যাটফর্মে দাঁড় করিয়ে স্বতন্ত্র ভাবে মূল্যায়ন করি। আর্টের
দৃষ্টিতে বিচার করা ক্ষ্য বিষয়বস্তুতে দৃষ্টি কেন্দ্রীভূত নারেথে।

এবারে আদা যাক শিল্পপ্রধান গানের কেতে। এথানে রচয়িভার মূল লক্ষ্য

সংগীত—সংগীতের নির্বাচিত ও প্রযোজিত রূপ। অর্থাৎ স্থরের জগৎ নয়, সম্বত্তে সংগৃহীত স্থরের সঙ্গে কথার জগৎকে মিশিয়ে বৈশিষ্টা দান। এখানে কথা রচনায় নির্বাচন এবং বিভাজন ষেমন কার্যকর হয়, ডেমনি স্থর-সংগ্রহে ও রচনায় স্থা বিচার-বিবেচনাও প্রয়োগ করা হয়। এ ধরণের গানকে বিষয়বন্ধ-প্রধান (Thematic) না বলে কলা-সম্মত বা শিল্পরীতি-সম্মত বলা যায়।

রাগদংগীতের পূর্বতর অভিব্যক্তিতে কথার স্থান নেই বললেই হয়। এই ব্যাপারটিকে রবীক্রনাথ 'অনির্বচনীয়' বলে উল্লেখ করেছেন। সেগানে বচনীয়তা লম্ব প্রাপ্ত হয়ে শুধু স্থরই দে স্থান অধিকার করে। অর্থাৎ একটি বিশিষ্ট ভাব হয়ত স্থরের সন্তাকে বিস্তৃত করেছে, কিন্তু সে ভাব কোন Particular বা বিশেষকে নির্দিষ্ট করে না। শিল্প এই থিশেষের রূপ-লাভ না করা প্যস্ত সংগীতে স্ষ্টি হয় সাৰ্বভৌম ভাব। বিস্তুত জীবন-আলোকে জগৎকে একটি কেন্দ্রে প্রভাক করা ধায় না। নীল সমুদ্রের মহাবিস্তারের মত দে Sublime, কিন্তু একটি ঢেউ-এর মধ্যে ধে গতি, রং ও রূপের ঐখর্য, বিশেষের এই প্রকাশেই শিল্পকে চেনা ষায়। সেই জন্মেই অনির্বচনীয়কে সম্পূর্ণ বচনীয় করে একটি পরিসরের মধ্যে তার একটি রূপ-স্টের মতোই হয় গানের শিলসম্মত রূপ। রবীক্রনাথের এই বক্তব্যকে সমসাম্মিক ও লোক-প্রচলিত-সংগীত ভাবনায় প্রয়োগ বরলে বাংলা গানে কথার প্রাধান্ত বুঝে নেওয়া যায়। রাগসংগীতকে কথার ছকে সার্থক ভাবে রূপদান স্বাভাবিক ভাবেই স্থক হয়ে গিয়েছিল। এ গান রচনার কাল অ্ফ হয় বাংলা দেশে নিধুবাবুর টপ্পা রচনার সঙ্গে অষ্টাদশ শতকের শেষে এবং উনবিংশ শতকের প্রথমভাগে। নিরুবারু পাঞ্জাবী টপ্পার অন্তর্রপ বাংলা টপ্পার সৃষ্টি করেছিলেন। শোরী, সাথাসারের যে সর টপ্পা তৎকালে নিধুবার জানতে পেরেছিলেন, দেওলো নগণ্য পাঞ্জাবী কথার ছকে বাঁধা ছিল। তাতে কথা ভধু হর স্প্রের উপযোগী করে ব্যবহৃত ছিল। বাংলা গানে নিধুবারু প্রেম-বৈচিত্র্যকে রচনার বিষয়বস্তু করে হুরের দিক থেকে যথোপযুক্ত টপ্লাভিঞ্চ আবোপ করেন তাতে। এ ধরণের রচনার এতদিন বাঙালী অনভিজ্ঞ ছিল। र्य तहनात छेन्छीया रेमनिमन छीयरात अक्षि घटना ও आर्यम, खन्यस्थारभन উদ্দেশ্যে তাকেই রূপায়িত করা অনিবচনীয়তা থেকে বিশেষে স্থরকে পৌছে দেবার জন্মে।

নিধুবাব্র পরিচিত গান 'ভালবাসিবে বলে ভালবাসিনে' উদাহরণ স্বরূপ ধরা যাক। বৈষ্ণব রসতত্ত্ব অথবা শাজ্জ-ভজ্জি-সংগীত থেকে মুক্ত হয়ে অথবা স্মাধ্যাত্মিকতার বাইরে এসে এখানে গান রচনায় নতুন যুগের হচনা হয়। সাহিত্যের ইতিহাসে প্রথমে এর বিশেষ বিশ্লেষণ করেন ডক্টর স্থশীলকুমার দে। মামরা এই সাহিত্যিক বা বিষয়গত ভাবনার দিকে ধাব না। আমাদের লক্ষ্য इटक 'खब श्रदार्ग'। देश। गारनत खबरिखादात कावना रमकारन माधादन कारन **শ্বমিত মাধুর্যে ধরা পড়েছিল। টপ্পা গানের তানে স্বত:ফুর্ড 'গিটকারী'—কণ্ঠের** জ্বত স্বস্থারণ-ক্ষমতাকে ব্যবহার করবার যে প্রবণতা দেখা যায়, তাকেই প্রয়োগ করবার স্থযোগ এল। টপ্লার এই ভাবভঙ্গিকে টুকরো টুকরে। করে निधुवावूत्र এই कोमन वामकचारव अछाछ भारत अधाम कत्रा इन। त्नाती মিঞার টপ্লার দীর্ঘায়তন গিটকারী ও তার বড় তানকে হোট করা হল। টপ্লার সাধাবণ রীভিতে সহক্ষ্মাধ্য প্রচলিত রাগের ব্যবহার হয়ে থাকে; সেগুলো খাভাবিক ভাবে গায়ক ও লোভামাত্রেই গ্রহণ করতে পারে। মূল টপ্লার গাঘকী ভবিতে তাল প্রয়োগে কতকটা বিলম্বিত লয়ের প্রচলন ছিল, দে দিকটার বাংলা গান কতকটা সরল করা হয় : ২০ল টপ্লাভলির সহজ প্রকরণ প্রায় খনেক প্রকারের তদানীস্তন গানে প্রযুক্ত হল। এই স্থর প্রয়োগের মানবিহতাই নতুন যুগের সৃষ্টি করে। অথাৎ পরীক্ষণ ও নিরীক্ষণের ফলে এ কথাই সপ্রমাণ হয় যে, বাংলা গানের বিষয়বস্তু-প্রধান রূপটি ধীরে ধীরে শিল্প-সম্বিত প্রকৃতিতে রূপান্তারিত হচে। বিষয়বস্তার দিকে যুড্ই দৃষ্টি থাক না কেন, স্বপ্রাোগের কেত্রে সংগীত প্রধান লক্ষ্য হরে দাঁড়াতে লাগল। যে কেত্রে স্থরের কথা ভূলে মাত্রষ মুশ্বচিত্তে তরায় হয়ে আপনার ভক্তিভাব অথবা ব্যক্তিগত শভিজ্ঞতা দঞ্চয়ের ভাব নিয়ে গান শুনে মুগ্ধ হতো, এখন ধেন অধিক পরিমাণেই সেই হারের রাজ্যে প্রবেশ করা হতে লাগল। রাগরাগিণীর বাঁগাধরা রুপটিই ছিল পূর্ববর্তী অবলম্বন। এবারে একটু স্বাভস্কা এল। শ্রোতাকে অনেক পরিমাণেই স্থর-রাজ্যের দিকেই এগিয়ে দেওয়া হল। স্থর বলতে আমরা এখানে রাগ-প্রকৃতির কথা ভাবছি না। হুরের গুচ্ছ ৰা সমষ্টিগত ভানবিক্তাসের সম্বন্ধে সচেতনতার কথাই ভাবছি। এ কাজটি একদিনে এক মৃহুর্তে স্থক হয়ে যায়নি, বছ রচনা ও সংগীতে বছ ক্ষুদ্র ক্ষুদ্র রূপান্তর ও নতুন সংযোজনার মধ্য দিয়ে ক্রমবিকাশ লাভ করেছে। বাংলা গানে জ্যোতিরিজ্ঞনাথ ঠাকুরের পরিণত পরিবেশ হুর-প্রয়োগ সম্বন্ধে আরও অধিকতর সচেতনতা এনেছে, নির্বাচন ও বিশ্লেষণ ক্ষমতা সজাগ হয়েছে। ব্রহ্ম-সংগীত ছাড়া জ্যোতিরিজনাথের অকান্ত গান রচনা লক্ষ্য করলে একথা বোঝা বায়।

জ্যোতি দাদার পিয়ানো যন্ত্রে ওন্তাদি গানের প্রয়োগ সম্পর্কিত প্রসঙ্গে রাগের প্রকৃতিতে যে বিপ্লব ঘটতো দে উল্লেখ থেকেও একথা প্রমাণ হয়। এইভাবে হবের ছোট ছোট হৃদ্ধ দঞ্চারণের কায়দা দম্বদ্ধে গায়কের দজাগ হবার চেষ্টা-স্বাভাবিক বলে ধরে নেওয়া যেতে পারে। এই hypothesis বা প্রকল্প বা ধারণাটির সম্বন্ধে তথা উপস্থাপিত করবার স্থবোগ নেই, কারণ একটি নির্দিষ্ট সময় অথবা নির্দিষ্ট সংগীতরূপকে ধরে দেওয়া ষায় না। কিন্তু দেখা যাচছ উনবিংশ শতাব্দীর সংস্কৃতির ধারক ও বাহকেরা অনেকে এসম্বন্ধে সঞ্জাগ হয়েছেন। একদিকে বেমন ব্ৰহ্মশংগীত রচনায় স্থরপ্রয়োগ সম্বন্ধে একটা নতুন ভঙ্গি এসেছে, তেমনি স্বাস্তুদিকে গীতিরচয়িতা নিজে স্থর প্রয়োগের কাজে এগিয়ে এগেছেন। "বিষ্ণুর গাওয়া হিন্দীগান ভেঙে সতোক্তনাথ সর্বপ্রথম ব্রহ্ম সংগীত রচনা করেন" —হিন্দুখানী গানকে বাংলায় রূপান্তরের এই গোড়ার খবরটি ভাৎপর্য মূলক। ১৮৯৭ দালে জ্যোতিরিন্দ্রনাথের প্রকাশিত "ম্বরলিপি-গীতি-মালা" আটন্ধন গীতিকারের ১৬৮টি গানের স্বরলিপি প্রকাশ স্বর্ণীয় পদক্ষেপ। শতকের শেষার্থে রক্ষমঞ্চেও গানের প্রয়োগ দেখা গেল। এ সম্পর্কে আকার-মাত্রিক স্বরলিপিকে হুপ্রতিষ্ঠিত করবার জত্যে রবীন্দ্রনাথের 'মায়ার খেলা গীতি-নাট্যের কিয়দংশের স্বর্রলিপি প্রকাশ উল্লেখযোগ্য ঘটনা।

এই কারণেই, গান বিষয়বস্তপ্রাধান্ত থেকে স্বরসমন্বয়ের ক্ষেত্রে সাংগীতিক মুক্তি পেল। এথানে রবীন্দ্রনাথের স্বররচনা, স্বরনির্বাচন, প্রযোজনা এবং গীতিভঙ্গি-ভাবনা নিয়ে এ পর্যায়ের রচনার স্কর। এক্ষেত্রে অধিক পরিমাণে স্বরকলি রাগদংগীত থেকে চয়ন করে বাংলা গানে প্রযুক্ত হল।

রবীক্রনাথ

রবীন্দ্রনাথের রচনার যুগে গানের বিষয়বস্ত রূপাস্তরিত হয়ে গিয়েছে, নিছক ভজিভাব এবং পৌরাণিক প্রদক্ষ থেকে গান—প্রকৃতি, মাকুষ, জীবন, জীবনের বিভিন্ন ও বিচ্ছিন্ন ভাবাবেগকে কেন্দ্র করেছে। কিন্তু বিষয়বস্তুকে সংগীতমর্যাদায় উন্নত করবার জন্মেই এ সময় বাংলা গান রাগনির্ভর হয়েও স্থরপ্রয়োগের ক্লেক্সে চিরাচরিত পথ থেকে স্বভন্ত পদ্বা আবিদ্ধার করে নিয়েছে। এই নতুন পদ্বার জন্মে রাগসংগীতের কাঠামোতে লৌকিক সংগীত এবং চলিত কীর্তনভিন্তিভাপিও একে রচয়িতার সহায়ক হল। স্থরশিল্পীর স্পষ্টতে বিষয়কে পরিশার্জিত স্থরপ্রতিমায় রূপাস্তরিত করা হল এ-যুগে। অর্থাৎ বিষয়বস্তু

একেবারে গানের পুরোটাই অধিকার করে রইল না। রবীক্রনাথ যাকে অধ-নারীশ্বর বা কথা ও স্থরের বিবাহের সঙ্গে বার বার তুলনা করেছেন, ঠিক সেই পরিণয়ের যুগ এল। যদিও এখানে কথা ও বিষয়বস্ত অপ্রধান রইল না, কিন্তু অনেক স্থলে স্থর-প্রয়োগে নির্বাচন-ক্রিয়া প্রধান হল। রবীক্রনাথ, দিজেক্রলাল, রঙ্গনীকান্ত এবং আংশিকভাবে অতুলপ্রসাদ এ পর্যায়ভূক্ত বলে মনে করি।

রবীন্দ্রসংগীতের প্রথম পদক্ষেপ গানের কথায় পর্বধোজনা বা কলি বিভাগে এবং পরিমাণ বেঁধে দেওয়াতে। স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগের নিয়মিত রচনার দারা নতুন বাংলা গানের পর্ব একরূপ স্পষ্ট ভাবে নির্ধারিত হল। রবীন্দ্রনাথ এই নিয়মে গীতিরচনাকে বিধিবদ্ধ করে ছড়িয়ে দিলেন এবং নিয়মিত ভাবে প্রচারিত হতে লাগল। কোনও স্বশুখাল পদ্ধতি চালু হতে হলে প্রচলিত বিষয়টি শভাবত সর্বজন-গ্রাহ্ম হওয়া চাই। রবীক্রনাথের রচনা এদিক থেকে সহজভাবেই স্মপ্রতিষ্ঠিত হয়ে পর্বভাগকে কায়েম করেছে। কলি বিভাগকে নানাভাবে বিশ্লেষণ করে দেখান যায় ধে মূল গ্রুপদ ও খেয়ালঠমরীর অহরপ চারট কলি অথবা ছটো কলিতে গীতি রচনা ছাড়াও বহু গানে এ বাঁধা নিয়ম থেকে মুক্ত রচনাও যথেষ্টই আছে ৷ এই রূপটি চালু হওয়ায় রবীক্রনাথের বিশেষ প্রভাব বিস্তৃত হয় বাংলা গান রচনায়। কিন্তু স্থর সংযোজনার দিক থেকে সমগ্রভাবে আমরা বিশেষ রূপের কথাই বলচি অর্থাৎ চার-কলি অথবা ছ'কলির রচনা। বছ কবিতাকে স্থর সংযোজনার দ্বারা গানে পরিণত করা ব্যাপারটিও এক্ষেত্রে লক্ষ্য করা যায়। এখানে রবীন্দ্রনাথের সংগীতে কাব্যিক পরিবেশ স্থপ্রতিষ্ঠিত হয়। কাব্যিক পরিবেশ-কৃষ্টি রবীক্ষ্যংগীতের প্রধান গীত-লক্ষণ, পর্বভাগ বা কলি-বিভাগ থেকেও এ প্রকৃতি নির্ণয় করা যায়। দেখা যায় চলিত সংগীতে বছতর রূপান্তরের মধ্যে কলি বিভাগের একটা প্রত্যক্ষ পথ রবীক্রনাথ দেখিয়ে গিয়েছেন যা পরবর্তী কালেওবাংলায় অমুস্ত इ.स.च् ।

এরপর স্বাতন্ত্র লক্ষ্য করা যায় রাগ ব্যবহারের কালোতে। রাগ সম্বন্ধ প্রচলিত ধারণা নিয়ে রবীক্রনাথ ভাবলেন না। অর্থাৎ তান অথবা তালের ভাগ, গমকের আধিক্য তাঁর গানকে ভারাক্রাস্ত করে নি। রবীক্রনাথ প্রচলিত রাগের ভাবস্ফাটিকে নিলেন। প্রস্কৃতির প্রভাব রাগের মধ্যে যা কিছু পেলেন তার সক্ষে মানবমনের ভাবাবেগকে গ্রন্থন করে দিলেন। এ কথার অর্থ এই নয় বে, টাইম থিওরিকে (রাগগুলোকে নিধারিত সময়ে গান করা) সম্পূর্ণ

সমর্থন করলেন অথবা রাগলক্ষণ বজায় রাখা সহজে দৃঢ় হলেন। রাগের বিশিষ্ট ভাবাবেগটি রবীক্রনাথের কাছে বড় হল। অর্থাৎ দে ভাবেই ভৈরবী, ভূপাগী, মূলভানী ইভ্যাদি রাগগুলো বিশিষ্টভাবে তাঁর কাছে ধরা পড়েছে এবং ইছেছ অন্থারেই ভার ব্যবহার করা হয়েছে। হ্বরের প্রকাশরীভি ষেখানেই বাঁধা পথ ছেড়ে যেতে চেয়েছে, দেখানেই রবীক্রনাথ সংমিশ্রণের জন্তে এগিয়ে গিয়েছেন। যে গানগুলোভে রাগের রূপ সম্পূর্ণ সংর্কিত, দেগুলোর রূপও সহজ ও সাবলীল। যে সব গানে রাগরূপ অল্প্র আছে, দেই রবীক্রসংগীভকে এখানে গ্রুপদাক বা বেয়ালীয় বা ঠুমরীরীভির সঙ্গে তুলনা করম না, যা অন্থরপ বলব না। হয়ভো এগুলো দে রীভির মারা প্রভাবিত, কিন্তু যাইরে কার্টামোর লক্ষণ ধারা এ গানগুলোর প্রকৃতি বিচাধ নয়। এগুলোকে এজগুই রাগভিদিম বা রাগ-প্রভাবিত বলে উল্লেখ করা যায়। কতকগুলো রচনাম হুরের সংমিশ্রণ প্রোজন হয়ে পড়েছে, দেখানেও যে রাগের ভিত্তিকে ভিনি বর্জন করেছেন এমন বলা যায় না। কিন্তু প্রভিটি পংক্তির হয় প্রযোগের কায়দা, গানের হৃদ্দ ও গানের বিষয়বস্ত ও প্রকৃতি—এসব নিম্নে হ্বর একটি স্বতম্ব পরিবেশ হৃত্তি করে।

উদাহরণ শ্বরণ, 'আল লইয়া থাকি তাই—' গানটিতে ছায়ানটের রূপ বিকশিত হয়েছে, কিন্তু তরু যারা ছায়ানট জানেন, তাঁদের কাছে আগে রাগের কথা মনে আসে না—থেমন করে একটি থেয়াল গান শোনবার সময় হয়; মনে আসে একটি শুভন্ত ভাবনা। তেমনি থেখানে স্বর-সংমিশ্রণ, সেখানে শুভন্ত পরিবেশ স্প্তির দৃষ্টান্ত আয়ও স্পষ্ট। 'বছ যুগের ওপার থেকে আয়াদ এল আমার মনে' কি রূপ পরিগ্রহ করে কেদাররাগের একটি বিশেষ লক্ষণের নির্ভরশীলতায়, তা গান শুনে মনে আসে না, শুধু এই গানের পরিবেশটি বোঝা যায়। রাগের প্রয়োগরীতি বিশ্লেষণ করতে গিয়ে ছন্দ ও গীতির রূপকে বিচ্ছিন্ন করা যায় না বলেই রবীক্রনাথের গানের পরিবেশ বিভিন্নভাবে কক্ষণীয়।

বাউণের স্থরে এবং কীতনের মৌলিক স্থরে প্রভাবিত গানগুলোর প্রভাবেও এই প্রকারের রবীস্ত্রপরিবেশ স্থাষ্ট হয়। নাটকীয় গানগুলোতে নাট্যরস সংযোজনার উদ্ভাবিত পদ্বাও লক্ষ্য করা ঘেতে পারে। বিশেষ করে নাট্যগীতি ও নৃত্যসম্বলিত গানগুলোর কথাও উল্লেখ করা যায়। সর্বত্রই ছন্দপ্রয়োগ, স্বরবিকাশের একটি নিম্ম আছে বাতে কলিগুলো থেকেই রবীক্রনাথের স্বরপ্রয়োগকে চিনে নেওয়া বায়। রবীক্রগীতির পরিবেশ স্টেভে স্বর সংযোজনার নানা কায়দা বছবিচিত্র, ছলগুলিও এজন্তে সহায়ক। গীতির বিষয়বস্তর রূপায়ুভ্তি ছলকে প্রভাবিত করেছে কিছু ছলের গতি কোথাও কোথাও দৃচ্বদ্ধ নয়; রবীক্রস্বর বেমন রাগরাগিণীর কাঠামোর ওপর প্রতিষ্ঠিত কিছু প্রকাশে রাগের বিশেষ নিয়নাধীন নয়, তেমনি ছলও সেদিক থেকে মৃত্তুও সহজ। এই কতকগুলো লক্ষণ একসঙ্গে মিলে রবীক্রসংগীতকে একটি বিশেষ পরিবেশস্প্রির সহায়ক করেছে।

রবীন্দ্রনাথের গান ও রবীন্দ্রপরিবেশ প্রায় একই ভাব-প্রকাশক, শে পরিবেশে মন সমপিত না হলে রবীন্দ্র-সংগীতের রূপ উণলার্দ্ধ হয় না। পথের কোণে দাঁড়িয়ে বাউল নেচে নেচে গান করছে, মৃয় হয়ে ভনলাম বাউল গান, কোন স্বক্ষ গায়ক কোন বাংলা গানের কোন একটি কলিকে অভ্তপুর রূপ দিছেে, নিছুক্ষণ দাঁড়িয়ে সে গান শোনা গেল—সভিকারের রবীন্দ্রসংগীতের শ্রোতা ঠিক এরপ শ্রোতান্য। সামগ্রিকভাবে সমগ্র গানটিকে কথার মধ্য দিয়ে ভনতে হবে। বিছিল্ল একটি কলি অথবা কলির স্বর্গ নিয়ে রবীন্দ্রসংগীতের শ্রোতা গীতিতে আরম্ভ হয় না। সমগ্র গানের পরিবেশের মধ্যে প্রবেশ করে একাছাতা অন্তব না করতে পারলে রবীন্দ্রসংগীতের প্রকৃত আখাদন থীকত হতে পারে না। এজন্তে রবীন্দ্রসংগীতের সঙ্গে রবীন্দ্রনাথের সংগীত-পরিবেশের নিবিছ সম্পর্ক। এ সম্পর্ক না ব্রুলে রবীন্দ্রনাথের সংগীত-পরিবেশের নিবিছ সম্পর্ক। এ সম্পর্ক না ব্রুলে রবীন্দ্রনাথের সংগীত-পরিবেশের নিবিছ সম্পর্ক। এ সম্পর্ক না ব্রুলে রবীন্দ্রনাথের সংগীত-স্বরিকার বিশিষ্ট উপলব্ধি করা যায় না।

সংক্ষেপে রবীক্রনংগীত-পরিবেশ আলোচন। থেকে একটি মূল প্রশ্নে আদা থেতে পারে। রবীক্রদংগীত কি বিশেষ এক ধরণের গান অথবা একি সভিয় একটি শ্রেণী বা school of music? একটি ব্যক্তিত্বের নিদর্শনস্চক রচনা কিভাবে একটি শ্রেণীতে পরিণত হতে পারে, ভারতীর সংগীতের রূপগুলো ধেখানে এত ব্যাপক ও বিভৃত? থেয়াল, টপ্লা, ঠুনরী বলতে শ্রেণীগুলো বড়ই স্পট্ট। আজকাল শিল্লক্ষেক্তেও যে বছতর মিশ্রপ্রকৃতির বিভাগ দেখতে পাওয়া যায় রবীক্রদংগীত-পরিবেশ সম্বন্ধে অবহিত হলে একথা বোঝা যায়। কোন নতুন শিল্প-কলা যেমন ভার নতুন রীতি, পদ্ধতি

ও পরিবেশ নিয়ে একটি বিশিষ্ট বিভাগ, রবীক্রসংগীতও সেইরূপ একটি বিভাগ। সে ভোগীর পরিচয় হয় রবীক্রনাথের উদ্ভাবিত হয়ে ছারা। এসম্বন্ধে সংগীত সম্পর্কে রবীক্রনাথের বক্তব্যের উপযুক্ত প্রবেশপত্ত চাই, এবং সংগীত ধারণায় রবীক্রনাথ নিছক স্বাত্মভাব-স্কুসারী রীতির প্রবর্তক, স্বাথবা তাঁর দৃষ্টিভঙ্গি যুক্তি-সংবদ্ধ কিনা তা-ও ভেবে দেখা যাক।

রবীন্দ্র-সংগীত কি একটি সংগীত-শ্রেণী ?

রবীজ্ঞনাথের গান সম্বন্ধে একটি জিজ্ঞাসা অবাদালীর কাছে অনেক শোন।

-গৈছে—"রবীজ্ঞদংগাঁত বলতে অক্সান্ত রীতির সংগীত থেকে স্বতন্ত একটি
বিশিষ্ট সংগীত-শ্রেণী রূপে স্বীকৃত হবার কারণ কি।" প্রশাটিকে একটু বিশ্লেষণ করা যেতে পারে। উত্তর ভারতীয় সংগীত রীতির নানা শ্রেণীকে প্রধানতঃ ধ্রুবপদ, থেয়াল, টপ্লা, ঠুমরী বলে যেমন শ্রেণীবিভাগ করা হয়ে থাকে, বাংলা 'দেশী' সংগীতের মধ্যেও তেমনি রয়েছে নানা প্রকারের শ্রেণীবিভাগ—ভক্তিমূলক গীতি, আধুনিক, পল্লীগীতি উল্লোদি। এই সকলের মধ্যে রবীজ্ঞনাথের গান একটি বিশিষ্ট শ্রেণী কেন ? এবং অক্তা শ্রেণীর গান থেকে এর স্বাতন্ত্র্যা কোথায় ?

প্রশ্নটি উত্থাপন করবার কারণও রয়েছে। অনেকে রবীক্রনাথের গানকে ঞ্বপদ, থেয়াল, ঠুমরী জাতীয় গানরূপে কতকগুলো শ্রেণীবিভাগ করে বোঝাতে চেষ্টা করেন। যারা বাংলা ভাষা বোঝেন না তাঁদের কাছে এ শ্রেণীবিভাগ অর্থহীন হয়ে দাঁড়ায়—কারণ, এবসদ, পেয়াল, টপ্পা, ঠমরীয় যে ধারণা সমগ্র উত্তর ভারতে চলিত হয়েছে, রবীশ্রনাথের গান সংগীতনীতি হিসেবে সে শ্রেণীর সংগীত সম্বন্ধে কোন সার্থক ধারণার সৃষ্টি করতে পারে না। **অবাঙ্গালী** সংগীত-রসিকদের এজন্তে এ সম্পর্কে বিরূপ ধারণা পোষণ করতে দেখেছি। অর্থাৎ এরা বুঝতে পারেন না প্রচলিত শ্রেণীবিভাগ দারা রবীক্রসংগীতের বিশেষর প্রতিপাদন করা যায় কি ভাবে ? অন্তদিকে আধুনিক গান ও রবীক্স-শংগতি এবং এরপ আরও কিছু গান তাঁদের কাছে সমশ্রেণীর বলেই মনে হয়। এ জন্ম প্রশ্ন করতে শুনেছি, রবীক্রসংগীতের রূপ ধাদ প্রবপদ, পেয়াল ও ঠুমরী বা তারই অফুরপ হয়ে থাকে তবে আমরা এমন গ্রুবপদ, থেয়াল শুনব কেন যে গানের মধ্যে দে लक्क (भेत विकास तिरे ? जावात এমন প্রশ্নও শোনা যায় रिष यनि व्याधुनिक तरन এकि तिरमय स्थापीत भान ठानू थ्यरक थारक उत्त 'রবীন্দ্রসংগীত'কে আর-একটি বিশেষ সংগীত-শ্রেণীর না বলে' তাকে এক প্রকারের 'আধুনিক' গান বলে গণ্য করা যায় না কি ?

বাংলার বাইরে একাধিক সভায় সামান্ত তুটো কথায় উপরিউক্ত প্রশ্নের উত্তর দিতে আহ্বান করা হয়েছিল। এককথায় উপস্থিত ক্ষেত্রে জানাতে হল, যেমন করে একটি ব্যক্তি-বিশেষের প্রতিভার নামে একটি যুগ নামান্ধিত করা হয়, একটি সাহিত্যভঙ্গি, শিল্পরীতি ও চিত্রেরীতি নামান্ধিত হয়, রবীক্র-সংগীত ঠিক তেমনি একটি ব্যক্তিত্ব-চিহ্নিত প্রতিভার স্থগভীর অভিব্যক্তি। কার্যাত রচনায় বহু বৈচিত্রা অক্রা, এবং বিশিষ্ট স্থর প্রকাশের লক্ষণের জন্তেই যার নামে একটি শ্রেণীর উদ্ভব স্বীকৃত। সেক্সপীয়ের, র্যাফেল যদি এক একটি বিশেষ রূপে বিশিষ্ট স্থিও ভঙ্গির যুগ্সদ্ধি স্চিত করেন, তবে রবীক্রনাথের গানও ব্যক্তি-নামান্ধিত একটি যুগসন্ধির সংগীতরূপ।

এই উত্তরে সকলকে কি খুশি করতে পারা গিয়েছিল? প্রমাণ দরকার, বিশ্লেষণ প্রয়োজন এবং বিশল বিচার করে ব্যক্তিছের প্রকাশবৈশিষ্ট্য জন্মদ্ধান না করলে পূর্বোক্ত উক্তিকে স্প্রতিষ্ঠিত করা যায় না। যেগানে (উত্তর ভারতের শ্রোতা মাত্রের কাছে) বিভিন্ন সংগীতের শ্রেণী ও রীতি সম্বদ্ধে সম্পষ্ট ধারণা রয়েছে সে ক্ষেত্রে রবীক্রসংগীতকে স্বন্ধ শ্রেণীর গান বলে প্রমাণ করা দরকার। অর্থাৎ, রবীক্রসংগীত আগন বৈশিষ্ট্যে একটি বিশেষ শ্রেণী কিনা এবং সে শ্রেণীয় বিস্তৃতি ও গভীরতায় বিশেষ সংগীতবিদের ও প্রতিষ্ঠানের অবলম্বন সমর্থনযোগ্য কিনা, এ সমর্থন বিশিষ্ট সংগীতরীতির পক্ষ থেকেই বিচার্থ কিনা?

ব্যক্তিষের ক্ষুরণ ভারতীয় সংগীতবেও মৃঠ করে রেখেছে, একথা অনস্বীকার্য। সেনীঘরাণা কথাটি ফ্রবপদ, ধামারে ব্যক্তি-চিহ্নিত। সদারংগী খেয়াল, শোরী টপ্পা, কদরপিয়া-সনদ-ঠুমনী প্রভৃতি কথাগুলি ব্যক্তিত্ব-প্রকাশক উক্তি। এ ছাড়া দেশীয় সঙ্গীতের ক্ষেত্রে তুলসী-মীরা-কবীর-দাত্র অথবা রাম-প্রসাদী, নিধুবাবুর টপ্পা প্রভৃতিও বিশিষ্ট শিল্প-ক্ষণের ব্যক্তিত্বের ভাবপ্রকাশক। এ অর্থে রবীন্দ্র-বৈশিষ্ট্যকে রবীন্দ্রনামান্ধিত করা সম্বন্ধে কোন ঘিমত থাকার কারণ নেই। এ অর্থে রজনীকান্ত, দিক্তেন্দ্রলাল, অতুলপ্রসাদ এবং নজকলগীতিও চালু রয়েছে। কিন্তু তা সত্বেও দেখা যাছে ভারতীয় সংগীতের ক্ষেত্রে এই ব্যক্তি-স্টিত বিশেষ রীতি প্রচলিত নেই। রবীন্দ্রসংগীতের ব্যাগারেই একটি স্বান্তন্ত্র ক্ষা ক্ষা ক্যা ব্যায়। ভাই রবীন্দ্রসংগীত একটি প্রধান শ্রেণী-সংগীত কিনা দেক শ্রেনি স্বান্ধ্র ভাবে করা প্রয়োজন। এর কারণ আগেই বলা হয়েছে। কীর্তন, স্থামাবিষয়ক গান প্রাচীন বাংলা গানের স্বন্ধ্ ক বিশিষ্ট বিভাগ্ন,

দে সীমানার মধ্যে পদকর্তা অথবা ভামাবিষয়ক গানের রচয়িতাকে অন্তর্ভুক্ত করা যায়। রবীন্দ্রগীতির প্রকৃতি ও বৈচিত্র্য এমনি স্বতন্ত্র, স্থর-প্রয়োগ ও কথার সম্প্রসারণ এমনি ব্যক্তিসন্তায় নির্ভর্গীল ধে কোন আধুনিক গোষ্ঠাভুক্ত না হয়ে রবীন্দ্র-সংগীত রচনায় ও গায়কীরীতির জন্তে আপনি স্বতন্ত্র হয়ে পড়েছে। এর কারণ বিচার করতে হলে ব্বাতে হবে রবীন্দ্র-ব্যক্তিত্ব কিভাবে সংগীতে সময়য় লাভ করেছে। রবীন্দ্র-সমসাময়িকদের মধ্যে হিজেন্দ্র-রক্ষনীকান্ত ও অতুলপ্রসাদের কথাও এই প্রসঙ্গে আসতে পারে, কিন্তু রবীন্দ্রনাথের রচনায় বিচিত্রতা, বিভৃতি, গভীরতা ও ব্যক্তিগত রীতির বিপুল পরিমণ্ডলের জন্তেই এ গান গুধু ব্যক্তির প্রকাশভঙ্কির পরিচায়ক নয়, এ গান একটি বিশিষ্ট শ্রেণীর সংগীত।

রবীন্দ্রনাথের ভাবনায় সংগীত, কথা ও স্থর

রবীজনাণ যে তার থেকে সংগীত সম্বন্ধ আত্ম-অভিব্যক্তি শুক্ত করেছিলেন তথনকার ভাবধার। এবং পরবর্তী কালের নিজ সংগীতের আদিক বিশ্লেষণ করতে গিয়ে বিলিও মত কিছুটা পরিবর্তন করেছেন বলে নিজে উল্লেখ করেছেন, কিন্তু দৃষ্টিভিদিতে ঐক্য সর্বদ। বর্তমান। প্রথম যুগের একটি কথা ধরা যাক: "আমাদের দেশে সংগীত স্বাভাবিকতা হইতে এত দ্রে চলিয়া গিয়াছে যে অন্থভাবের সহিত সংগীতের বিচ্ছেদ হইয়াছে, কেবল কতকগুলা স্থর-সমষ্টির কর্দম এবং রাগরাগিণীর ছাঁচ ও কাঠাম অবশিষ্ট রহিয়াছে; সংগীত একটি মৃত্তিকাময়ী প্রতিমা হইয়া পড়িয়াছে, তাহাতে সন্দেহ নাই।" অর্থাৎ "সমাজ বুক্লের শাথায় শুদ্ধমাত্র অলকার স্বরূপে সংগীত নামে একটা সোনার ভাল বাধিয়া দেওয়া হইয়াছে। গাছের সহিত সে বাড়ে না, গাছের রসে সে পুট হয় না, বসন্থে তাহার মৃকুল ধরে না, পাবীতে তাহার উপর বিদিয়া গান গাহে না। গাচের আর কিছু করে না কেবল শোভা বর্ধন করে।" সেজক্তে এর প্রকৃষ্ট উন্নতির পন্থা: "আমাদের সংগীতও স্থরবিফাস মাত্র; যতক্ষণ আমরা ভাহার মধ্যে অন্থভাব না আনিতে পারিব, ততক্ষণ আমরা উচ্চপ্রেণীর সংগীতবিৎ বলিয়া গর্ব করিতে পারিব না।"

সংগীতের ক্ষেত্রে এই উন্নতির পদ্বা কি ? সে সম্বন্ধে রবীক্সনাথ নানাভাবেই 'কথা'র ওপর জোর দিয়ে ছেন, সংগীতের কাব্যধর্মিতা থেকে এই প্রসংগ্র

শুরু: "সংগীত ও কবিতা উভয়ে ভাবপ্রকাশের তৃইটি অব ভাগাভাগি বিরয়া লইয়াছে। তবে কবিতা ভাবপ্রকাশ সম্বন্ধে যতথানি উন্নতি লাভ করিয়াছে, সংগীত ততথানি করে নাই।" রবীক্রনাথ প্রথমে তৃটোকে ভাবপ্রকাশের তৃটো উপায় রূপে নির্ধারণ করে বলছেন, "কেবল অবস্থার তারতম্যে কবিতা উচ্চ প্রেণীতে উঠিয়াছে ও সংগীত নিম্নশ্রেণীতে পড়িয়া রহিয়াছে।" শেশ শংগীত একটি স্থায়ী স্থির ভাবের ব্যাখ্যা করে মাত্র। কিন্তু আমরা বলি মে, গতিশীল ভাব যে সংগীতের পক্ষে একেবারে অনম্পরণীর ভাহা নহে, তবে এখনো সংগীতের সে বয়্বস হর নাই। সংগীত ও কবিতায় আমরা আর কিছু প্রভেদ দেখিনা, কেবল উন্নতির তারতম্য।"

সংগীত সহথে এই মূল ধারণার উপরেই দাঁড়ায় তাঁর রচনার পক্ষে যুক্তি।
অ্থাৎ ভারতীয় সংগীতের কাঠামো ও বিকাশকে তিনি নিরীক্ষা করেন আত্মপ্রকাশের দিক থেকে। স্বভাবতই এ জিজ্ঞাসা এদে রবীক্ষনাথের কাছে উপস্থিত
হয়, কেন ইনি গানের জন্ম একটা নব-উদ্ভাবিত পদ্ধা অবলম্বন করেছেন
ভারতীয় সংগীতের যে চিরাচরিত রূপ রয়েছে তার সঙ্গে তাঁর রচনার বিভিন্নতা
কোথায়? ঐতিহাসিক যুক্তিতে কোন্ পদ্ধা অবলম্বন করলেন এবং কেন
থ এ
আালোচনায় রবীক্ষনাথের সংগীত সম্বন্ধে মূল ধারণা, ভারতীয় সংগীত, স্বর্ম ও কথা, রাগরাগিণা, তাল ইত্যাদি প্রসঙ্গ সহজেই এসে পড়ে। কিন্তু মূল তত্ত্বর
ভিত্তরে ও বাইরে লক্ষ্য করলে দেখা যায় প্রধান বিচার্য বিষয়েটি হচ্ছে "স্বর ও
কথার সম্পর্ক"।

রবীন্দ্রনাথ নানাভাবে সংগীত ও কথার সম্পর্ক সম্বন্ধে অনেক কথা বলেছেন। রচনার পরবর্তী যুগে ধৃজিটিপ্রসাদকে লিখিত একটি চিঠির অংশে সংগীত ও কথার সম্পর্ক সম্বন্ধে বলছেন, "সংগীতের সমস্তটাই অনির্বচনীয়। কাব্যে বচনীয়তা আছে, দে কথা বলা বাহল্য। অনির্বচনীয়তা সেইটিকে বেষ্ট্রন করে হিল্লোলিত হতে থাকে, পৃথিবীর চারিদিকে বায়ুমণ্ডলের মতো। এ পর্যন্ত বচনের সলে অনির্বচনের, বিষয়ের সলে রনের গাঁট বেঁধে দিয়েছে ছন্দ। পরস্পারকে বিলিয়ে দিয়েছে ঘদেতং হাদয়ং মম তদন্ত হাদয়ং তব। বাক্ এবং অবাক্ বাধ। পড়েছে ছন্দের মাল্যবন্ধনে।" এই সংক্ষিপ্ত উলিটকে তিনি বহুভাবে বহু উলাইরণ সহ নানাস্থানেই বলেছেন। সংগীত ও কাব্যের উলাহের উল্ভিটিই হচ্ছে বহু ব্যবহৃত উপমা। ছয়ের স্মিলন ছাড়া গানের অক্সকোন সংগীতসভাতে তিনি বিশ্বাদীনন। রবীক্রনাথ বলেছেন, "বাংলাদেশে

সংগীতে প্রকৃতিগত বিশেষত্ব হচ্ছে গান, অর্থাৎ বাণী ও হ্বেরে অর্ধনারীশ্বর রূপ। এই রূপকে সর্বদা প্রাণবান্ রাখতে হলে হিন্দুস্থানী উৎসধারার সলে বোগ রাখা চাই।"…"অতি বাল্যকাল থেকে হিন্দুস্থানী হ্বেরে আমার কান ও প্রাণ ভরতি হয়েছে বেমন হয়েছে ইয়োরোপীয় সাহিত্যের ভাবে ও রলে। কিন্তু অফ্করণ করলে নৌকাডুবি। নিজের টিকিটি পর্যন্ত দেখতে পাওয়া যাবে না। হিন্দুস্থানী হ্বের ভূলতে ভূলতে ভবে গান রচনা করেছি। ওর অংশ্রয় না চাড়তে পারলে ঘরজামাই-এর দশা হয়, জীকে পেয়েও ভার স্বাধিকারে জোর পৌছয় না।"… "হিন্দুস্থানী গান আম্বা শিবব পাওয়ার ছন্তে, ওভাদী করবার ভল্তে নয়।"

সঙ্গীত ও কথার সম্পর্ক সম্বন্ধে শ্রীদিনীপকুমার রায়ের সঙ্গে যুক্তিবদ্ধ আলোচনায় শীয় দৃষ্টিভঙ্গিকে তিনি স্থপ্রতিষ্ঠিত করেছেন---"আমি ধেগান তৈরী করেছি তার ধারার একটা মূলগত প্রভেদ আছে, একথাটা কেন স্বীকার করতে চাও না? তুমি কেন স্বীকার করবে না যে হিনুস্থানী সংগীতের স্থর মুক্তপুরুষভাবে আপনার মহিমা প্রকাশ করে ? কথাকে সরিক বলে মানতে সে নারাজ! বাংলায় স্থর কথাকে থোঁজে, চিরকুমার ত্রত তার নয়, দে যুগলমিলনের পক্ষপাতী। বাংলার ক্ষেত্রে রসের স্বাভাবিক টানে স্থর ও বাণী পরস্পর স্বাপদ করে নেয়, বেছেত শেখানে একের যোগেই **অভা**টি দার্থক !···কে বড় কে ছোট ভার মীমাংলা হওয়া কঠিন। তাই মোটেব উপর বলতে হয় যে কাউকে বাদ দিতে পারিনে। বাংলা সংগীতের স্থরের ও কথার সেইরূপ সমন্ধ। হয়তো সেখানে কাব্যের প্রভাক্ষ আধিপত্য সকলে স্বীকার করতে বাধ্য নয়। কিন্তু কাব্য ও সংগীতের মিলনে ষে বিশেষ অথণ্ড রসের উৎপত্তি হয় তার মধ্যে কাকে ছেড়ে কাকে দেখব তার কিনারা পাওয়া যায় না।" বিশেষতঃ বাংলা গানের কথাসম্পদকে লক্ষ্য করেই রবীন্দ্রনাথ মনে করেন এর উৎপত্তি হিন্দুস্থানী ধারায় হয়নি, অভএব সংগীতের क्षात कथात मानि এकि विशिष्ठ मानि। जादक क्रश्न कता हरन ना। "वाक्षानीत ···খ-ভাব নিয়েই তাকে গান গাইতে হবে, বললে চলবে না রাতের বেলাকার চক্রবাক দম্পতির মতো ভাষা পড়ে থাকবে নদীর পুর্বপারে স্মার গান থাকবে পশ্চিম পারে—and never the twain shall meet...বাংলায় নতুন যুগের পানের স্বষ্ট হতে থাকবে ভাষায় স্বরে মিলিয়ে। সেই স্কুরকে ধর্ব করলে চলবে না। তার গৌরব কথার গৌরবের চেয়ে হীন হবে না।"···এ থেকে সপ্রমাণ হয় রবীক্রনাথের রচনায় হার ও কথার সামঞ্জ বিধানের বৈশিষ্ট্য তাঁর গীত-রচনারীতিকে অক্তাম্য ধারা থেকে স্বতন্ত্র করেছে।

স্থুরের প্রকাশবৈচিত্র্য

রবীক্রনাথ দেখতে পেলেন আমাদের সংগীতে বরেছে ভূমার স্থর। "তার বৈরাগ্য, তার শান্তি, তার গভীরতা সমন্ত সন্ধার্ণ উত্তেজনাকে নট করিয়া দিবার জন্তই।...আমাদের রাগরাগিণীর রুসটি সাধারণ বিশ্বরস। মেঘ-মলার বিশের বর্ধা, বদস্তবাহার বিশের বদস্ত। মর্ত্যলোকের ছঃপ স্থাপের আন্তহীন বৈচিত্র্যকে দে আমল দেয় না।" ভারতীয় পদায় এসব রাগ-রাগিণীকে অবলংন করেই ভাবপ্রকাশ। কিন্তু রাগরাগিণীর প্রকৃতি পরিফ ট হয় 'কালোয়াতী' গানে। রবীক্রনাথ বলেন, "আমাদের কালোয়াতী গানের রাগরাগিণী, ইহার ভাবটা কি? রাগশব্দের গোড়াকার মানে রং। ভোরবেলাকার আকাশে হাওয়ায় এমন কিছু একটা আছে যেটা কেবলমাত্র वश्च नम्. घटना नम्, यहा (कवल तम। धेर त्रामत क्लाउट आमारनत অন্তরের সঙ্গে বাহিরের অন্তরাগের মিল। এই মিলের তত্তি অনির্বচনীয়। যাহা নির্বচনীয় তাহা পৃথক, আপনাতে আপনি স্থনিদিট।" "আমাদের রাগরাগিণীতে অনির্বচনীয় বিশরসটিকে নানা বড় বড় আধারে ধরিয়া রাথার চেটা হইয়াছে। ...ভারতবর্ষের সংগীত মারুষের মনে এই বিশ্বরস্টিকেই রদাইয়া তুলিবার ভার লইয়াছে। মামুষের বেদনাগুলিকে বিশেষ করিয়া প্রকাশ করা তার অভিপ্রায় নয়।" এবারে বিশিষ্ট রাগের সাহায্যে উদাহরণ —"কোন একটি ভাবপ্রকাশে নির্বাক ভৈরবী একটা স্থাবস্টাক্ট স্থাবেগ প্রকাশ হতে পারে, কিন্তু ঠিক কাব্যের কথাটি বলতে গেলে সে বোবা।" অথচ বলতে গেলে যেমন দরকার কথার, তেমনি দরকার হৃরের।…বাণী ছাড়া কানাড়া হয় বোবা, "বাণীর যোগে কানাড়া একটি রদ পেয়েছে তার দাম কম না।"

শত এব রবীক্সনাথ শনির্বচনীয়তা ও ভূমার প্রকাশের বেড়ি থেকে মৃক্ত হয়ে বান্তব লগতের মধ্যে এসে পড়তেই ব্যস্ত। শাত্মপ্রকাশের জন্ম মাহ্য যখন ব্যাকুল হয়ে নিজের "আশা শাকাজ্ফা হোসি-কালা সমন্তকে বিচিত্ররূপ দিয়ে আর্টের অমৃতলোক স্পষ্ট করতে থাকে তখন বিশ্বলোক বা ভূমার জগৎ থেকে স্বাভন্ত্য আসে।" রবীক্রনাথ এই আর্টের লোকে গীতিকার হয়ে রচনার মধ্য দিয়ে যেন চিরাচরিত প্রথার বিক্লে বিজ্ঞোহী হয়ে এগিয়ে ইযান। এই মনোভাবের জত্যে তাঁর কালোয়াতী গান ও ওন্তাদী সংগীতের তাৎপর্য উদ্ধারের নিরিথ সম্পূর্ণ সাধারণ দৃষ্টিকোণের নিরিখ বলতে হবে। এ প্রসঙ্গে রবীক্রনাথের বক্তব্য ছাড়া **অগ্রপক্ষ** থেকে বলবার কিছুমাত্র **অবকাশ** নাই।

করিয়া যদি আমাদের সংগীতকে এমন চরম উৎকর্ষ দিয়া থাকেন যে আমরা তাকে কেবলমাত্র মানিতে পারি স্বষ্টি করিতে ন। পারি. তবে এই স্মম্পূর্ণতার দারাই সংগীতের প্রধান উদ্দেশ্য নষ্ট হইয়াছে বলিতে হইবে।" এই ড গেল রাগ-রাগিণী-সম্বলিত বিভিন্ন শ্রেণীর প্রচলিত রাগদংগীতের রূপসম্বন্ধে বক্তব্য, কিন্তু এখানে রবীক্রনাথের নতুন ভঙ্গি স্থার একটি স্ষ্টির দিকে লক্ষ্য করে। অর্থাৎ, চিরাচরিত ভাবটি থেকে মুক্তির পথ বাংলাদেশে প্রথম প্রশন্ত হয় চৈতক্তদেবের আবির্ভাবে। "বাংলাদাহিত্যে বৈষ্ণব কাব্যেই সেই বৈচিত্তোর চেষ্টা প্রথম দেখতে পাই। সাহিত্যে এইরূপ স্বাতস্ত্রের উত্তমকেই ইংরেজীতে রোমান্টিক মৃভমেণ্ট বলে। এই স্বাভস্ত্রের চেষ্টা কেবল কাব্য ছন্দের মধ্যে নয়, সংগীতেও দেখা দিল। সে উভ্যমের মুথে কালোয়াতী গান আর টিকিল না। তথন সংগীত এমন সকল হুর গুঁ-িতে লাগিল যা হ্রদয়াবেগের বিশেষত্বভলিকে প্রকাশ করে, রাগরাগিণীর ^{ংব}্রেরণ রূপগুলিকে নয়।" রবীন্দ্রনাথের এই উক্তিতে ঐতিহাসিকতা লক্ষ্য া করেও মূল ভত্তুকু বুঝে নেয়া যায়, নতুন আত্মপ্রকাশের পদ্বাকে তিনি নতুন ঘূপের "দোনার কাঠি" বলে উল্লেখ করেছেন। সে সংগীতের রূপ প্রাচীন স্থাপত্যের মত দেখায়। "প্রাচীন স্থাপত্য যে সকল রাজা ও ধনীর বিশেষ প্রয়োজনকে আখ্রা করিয়াছিল তারাও নাই সেই অবস্থারও বদল হইয়াছে। কিন্তু দেশের যে জীবনঘাত্রা কুঁড়ে ঘরকে অবলম্বন করে তার কোন বদল হয় নাই।" অর্থাৎ "আমাদের সংগীতও রাজসভা সম্রাট-সভায় পোয়া পুত্রের মত আদরে বাড়িতেছিল, দে সব সভা গেছে, সেই প্রচুর অবকাশও নাই তাই দংগীতের দেই যত্ন আদর দেই হুট-পুটতা গেছে। কিন্তু গ্রাম্য সংগীত. বাউলের গান এমবের মার নাই। কেননা, ইহারা যে রুসে লালিত দেই দ্বীবনের ধারা চিরদিনই চলিতেছে। স্বাসল কথা, প্রাণের সঙ্গে ধোগ না থাকিলে বড় শিল্পও টিকিতে পারে না।" অতএব সংগীতের কেত্তে এই রোমাণ্টিকতার ভাকে রবীজনাথ নিজের রচনার পক্ষে বললেন, "যেখানে দংগীত ছিল রাজা, এখন দেখানে গান হইয়াছে দ্র্দার। অর্থাৎ বিশেষ বিশেষ গান শুনিবার জন্তই এখনকার লোকের আগ্রহ, রাগরাগিণীর জন্ত নয়।"

কিন্ত একধার পরেও রাগ ও রাগিণী সম্বন্ধে রবীক্রনাথের আর একটি বক্রব্যকে বিশেষ ভাবে না উল্লেখ করলে দৃষ্টিভঙ্গির পরিচয় হয় না—"তবু যত দৌরাআই করি না কেন, রাগরাগিণীর এলাকা একেবারে পার হইতে পারি নাই। দেখিলাম তাদের থাঁচাটা এড়ান চলে কিন্তু বাদাটা তাদেরই বজার থাকে। আমার বিশ্বাস এই রকমটাই চলবে। কেননা আর্টের পায়ের বেড়িটাই দোষের কিন্তু তার চলার বাঁধা পথটায় তাকে বাঁধে না।" এরপর আরও বলেছেন, "আমাদের গানের ভাষা-রূপে এই রাগরাগিণীর টুকরোগুলিকে পাইয়াছে। স্বতরাং যে ভাবেই গান রচনা করি এই রাগরাগিণীর রসটি তার সক্রে মিলিয়া থাকিবেই। আমাদের দেশের গান যেমন করিয়াই তৈরি হোক না কেন, রাগরাগিণী সেই সর্বব্যাপী আকাশের মত তাহাকে একটি বিশেষ নিভার্য দান করিতে থাকিবে।

একবার যাল স্মানাদের বাউলের স্থরগুলি স্মালোচনা করিয়া দেখি ভবে দেখিতে পাইব যে, তাহাতে স্মানাদের সংগীতের মূল স্মান্টাও বজায় স্মাছে স্থাচ সেই স্থরগুলা স্বাধীন। ক্ষণে ক্ষণে এ রাগও রাগিণীর স্মাভাস পাই, কিন্তু ধরিতে পারা যায় না।"

হিন্দুখানী সংগীতের বিধিবদ্ধ পদ্ধতিতে প্রথম যুগের রচনায় কিছু
গানে ধনিও গভালগতিকতা কতকটা বস্তায় ছিল, অর্থাৎ রাগ-রাগি
অবলম্বনে প্রবণদী ভঙ্গিকে প্রয়োগ করা হরেছল, কিছু ওতাদী গানের
বন্ধনম্ভির ইচ্ছে রগীক্রনাথের মনে সর্বদাই জাগ্রত ছিল। ছেলে-বেলাকার
সংগীত শিক্ষা প্রগতে বারবারই উল্লেখ করেছেন, গাঁত রচনার জল্ঞে মুক্ত
বিহঙ্গের মত ভানা থেলে স্বরজগতে ভাসতে ভাগবাসতেন, সঞ্চয় করতে চেষ্টা
করতেন, কিছু শিক্ষার কেত্রে পিঞ্জরাবদ্ধ হতে চান নি। সেগ্রন্তেই বলেন,
"খবন আমার কিছু বর্মেস হয়েছে তথন বাড়িতে খুব বড় ওতাদ এসে বসলেন,
মত্ত্রট্ট। একটা মন্ত ভূস করবেলন, জেদ ধরলেন আমাকে গান শেখাবেনই,
সেই জল্ঞে গান শেখাই হল না। কিছু কিছু সংগ্রহ করেছিলাম লুকিয়ে
চুরিয়ে।"—"আমাদের বাড়িতে উক্তাক্ব সংগীতের খুব চর্চা হত ধে-কথা
তোমরা স্বাই জানো। অথচ আশ্রের, এ বাড়ির ছেলে হয়েও আমি
কোনোদিনও ওতাদিয়ানার জালে বাধা পড়ি নি। আড়ালে আবভালে থেকে
বভটুকু শিথেছি, তভটুকুই শেখা। সংগীত শিক্ষাটা আমার সংস্কারগত
ধ্রাবাধা ক্রটনমাফিক নয়।" কিছু এ সঞ্চয় থেকে প্রয়োগের ক্রেত্রে আংপ্রন

উদ্ভাবিত পদ্ধায় তাঁর নব নব কৃষ্টি বহু বছর ধরে ১তুন নতুন মোড় নিয়েছে। শিক্ষায় বাঁধাবাঁধি ছিল না বলেই রাগরাগিণীতে মিশেল আনতে রবীক্রনাথের বাধেনি। প্রয়োজনের কেতে তাঁর মৃক্তি ছিল অপরিসীম। রাগরাগিণী-এজন্তে তাঁর আপনার মনের ভাবামুদারে তাঁর কাছে উকি रमद्राह, "टेडावी राम ममछ मृष्टित माख्यत्रहम वित्रव्याकृत्रका, टेडावी বেন সঙ্গবিহীন অসীমের চির বিরহবেদনা, দেশ মল্লার বেন অঞ্চালোত্তীর কোন আদি নির্বারের কলকল্লোল, রামকেলি প্রভৃতি সকাল-বেলাকার ৰে সমস্ত হার কলিকাতায় নিতান্ত অভ্যন্ত এবং প্রাণহীন বোধ হয়, তার একটু আভাস মাত্র দিলেই অমনি তার সমস্তটা সঞ্জীব হয়ে ওঠে। তার मर्द्या अमन अक्टी च्यूर्व म्हा अदर न्दीन स्थीन्तर (मध्य एम्स, अमन अक्टी বিশ্ববাপী গভীর করণা বিগলিত হয়ে চারিদিককে ব্যাকুল করে ভোলে বে, এই রাগিণীকে সমস্ত আকাশ এলং সমস্ত পৃথিবীর গান বলে মনে হতে থাকে -- এ একটা ইক্সলাল, একটা মায়ামল্লের মতে।। ভেরোঁ যেন ভোব বেলাকার শাকাশেরই প্রথম জাগরণ,..... কর্মক্রিষ্ট সন্দেল্পীডিত বিয়োগ্শোককা হর ্রান্ত্র-ভিতরকার যে চিরস্থায়ী স্থগভীর ত্রণটি—ভৈরব রাগিণীতে সেইটিকে ্ং_{ক্রি} বিগলিত করে বেব করে নিয়ে আদে। মান্তবে মাতুষে সম্পর্কের _{ইবাং} যে একটি নিভাশোক নিভাভয় নিভামিনভির ভাব আছে আমাদের ্র উদ্বাটন করে ভৈরবী সেই কালাকাটিকে মুক্ত করে দেও, আমাদের বেদনার সঙ্গে ত্রগণব্যাপী বেদনার সম্পর্ক স্থাপন করে। দ'ত্যেইতো কিছু স্থায়ী নয়; কিন্ধ প্রকৃতি কি এক অন্তত মন্ত্রণে দেই কথাটাই আমাদের সর্বদা ভূলিয়ে রেখেছে। দেইজন্ম আমরা উৎসাহের শহিত সংসারের কাজ কয়তে পারি। ভৈরবীতে সেই চির সভ্য সেই মৃত্য-বেদনা প্রকাশ হয়ে পড়ে. चामारावद वह कथा वरन रावद्य, चामदाय। किছू जानि छात्र किहूट थाकरत না এবং যা চিরকাল থাকবে ভার আমরা কিছুই জানি নে। · · আমাদের मन जान जातिगीहै। এই চাবটে পাঁচটে বেলাকার রালিণী, ভার ঠিক ভাবথানা হচেচ--- আজকের দিনটা কিছুই করা হয় নি। আজ আমি এই অপরাত্তের বিকিমিকি আলোতে জলে খলে শৃত্য সব জায়গাভেই দেই মুলতান রাণিণীটাকে তার করণ চড়া অন্তরাহ্রদ্ধ প্রত্যক্ষ দেখতে পাছ্ছি--না হুথ না তঃথ কেবল আলস্তের অবদাদ এবং তার ভিতরকার একটা মর্মগত বেদনা। ·····অামাদের পুরবীতে কিংবা টোড়িতে বিশাল জগতের অন্তরের হাহাকার

ধ্বনি ষেন ব্যক্ত করছে, কারও ঘরের কথা নয়। পৃথিবীর যে ভাবটা নির্জন, বিরদ, অদীম, দেই আমাদের উদাদীন করে দিয়েছে। তাই সেতার বধন ভৈরবীর মিড় টানে আমাদের ভারতবর্ষীয় হাদয়ে একটা টান পড়ে।…… বর্ধার দিনের ভিতরে ভূপালী হ্বরের আলাপ চলেছে আমি বাইরে থেকে ভনেছি। আর কি আশ্চর্য দেখি, পরবর্তী জীবনে আমি যত বর্ধার গান রচন! করেছি তার প্রায় স্বটিতেই অন্ততভাবে এসে গেছে ভূপালী হ্বর।"

শ্রীশান্তিদেব ঘোষ কবিমনে রাগরাগিণীগুলি কিভাবে স্থান গ্রহণ করেছিল দে কথা উল্লেখ করে অনেকগুলো উক্তিই একত সমাবেশ করেছেন। এথানে আমাদের মূল বক্তব্য হচ্ছে, প্রকৃতির বিচিত্র ভাবের সঙ্গে মিলিয়ে রাগের মুলগত স্বরূপ বর্ণনা অথবা ভাবাবেগকে কেন্দ্র করে তাৎপর্য ব্যাখ্যা হচ্চে সম্পূর্ণ রোমাণ্টিক দৃষ্টিভঙ্গিতে নতুন বিশ্লেষণ। নম্বত মেঘমল্লারের তাৎপর্য শাস্ত্রীয় মতে অঞ্পদোত্তীর আদি নির্ঝারের কলকল্লোল নয়, মূলভান কগনো রৌদ্রভাগু, দিনাত্তের ক্লান্ত নিংখাদ নয়, শান্তীয় পূরবীতে আশামুরপ আর্দ্রতা এ থামাজে করুণতা নেই। খ্রীশান্তিদেব ঘোষ বলেছেন, "গুরুদে*তে" শা*দ্র প্রাচীনের উপর ভিত্তি করে নৃতন প্রকাশ মাত্র—যা ভারতে যু**ে ৯**০ ট কেই এসেছে," আমাদের এথানকার বক্তব্য আরও প্রভন্ত, ভাৎপর্য ব্যাহ রবীক্রনাথকে বৈপ্লবিক পরিবর্তন স্বষ্টি করতে দেখা গেছে এবং ৫ দু কবি বাবছত রাগগুলোর প্রাকৃতরূপ আবিষ্কার করে গিয়েছেন। 🗘 চিরাচরিত প্রথাদমত নয়, দে হচ্চে কাব্য স্প্রের রীতি-দমত, ব্যক্তিত্বের খালোকে নতুন উদ্ভাবন, সহজাত শক্তির প্রকাশভদিতে রং-রেখা প্রয়োগের সমর্থন। শাস্ত্রীয় সংগীতেও আজকে রাগের ব্যাখ্যায় আমাদের দৃষ্টিভঙ্গিও ষ্মবস্তা পরিবর্তিত হয়ে যাচ্ছে, সেকথা এখানে অবাস্তর। কিন্তু রবীক্স-প্রদর্শিত তাৎপর্য ব্যাখ্যার মূল্য অপরিসীম। রাগসংগীত ভিত্তির কথাটি এখানে বড় নয়, বড় হবে রবীক্স-সৃষ্টি পদ্ধতির কথা।

গীতি পদ্ধতি

এরপর যে প্রসন্ধটি উপস্থাপিত হতে পারে তা হচ্চে হিন্দুস্থানী গীতিপ্রকৃতির প্রতি রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গি এবং তাঁর ব্যক্তিগত রচনাপদ্ধতির রূপ বিশ্লেষণ। এ সম্পর্কে শ্রীদিনীপকুমার রায়কে কবি বলেছেন, "হিন্দুস্থানী গানে যদি কাব্যকে নির্বাসন দিয়ে কেবল অর্থহীন তা-না-না করে স্থরটিকে চালিয়ে দেভ্যা হয় তাহলে দেটা দে গানের পক্ষে মর্মান্তিক হয় না। যে রসস্টেতে সংগীতেরই একাধিপত্য দেখানে তান কর্তবের রান্ডাটা যতটা অবাধ, অফ্রন্ত, অর্থাৎ যেখানে কার্য ও সংগীতের একাসনে রাজত্ব, দেখানে হতেই পারে না। বাংলা সংগীতের—বিশেষত আধুনিক বাংলা সংগীতের বিকাশ তো হিন্দুস্থানী সংগীতের ধারায় হয় নি। আমি তো দে দাবি করছিও না। আমার আধুনিক গানকে সংগীতের একটা বিশেষ নাম দাও না।" এ প্রসঙ্গে শিক্ষা, কচি এবং গায়কের প্রকৃতি অন্থারে কার্যায়ভূতির যেমন তারতমা হয় বিভিন্ন লোকের মধ্যে, তেমনি গান গাইবার বেলায়ও তেমনি হতে পারে। দে ক্ষেত্রে রবীন্দ্রনাথের স্পান্ত বক্তব্য হচ্চে "আমার গান যার ষেমন ইচ্ছা দে তেমনিভাবে গাইবে ? আমি তো নিজের রচনাকে দে রকম ভাবে পগুবিথও করতে দেইনি। আনি যে এতে আগে থেকে প্রস্তুত নই। যে রূপ স্টেতে বাহিরের লোকের হাত চালাবার পথ আছে তার এক নিয়ম, আর যার নেই তার অন্ত নিয়ম। আমার গানে আমি ত দেরকম ফাক রাখিনি যে দেটা অপরে ভরিয়ে দেওয়াতে আমি কৃতজ্ঞ হয়ে উঠব।"

্রু, হিন্দুস্থানী সংগীতের গীতিপদ্ধতির তুলনায় স্বকীয় গায়কী রীতি ংকৈ রবীক্রনাথ আরও বলেন, "মামি ত কথনো একথা বলিনে যে কোনও ेবাংলা গানেই তান দেওয়া চলে না। অনেক বাংলা গান আছে যা হিন্দুয়ানী কায়দাতেই তৈরী, তানের অলংকারের জল্মে তার দাবি আছে। আমি এরকম শ্রেণীর গান অনেক রচনা করেছি।" খালোচনা পত্তে একাধিক স্থানে রবীন্দ্রনাথ গানের মধ্যে তানের ষ্টিম রোলার চালানো সম্বন্ধে গায়ককে সাবধান করে দিয়েছেন। কারণ হিন্দুস্থানী গীতি-পদ্ধতির সঙ্গে রবীক্রনাথের গীতি-পদ্ধতির কোন সম্পর্কট নেট, যদিও স্থরকে এ ক্ষেত্র থেকেই সংগ্রহ করতে হয়েছে। "হিন্দুস্থানী গানের স্করকে ত স্থামর। ছাডিয়ে থেতে পারিই না। স্থামাকে ত নিজের গানের স্থারের জন্মে ঐ হিন্দ্রানী স্থরের কাছেই হাত পাততে হয়েছে! স্থার এতে যে দোষের কিছু নেই।" এক্ষেত্রে বাংলার বৈশিষ্ট্য বজায় রাখা সম্বন্ধেই রবীক্রনাথ সচেতন এবং গায়কের প্রস্তুতির জন্মে হিন্দুস্থানী গীতিপদ্ধতিকে বর্জন না করে তাকে স্বীকরণের (assimilation-এর) কথাই উল্লেখ করেছেন। গায়কী রীতিতে च्यितिक काक्क्नारक त्रीस्ताथ कथन मार्थन करदन नि। अक्निनीप-কুমারের সঙ্গে আলোচনা সংত্রেই তিনি বলেছেন, "লামি গান রচনা করতে

করতে সে গান বার বার নিজের কানে শুনতে শুনতেই বুঝেছি বে, দরকার নেই প্রাভৃত কারুকৌশলের। বথার্থ আনন্দ দের রূপের সম্পূর্ণভার ; অভি স্থায়, অতি সহজ ভঙ্গিমার ধারাই সেই সম্পূর্ণভা জেগে ওঠে।"

শ্রেষ্ঠ শ্রেণীর ললিত স্থাইতে complex structure (গঠনের জাটলত) থাকা আজাবিক হলেও রবীক্রনাথ তাঁর ব্যক্তিগত দৃষ্টিভলিট বিশ্লেষণ করেছেন: "আমি কেবল বলতে চাই, স্বলভায় বস্তু কম বলে রস-রচনায় ভার মূল্য কম একথা স্বীকার করা চলবে না, বরঞ্চ উলটো। ললিত কলার কোন একটি রচনায় প্রথম প্রশ্লটি হচ্চে এই বে, তাতে আনন্দ দিছে কিনা। যদি দিছে হয়, তা হলে তার মধ্যে উপাদানের ষত্তই স্পল্লভা থাকবে তত্তই তার গৌরব। বিপুল ও প্রয়াসসাধ্য উপায়ে একজন লোক ষে ফল পায় আর একজন সংক্ষিপ্ত ও স্বল্লায়াস উপায়েই দেই ফল পেলে আটের পক্ষে সেইটে ভালো।" রবীক্রনাথের এই উক্তি তাঁব গায়কী হীভিত্তেই বিশেষ প্রয়োজ্য।

রবীজ্ঞনাথ structureটি জথম না হওয়া পর্যন্ত গায়কের ব্যক্তিগত ভঙ্গীকে স্বীক্ষৃতি দিতে রাজী। "তোমার একথাও আমি স্বীকার করি কে স্বরকারের স্বর বজায় রেথেও এক্সপ্রেশানে কম বেশী স্বাধীনতা চাইবার এক্তিয়ার গায়কের আছে। কেবল প্রতিভা অফুসারে কম ও বেশীর মধ্যে ভকাৎ আছে এ কথাটি ভূলো না। প্রতিভাবানকে বে স্বাধীনতা দেক

শক্ঠে, গড়পড়তা গায়ক ততথানি স্বাধীনতা চাইলে না করতেই হবে।"

অত এব দেখা যাছে গীতি-পদ্ধতিতে খীয় স্প্তির রূপ বজায় রাগার ব্যাপারে রবীক্রনাথ সম্পূর্ণ সজাগ। রবীক্র-রচনায় প্রপদ-ভদিম গানগুলোর প্রতি লক্ষ্য করলে ধারণাটি স্পষ্ট হয়। যে কোন প্রণদ গানের প্রতি অক্ষর ভিন্ন ও স্বতম্ব ভাবে স্থরে উচ্চারিত হয়। রবীক্রনাথের গানে এক একটি ভাবসমগ্র শক্ষ-সম্প্রতিত একসঙ্গে স্বর প্রয়োগ হয়েছে। বিচ্ছিন্ন শক্ষের কোন অভিত্ব নেই। বথা, "দাঁড়াও মন অনন্ত ব্রহ্মাও মাঝে" গানটির যদি দাঁ--ড়া--ও-ম-ন--জ্ম ন ন ত ব্র ক্ষা ও মাঝে প্রভৃতি শক্ষ্যলোকে বিচ্ছিন্ন করা বায় তা হলে হিন্দুস্থানী রীতির রচনার অক্সরূপ হবে। রবীক্রনাথের গানে অক্ষরগুলোর এরূপ দূরত্ব ও বিচ্ছিন্নতা গ্রাহ্ম হয় নি। এখানেই মূল প্রপদের সক্ষরগুলোর এরূপ দূরত্ব ও বিচ্ছিন্নতা গ্রাহ্ম হয় নি। এখানেই মূল প্রপদের সক্ষেরগুলোর প্রস্তিব প্রক্ষম গানের ভারতম্য।

गरुक **ও ग**रुन चनकार-श्रकाम-रिविष्टिय कथा উर्ह्मिश करत्र प्रवीसनाथ কঠের স্বাভাবিক ঐশ্বর্যের ওপরুই জোর দিহেছেন। রবীক্রসংগীত-সমালোচকদের মতে ১৯০০ শতক পর্যন্ত রবীক্রণীতির প্রথম যুগ ধরে নিলেও তাঁর প্রাক্-ংশ শতকের গ্রুপদ-প্রভাবিত গানগুলো গাইবাব জল্মে কণ্ঠের ঐখর্য ছাড়া ্তরিক ক্লাসিক রীতিতে গীত হতে পারে বিনা বিচার্য। কারও মতে भाक ता नव शास्त्र श्रवक शायकी तारे। व्यर्थार व्यथात अन्तर्भी श्रवकार হচেচ প্রধান, সেথানে অফুরুপ গানের ক্ষমত। ও অফুশীলনের প্রয়োজনই বিশেষ উল্লেখযোগা। কিন্তু, বিশ্বয় স্কৃষ্টি হয় তথনট বেখানে কাম্যুকে প্রাণান রেখে গ্রুপদীরীতির প্রকৃষ্ট প্রয়োগ করা চলে না। অর্থাৎ গ্রুপদী এক্ষাংগীতেও ক্লাশিক গানের মত স্বাধীনত। থাকা সম্ভব নয়। গাঁতের নধ্যে কথা এমন ভাবে বোনা, ভাত্তিমূলক ভা না কাব্যকে এমন গভীর ভাবে আশ্রহ করেছে ষে এ গানগুলোতেও কথাৰম্পদ গায়ককে ছেমন স্বাধীনতা দিতে পারে না। त्रवीक्रनारथत्र गीजित्रवनात् उरक्षं व्यथम् त्रवनात् गृत्त्र श्वाद्धः दिःवा शत्रवर्धौ যুগে, একথা বিচার্য নয়। প্রথম স্টির মুহূর্ত থেকে গীতি চনায় কথার এখার এত বেশী যে ভার ভাৎপর্য স্থারে বজায় রাখতে হলে রবীক্ত-পরিকল্পিড স্বাভাবিক ভা ও সরলভার নীতি অকুল রাখা দরকার। সে অতেই ব্রহ্মশংগীত এবং রবীক্স-রচনার প্রথম মুগের (২০ বছর) গানগুলোকে রাগধর্মী দেখেও ভাকে কালামুক্রমে ও বিষয়বস্তু শহুলারে খেণীবিভাগ করা বায় কিন্তু রবীদ্র-

শ্রুণদ বলে ভেবে নেওয়া বায় না। অথচ সে মুগের অনেক রচনাই ধীর পঞ্জীর, চলন ভারিকী, স্থর-প্রকরণ গ্রুণদ গানের অফুরুণ এবং তালের দিক থেকে চৌতাল, ধামার, স্থরদাকা (স্লতাল), তেওয়া, ঝাঁপভাল, রপক প্রভৃতির ব্যবহার রয়েছে। এর প্রধান কারণ গানের পদ-সমুদ্ধি এবং ভাবগভীরভার বিচার করলেই জানা বায়। রবীন্দ্রনাথের কোন পূর্বস্বরী গানের রচনায় অফুরুণ গভীরতা ও কল্পনার প্রয়োগ করতে পারেন নি। স্থায়ী, অস্তরার পর সঞ্চারীতে এমন ভাবে কল্পনাকে নতুন ভাবে উজ্জীবিত করে আভোগে একটা স্থলর ও অভাবনীয় পরিসমাপ্তি টানতে পারেন নি। মোটাম্টি, ভাবের ঐশ্রহকে ব্যতে চেটা করলেই সহজ গায়কী-রীভির কথা আপনি এসে পড়ে। রবীন্দ্রনাথ সহজ রীভিতে প্রাণবস্থতা নিশ্চয়ই আশা করেছেন এবং আরও আশা করেছেন দরদ। সেজস্তু সে সব গান পাথোয়াজ সহকারে গ্রুণদ ভঙ্গিতে গান করা ছাড়া অভিরিক্ত আরও একটি গুণ থাকা বাহ্ণনীয়, সে হচ্ছে গায়কীর বৈশিষ্ট্য—মাকে বাংলা গান গাইবার পদ্ধতিতেই গান করা, বলা যায়।

প্রথম যুগের গানের রচনার পর রবীক্রমংগীত ক্রমে পুরোনো রাগদঙ্গীতের বিরুদ্ধে বিজ্ঞানী হয়ে চলল। এখানে স্বতঃ কৃত্ত গায়কীতিকির আবির্ধ্বী হয়ে গেল—কীর্তনিয়া, বাউল গায়কের রীতি অন্ত্রমরণ করে। সহজ্ঞ গীতিপদ্ধানি এখানে প্রকৃত্তী রূপ পেল। ভাষার লীলাময় রূপ ও চলনের ছন্দে মহিমা ধরা পড়ে গেল, ধ্বনিশিঞ্জন কানে বাজল, কথার লালিত্যে স্বর এসে যুক্ত হয়ে ভাবের মহিমা বাড়াল। পরবর্তী যুগে যে গান রচনা করলেন তার সঙ্গে শক্টাই এল না, এল ছবি, মৃতি, ছায়া, ব্যঞ্জনা, ইঙ্গিড, বীরত্ব, প্রেরণা, প্রেম এবং নিভান্ত ঘ্রোয়া আশা, আকাজ্জা।

এই সংখ্যাতীত গানের জমিতে এদে যুক্ত হল অতি পরিচিত রাগগুলি—
তৈরবী, ভৈরব, আশাবরী, রামকেলি, কালেংড়া, ভীমপলশ্রী, কাফি, ছায়ানট,
কেদার, হামীর, দেশ, পুরবী, মূলতান, কল্যাণ, ইমন, ভৃপালী, এবং
এসব রাগের অংশবিশেষ (টুকরো) নানা ভাবে দশ্মিলিত হল। গানের
মধ্যে সমজাতীয় রাগ সংমিশ্রিত হল, কোথাও ভাবের অফুসারে হ্রের একটু
বিরতির সঙ্গে কোমল-ধা, আক্মিক কড়ি-মা, গুদ্ধ-নিধান, কোমল গাদ্ধার
ও কোমল নিথাদের স্পর্শ লেগে গেল। ছন্দে কার্ফা, দাদরা, ঝাপ, তেওরা,
কাম্পক এবং নতুন চলনের কতকগুলো তালও রবীক্রনাথ অবলম্বন করণেন।

'তালভাগগুলো ঋজু ও সংক্ষিপ্ত করে গানের চরণে চরণে অনেক স্থানে স্বরের কতকগুলো তার স্বষ্টি করে নিলেন, যে তারগুলো গুনলেই রবীজ্ঞ-গীতি-প্রকৃতি সম্বন্ধে নিঃসন্দেহ হওয়া যায়।

নাটকের গান রচনায় প্রধান হয়ে দাঁড়াল সহজ বাস্তব প্রকাশভিলি, অনেক ক্ষেত্রে দেখানে স্থর-রচনায় প্রকাশভিলিকে আরও অবলীল এবং প্রসাদগুণ-সময়িত করে তুলল। সহজ রীতির গায়কীতে থানিক পেলবতাও এল, বলা চলে। রবীক্র-রচনার মধ্যযুগে (১৯০০ শতককে অনেকে মেনে নিয়েছেন, যদিও রবীক্রনাথের মধ্য যুগের শুক্ত হয়েছে আরও অনেক পূর্বে) স্থরে নতুন সংগতি স্বাষ্ট্রর চেষ্টাও প্রবল হয়েছে, বিভিন্ন গ্রামের স্থরে সংগতিস্বাষ্ট্র, মক্র-মধ্য-তার স্থরের আক্ষিক জোটতৈরি প্রভৃতি কায়্যদাগুলোও নতুনত্বের স্থচনা করেছে। কিন্তু সকল প্রকার প্রয়োগ পদ্ধতিতে ভারতীয় স্থরের প্রকৃতিবিক্ষ কোন প্রচেষ্টাই লক্ষ্য করা যায় নি, যদিও ইউরোপীয় প্রভাব কোথাও কোথাও স্পষ্ট হয়েছে।

এর পর আরও একটি প্রসঙ্গ, সংগীত-স্টের সঙ্গে সম্পর্কিত, সে হচ্ছে তাল। রবীক্রনাথের আমলে তাল নিয়ে মাতামাতি বড বেশি ছিল, "গান বাজনার ঘোড়দৌড়ে গান জেতে কি ভাল জেতে ?" কিন্তু, "ভাল জিনিসটা সংগীতের হিসাব-বিভাগ।" এই হিসাবের মাতামাতি—গানের ওন্তাদ স্বাধীন ভাবে ছাড়া পেয়ে বেধানে অভিরিক্ত বাধীনতা বজায় রাথতে চেয়েছেন, আর তালের ওন্তাদ (অর্থাৎ তবলচী বা পাথোয়ান্দী) তাঁকে নান্তানাবুদ করতে এগিয়ে এদেছেন। "চুলচেরা হিদাব আর কণ্ট্রোলার আপিদের থিটিমিটি লইয়া" রবীক্সনাথের মাথাব্যথা নেই। সংগীতের প্রয়োজন বুঝে রচ্মিতা নিজেই তার সীমানা বেঁধে দেবেন, যাতে রেযারেঘি বন্ধ হয়---রবীক্রনাথের এ ধারণাটাই প্রবল। তাই তিনি বলেন, "মুরোপীয় গানে স্বয়ং রচয়িতার ইচ্ছামত মাঝে মাঝে তালে ঢিল পড়ে এবং প্রত্যেকবারেই সমের কাচে গানকে আপন তালের হিসাব নিকাশ করিয়া হাঁফ ছাড়িতে হয় না।" এ স্বাধীনতাকে স্বীকার করতে গিয়ে রবীক্রনাথ বলেছেন, "ভন্তাদের হাতে সংগীত স্থার-তালের কৌশল হইয়া ওঠে। এ কৌশলই কলার শক্ত। কেননা কলার বিকাশ সামঞ্জতে, কৌশলের বিকাশ ঘলে।" কবিভার ছল-বিকাশে যে বৈচিত্তা সৃষ্টি করা চলে রবীক্রনাথের মতে সেরপ স্বাধীনভা व्यवनम्न कत्राम रुष्टिए देविका व्यारम, इन्म ब्रवीक्यनात्थत त्रहनाय रम देविकाः

স্টির পথ স্থগম করেছে। এজন্তে রবীক্রনাথের নতুন তাল স্টির তালিকা দিয়ে বিশ্লেষণ অনেকে করেছেন। সে সব তালে 'হৃদ্ধ' অথবা অলহার নেই বলে এখানে উল্লেখ করা গেল না। তত্তি আমাদের দরকার।

মোটামূট, রবীক্সনাথ সংগীত-প্রসঙ্গে যে সব কথার বারা ব্যক্তিগত বৈশিষ্ট্যকে বিশ্লেষণ করেছেন তঃ হচ্ছে:

- (১) ভারতীয় (হিন্দুস্থানী) সংগীত অনিবচনীয় ও ভূমার প্রকাশ।
- (২) শ্বনির্বচনীয়ভার ক্ষেত্র থেকে দাধারণ্যের জীবনে গীতকলাকে পরিকৃট করতে স্বাভয়ের দরকার এবং নতুন পছায় স্থংস্টিই হবে গানের কলারপ।
- (৩) প্রাচীন শাস্ত্রীয় গানে অনির্বচনীয়তা স্থরের বাঁধা ভাব-আবেগের কাঠানোতে নিবন্ধ, কিন্তু তিনি মনে করেন জীবনের কথা ও ভাবপ্রকাশের অবলম্বন হয় স্থর প্রয়োগের স্বাধীনতায় এবং ছন্দম্ভিতে, সংগীত সেধানেই সার্থক।
- (৪) রাগ-রাগিণীর চেয়ে কথা ও কাব্য সমৃদ্ধি অর্জন করেছে অনেক বেশি এবং ভাবপ্রকাশে জীবনকে চিত্রিত করবার ক্ষমতা তার অধিক।
- (৫) দে জ্বত্যে কবি গীত-রচ্মিতা হয়ে কথা ও স্থরের সমন্বয়ের স্থযোগ সম্পূর্ণভাবে গ্রহণ করেছেন।
- (৬) স্থর সংযোজনার গোড়ায় তিনি গ্রুপদী রীতিকে অবলম্বন করেছিলেন—
 শাল্পীয় সংগীত-জগতের প্রতি সামগ্রিক বা comprehensive দৃষ্টি নিয়ে।
 ভেতরের কচকচিতে তিনি প্রবেশ করেন নি, বাইরে থেকেই সহজ্জাবে
 অবলম্বন করেছিলেন।
- (१) সময়ের দক্ষে দক্ষে পরিচিত রাগ-রাগিণীগুলোকে তিনি মৃক্তভাবে বাবহার করতে লাগলেন, দক্ষে দক্ষে অফুভব করলেন বাংলা গানের ক্ষেপ্তাক্ত পল্লী ও দহক্ষ জীবনের লোকগীতি থেকে, হিন্দুস্থানী পদ্ধতি থেকে নয়। হিন্দুস্থানী পদ্ধতি গানকে সংস্কার করতে এগিয়ে গিয়েছিল কিন্তু বাংলা গান রচনার পক্ষে তার প্রাধান্ত নেই। রাগরাগিণী কথাকে ঠেলে দিয়ে বাংলা গানকে দার্থক করতে পারে না।
- (৮) রাগ-রাগিণীর "টুকরো'গুলির ওপরই রবীক্সনাথের লক্ষা। শুরে শুরে টুকরোগুলো সাজিয়ে রবীক্সনাথ গীত রচনায় খুশি হয়েছেন। সমগ্র রাগ বিকাশের দিকে লক্ষ্য মোটেই দেন নি।

- (>) কীর্তন, পূর্ববন্ধের পল্লীগীতি ও বাউল এসে মনের আনেকটা জায়গা জুড়ে বদে রচনায় নতুন ভিত সৃষ্টি করল।
- (>•) অলম্বারের আতিশয় গানে খীক্বত হল না, তানের 'ষ্টিম রোলার'-কে বর্জন এবং ক্ষকঠের সহজ দর্দ প্রয়োগের প্রশক্ষ এল।
- (১১) তালের খিটিমিটি থেকে মুক্তি-কামনায় দৃঢ়বদ্ধতা থেকে ছন্দকে মুক্তি দেওয়া হল।
- (১২) এরপরে বিষয়বস্তু অথবা স্থর অসুদারে শ্রেণীবিভাগের প্রদক্ষও
 আবদ। শ্রেণীবিভাগের সঙ্গে আফে ক্রমবিকাশ ও ক্রমপরিবর্তনের প্রসঙ্গ।

এ প্রয়ন্ত সম্বন্ধে রবীক্রতন্ত বিশ্লেষণ রবীক্রনাণের বক্তব্যের দারাই করা হয়েছে। যেহেতু রবীক্রনাথ শাস্ত্রীয় সংগী হ-রীতিতে বৈপ্লবিক পরিবর্তন ঘটিয়ে আগন পদ্ব। স্থষ্ট করে গিরেছেন, তাকে বিশদ ভাবে ব্যাখ্যা করে দেখা দরকার। হিন্দুস্থানী গানের প্রকৃতির ব্যাখ্যান রবীক্রনাণের ব্যক্তিগত দৃষ্টিভঙ্গির অনুসারী। হিন্দুস্থানী পদ্ধতিতে এবং শাস্ত্রীয় সংগীতের গায়কী রীতিতে আজ বিপুল বিপ্লব ঘটেছে। রবীক্রনাণ যে রীতি থেকে মৃক্তি চেয়েছেন, সে তাঁর ব্যক্তিগত রচনাব দিক থেকে সত্য, হিন্দুস্থানী গীতপদ্ধতি সমালোচনায় প্রযুক্ত হতে পারে না-এ-কথা বাত্তবদৃষ্টিসম্প্রিত সংগীত-সমালোচক মাত্রই বলবেন

রবীন্দ্রনাথের গানের অজজতা এবং বিপুল কাব্য-সমৃদ্ধি সম্বন্ধে এখানে বলবার প্রয়োজন বোধ করি না। বিষয়টি স্বতন্ত্র। আমাদের দীর্ঘ কর্ময় জীবনের প্রতিদিনের অভিজ্ঞতা ষেমন প্রতিদিন থেকে স্বতন্ত্র তেমনি তাঁর প্রায় প্রতিটি গানের চিত্র, ভাবৈশ্বর্য, ত্রুসংগতি ও অফভৃতি স্বতন্ত্র। সাহিত্যিক দৃষ্টভিন্দি এবং স্কুরসংযোজনায় বাস্তব-দৃষ্টির বিশ্লেষণ করনেই এর বিচার চলে!

রবীজ্ঞনাথ কথার আছেন্দ্য কোথাও ক্ষা হতে দেন নি, কারণ কবিমনই তাঁর কাছে বড়। এ জন্তেই, গোড়ার দিকের রবীক্রসংগীত প্রপদী রীতিতে রচিত হলেও, প্রপদ-অফ সেধানে লক্ষণীয় নয়। শ্রেণীবিভাগে যাঁগা গান-গুলোকে শাল্লীয়-সংগীতের রীতিতে বিভাগ করে সর্বসমক্ষে উপস্থিত করেন, তাঁরাই ভূল করেন। এ ভূলটা স্পষ্ট হয়ে ওঠে বিশেষ করে অবালালীর কাছে। ওঁরা রবীক্রনাথের গানের সমৃদ্ধি ব্যতে গেরে যদিও বা রবীক্রসংগীত ব্যতেও ভানতে ভালবাসেন, কিছু ক্লাসিক রীতির শ্রেণীবিভাগে তাঁদের মনে শ্রান্তির স্থিটি হয়। প্রপদ, থেয়াল, ট্রা ও নতুন তালের গান, হিন্দীভাগ্রা বিদেশী-প্রভাবের শ্রেণীবিভাগগুলোই এ ল্রান্তি স্থিটি করে। এর কারণ হচ্ছে

এই ষে, যিনি রবীক্রনাথের প্রপদাক গাইছেন তিনি প্রপদ গাইবার ভিন্ধর সক্ষে মোটেও পরিচিত ন'ন অথবা যিনি প্রপদ গায়ক তিনি রবীক্রপ্রয়োজিত স্থর ও কথার সামজক্ত বিধান করতে পারেন না। একাদিক ক্ষেত্রে ধেয়াল ও টয়। অক্লের রবীক্রগীতি শুনে এ শ্রেণী-বিভাগ অফুসারে গান গাওয়া বার্থ মনে হয়েছে। এক্সের রবীক্রনাথের কাব্যিক দৃষ্টিভিন্ধি এবং স্থরপ্রয়োগের স্বাভম্তাকে লক্ষ্য করে শ্রেণীবিভাগ আরও যুক্তিসংবদ্ধ হওয়া দরকার, যদিও মূল স্থর প্রয়োগের প্রেরণা সম্বন্ধে, ইতিহাস হিসাবে এবং আলোচনার তথ্য হিসাবে এ সকলই জানার প্রয়োজন সমধিক। বিষয়বস্ব, ভাব, কালাক্রমেনিক রচনাবৈশিষ্ট্য, কাব্যিক রীতির পরিবর্তনের বিচারে শ্রেণীবিভাগ এবং কোথাও কোথাও গীতিপদ্ধতি অফুসারে শ্রেণী-বিভাগই যথেষ্ট, ক্লাসিক পন্থায় প্রাথমিক ছাত্রদের শিক্ষাই চলতে পারে।

সমন্ত আলোচনার দারা একণা প্রমাণ করতে পারা যায় যে রচনারীতির জন্মেই রবীন্দ্র-সংগীতের বৈশিষ্ট্য হিন্দুছানী সংগীত-পদ্ধতি থেকে স্বতন্ত্র হয়ে গেছে। রবীন্দ্রসংগীত গাইবার ভলিটি হবে সহজ ও প্রাক্ষত। গানের অংশ-গুলো সাজাবার বিশেষ তার ও নিয়ম-প্রণালী আছে। দেখা যায়, কণ্ঠভলিকে মোলায়েম করে স্বাভাবিকতা রক্ষা না করলে রবীন্দ্রগীতি ঠিকভাবে গাওয়া হয় না (ষষ্ঠ পরিছেল এইব্য)। উচ্চারণের পদ্ধতিতেও নিদিষ্ট রীতি আছে। অর্থাৎ, রবীন্দ্রনাথের রচনার কায়দা সংখ্যাতীত গানের মধ্য দিয়ে বহু কাল ধরে প্রকাশিত হয়ে একটি বিশিষ্ট প্রবাহ স্বষ্টি করেছে। এই ধারাবাহিকতাকে ব্রে নেবার জ্বন্থে বিভিন্ন রবীন্দ্রসংগীত-সমালোচকগণ ক্রমবিকাশ অথবা ক্রম-পরিবর্তন লক্ষ্য করে রবীন্দ্রসংগীতকে কতকগুলো তার বা পর্যায়ে বিভাগ করেছেন। আনক পর্যায়ের এবং ত্তরের গানের বৈচিত্র্য নিয়েই রবীন্দ্র-সংগীত একটি বিশিষ্ট সংগীত-রীতি হয়ে দাঁড়িয়েছে।

ন্তর বা পর্যায় বৈচিত্র্য

রবীশ্রসংগীত রচনার সময়কাল প্রায় ছয় দশকেরও কিছু বেশি। এই সময়ের মধ্যে লক্ষ্য করা যায় বিচিত্র ক্রম-পরিবর্তন। ক্রমবিকাশ এবং বিভিন্ন ধ্রণের পরীক্ষা-নিরীকা লক্ষ্য করে অনেকেই রবীশ্রসংগীতের নানা শুর বিশ্লেষণ করেছেন। তাঁর নিত্য নৃতন ভাঙা-গড়া এবং বছমুখী রচনার বছ পথ সর্বত্রই গতাহুগতিক রীতি থেকে শ্বতন্ত্র। এই বিভিন্ন পর্যায়ের রচনাশুলো সবমিলে পূর্ণাঙ্গ রবীন্দ্রসংগীত, একক রবীন্দ্রশৈলীর কথা প্রমাণিত করে। শুর-বিভাগগুলো এইরপ—শ্রীশ্বামী প্রজ্ঞানানন্দের মতে:

- (ক) প্রথম স্তর—ধর্মসংগীত, গ্রুপদী চঙ্কের গান—প্রচলিত ধারার অস্থবর্তন, রাগ ও তালের অন্তকরণ অব্যাহত। তথন রচনার মধ্যে তাঁর লক্ষ্য ছিল বাংলা ভাষার দিকে—সঙ্গে সংস্লে বাংলা কথার মাধ্যমে উচ্চাংগ তথা ক্লাসিকাল সংগীত পরিবেশনের দিকে।
- (খ) দ্বিতীয় শুর: মুরোপীয় ধারার শহকরণে ভারতীয় স্থরের প্রবর্তন যা রূপায়িত হল "বাল্মীকি প্রতিভা" গীতিনাট্যে। আইরিশ মেল**ডিজ, তেলেনা** ও টপ্লা, কিছু কিছু রাগদারী কথা। এগানে বাক্যা**হসারী হোল হুর, স্থরের** স্বাধীনতার ওপর প্রভাব বিতার করল কথা বা সাহিত্য। রামপ্রসাদী ও মুরোপীয় স্থরের শাধিপত্য এখানেই লক্ষ্য করা যায়।

শ্রীষামী প্রজ্ঞানানন্দ বলেন, প্রথম ও দ্বিতীয় স্তর ধেন স্বর্থ একটি যুগের স্বিকিছে ছটি দিক। এবং এ যুগের বৈশিষ্ট্যে সাহিত্য ও কাব্যস্থ্যমার প্রাধান্তকেও স্বীকার করে নেওয়া হয়েছে।

(গ) তৃতীয় স্তরে এল পুরোপুরি বাংল। দেশের প্রভাব। তথন স্থরের প্রাধান্ত দিলো দেখা, আর কথা থাকলো যেন বাহক ও অম্চর রূপে। বিষ্ণুপুরী প্রুষপদ গানের ধারাকে এই স্তবের গান করেছিল নিয়ন্তিত।

্রই মত সম্বন্ধে মন্তব্য: বিষ্ণুপুরী গানের ধারা হিন্দুমানী গ্রুপদেরই একটি ধারা। তাকে নিয়ন্ত্রণ করার অর্থ প্রণদ রীতিকে নিয়ন্ত্রণ। বিষ্ণুপুরী গ্রুপদ ভিন্নির বাহকেরা কি একথা স্বীকার করেন ? রবীস্ত্রনাথ কি পুর্বঞ্জপদ রচনা করেছেন? তিনি অলঙারকে স্বীকার করেন নি। অলঙার ছাড়া গ্রুপদের রূপটি পুর্বঞ্জপদ বলা যায় কিনা তা আলোচ্য। তা ছাড়া কোন কোন ছলে "অন্তক্রণের" কথাও বলা হয়েছে। "অন্তক্রণ এবং নিয়ন্ত্রণ" তুটো একসকে বলা উচিত কিনা ভেবে দেখা দরকার।

(ঘ) চতুর্থ স্তরে কৃষ্টি হল কাব্যধর্মী গান। কথা ও স্থরের মধ্যে সামঞ্জন্ত রক্ষা করে রবীক্রনাথের সংগীতে তথন দেখা দিলো ভাবের প্রাধায়। নৃত্যনাট্য রচনা, চিত্রবহুস গানের রূপায়ণ এবং জাভীয় সংগীতের অভ্যুদয়। পল্লীস্থরের প্রয়োগ। গানে বিচিত্র নৃত্যহন্দের তদিমা। .

(ঙ) গীতি রচনার পঞ্চম শুরে দেখা দিল প্রধানতঃ শাস্করসাত্মক গান— উদাস-করুণ কবির মন তথন রঞ্জিত হয়েছিল অভীক্রিয় লোকের অপার্থিব স্বমায়।

ধৃজটিপ্রসাদ মৃথোপাধ্যায় রথীক্রসংগীতের চারটি তার লক্ষ্য করেছেন:

(ক) প্রথমন্তরে রবীক্রনাথের খানদানি ঘরোয়ানা চীজের আশ্রেয় নিমে গান রচনা, (খ) দ্বিভীয় যুগে খানদানী কাঠামোর ভিতরেই একটু হ্বর ও তালের নতুনত্ব, কিন্তু পুরোনো কাঠামোতে রং বদলেছে এবং অলহার নতুন রকমে সাজিয়েছেন, (গ) তৃতীয় স্তরে এল ভাটিয়ালী, বাউল গান প্রভৃতি রাগ-সংগীতের সংগে দেশীয় সংমিশ্রণ, (ঘ) চতুর্থ যুগটির কীতি অসীম। গানগুলির মধ্যে স্থমংযত নিয়ম-কায়ন ও উদারতার ভাব—"শেষের গানগুলো সম্পূর্ণ ইস্থেটিক।" ইন্দিরা দেবী রবীক্রশ্বতিতে বলেছেন, "আনেকে তাঁর প্রথম বয়সের গান বেশি পছন্দ করেন, তার ভাষা ও ভাব সরল ও মর্মম্পনী বোলে। তিনি নিজে আমাকে বলেছেন: আমার আবেকার গানগুলি ইমোশনাল, এখনকারগুলি ইস্থেটিক।"

শ্রীদৌম্যেন্দ্রনাথ ঠাকুরও তাঁর গ্রন্থে চার স্তরের বিভাগ শ্বীকার করে নিয়েছেন।

জীওত গুহঠাকুরতা "রবীক্রমন্দীতের ধারা" গ্রন্থে তিনটি গুরের পরিকল্পনা করেছেন। গঠন-বৈচিত্তোর প্রতি লক্ষ্য রেথে এই স্তর-বিভাগ:

(১) ১৮৮১ থেকে ১৯০০ (২) ১৯০১ থেকে ১৯২০ এবং (৩) ১৯২১ থেকে ১৯৪১।

এই তিনটি স্তর-বিভাগের মূল উদ্দেশ্য বর্ণনা: প্রথমে আছে অথবা শিক্ষানবীশ কাল, দ্বিতীয়ে মধ্য মৃগ অথবা রাগসংগীত বা হিন্দুস্থানী সংগীতের উপাদান নিয়ে কাঠামোর উপর আভিশয় ও অলঙ্কারের বাহুলা বর্জন করে গান রচনা এবং তৃতীয় স্তরে বা শেষ যুগে অন্তভৃতি-প্রধান, রাগ-রাগিণী ও কাব্য-রসের গঙ্গা-ধমুনা সন্ধম।

ন্তর-ভাগ অথবা পর্যায়-বিভেদ সম্বন্ধে শ্রীশান্তিদেব ঘোষ স্থানে স্থানে বিস্তৃত বিশ্লেষণের প্রয়োজন অমুসারে প্রসাক্ষকেয়ে নানাভাবে উল্লেখ করেছেন। শ্রীস্থামী প্রজ্ঞানানন্দ প্রসাক্ষকেয়ে বলেছেন যে স্তর-ভাগের ওপর ভেমন বিশেষ করে নির্ভর করা চলে না। তবে স্তর-ভাগগুলো সংগীত-বোধের ও স্থর-প্রয়োগের ক্রুমবিকাশ এবং ক্রমপরিবর্তন দেখাতে সাহায্য করে সন্দেহ নেই। যাঁরা

সংগীতকে রাগসংগীতের স্তর বা লক্ষণ ছারা ব্যতে চেষ্টা করেন তাঁদের কাছে রবীক্রনাথের গানের শুর বা পর্যায় বিভাগগুলো তিনটি যগের চিত্রে বিভিন্ন ধারায় বোঝাতে পারলেই স্থবিধে হতে পারে বলে মনে হয়। প্রথম যুগের গানে বে-প্রপদী রূপই অমুস্ত হোক না কেন, কোথাও 'অমুকরণ' শব্দটি বাবহার করা উপযুক্ত মনে হয় না। বরং রবীক্রনাথ গ্রুপদভঙ্গিকে হক্তম করে স্বচিস্তিত ব্যক্তিগত ভঙ্গিতে রূপদান করেছেন বলা যায়, কারণ প্রুপদভঙ্গির গান-গুলোকে নানান কারণে সম্পূর্ণ প্রপদ (অলক্ষত) রূপে গাইবার অধিকার রবীল-नाथ तमन नि। ध शांति भीष, शमक, वांते, मुक्की, बार्टका ७ नानान कुत প্রয়োগের প্রতাৎপন্ন (Extempore) কায়দার বাবহার স্বীক্ত নয়। व्यवहात्रक अर्वक्राल श्रीकात कता याग्र ना तत्वहें द्वीक्रनार्थत अल्लाहात्वत ্রচনাগুলোও স্বতম্ব ভাবেই শেখার ও গাওয়ার দরকার হয় ৷ প্রথম যুগের গান রবীন্দ্রনাথের কাচে "ইমোশনাল" হোক বা প্রবপদের স্থায়ী অন্তরা পেকে স্তরকে আহরণ করে নিজের মতে প্রয়োগ করাই হোক, কোথাও কথার গাঁথনি ল্লথ অথবা কাব্যগুণ থেকে মুক্ত, মামূলী গীত নয়। তাছাভাপ্ৰথম খগেই সংগীতের দিক থেকে রবীন্দ্রনাথ নানা বৈচিত্ত্যের সার্থক experiment কবেননি একথাও বলা চলে না। স্থরবিভাগ সম্বন্ধে রবীন্দ্রনাথ এ ধরণের কোন ইঙ্গিত দেন নি, বরং সামগ্রিক ভাবে তাঁর ব্যক্তিগত সংগীত-মতকে বিশ্লেষণ করেছেন—বিষয়বন্ত এবং কথার প্রতি লক্ষ্য রেখে। এইজন্মে, তাঁর গানের শ্রেণীবিভাগে পুজা, প্রেম, প্রকৃতি প্রভৃতি প্রসঙ্গলোও এসম্পর্কে বিবেচা হয়ে নাঁডায়।

মোটাম্টি রবীক্রসংগীতের গঠন-প্রকৃতিতে ক্রমপরিবর্তন এবং বিভিন্ন সংগীতরূপের হুর বা বিভিন্ন পর্যায় বিভিন্ন সময়ে স্বতন্তরূপে বিকশিত হয়েছে। বিশেষ ছকে কেলে রবীক্রনাথের গানের আলোচনা বা অন্থশীলন সেছলে বিভাস্থির স্থাষ্ট করতে পারে। রবীক্রসংগীতে স্থরপ্রয়োগের বহুম্থিতার বিচারই এই সব পর্যায়ের বা হুরের মধ্য দিয়েই স্বীকৃত। শিক্ষার সময়ে ও শিক্ষার ক্ষেত্রে প্রপদর্শরের গানগুলো প্রপদের মত মৌলিক রীতিতে অভ্যাস হয়ত চলতে পারে। কিন্তু রবীক্রনাথের গানের স্থার ও কথা উচ্চারণ, অলকার-প্রয়োগ, ভাব-বৈচিত্র্য স্বতহ্র গায়কীর দাবী করে। এজন্তে দেখা যায় বহু আলোচনা, নির্দেশনা ও উৎসাহ সত্তেও রবীক্রনাথের প্রপদাক গানকে মৌলিক প্রপদের মতো সাজিয়ে ভুল করা যায়না। শ্রীস্বামী প্রজ্ঞানানন্দ বলেছেন,

"রবীজ্রনাথের গ্রুবপদ ও ধামার গানগুলিতে রাগরূপ, রস, ভাব, গান্তীর্য ও লালিতা পুরোমাত্রায় বন্ধায় আছে, যদিও প্রকাশভদীতে পার্থকা রয়েছে।" এ সম্বন্ধে সংক্ষেপে বলতে পারি, প্রকাশভদি গানের প্রাণ, "Form is the soul" এবং সেজগু প্রকাশভদির পার্থকোর জ্বেই সমন্ত শিক্ষাপদ্ধতি ও রূপটিকে স্বতন্ত্রভাবে বুঝে নেওয়া দরকার।

দ্বিতীয় পরিচ্ছেদ রবীন্দ্র-সমসাময়িকগণ

বিভেক্তলাল

বিজেজনালের গান আজকের দৃষ্টিতে রবি-প্রদীপ্ত যুগের আর একটি বিশিষ্ট জ্যোতিকের দীপ্তির অফুরুপ। রবীন্দ্র-সমসাময়িকদের মধ্যে বেখানে রজনীকান্ত তাঁর গানের বিষয়বস্তু প্রাধান্ত এবং স্করদংযোজনা ইত্যাদিতে সহজ্ঞ-সর্লতার জন্ত একটি স্বাদন করে নিয়েছেন,সেথানে দ্বিজেন্দ্রগাল স্বন্ধ একটি কারণে গীভরচনায় সার্থকতা লাভ করেছেন। গীতরচনা প্রথমে নাটকের প্রধান একটি দিক হিসেবে দ্বিজেন্দ্রলালের সাহিত্যে বৈশিষ্ট্য লাভ করে। কিন্ধ ভারও অভিরিক্ত—নব-জাগ্রত দেশপ্রীতির উপযুক্ত গীতিস্টির জন্তে নতুন ধরণের স্থর-সংযোজনার প্রয়োজন হয়। विष्कुलनात्नत গানের এ দিকটি যুগান্তকারী রূপ ধারণ করে। জাতীয়তা-বোধ মূল উদ্দেশ হওয়ায় স্থরপ্রয়োগের একটি রীতি উদ্ভাবন করেন ছিজেন্দ্রনাল। তথনও হুরসংগতি বা harmonisation-এর পদা সম্পূর্ণ অভ্যাত। কিন্তু সমবেত কঠে বীরত্বভোতক গান রচনার স্পৃহা তাঁর ইতিহাসপ্রবণ মনটিতে প্রবল বেগ সৃষ্টি করে। এ সম্পর্কে দিজেব্রুলালের মনে পাশ্চাত্য সংগীতের প্রভাবও বিশেষ ছিল। শুধু স্থরসংযোজনার বিচারে ইতিহাস অন্তুসন্ধানের প্রয়েজন সামাত। কয়েকটি গানের রচনা-রীতিই এ বিশ্লেষণের একমাত্র তথ্য। বিশেষ কয়েকটি গান, ষথা—(১) ধন-ধাত্যে-পুষ্পে ভরা (২) ভারত আমার ভারত আমার (৩) বন্ধ আমার জননী আমার (৪) খেদিন স্থনীল জলধি হইতে উঠিলে জননী ভারতবর্ধ-এ পর্যায়ে বিচার্ধ। দেখা ষেতে পারে যে গানগুলোর হুর আবেগ-প্রকাশের উপযোগী মুক্ত-কর্ছের मारी करत्रिका। कालीयलारवाथ रयम्म পान्ताला প্রভাবের ফল, এ ধরণের চারণ-কণ্ঠের স্থর-প্রযোজনাও কতকটা মুক্ত মনের সৃষ্টি ৷ গুধুমাত্র একথা বলা শ্রেয় যে জাতীয়তাবোধের এ গানগুলো একদিকে নাটকীয়তার অভিঘাতের স্ষ্টে, **অ**ক্তদিকে এ প্রেরণায় দিশী পদ্ধতির স্থার-সংযোজনার প্রভাব বিব**জি**ত— যদিও এর শিকড় ছিল দেশের মাটিতে। আছকের দৃষ্টিভলিতে গানগুলো প্রতি পর্বে স্থরের সহজ্বসাধ্য সমধ্যে কর্চে গীত হবার উপযুক্তভা প্রমাণিত

করে, প্রতি পংক্তির অংশে অংশে স্থরগুলো লক্ষ্য করা যেতে পারে। গীতি-রচনা—চিরাচরিত পদ্ধতিতে রাগরীতিকে তথাকথিত উপায়ে স্থায়ী অস্তরা সঞ্চারী আভোগে সংরক্ষণ, বক্তব্যকে স্থরকলির ছারা প্রকাশ। ছিজেন্দ্রলাল জাতীয়তার আবেগকে স্থরের বেগ ও শক্তি দান করবার জল্ঞে স্থরের উপযুক্ত তার ও স্থরকলি কল্পনা করেন। এ কল্পনার পরিসরটি সামান্ত ও সীমিত, কিন্তু এর প্রভাব অপরিসীম; তা ছাড়া গীতি রচনার একটি দিকে ঐতিহাসিক প্রারম্ভ। এ গানের বিষয়বস্ততে স্থরের কলি ও পর্ব হোজনার জন্তেই ছিজেন্দ্রলাল অভান্ত মৌলিক। ৢএ অর্থে আমরা দেখব সমসামিকি রজনীকান্তের রচনায় অম্বন্ধ্রপ মৌলিকতা নেই। অর্থাৎ আজও গীতি-ভঙ্গি অথবা স্থর-রচনার ত্ব-একটি ক্ষেত্রে বলা যায় 'ই্যা, এ হচ্চে ছিজেন্দ্রলাল।' রবীক্স-সমসামিকি কালে ছিজেন্দ্রলালের রচনাকে জনগণের প্রতি সামগ্রিক দৃষ্টিভঙ্গি রেখে অন্তের গাইবার objective ধরণের স্থর-রচনা, বলা যায়।

এখানে স্বরস্টিতে গভীরতা, স্ক্ষতা ও বিভৃতি থাকা সম্ভব নয়। গান যেমন আত্মভাবপ্রসারী নয়, কথাগুলোর গায়নপদ্ধতি সাধাসিধে এবং বর্ণনাত্মক, বিশ্বন্ত, স্থরকলিগুলো ঠিক তেমনি। এজন্তেই দ্বিজেন্দ্রলালের স্থর নাটকীয় প্রক্রিয়ার ফল বলে উল্লেখ করা হয়েছে। রঙ্গরসিকতা এবং হাসির গানের বারা বিজেক্রদাল রজনীকাস্তকেও প্রভাবিত করেছিলেন। হাস্তরস-স্ষ্টিতে রাগদংগীতের স্থরপ্রয়োগের তেমন কোন স্কযোগ নেই। রাগ-• সংগীতের প্রতি পদক্ষেপেই গায়ক ও শ্রোতার মন রবীক্রনাথের উল্লিথিড 'অনির্বচনীয়তা'র দিকে স্বভাবদিদ্ধ ভাবেই চলে যায়। একেত্রে আবেগ-গুলোর বিস্তৃত বিভাগ করে পরীক্ষণের স্থযোগ আছে। 'কিছু হাস্তরসের বেলায় তা অবাহ্তর। অবশু আদ্ধকের যুগে রাগ-সংগীতে বিশেষ বক্তব্য প্রকাশের নানা পদা ও রীতি পরিক্ট হয়েছে, সে বিষয়টি স্বতন্ত্র ভাবে বিচার্য। কিন্তু হাশুরসোদ্দীপক গান বিষয়বস্তু-প্রধান বলেই, ভাতে স্তর সংযোজনার পরিসর সংকীর্ণ এবং ভঙ্গিপ্রধান। বাগের মধ্যে ওঁদাসীল, তঃখ. ব্যথা, ক্লান্তি প্রভৃতি ভাবগুলোর নির্দিষ্ট বচনীয় প্রকাশ নেই ; এজন্মে রাগগুলো আবেপক্টিতে যে ভাবে সহায়ক হয়, ক্রোধ বা হাস্ত প্রকাশে সেরপ হতে পারে না, এ জয়েই এই ভাবগুলোতে ভঙ্গির প্রাধায়। রবীক্রনাথ ছৃ'একটি জ্মিগায় ভঙ্গিকেও হাশ্মরসের কাজে লাগিয়েছেন। যথা, 'হেঁচ চো'-কে

গানের মধ্যে প্রয়োগ একটু নাটকীয় রীতি বলা যায়। অর্থাৎ হাশ্বরসের গানে স্থরদানে প্রকাশভবির আতিশয় হাড়া আর তেমন মৌলিকডার উদাহরণ দেওয়া সম্ভব নয়। স্থরের মাধুর্য ও স্ক্রভা মানবমনকৈ যে পরিমণ্ডলে নিয়ে যায়, দেখানে কি হাসি স্ঠি হতে পারে না ? হুটো অসম স্থরের আকম্মিক ও অতর্কিত বিক্তাস করে বিশিষ্ট গায়ক প্রোভার মধ্যে হাসির স্ঠিকরতে পারেন হয়ত। কিন্তু সে স্ক্রভা ও কলানৈপুণা, হাশ্বরস স্ঠি থেকে ক্ষতর।

ধরা যাক, পেটুকতা, চৌর্য, হঠকারিতা প্রভৃতি বুদ্ধিগুলোর সঙ্গে সৎবৃত্তির একটা বিরোধ আছে। এই বিষয়বস্তুতে যদি কীর্তনের স্থর প্রয়োগ করা যায় তবে হয়ত স্বভাবতই একদরণের রসিকতার স্বষ্ট হতে পারে শুধু বিশরীত ভাব-স্থাপনার দ্বারা। দ্বিজেন্দ্রলাল তা করেছেন এবং রজনীকান্ত তাঁর দারা প্রভাবিতও হয়েছেন। এ মর্থে দিজেল্ললাল যতটা মৌলিক. রঙ্গনীকান্ত তত্তা মৌলিক নন। কিন্তু ত্রুও এ কথা বলা চলে ধে সাহিত্যের এবং ব্যবহারিক সংগীতের দিক থেকে হাসির গানের মূল্য ঘা-ই থাক না কেন, সংগীতের দিক থেকে এর মুল্য দামাতা। হাদির উদ্দেশ্তে স্থরসংযোজনার পন্থা যে কোথাও দেখতে পাওয়া যায় না. এমন কথা বলা চলে না। পল্লী-গীতির একটি অংশে সুল রসিকভা বিশেষ অঞ্চলে দেখা যেতে পারে। ৺ছকুমার রায়ের রচনায় হার প্রয়োগ করে দার্থক হাস্থরদের অবভারণা করা হয়েছে (গ্রামোফোন রেকর্ডে এবং আকাশবাণীর লঘুসংগীত বিভাগে)। লৌকিক গীতিতে বছ পর্যায়ের রদিকতা, লেষ, ব্যক্ত ও বিজ্ঞাপের প্রয়োগ হয়ে থাকে। ভাঁড়ামোর ব্যাপারটিতেও স্বরপ্রয়োগের চেষ্টা দেখা যায়। কবিগানে স্থল হাসি প্রকাশের ক্ষেত্রটি বছদুর পর্যস্ত প্রসারিত ছিল। কিন্তু লৌকিক গীতিই প্রধানতঃ এই ভাবটির অবলম্বন। ভক্তিমূলক রচনায় রামপ্রদাদের স্কারদিকতাও লক্ষ্য করা যেতে পারে, কিন্তু তাতেও স্থরের কোন স্বতন্ত্র সত্তা নেই। অর্থাৎ হাস্তরপাত্মক গান বিষয়বস্তু-প্রধান বলেই সংগীতাংশে দরকার হয় ভবি। স্থর সংযোজনা বা সঙ্গীত প্রকাশের বিশেষ রীতির পরিসরের মধ্যে তা আসে না। এ প্রক্রতির হাস্তরস বা রদিকতা সংগীতের বিষয়বস্ত হতে পারে কিন্তু কতটা সংগীত হতে পারে তা বিচার্য।

মোটামৃটি সংগীতের দিক থেকে বিজেপ্রকালের মৌলিকভা দেশাত্মবোধক

সংগীতের পর্ব ও স্থরকলি বিস্তাদের উদ্ভাবনীতে শ্বরণীয় হয়ে থাকবে, রবীন্দ্র-মনাময়িকদের মধ্যে বিজেন্দ্র-জ্যোতিক্ষের দীপ্তি অসামান্ত ও অনক্ত। বিজেন্দ্রলালের স্থরের জগতে নাটকীয় ঘাত-প্রতিঘাতের সৃষ্টি হয়েছে। গানে হাক্তরস স্থাটির মূলে যে আকস্মিকতা রয়েছে, তারও মূলে আছে নাটকীয় মনোর্ছি। ভারতীয় সংগীতের স্থরজগৎটা আত্মকেন্দ্রিক বলে এর মৌলিকতা আমরা সহসা বুঝে উঠতে পারি না। রবীন্দ্রনাথের প্রবল lyric (গীতিকবিতা)-এর বক্তায় সে সনয়ে যে ভাবে মনকে ভাসিয়ে নিয়ে চলেছিল, বিজেন্দ্রলালের সীমিত পরিসরের এ নাটকীয় গুণগুলিকে বিশ্লেষণ করে ব্যুবার স্থযোগ তেমন ভাবে হয়ে ওঠে নি। ব্যুক্তিকে রাগ্রাক্ষম গানগুলার তেমন প্রসারও হয় নি।

- ১ দ্বিজেক্রলাল সম্বন্ধে জীদিলী পকুমার রায়ঃ
- (১) ইরোরোপীয় সংগীতের প্রভাব রবীক্রনাথের উক্তির ছার। সমর্থিত—"তার গানের মধ্যে মুরোপীর আমেজ বাদ কিছু এনে থাকে তাতে নোবের কিছুই থাকতে পারে না, যদি তার মধ্য দিয়ে একটা নতুন রস স্থাপন মর্যাদায় ফুটে ওঠে।"
- (২) টপথেয়াল ভলি বিজ্ঞেলনাল স্থরেন্দ্রনাথ মজুমদারের কাছ থেকে শেথেন, তুজনে ছিলেন বাল্যবন্ধু। (সপ্তম শরিচেছদে টগ্রা-প্রসক প্রষ্টব্য)
- (৩) রবীন্দ্রনাথ ও বিজেন্দ্রলাল উভয়েই ধ্রুপদ, থেয়াল, টপ্না তিন শ্রেণীর গানই রচনা করেছেন—কিন্তু রবীন্দ্রনাথের মূল প্রবণতা ছিল গ্রুপদের দিকে আর বিজেন্দ্রলালের থেয়ালের দিকে, এ বিষয়ে সন্দেহ নেই।
 - (৪) দ্বিজেক্রলালের কতিপর গান রাগভঙ্গিম (পরিশিষ্ট স্তইবা)

শ্রীন্দ্রনাথ প্রজ্ঞানানন্দ্র বলেছেন: (২) ছিজেন্দ্রলালের তুসনার বিলিতি হরের সংমিশ্রণে রবীন্দ্রনাথের প্রেরণা মৌলিক, ছিজেন্দ্রলালের প্রেরণা অনুবাদ-প্রবণ, (২) হাসির গানে ছিজেন্দ্রলাল ব্যঙ্গ-বিদ্ধাপের চেয়ে কৌতৃক রসের প্রয়োগ করেছেন বেশি, (৩) কোরাস্থ বা সমবেত কঠের বাংলা গানের আধুনিক রীতির প্রথম প্রবর্তক কথাটি অযৌক্তিক। রবীন্দ্রনাথ ও ছিজেন্দ্রনাল বাংলার টপথেয়াল রীতির প্রবর্তক কথাটি অযৌক্তিক। রবীন্দ্রনাথ ও ছিজেন্দ্রনাথের পূর্বেও টপথেয়ালের বহল প্রচার ছিল। ডক্টর অমিয়নাথ সাহ্যালের মত সমর্থন করে ইনি বলেন, টপথেয়ালের রীতি প্রবর্তনের উৎস সন্ধান করা বায় প্রী-মধ্যোর চক্রবর্তী থেকে। রবীন্দ্র-সমসামিরিকগণ ধারক ও বাহক হরে দাঁড়ান। (রবীন্দ্র প্রতিভার দান) ও ছিজেন্দ্রলাল সন্ধন্ধে বাংলার গীতিকার' গ্রন্থে বর্ণিত করেকটি লক্ষণ: (২) পাশচাত্য সংগীতের সার্থক প্ররোগ এবং সে জন্তে সংগীতের ক্ষেত্রে উংকে একছরে করবার চেষ্টা

রজনীকান্ত

রবীক্স-সমসাময়িক গীতি-রচয়িতাদের মধ্যে রক্তনীকান্ত সেনের গানের আচ্চিক বিশ্লেষণ করতে গেলে দেখা যাবে স্থরসংযোজনার ক্ষমতা রজনীকান্তের রচনার প্রধান গুণ নয়, স্বকীয় সংগীতপ্রতিভা রক্ষনীকান্তের পান রচনার মূলে ছিল একথা নানা জীবন-কথায় ও স্মৃতিকথায় পাওয়া যায়। তন্ময় হয়ে যাঁরা রজনীকান্তের গান শুনেছেন তাঁদের কথা থেকেই বোঝা যায় স্বত:ফর্ত গীতি-প্রতিভার অভিব্যক্তি রন্ধনীকান্তের performance বা প্রকাশ-শক্তিতেই বিশেষ ছিল। দেই শ্বকণ্ঠের রেশ প্রসারিত হয়ে জনচিত্ত জয় করেছিল। সেইরূপ স্কঠের নজ এই যে, সে অভিব্যক্তি যদি প্রকৃত মনজয়ী কথাকে অবলম্বন করতে পারে, তবে কোন না কোন রূপে সে কালজ্মী হয়ে বেঁচে থাকে। বহু পল্লীগীতি মালিকানার সাক্ষ্য বহন করে না, কিন্তু হয়ত কোন কালজ্মী বঠ থেকে উৎসারিত হয়ে আজও নানা ভাবে বিস্তৃত হয়ে রয়েছে। সংগীতের ক্ষেত্রে আজ ফুল্মত। ও জটিনতা এনেছে, সেম্বন্তে সহজ উদাত্ত কঠের প্রকাশে মহিমা ধরা পতে না, বিশেষ করে গানের যান্ত্রিক প্রকরণে সহজ সরল অভিব্যক্তি কানে ধরা প্রবার স্থযোগ হলে। বহুবর্ণের বৈচিত্রের দরুল এরপ বাজি-প্রতিভার অসামান্ততা সহসা ককা করা যায় না। তাই আজ আর রজনীকান্তের মত প্রতিভার জন্ম সম্ভব নয়, সম্ভব হলেও ফল্লতা ও জটিলতার পাকে পড়ে নতন রূপে ধরা না পড়লে গীতিরচনা স্বীকৃত হতে পারে না। কিন্তু রবীন্দ্র-সমসাম্থিক যুগে বর্তমান দৃষ্টিভঙ্গির জন্ম হয় নি, সংগীতের কেতে স্থরকার শীতিকার এবং গায়কীর ক্ষেত্রগুলো স্বতম্ব হয় নি। দেখনে রজনীকান্ত রবীল্র-শালোতে উদ্ভাসিত আকাশে একটি অত্যজ্জন ছো।তিম মাত্র। কিন্তু তবুও দীপ্তির কারণ ব্যাখ্যা করা দরকার।

পোশ্চাতা সংগীত সথকে ছিজেন্দ্রলালের বাজিগত আকর্ষণের যপকে উক্তি "বিলাতে প্রবাসে নানা বন্ধুর নিকট ছোটগাট ইংরাজি গান শুনিতে শুনিতে শুনিতে শুনিতে শুনিতাম, বাং, এ মন্দ্রই বা কি ? ক্রমে তাহার অনুরাগী হইরা আরও শুনিতে চাহিতাম এবং শেবে আমার ইংরাজি গান শিথিবার প্রবৃত্তি হইল"), (২) আবেগপ্রবর্ণতা ও মর্মশেশী আকুলতা, (০) দৃশুভঙ্গী ও স্থর বিভারের সহজ রূপ (কারণ, তার টপ-এথরালজাতীর গানের মূসে স্ব্রেক্তনাথ মুজুম্বারের প্রভাব বিশেষ ভাবে বিভামান।) (৪) বাংলা সংগীত গঠনের পর্বারে একজন প্রধান স্থরস্ত্তী—শুধু বদেশী সংগীত এবং হাসির গানের রচন্তিতা নন, (৫) ছিজেন্দ্রলালের স্থরের প্রকৃত রূপটি থিয়েটারের জক্তে অথবা বঙ্গালয়ের বিকৃতির ফলে অনেকটা ক্র্মা হয়েছে।

রবীক্রনাথের গানের সঙ্গীত-পরিবেশের কথা বলেছি। সেধানে কথার ঐশর্ষের সঙ্গে বছ বিচিত্র স্থরের ঐশর্ষ সংমিশ্রিত হয়েছে এবং একটি রূপ-সমগ্রতার স্বান্ট করেছে। কিন্তু রক্জনীকান্তের রচনার বিশেষ বৈশিষ্ট্য সরলতা। কাব্যিক রীতি থেকে মৃক্ত কথার সহজ সরলতার মৃল্য গানের জগতে অনন্ধী-কার্য। রবীক্রনাথের গানের পাশাপাশি সেজন্তে হেমন সহজ পল্লীগীতি শোনবার শ্রোতা রয়েছে, তেমনি সাধারণ ও সহজ ভাব প্রকাশক গান অন্থসরণ করবার চেষ্টাও শ্রোতামাত্রের মধ্যে স্বাভাবিক। সাধারণ সংগীতের ক্ষেত্রে বাগ্বৈদেশ্ব্য বা কাব্যিক ভাবপ্রকাশের স্থযোগ অতি সামাত্য। কাব্যিক রীতির কথা-রচনায় স্থরসংযোগ সাধারণের মন সহজে আরুষ্ট করতে পারে না। যদি কাব্যকে গান বলে চালান যেত তবে সব কবিতাই গান হতে পারত। স্থর-প্রয়োগের জন্তেই গীতিরচনার আদ্বিকের স্বান্টি এবং সেথানে সহজ্ব-সরলতাও একটি বিশেষ দাবী।

সমসাময়িক কৃচি অফুসারে কতকগুলো চিরস্তন আবেদনের সহজ **অভিব্যক্তি-সমন্বিত গান সাধারণত: সহজ চলিত স্থারে অভিব্যক্ত হতে** দেখা যায়: অধিকাংশ কেত্রে বক্তব্য বিষয়ই প্রধান, স্থর ওধু প্রকাশের অবলম্বন কিছ তার আঙ্গিকের বৈশিষ্ট্য নগণ্য। রজনীকান্তের গানে স্থরের আঞ্জিক অপ্রধান। রঙ্গনীকাস্তের রচনার ভক্তিমূলকতা, দেশপ্রীতি এবং জীবনসমন্বিত গীতি ছাড়া মৌলিকতা কুর্ত হয়েছে হাস্তরসাত্মক গানে ও বিজ্ঞপাত্মক রচনায়। এ ধরণের রচনায় স্থরসংযোজনার বৈশিষ্ট্য তেমন স্পষ্ট ও প্রত্যক্ষভাবে ধরা পড়ে না, এ কথা পূর্বেই বলেছি। কাজেই রজনীকান্তের গানের সহজ, সরল অভিব্যক্তি এবং প্রচলিত স্থর-প্রকরণের বিশ্লেষণ কংলে এই সিদ্ধান্তে আসা বেতে পারে যে রজনীকান্তের সংগীতের আকর্ষণ শুধু সরল স্থর সংযোজনার পরিচ্ছদের অন্তরালে ঋজু এবং জটিলতাহীন প্রত্যক্ষ ভাবসৌন্দর্যের আকর্ষণ ! উদাহরণ স্বরূপ যে গানগুলো সাধারণ্যে বিশেষভাবে প্রচারিত, দেগুলোই ধরা ষাক: (১) পাতকী বলিয়ে কিপো, (২) তুমি নির্মল কর মঙ্গল করে, (৩) তোমারি দেওয়া প্রাণে, (৪) আমায় সকল রকমে কালাল করেছ, (¢) কবে তৃষিত এ মকু (পরিশিষ্ট ল্রষ্ট্রা)। এই গানগুলোর সহজ সরল আবেদন প্রচলিত সাধারণ ভাবের অমুষদী বলেই এদের কথার সহজ वियम्बद्धार्ड भाकर्ग दिन दम, किंद्ध स्दात देविहित्वात निक थ्या अक्षा সরঁল, পরিচিত অর্থাৎ, স্থরের অতি সাধারণ সংবেদন মাত্র। রজনীকান্তের গানে স্থরের প্রবোজনায় তেমন কোন ব্যক্তিছের আরোপ হয় নি। বিজনীকান্ত রবীক্র-সমসাময়িকদের যুগের গীতি-রচিয়িতাদের মধ্যে অক্যতম ঐতিহাসিক সত্তা এবং আজ সে গানের নির্দিষ্ট আসন রয়েছে ঐতিহাসিকতার দিক থেকে। ইতিহাস প্রকাশ করছে, রবীক্রনাথের রচনার কাব্যিক এবং কলাসমত ভাষা ও স্থরের উবাহের পাশাপাশি, স্বতম্ব ধরণের সহজ-সরল-ঋজুভঙ্কির কথা ও স্থরের একটি বিশিষ্ট আসন হয়েছিল—গীতিকারের বিষয়বস্তুর মৌলকতার জন্তো। এক্তেয়া রজনীকান্ত বিশেষভাবেই স্বভাবকবি, স্থরসম্পদ তাঁর জীবদ্ধশার কান্তি ও ঐশর্ষ। এ যুগে সে কান্তির ছায়া অম্পরণ করে আমরা তাঁর ব্যক্তিস্থকে ব্রতে পারছি, আনেকটা ঐতিহাসিক এবং অভীতের প্রতি স্থ সমানবোগ নিয়ে রজনীকান্তের গান শোনা আজ আমাণের কর্তব্য।

অতুলপ্রসাদ

অতুলপ্রসাদের সংগীত-জগৎটা পরীকা-নিরীক্ষার বিস্তৃত ক্ষেত্র। রজনী-কাস্তের আবেগপ্রবণতা এবং দিজেন্দ্রলালের নাটকীয় বৃত্তি অতুলপ্রসাদে নেই। অতুলপ্রসাদের মৌলিক সংগীতপ্রীতিই গীতিরচনার মূল আবেদন। সংগীতকলার প্রতি অতুলপ্রসাদের পক্ষপাত থাকায় তাঁর গানের মূল আবেদনটা হয়েছে স্থর-জনিত, কথার রচনা সেজত্যে সহজ ভাবপ্রকাশমূলক। অতুলপ্রসাদ যেখানে সমসাময়িক দেশপ্রীতিতে উদ্ধ হয়েছেন সেখানে অবখ্য চলিত পদ্বায় গান রচিত হয়েছে। শুধু ভারতীয় সন্তার প্রতি প্রতি, বাঙালীয়ানার প্রতি আকর্ষণ, ভাষার প্রতি ভাবত্রময়তা তাঁকে প্রভাবিত করেছিল। রবীক্র-অমুক্ত স্থররচনার পদ্বা তিনি এসব ক্ষেত্রে গ্রহণ করেছেন।

অতুলপ্রসাদের আত্মিক যোগাযোগ ছিল হিন্দুস্থানী গানের লঘুথেয়াল, ঠুমরী ও দাদরার সন্ধীতরূপগুলোর সন্ধে এবং তাকে সহজ ভাবেই প্রয়োগ করেছেন। স্থরকলিগুলো সাদাসিধা ভাবে রূপান্তরিত করেছেন, বাংলা কথার মর্যাদাকে ক্ল হতে দেন নি। অর্থাৎ স্থরকলির যুক্তিসংগত প্রয়োগে কথার সঙ্গে সমতার হৃষ্টি করেছেন। অত্লপ্রসাদের সংগীত রচনার আরম্ভ স্থর-প্রবণতা থেকে হলেও কাব্যিক ফ্রেমটি তিনি শক্ত বাধনে বেঁধেছিলেন। একজে অতুলপ্রসাদের আনেক গানেই কাব্যিক ভাবপ্রবাহকে বাধা দিয়ে স্থর বিভার

করা যায় না। যদিও কোন গানে হুরকে হয়ত বন্ধন থেকে মৃক্ত করবার কতকটা পথ প্রশন্ত করে রেখে গেছেন কিন্তু গায়ক মাত্রেই দেই স্বাধীনতা গ্রহণের জন্তে চেষ্টা করেন না। দাদ্রার রীভিতে রচিত একটি অভি-পরিচিত গান "ওগো নিঠুর দরদী তুমি একি থেলছ অহুখন" ধরা যাক) ঠুমরী ও দাদ্রা প্রেমের গান / আবেগের ছোট ছোট অমুভাবগুলো যে মুরের কলিতে ভঙ্গির षाता প্রকাশিত হয় তাকে 'বোল' বল। হয়ে থাকে। দাদ্রা গানের উপযুক্ত বোল তৈরির স্থােগ এ গানটিতে স্পষ্ট ভাবেই রয়েছে, কিন্তু স্থর-সহযােগে এরপ ভাববিস্থৃতিতে অতুলপ্রসাদের গানের গায়করা অভ্যন্ত নন ! व्यमारम्ब (शव कीवरनव बहना "छाटक दकारयना वादव वादव" शोक्रमें स्नाव बादन রূপায়িত; মনে পড়ে, স্বরলিপিদহ 'বিচিত্রা'তে প্রকাশিত হয়েছিল। কিন্ত গানের সময় তুনি থেয়ালের রূপদান করতে কোন গায়ককে দেখা যায় নি। 'সে ভাকে আমারে' ভাতথণ্ডেজীর 'ভবানী দয়ানী'র ছায়া 🕂 কিন্তু, কেউ সেভাবে গান করে না। ভৈরবী অথবা থামাজের ঠুমরী-নীতির প্রযোজনা সত্তেও অহরপ গানগুলো কোন গায়কীতে দেরপ পেয়েছে বলে ভানি না। অন্ততঃ আজকালের রাগ-প্রধান রীতির রূপদানও তাতে অজ্ঞাত। এর কারণ হটো, অতুলপ্রদাদের গীতিরচনাও কাব্যিক-রীতি-প্রভাবিত, রবীক্রনাথের ভাব ও ভাষার প্রভাব থেকে তিনি মৃক্ত নন। দ্বিতীয়ত:, রবীক্রনাথের গানের সম্বন্ধে প্রতিটি কথা অতৃনপ্রসাদের গানের ক্ষেত্রে প্রযুক্ত হতে পারে। षर्था पारना शारन, पारना तहनात्क ख्रत-म्प्पूर्व करत हिन्दुशनी शारनत मछ করে তোলা সম্ভব নয়, তাতে বাংলার ভঙ্গি রক্ষিত হয় না। কিন্তু, একথা সত্য যে অতুলপ্রসাদ হুর রচনায় লক্ষ্ণোতে প্রচলিত সাধারণ রাগসংগীতের রীতি প্রয়োগ করেছেন। তুয়ের সমন্বয়ে অনেক স্থানে রাগের রূপ বা ঠুমরীর কায়দা পরিচ্ছন্ন ভাবে প্রকাশ হয়েছে। তবে, গানগুলোকে সেভাবে গাওয়া হয় না, কারণ কথা ও শব্দ রচনা গীতরীতিতে প্রাধান্ত লাভ করে। তবুও वनव, कथा ও ऋरतत मम्बद्ध ज्यानक ज्ञान हिन्दुषानी मन्नीरखत প্রভিচ্ছবি সম্ভব হয়েছে। এসব গানের গায়কীতে স্বাধীনতা গ্রহণের স্থযোগ যথেষ্টই রয়েছে। অতাদিকে রবীক্রনাথের মতো বাউলের স্থরও অতুলপ্রদাদের দার্থক व्यवनश्न श्राह्म ।

ঋতুলপ্রদাদের সংগীতের বিশ্লেষণে যে কথা বিশেষ করে বলা যায় তা
 হলো হিন্দুস্থানী গীতি-পদ্ধতিকে মৌলিক রূপে বজায় রেথে যে বাংলা ভাষায়

রূপান্তরিত করা যায়, এ পরীক্ষায় তিনিই প্রথম সার্থক হলেন। কিছ একটি ইকিত অতুলপ্রদাদের মধ্যেও স্পষ্ট ভাবেই পাওয়া যায় যে হিন্দুস্থানী রাগামুগ গান রূপান্তরিত করলেও, এই ধরণের বাংলা গানে হুরবিন্তারের সম্পূর্ণ স্বাধীনতা লাভ করা সম্ভব নয়, সামাক পরিমাণে মুক্তি পাওয়াই সম্ভব। এই সামাক্ত মুক্তি রাগ-প্রভাবিত এবং ঠুমরী-প্রভাবিত এসব গানে আশা করা যায়। অতুলপ্রসাদের গীতিরচনা রজনীকান্তের মত কবি-মন-প্রণোদিত নয়, অর্থাৎ প্রাথমিক প্রধান উৎস 'হ্বর' বলেই সংগীতের দিক থেকে এ গান আরও বৈচিত্রা-প্রধান। এজত্তেই আজও অতুলপ্রসাদের গান রবীক্রনাথের গানের পাশাপাশি চালু আছে। মাত্র হুটো দেশপ্রেমের গানের হুরে অতুলপ্রসাদ স্থর-প্রধোজনার একটি মৌলিক শক্তিকেন্দ্র সঞ্চয় করে রেখে গেছেন। বলা হয়ে পান্তক "উঠ গো ভারতলক্ষী" ইতালীয় গানের স্থবে রূপায়িত, কিন্তু সে ষাই হোক, আঞ্চকে এ গানটির মধ্যে স্থবের নতুন রূপ ধরা পড়ছে। হরপ্রযোজনার ক্ষেত্রে এ গানটির মধ্যে নতুন দৃষ্টিভঙ্গি আধুনিক গানের রীতির দিক থেকে পূর্বস্থরীর ক্রতি বলে শীকার করা যেতে পারে। রবীন্দ্র-শমসাম্মিকদের মধ্যে এ তুলনায় অক্তাক্তের রচনার বৈশিষ্ট্য রয়েছে শুধু তাঁদের ঐতিহাসিক অন্তিত্বে; রজনীকান্তের এবং ছিজেন্দ্রলালের সাধারণ গান অপেক্ষাক্বত প্রাদ্ধীন রীতির পরিচায়ক মাত্র।

বিষয়বস্তু-প্রধান গান রচনায় ছিভেন্দ্রলালের দেশপ্রেমের মৌলিকতা যেমন রহৎ ব্যক্তিত্বের প্রকাশক এবং স্বর্যান্ধনার মৌলিকতাও তাতে যেমন উজ্জ্ঞল, অতৃলপ্রসাদের রচনার মৌলিকতা তেমনি হিন্দুস্থানী রীতির বাংলা গানের প্রয়োগের মধ্যেই নিহিত। অতুলপ্রসাদের গান কতকটা আধুনিক যুগের গোড়ার রচনার মতই অধুনা-প্রচলিত হ্বর সংযোজনার দিক। অতুলপ্রসাদের মধ্যে রবীন্দ্রনাথের সংগীত রচনার পরিবেশস্প্তির বৈশিষ্ট্য নেই, কোন স্বরভিন্নতে মতৃলপ্রসাদের রীতি বলেও কোন বিশিষ্ট রূপের নির্দেশ দেওয়। চলে না, কিন্তু গানের মধ্যে এখনও প্রাণ-ম্পন্দন রয়েছে। এই জীবনের লক্ষণটি অতুলপ্রসাদের গানের ম্ল্যুবান প্রকৃতি। রাগসংগীত ব্যবহারের তাৎপর্য আজ্বামাদের কাছে স্বতন্ত্র ভাবে ধরা দিয়েছে। এ বিষয়ে অতুলপ্রসাদই প্রাথমিক দৌত্য করেছেন। ধারাটি নজক্লজের মধ্যেও স্বাভাবিক ভাবেই পরিকৃট। অওচ অতুলপ্রসাদের আপনার কাব্যিক পরিমণ্ডলটিও গৌণ মনে হয় না, যে জত্যে রবীক্রসংগীত-গায়কেরাই বিশেষ করে অতুলপ্রসাদের গান গেয়ে থাকেন।

ক্তকটা সে জন্মেও তাঁর রাগ-সংবিত গানগুলোতেও রাগ্রুপ প্রকট করা হয় না, কথা-সম্পদই বড় হয়ে দাঁড়ায়।

কথা-সম্পদের মধ্যে অতুলপ্রসাদের আর একটি অপুর্ব গুণ গীতি রচনার দিক থেকে লক্ষ্য করা যেতে পারে। ২০৪টি গীতি রচনার মধ্যে অতুলপ্রসাদ ষে ব্যক্তিত্বের প্রতিষ্ঠা করে গেছেন, ভার একটি বৈশিষ্ট্য-গানের প্রথম কলির আবেদনটিই গানের কেন্দ্রন। অতুলপ্রসাদ কতকগুলো সহজ ও সার্থক প্রথম কলি বাংলা গানে উপহার দিয়েছেন। এরপ সামাক্ত সংখ্যক গীতি রচনার মধ্যে এরপ ব্যক্তিত্বের প্রতিষ্ঠা এবং সংগীত-সত্তার পরিপূর্ণ ফৃতি আর কোথাও হয় নি। গানগুলি শক্তিমান স্থর-অভিব্যক্তির ধারকরূপে অতুলনীয়। জনপ্রিয়তা ও কথা-সম্পদের সহজ আকর্ষণী শক্তিতে স্বপ্রতিষ্ঠিত অতুলপ্রসাদের গান অনেক কারণেই কাবাসংগীতের একটি বিশিষ্ট সারিতে স্থান লাভ করে বেখানে বিজেক্সলাল অথবা রজনীকান্তের গান পৌছয় না। /মোটাম্টি, আজ टिक्शास्त्र आमत्रा त्रवीस्त्रनाटथत समनानशिकत्तत ঐতিহাসिक मैर्याना निष्य आत्रन করছি এবং আফুষ্ঠানিক প্রয়োজনে গানকে প্রভাগও করছি, সেথানে সে গানগুলোকে নতুন যুগের আন্ধিকে রূপায়িত করা দরকার। বিচ্ছেল্রলালের দেশপ্রীতিমূলক গানগুলোকে সমবেত যন্ত্রসঙ্গীতে বাজালে স্পষ্ট ও প্রত্যক্ষ ভাবে চিনে নেওয়া যায়। রজনীকান্তের একটি কি ছটি গানকেও সে-রূপদান করা যেতে পারে বলে মনে হয় 🖟 কিন্তু অতুলপ্রসাদের দেশপ্রীতিমূলক গানের আধুনিকতম क्रभावन महक वटनहें का चाक्र हानू दरब्र हा। এ क्ला वक्र कथा विहार्य। পরাধীনতার যুগে দেশপ্রীতিমূলক সংগীতের যে মূল্য ছিল্, আজকের যুগে সে গানের অহুরূপ মূল্য নেই, সে জন্মে বিশেষ প্রয়োজন ও পরিবেশ ব্যতীত এ ধরণের সংগীতের বিষয়বস্তু সহজভাবে আকর্ষণ স্বষ্ট করতে পারে না। আধুনিক কালে জনমনকে দেশের স্বাধীনতা রক্ষা ও উন্নতিকামিতার দিকে প্রভাবিত করবার জন্মে কার্যক্ষেত্রে এইপ্রকার গানের প্রয়োজন হয়ে পড়েছে। প্রয়োজনের প্রতি দৃষ্টি রেখে স্থর সৃষ্টি এবং সংগীত রচনা কতটা সম্ভব তা বিচার্য। কিন্তু দেখা যাচ্ছে রবীন্দ্র-সমসাময়িকদের কয়েকটি গান অত্যস্ত বেশি ব্যবহার করা হয়েছে এবং নতুন যন্ত্র-সংগীত-সহযোগিতার দারা কতকটা রূপাস্তরিত হয়েছে।

অতুলপ্রদাদের কতকগুলো গানের গায়কী রীতিতে আরে। স্বাধীনতার প্রয়োজন। এদমন্ত গানে রাগরূপকে প্রাধান্ত দিয়ে, গীতির কাব্যরূপকে অকুগ্ন রেখে প্রয়োজন বিশেষে ধেয়াল বা ঠুমরী রীতি প্রয়োগ দরকার। অর্থাৎ রাগাফুগ গানগুলোতে রথোপযুক্ত পরিমাণে রাগপ্রধান রীতি এবং ঠুমরী রীতি প্রযুক্ত হলেই ভাল। এ গানগুলোর গায়কীকে রবীন্দ্র-পরিবেশ থেকে মৃক্ত করতে পারলেই স্বাতন্ত্র আরও স্পষ্ট হবে।

নজ ৰুল

বাংলা সংগীতের মধ্যযুগে ও আধুনিক গানের পূর্ব যুগে, বিংশ শত্কের তৃতীয় দশকের পূর্ব পর্যন্ত, যিনি গীতিকার তিনিই হ্যরকার ছিলেন। ব্যক্তিনামান্ধিত এই পূর্বতন যুগ বলতে বৃঝি রবীক্স-দ্বিজেক্স-রজনীকান্ত-অতুলপ্রসাদের যুগ। এ দের গীতি রচনার বিচিত্র ধারার সঙ্গে আধুনিক গানের নতৃন গীতিপদার মধ্যবতী সেতৃহারণ রয়েছেন হ্যরকার কাজি নজকল ইসলাম। আধুনিকতার প্রধান লক্ষণ পরিক্ষুট হয়েছে গীতিকার ও হ্যরকারের দায়িছের হাতদ্রে।

অত্লপ্রসাদ সক্ষ্মে শ্রীরাজ্যের মিত্রের কয়েকটি লক্ষণ বর্ণনা উলেখযোগ্যঃ (১) স্থরের সরল বাভাবিক গতি ও হুগভীর অনুভূতি (২) গরিবাাপ্ত করুণ-রদের বৈচিত্রা (৬) স্থরের মধ্যে ব্যক্তিত্ব সঞ্চার (৪) বাগ-সংগীতের ধারা অনুসরণ (৫) গ্রুপনাঙ্গ রীতির অভাব (৬) কীর্তনাঙ্গ ও বাইল স্থরের মনোহর প্রয়োগ (৮) অতুলনীয় বদেশী-সংগীত স্টে। কিন্ত, শ্রীমিত্র বলেন, অতুলপ্রসাদের গানে আজকালকার গায়কদের আছুরে ও ভাকামির ভাব প্রকাশ অতুলপ্রসাদের মৃল রচনা-প্রকৃতির পরিপথী।

১ অতুলপ্রসাদ সম্বন্ধে শ্রীদিলীপ কুমার রায়:

⁽১) কোন কোন বিশুদ্ধ কাব্যরসিক একটু অবজ্ঞার চোথে দেখতে আরত্ত করেছেন এট
যুক্তিতে যে তাঁর গানের কাব্য-সম্পদ প্রথম-শ্রেণীর ছিল না। এঁরা দ্রান্ত। কারণ কোন দেশেই
গান নির্ভেশ্বান কাব্য নয়। অনেক বিশ্বিশ্রুত গানই কাব্য হিসেবে যে প্রথম শ্রেণীর কাব্য
নয়, এ কথা সকলেই জানেন।

 ⁽২) অতুলপ্রসাদের গানে তার কাবাকে হয় পেকে বিচ্ছিল্ল করে দেগলে চলবে না। ...য়য়
 ও কবিত্ব ছয়ে মিলে রনণীয় হয়েছে।

⁽৩) অতুলগুদাদের গানের অবিদংবাদিত দম্পদ এই যে তাতে গানভঙ্কি অভ্যস্ত সহজ সরল, সতঃক্তৃ—spontaneity—ত্রেষ্ঠ শিলের একটি নিতা আমুযক্তিক মন্ত এগর্ম।

⁽৪) সৰ গানেই যে অকৃত্ৰিমতা ঝল্মল করছে তা বলি না—the greatness of a man is the greatness of his greatest moments—কাৰ্য বা গান সম্বন্ধেও নে কথা।

⁽৫) ঠুমরীভব্দির গানে—ক্লরাবেগের হ্বমা, বাক্সৌন্দর্যের সৌকুমার্য এবং সহজ আনন্দ-বেদনার আবেদনে প্রাফুটিত লন্দ্রী আছে—তাকে বলতেই হয় গাঁটি—authentic শ্রেষ্ঠ ঠুমরী চালের প্রবর্তনা প্রথম অতুলপ্রসাদই করেন।

অর্থাৎ গীতিকার ও হ্রকার তৃজনার রচনার পরিমণ্ডল হুডয়, কিছু একে অপরের ওপর নির্জনীল। নজরুলের গান আহ্নিকের বিচারে বিশেষ ভাবেই আধুনিক, অথচ করিয়ভির দিক থেকে নজরুল রবীক্র-সমসাময়িকের পর্যায়ে; তাঁর গান অনেক ক্ষেত্রেই বিষয়-বস্তু-নির্ভর ও কাব্যিক। আধুনিকপূর্বযুগের গানের কথায় বিষয়বস্তুই অনেকক্ষেত্রে সংগীতের রূপ-নির্ধারক, হুরের তেমন স্বাভক্র নেই—বিশেষ করে হুর কোন একটি বিশিষ্ট আইডিয়ার স্পষ্ট করে কিনা বোঝা যায় না। কোন কোন ক্ষেত্রে হুর-রচনায় ব্যক্তিগত ভাবনার সংযোগ দেখা যায় এবং হুরের প্রকৃতি বিষয়বস্তুকে বৃঝিয়ে দিতে পারে, যথা, দেশাত্মবোধক-গানের হুরের গঠন। অনেক ক্ষেত্রে গান প্রথা অহুষায়ী রাগ-রূপ হুওয়ায় কথাবস্তুর মূল ভাবকে হুরের মধ্য দিয়েও কতকটা বুঝে নেওয়া যায়। যথা, দিন-শেষের ভাবে পূরবীর আরোপ, চর্টুল গানে পিলু অথবা মিশ্র থায়াজের প্রয়োগ। রাগ-রাগিণীর সময়-কাল ধারণার ওপর নির্ভরশীলতা হয়ত রবীক্রনাথের মধ্যে সর্বক্ষেত্রে কক্ষ্য করা যায় না অনেক রাগেই তিনি ব্যক্তিগত ভাবের আরোপ করে নিয়েছেন। কিছু হুরের বৈশিষ্ট্যে যে ভাবই ধরা থাক আধুনিক-পূর্ব যুগের গানের লক্ষণে ভাষা ও কাব্যিক বিষয়বস্তুর প্রধায়ত্য অনুস্থীকার্য।

গীত রচনায় অতুলপ্রদাদ মূলত স্থরভিদির ঘারা অনুপ্রাণিত হয়েছিলেন, কিছ তিনি কথাসম্পদকে প্রাধাত দিয়েছেন। অর্থাৎ রচনাগুলোতে এমনই কাবিকে রীতি অনুসত হয়েছে যে অনেক গানের ঘারা রবীক্স-সংগীতের অনুরপ প্রভাব স্থাই হয়। যে গানগুলো ঠুম্রী দাদ্রা অথবা খেয়ালের অনুরপ তার প্রায় সবগুলোই মূল রাগ-সংগীতের ভিদ্ন স্থাই করে না, অন্তত অতুলপ্রসাদী গানের গায়কীতে এমন কিছু পাওয়া যায় না যাতে রাগের মৌলিক ভিদ্নকে ব্রে নেওয়া যায়। কাজেই কাব্যসম্পদ থেকে মুক্ত স্থর রচনাও সংযোজনার স্থাতয়্র আধুনিক গানের বিশেষ দাবি। কিছু একথা অনন্থীকার্য যে গীতি রচনা থেকে বিচ্ছিন্ন হয়ে স্থরজগৎ কল্পনা, স্থরসংযোজনা ও প্রযোজনার রচমার পক্ষে বিশেষ ধরণের কর্মক্ষমভার দাবী করে। স্থর-রচনায় অভিনব্য উদ্ভাবন রবীক্রনাথের রচমার মধ্যে ছিল। কিছু রবীক্রনাথের উদ্ভাবিত পদ্বায় নিক্তম্ব রচনার নানান ন্তর আছে, যাতে তাঁরই ব্যক্তিগত রচনারীতির লক্ষণ অন্থসরণ করা যায়। রবীক্রনাথকে তার ঘায়া চেনা যায় সহজে। আধুনিক যুগের স্থর রচনা ব্যক্তির ভাবনা ও কবির দৃষ্টিভিদ্ন থেকে দ্রে, সম্পূর্ণ নিরপেক। স্থারর কিন, ছন্দ এবং গায়ন পন্ধতি উদ্ভাবনের চিন্তা ও তারই অন্থরণ গীতি-

নির্বাচন আধুনিক গানের গোড়ার কথা। নজকলের আগমনের দক্তে ঠিক এমনি একটি দৃষ্টিভঙ্গি এল গানের ক্ষেত্রে। রবীক্রনাথের সমসাময়িক কালে রবীক্রপ্রভাব থেকে মুক্ত হয়ে এমন ধঃণের রচনা এক আশ্চর্য কথা। রবীক্র-নাথের সংগীত রচনার শেষ যুগেই নজকল মুক্তি লাভ করেছিলেন এবং আধুনিক গানের পথ সৃষ্টি করেছিলেন।

রবীজনাথের নিজ গান রচনার যুগে তিনি নিজে আধুনিক ছিলেন সন্দেহ নেই। কিন্তু বর্তমান সংগীতে আধুনিক শকটি একটি বিশেষ অর্থে ব্যবস্থত। কথা-রচনার সক্ষে হার-রচনায় এবং হারকে বিশিষ্ট ভঙ্গিতে প্রকাশ করতে হলে, শতন্ত্ব ধরণের আন্ধিক অবলয়ন করা দরকার। এই নতুন আন্ধিকই আধুনিক গানের মূল কথা। কথার সহজ সরলতা এবং বিষয়বস্তার বাত্তবম্বিতা হার-সংযোজনার আন্ধিককে যাতন্ত্রা দান করে। এই ধরণের উপযুক্ত হারের প্রযোজনায় হারগারের প্রয়োজনীয়তা শীকার করে নেওয়া হয়েছে।

আধুনিক গানে স্থর-স্ঞ্জনের ভাবনা এবং রচনাকে অধিকতর বাস্তব-ম্থী করবার চেটা স্বীকার করে নিয়েও আরও একটি দিক থেকে ধায়, তা হচ্চে গানের ভিন্দি নির্দেশ। আদলে শ্রোতার মনোভাবের সঙ্গে প্রভ্যক্ষ ধোগাধোগ স্থাপনের জন্তে সহজ সরল অভিব্যক্তির দরকার, জীবনকে সোজাস্থজি উপস্থিত করবার অন্তর্জপ স্থরের পরিকল্পনা করা স্বাভাবিক। দেখা বাচ্ছে এই উদ্দেশ্যে স্তরকার গীতি বেছে নিয়ে অভ্যস্ত সহজ অভিব্যক্তিই বড় করে ভাবেন। স্থরকেন্দ্র থেকেই আধুনিক গানের স্থরপ্রধোজনার বিচার শুক্র, কথা থেকে নয়।

নজকলের মনটির গঠন-অভিব্যক্তিতে একটি লক্ষণ স্পাই—উচ্ছুসিত আবেগ-প্রবণতা। তাঁর হ্বর-ভাবনাতেও এ লক্ষণ হ্মপ্তাই। এধানে হ্বরের ভাবনা বলতে রাগসংগীতের কথা বলছি না। যে হ্বর অবলম্বন করে অথবা যে হ্বর প্রকাশের ভিন্নিকে নিয়ে গানে প্রয়োগ করলে গানের মধ্যে বক্তব্য ভীত্র হতে পারে এটা সেই হ্বর। দ্বিতীয়তঃ, এই ভাবনা নজকলকে এক মূহুর্ত অপেকা করতে দিলে না, প্রতিটি হ্বরকলি ও হ্বরের স্তরকে স্বত্রভাবে ভাববার জন্মে অবকাশও রইল না। হ্বরের এই স্বতঃ স্ক্রের ব্যৱস্থাবে ভাববার জন্মে অবকাশও রইল না। হ্বরের এই স্বতঃ স্ক্রের করে বিশ্বর আধ্বনিক গানের যুগের গোড়াপত্তন—একথা কপনো অস্বীকার করা যায় না। আবার এ কথাও বলা দরকার যে নজকল আধুনিক গানের প্রহা

নন। মাধুনিকতা কোন একটি বিশেষ মৃহুতে শুক্ত হয় নি এবং কোন একটি বিশেষ গানের সঙ্গে এর প্রারম্ভ স্টিত হয় না। যথন বান্তবমুখী গানের অভিব্যক্তির দরকার হল, আত্মভাবপ্রধান কবির ক্রতি থেকে গান কভকটা মৃক্ত হয়ে সহজ সরল অভিব্যক্তি দাবী করল, নজকল তখনই এগিয়ে এসেছেন। নজকলের প্রতিভা প্রথমে চলিত বাংলা গানের গভান্তগতিকতার বিরোধী রূপ উপস্থিত করল। অর্থাং সহজ ব্যক্তিগত আবেগ যুগের অগ্নিমন্তাবনাকে প্রত্যক্ষ করিয়ে দিলে এবং প্রাণের বেগ গানের রীভিকে বৈচিত্র্যা দান করে নতুন পদ্ধতি স্প্রীর স্প্রাণ্ডাবনা জানালে।

১৯২০ থেকে ১৯৩০-এর মধ্যে নজকলের প্রকাশ ও বিস্তার লক্ষ্য করা ষেতে পারে। কিন্তু, একথা স্বীকার করেও গীতস্থাইতে ধারা প্রবর্তনের দায়িত্ব আরোপ করা যায় মোটামুট ১৯৩০ সন থেকে। গ্রামোফোন রেকর্ডে এবং রেডিওযোগে সাধারণের মধ্যে গান প্রচারিত হতে শুরু হল। নজরুল স্প্রতিষ্ঠিত হলেন, অর্থাৎ নজরুলের মধ্যে যুগের দাবী অমুদারে স্থরকারের অভিব্যক্তি হল। হুর্গম গিরি কাস্তার মক্ষ লজ্যনকারী শক্তিমানের বক্ষপঞ্চর থেকে স্বত:-উৎসাথিত হার সহঞ্ভাবে প্রকাশিত হল। ন্ত্রকলের গীতি-প্রবণতায় প্রথম যুগ থেকেই একটি লক্ষণ অভিব্যক্ত হয়েছিল, সে হচ্চে উল্লাস। জীবনের সঙ্গে প্রত্যক্ষ যোগ না হলে এমন উল্লাস ও আকৃতি বেপরোয়া গতিতে ষ্ণৃতি লাভ করতে পারে না। সাধারণভাবে মনে হতে পারে স্থরের অভিব্যক্তি, গীতিকার অথবা স্থরকারের সংগতিজ্ঞানের ক্ষতি রাগরাগিণীর প্রত্যক্ষ **শভিজ্ঞতার কারিগরী-প্রয়োগমাত্র**; এজন্মে হুটো মাত্র উপাদান ক্রিয়া**দীল**— একটিতে রাগ-রূপের মধ্য দিয়ে নানা স্থরের কলি সঞ্চয় এবং অন্তটিতে তার यथायथ विज्ञाम। किन्छ नजकल्लत अवकात मनिटिक विश्लियन कत्रल এর অভিরিক্ত উপাদান লক্ষ্য করা যাবে। স্থরসংযোজনা কারিগরী মাত্র নয়. ञ्चत्रक नित रुष्टि ও विजान मत्नत्रहे रुष्टि, अला अंधिक भारत जिल्लामना अवः উल्लामन প্রবণতা অশান্ত মনের বেগ-প্রবাহ। অনেক ক্ষেত্রে রাগের রূপ বাছাই করবার ও ভাববার সময় বেন নেই, ছন্দের হিন্দোলে গতি সৃষ্টি করে স্থরকে সহজ ভাবেই উৎসারিত করা ওর ধেন প্রধান কর্তব্য। এর ফলে ছন্দোময় হালা স্থরও সহজেই প্রকাশিত হল। গানকে কান্যিক গুরুত্ব থেকে মুক্ত করে দেবার অমুরূপ পৃষ্টা নজকল অবলম্বন কর্বেন।

এডকণ আবেপপ্রবণতার সবে জীবনের দাবী সম্মিলিভ হয়ে কি ভাবে

হুরকারের মনটিকে বান্তবমুখী করে তুলেছে দেকখা বলেছি ৷ স্বাধুনিকভার আর একটি দিক হচে লৌকিক গীতি-ভঙ্গির উপস্থাপনা ও পরিচালনা। এটা কোন একটি বিশিষ্ট ব্যক্তিত্ব-প্রকাশভিক্তি নয়। রামপ্রসাদী গান বলতে, নিধবাবর গান বলতে অথবা রবীন্দ্রসংগীত বলতে আমরা বিশিষ্ট গীত-রীতি বঝি। কিছ আধুনিক বলতে এমন নিৰ্দিষ্ট বীতিকে দাঁড় করান যায় না। প্ৰথমে, আধুনিক রীতির ব্যাপ্তি সমধিক। বিভীয়ত:, স্থর-রচ্মিতার মন আত্মগত নয়, স্থরকে আপনার প্রয়োজনে প্রয়োগ করবার চেষ্টা তাতে নেই, প্রয়োগ কডকটা বহির্মপী। শ্রোতার মনোরঞ্জনের দাবী এবং বাস্তব ভাবের নানা বৈচিত্র্য-প্রকাশের দাবীকে স্বীকার করেই স্থর রচনা ও সংযোজনা হয়ে থাকে। সেজজ্ঞ কথার সহজ প্রকাশ, ছন্দোবৈচিত্তোর নানারণ হাতা রস সংযোগ এবং व्यवनीन गीं जि-छन्नित्र প্রয়োগ, বিভিন্ন ভাষা থেকে বাংলায় গানের রূপান্তর, প্রভৃতির প্রয়োজন হয়ে পড়ে। নজকলের আবেগপ্রবণ ভাষা খনেকছলে স্থর-চিস্তার সক্ষেত হয়ে দাঁড়ায়। গানের ভঙ্গিকে গতি দান করবার উপযুক্ত ভাষা রচিত হয়। অবশ্র কথার বৈশিষ্ট্য আলোচনা করবার ক্ষেত্রটী স্বতন্ত্র। কিন্তু এখানে একটি কথা বলা দরকার, অধিকাংশ কথা রচনায় শব্দ নির্বাচন এবং ছন্দ স্পষ্টতে গীতিকারের অফাক্ত গুণের মধ্যে গতি-প্রবণতাই প্রধান লক্ষণ। নজরুলের ভাব ও ভাষা ভারিকী হয়ে গানের সহজ অভিবাজিকে বাধা দেয় নি। পাঠের সময়ে অনেক গান এজন্যে কোথাও তুর্বল মনে হতে পারে, কিছ গতিপ্রবণতা নজকলের রচনার প্রধান গুণ। গীতি সমালোচনা করতে সমালোচককে রচনার গীভি-মূলকতা বা লিরিক-বৈশিষ্ট্যের কথা আলোচনা করতে দেখা যায়, কেউ 'স্থরধর্মিতার' কথা উল্লেখ করেন। কবিতার বিচারে এসব বিশেষ অর্থবোধক হতে পারে. কিন্তু গানের কেত্রে এ অতিকথন এবং পানে কথার সামান্ত বিস্তারও পরিত্যাজ্য মনে হওয়া স্বাভাবিক। অর্থাৎ কবিতাকে গীতিপ্রবণ, ধ্বনি-প্রধান অথবা স্কর-প্রধান বললে অর্থবোধক লয়, কিন্তু গীতির গুণ বিশ্লেষণে এদৰ উক্তির প্রয়োজন নেই। গীতি বচনা অক্তান্ত গুণে অসাধারণ হয়। নজকলের রচনা সম্বন্ধে আমাদের বক্তব্য এই যে গীতি-রচনায় ও শব্ধ-যোজনায় বে মৌলিক গতিশক্তি আছে, স্থরভঙ্কি তাতে সহজ্ব ও সাবলীল হয়ে উঠেছে। এই সম্পূর্ণ ক্রিয়াকে 'গতি' বলা যায়। নজকল মৌলিক স্থান্তলি (বেখান থেকে স্থান সংগ্রহ করেছেন) পরিবর্তিত ৰুরে নেন নি. গোড়া থেকেই কথা প্রয়োগে ও বাণী রচনায় মৌলিক স্থরের (কোথাও রাগের) স্বষ্ঠ প্রয়োগের ওপর নজর রেথেছেন। এখানে স্থরসংগতি সৃষ্টি হয়েছে, রাগরূপ রক্ষিত হয়েছে। লৌকিক রীতির গানে, রীতিটি পুরোপুরি অক্র রয়েছে এবং কথা-রচনার বৈশিষ্টো স্বরের মৌলিক রুণটি অবলীলাক্রমে এসে পড়েছে। এক্ষেত্রে গীতিকে কাব্যের স্ত্রে ছারা বিচার করা চলে না, একথা পুর্বেই বলেছি। কিছু নজরুল গীতি-গঠনের মধ্যে গীতির রূপ অক্র রেথেছেন। এখানে নজরুলের প্রধান গুণ স্থরসঙ্গতি রক্ষা, স্থরের সঙ্গে কথার সামজন্ত বিধান।

নজৰুলের প্রধান প্রধান গানে মৌলিক পরিকল্পিত হুরের অংশ বা স্থারের বিশিষ্ট কলিই মনের আশ্রয় হয় নি। কোন স্থরকে সমগ্রভাবে গ্রহণ না করে থাকতে পারেন নি, সম্পূর্ণ রূপটির দিকেই মন সজাগ। স্থরকার-রূপে বহির্জগতের হারের বৈচিত্রে। নজফলের দৃষ্টি মৃক্ত। বেখানে কোন একটি স্বতন্ত্র স্বঞ্চলের গান বিশেষ গানের ভঙ্গিতে প্রয়োগ করেছেন, নজ্ঞল তাকে শম্পূর্ণভাবে আত্মসাৎ করে প্রকৃত রূপে মৌলিকতা বজায় রেখেই উপস্থাপিত করেছেন। গজল, আরবীয় হুর সম্বন্ধে যেমন এই objective দৃষ্টিভঙ্গির কথাটি খাটে আবার রাগ প্রয়োগের মধ্যেও এ প্রক্রিয়া লক্ষ্য করা যায়। বেখানে ভৈরবী এসেছে, ভৈরবীর পুরো রূপটি কানে প্রতিধানিত হয়েছে। স্থর প্রয়োগে খণ্ড-বিচ্ছিন্ন অংশকে নজৰুল গ্ৰহণ করেননি। আধুনিক গান খণ্ড-বিচ্ছিন্ন অংশের সংযোজনকে অনেক ক্ষেত্রেই অবলম্বন করে। রচনার দ্বিতীয় তৃতীয় স্তরে রবীন্দ্রনাথ রাগের অংশ, টুকরো ইত্যাদি বড় করে দেখেছেন। নজরুল এক্ষেত্তে মৌলিক রীতি ও মৌলিক রাগের প্রতি আস্থাবান। রবীন্দ্রনাথ এসব স্থলে ব্যক্তিগত রীতি প্রয়োগ করেছেন। অতুলপ্রসাদের অনেক রচনার মূলে নজরুলের অত্তরূপ দৃষ্টিভঙ্গি স্পষ্টভাবেই লক্ষ্য করা যাবে। কিন্তু গীতি রচনার काम्रमाय, गम निर्दाहत ও ভাবসংগতি স্থাপনে ও গায়কীর জত্তে অতুলপ্রসাদের গানগুলোতে এসেছে কাব্যিক রীতি। তাই তা শেষ পর্যন্ত হিন্দুস্থানী সংগীতের প্রতাক রূপান্তর হয়ে দাঁডাতে পারে নি।

আঞ্চলিক ও অবাঙালী গীতি-রীতিকে রুপাস্থরিত করতে হলে এবং মৌলিক-ভঙ্গিট স্বষ্ট করতে হলে গীতি-রচনায় •বে ঋজুতা এবং কথার বে দৃঢ় বন্ধন দরকার হয় নজকলে তা সম্ভব হয়েছে। নজকলের হিন্দৃদানী সংগীতপ্রীতি গীতি রচনার এই অকটিকে নিয়ন্ধিত করেছে বলে মনে হয়। সাধারণতঃ, রাগামুগ গান রচনায় ছ' একটি কলি অমুসরণ

করে কাঠামোটিকে ঠিক রাখা অনেক ক্ষেত্রে সম্ভব হয় না। এর কারণ গীতি রচনার কায়দায় সর্লতার বেমন অভাব, তেমনি ভাব-সন্নিবেশের আধিক্য এবং স্থার-সংযোজনাতে প্রতিকৃল শব্দ ব্যবহার। কিন্তু নজকলের রচনা সফল হয়েছে শব্দ-নির্বাচন এবং ভাব-সল্লিবেশের কায়দায়। হাল্কা রুসের পরিবেশনে প্রসাদগুণ বড় বিশেষ লক্ষণীয়। লোক-প্রচলিত স্থারের রূপান্তরে নজকলের चिन्दिष्ठ चनश्रोकार्य। এর কারণ বিশ্লেষণ করলে ছটো দিক म्लाहे হয়ে দাঁড়ার। প্রথমে দেখা যায় কথা রচনার সময়ে নজকলের মানসিক দৃষ্টি নিবন্ধ পাকে স্থরজগতের ওপর, স্থর সংযোজনার পরিপূর্ণ ধারণায়। তাতে অবশ্র কথা রচনার ত্রুটিও থেকে যেতে পারে। অন্তদিকে নজকল রাগের সমগ্রত। উপলব্ধি করতে পারেন রাগদংগীতের প্রতি স্বভাবদিদ্ধ আকর্ষণের দারা, রাগপ্রীতি মূলত মনটাকে বিশেষ খংশের প্রতি আরুষ্ট না করিয়ে সম্পূর্ণ রাগটিকেই ধরে দেয়। সংগীততত্ত্ব সম্বন্ধে নজকলের ভাববার অবকাশ সামান্ত, সংগীত ভবে মুগ্ধ হয়ে অহরণ গান রচনাই প্রকৃতি। রবীক্রনাথের মত তাৎপর্য ব্যাখাার অবকাশ বা মানসিকভাও তাঁর নেই। সংগীতকারের অথবা গায়কের দৃষ্টি বেমন রাগের প্রতি সম্পূর্ণ নিবন্ধ থাকে, গায়কের মন যেমন স্থারের সম্পর্ক, হুর বিস্তারের স্ক্রতা ও মাধুর্য, তানের বৈচিত্রা ও সৌন্দর্যবাধ প্রভৃতিতে নিবন্ধ থাকে, নজরুলের দৃষ্টিও ঠিক অমুরূপ। Details-এ বা একসঙ্গে স্থারের ক্ষু খণ্ড-কারিগরীতে অথবা বিস্তৃততর অংশে মন আছিত থাকার দকণ তাঁর মনটিতে প্রযোজনার ভাবনা প্রধান হয়েছে। এজন্তে গীতি-রচনার ও হার-সংযোজনার বহু বৈচিত্রো নজকল উল্লেখিত। একটি নির্দিষ্ট ফ্রেমে তাঁকে বাঁধা যায় না। কতকগুলো বিশিষ্ট ধরণের লক্ষণ দারা তাঁকে বিশেষ করে উনিশশো ভিরিশের পূর্বধারার গীতি-রচয়িতার সঙ্গে তুলনা করা ধায় না। নজকলের এই মানসিকভাকে আধুনিক দৃষ্টভঙ্গি বলা যেতে পারে। স্থর-প্রযোজনার উপযুক্ত objective ভাবনা তাঁর গীতিরচনার মূলে। বাস্তব জীবনের সঙ্গে নজকল যেন অনেকটা যোগস্থাপন করেছেন।

এ পর্যন্ত নজরুলের রচনা সম্বন্ধে যে কয়েকটি লক্ষণ উল্লেখ করা হল তাকে সংক্ষেপে বলা বায়: (১) বাস্তবমূখিতা (২) হুর-সংযোজন। সম্বন্ধে সচেতনতা (৩) হুরের ভাবনা-মূলক প্রেরণা (৪) গানের ভঙ্গিতে গতিপ্রবণতা (৫) কথা ও হুরের সংগতি লাখন এবং হুরের প্রয়োজনে শব্দ নির্বাচন (৬) হুরে গায়কীরীতি বা রাগের মৌলিক রূপের সংরক্ষণ (৭) হিন্দুস্থানী অথবা বিদেশী

গানের প্রত্যক্ষ রূপান্তর। এই লক্ষণগুলো বিচার করলে একথা প্রমাণিত হবে বে নজকল ভাষাকে স্থরের অবলম্বন ও সঙ্কেত হিসেবে ব্যবহার করেছেন। এজন্তে কাব্যিক বিচারে রচনা হয়ত অনেক স্থলেই তুর্বল, ভাব দৃঢ়সংবদ্ধ নয় ৷ রচনার বিষয়বস্তু বছ গানে গভীরতার দিকে যায় না, ভাবামুভূতির মর্মস্থলে সহজে আঘাত করে না এবং শব্ধ থেকে ভাবপ্রতীক সৃষ্টি করে না। কিন্তু শব্ধ নির্বাচনের দক্ষতা ও কৌশল কবিতাকে সার্থক গানরূপে গড়ে তোলে। বিশেষ করে গজল জাতীয় গানগুলোর স্থরের অন্তর্মণ শব্দ প্রয়োগ যে পরিবেশ রচনা করেছে এমনটি আর কথনো হয়নি। এজন্ত নজরুলিয়া কথাটির ব্যবহারে নজরুলের গজলের রূপকে বোঝাত। স্থরের প্রতি লক্ষ্য থাকায় গীতি রচনার সৌধম্য সর্বথা রক্ষা কর। অনেকস্থলে সম্ভব নাও ২তে পারে। নজরুলের মধ্যে বিশিষ্ট স্থারের অংশ, স্থুবুক্লি বাসা বাঁধেনি, নজরুল স্থুবুকে ভেঙে আপন প্রয়োজনে প্রয়োগ করেন নি ধেমন পুর্বস্রীরা করেছেন। ধেখানে পিলু এসেছে সেখানে পুরো পিলুর বিশিষ্ট ঠুমরীর অথবা দাদরার কায়দাটি রূপ পেয়েছে। গ্রামোফোন বেকর্ডে জ্ঞান গোস্বামী অথবা শ্রীণীরেক্ত চক্ত মিত্রের গাওয়া গানগুলো কক্ষ্য করা ষেতে পারে। রাপের বিস্তারে, তানে, ঠুমরীর বোল তৈরিতে কোন বাধা নেই। অক্তদিকে ভৈরবীতে 'মোর ঘুমঘোরে এলে মনোহর'—ভাষাতিরিক্ত রাগ-জগৎ সৃষ্টি করে না, কিন্তু এরূপ অনেক গান সহজে মনে চটুল হুখ সৃষ্টি করে। রবীন্দ্রনাথের গানে নিজম্ব pattern বা হুরকলি আছে, নজরুলের মধ্যে স্থর-প্রয়োগের এই ব্যক্তিত্ব বিলুপ্ত। অর্থাৎ নজকল সম্পূর্ণ স্থরপ্রকৃতিকে চিস্তা করবার অন্তর্মণ প্রেরণা না লাভ কংলে সংগীতকে ভাষ। ও ভাবে রূপান্তরিত করতে পারেন না; কথা রচনা করে তাতে অহুরূপ হুর সংযোগ, কথার ওপর মন:সংযোগ এবং সুরের অংশো প্র ত লক্ষ্য ষেথানে বেশী, নজকল সে পর্যায়ের রচয়িতা নন।

এ সম্পর্কে সংগীতের দিক থেকে একটি বিশেষ কথা উল্লেখ করা যেতে পারে: বিভিন্ন দেশের লোক-গীতির মধ্যে একটা হালা ভাব আছে। সাধারণ লবু বা লোক-প্রচলিত সংগীতের মধ্যে প্রেমের ভাবাতিশধ্যের প্রকাশেও চটুল ভিন্নি বর্তমান। নজরুলের মন এই সহজ ভাবের সঙ্গে একাআ। রবীন্দ্রনাথ ও সুমসাময়িকদের মধ্যে বে ভাব-গভীরভা বর্তমান, নজরুলের মন স্থযোগ অমুসারে সেই লোক থেকে বান্তবতায় নেমে এসে হালা আনন্দের প্রশ্রবণে ভেসেছে। সেখানে দর্শনের গভীরভার চেয়ে গুল-বাগিচার পাখিটির নৃত্যের মর্যাদা সমধিক।

এখানে পূর্বতন ধারায় ছেদচিক টেনে দিয়ে নতুন ধারায় প্রবর্তন করেছেন নজকল। প্রেমের গানের মধ্যে চটুলতা দে যুগে প্রাছ্ছ ছিল না এবং হৃদয়ের চাঞ্চল্য প্রকাশক স্থরভিক্ষ সম্বন্ধে অবহেলাও নিশ্চয়ই ছিল। নজকল বিভিন্ন ভাষার গানের ভঙ্গিকে বাংলায় নিয়ে আসতে আশাভিরিক্ত সাফল্য লাভ করেন। যে কোন স্থরভঙ্গিকে রূপান্তরিত করে বাংলা গানে পরিণত করা বড় কথা নয়। রূপান্তর যে কেউ করতে পারেন। কিছু উপযুক্ত ভাব ও ভাষার সঙ্গে স্থরের সংযোগ স্থাপন নজকলের ছারা সম্ভব হয়েছিল। সেজক্যে দাদরা গজল ঠুমরী কাজরী চৈতী এবং থেয়ালের ভঙ্গিগুলো গানের মধ্যে সহজ্যেই এসে পড়েছে! কাজটি নজকলের আনেকটা objective কার্য়-কর্ম, আধুনিক রচনার দৃষ্টিভঙ্গি সমন্থিত। কবিছের দাবী নিয়ে নজকল সংগীতকে নিজের করে নেন নি। নজকলের গানের এই প্রয়োগ-রীতি সাংগীতিক, কাব্যিক নর।

নজরুলের সাংগীতিক স্বাধিকার প্রতিষ্ঠিত হয়েছে তার বৈচিত্রো এবং নিঃস্পৃষ্ স্থাসংযোজনায়, অর্থাৎ রাগরূপের মাধুর্বকে বুঝে নিয়ে তাকে পরিপূর্ণ রূপদানের চেষ্টায়। অতা দিকে পল্লীগীতি অথবা চলিত হুরের রূপটিকে সঞ্চিত করে রাখা ইত্যাদির চেষ্টায় রচনাতে নজকলকে নতুন কলি সৃষ্টি করতে হয়েছে। রবীশ্র-নাথকে স্থর-লক্ষণের ছারা এজন্তে যেমন চেনা যায়, এবং কতকাংশে অতুলপ্রসাদ ও দ্বিজেন্দ্রলালকেও, নজকল দেখানে বহুপ্রদারী এবং অপরিচিত থেকে যান। বেখানে নজরুল অন্য ভাষার ভাব ও ভঙ্গিকে রূপাস্থরিত করেছেন, সেখানে তাঁর প্রতিভা দীপ্ত স্থর্যের মতো। বিস্তু নজকল দেগানেও নিজেকে প্রতিষ্ঠিত না করে অনেকটা নিঃস্পৃহ বা objective হয়েছেন, একথা বলেছি। ব্যক্তিগত স্টাইলের পরিসরও সীমিত। সংগীত রচন। থেকে নজকলকে চিনে নেওয়া ছঃসাধ্য, যদিও তেমন কিছু কিছু রচনা যে নেই তা নয়। গজল তো নছকলিয়া বলে উল্লেখ করা হত। খণ্ড ও কুদ্র স্থরকলি নিয়ে নভরুলের কোন দন্ধীর্ণতা নেই। সেজত্যে নত্তকলের রচনায় গায়ঞীর প্রয়োগের দ্বারা িশেষ মৃত্তি দিতে পারে, যেরূপ মুক্তি সাধারণ থেয়াল, ঠমরী, পল্লীগীতি এবং অভাত গানে পাওয়া ষায়। এর কারণ, গানগুলোতে গায়কীর কোন দুঢ়বন্ধভা নেই। তাঁর দৃষ্টি নিবন্ধ শুধু স্থরের সমগ্রতা স্ষ্টিতে। নতফলের সাধারণ গীতি-লক্ষণে কোন বিশিষ্ট স্টাইলের সন্ধান পাওয়া যায় না। কিন্তু তা হলেও হারের কাঠামো বাঁধা এক্রপ অনেক গানও আছে এবং এ গানগুলোতে গায়কের স্বাধীনতা অবলয়নের স্থাবাগ নেই, রচরিতার ব্যক্তিত স্থনির্দিষ্ট। কিছু বছ বৈচিত্রোর মধ্যে এসবও বিশিষ্ট ধরণের রচনা বলে উল্লেখ করা যায়। নজকলের রচনার অসংখ্যতার কথা অনেকেই উল্লেখ করেন। কিন্তু রচনার সংখ্যার চেয়েও নজকলের উদ্ভবের মূল্য অসামান্ত। বাংলায় আধুনিক ও রাগপ্রধান গান এবং ক্রুত ভঙ্গির ও বিভিন্ন লয়ের গান রচনা একটি দৃচ পদক্ষেপ। হয়ত নজকল না হলে আধুনিক নানা প্রকার গানের ক্ষেত্র সম্প্রসারিত হত না।

নজকলের গীতিরচনার বিশ্লেষণ নানারপে করা হয়ে থাকে। রচনার সংখ্যাও তিন হাজার বলে জানা যায়। কিছ তিন হাজারের সংখ্যাতত্ত্বের ছারা তাঁর সংগীতসত্তার বিশিষ্ট রূপটিকে ব্যাখ্য। করা যায় না। তাই, তাঁর গানের মূল মানসিকতার কথা উল্লেখ করে দেখাতে চেষ্টা করেছি যে নজকলের হুর রচনার কায়লাটি পূর্বধারা থেকে অনেকটাই বদলে গেছে এবং রচনার রূপটিতে গানের স্প্টেবৈচিজ্যের সঙ্গে নজকলের প্রতিভা উল্লোচিত হয়েছে। পূর্বধারার সঙ্গে কবি হিসেবে নজকল সংযোগ রক্ষা করেছেন। রবীক্র-ছিজেল্র-রজনীকান্তঅতুলপ্রসাদের যুগের মূল কাব্যিক রীতি থেকে তিনি বিচ্ছিন্ন নন। কিছ নজকলের রচনা আত্মকেন্দ্রিক নয়, প্রোতার কানের প্রতি এবং হ্বরের চাহিদার প্রতি দৃষ্টি প্রথম নিবদ্ধ, এরপর পূরো রাগের হ্বরজগং। মন হ্বরের রূপে ও বৈচিজ্যে কেন্দ্রীভূত। প্রতিক্ষেত্রেই আহরণী বৃত্তি নজকলকে সজাগ করেছে, এজন্ম কোন উপাদানকেই তিনি বর্জন করেন নি, বরং সমস্ত কিছুকে উপযুক্ত প্রয়োগের চেষ্টায় নজকল প্রযোজক বৃত্তিতে সার্থক হয়েছেন। (হ্বরকার নজকল সম্বন্ধে ষষ্ঠ পরিছেদ শ্রষ্টব্য)

তাই বলছি নজরুল আধুনিকতার অগ্রদ্ত। আধুনিকত। অর্থে অত্যম্ভ স্মাধুনিক কোন বিশিষ্ট গান নয়, আধুনিক সংগীতের আজিকের পথিরুৎ।

ভৃতীয় পরিচ্ছেদ

আধুনিক গান

গানে আধুনিকতা কি একটি অবিশ্বাস্থ সংগীতরূপ? কারণ, দফীর্ণ দৃষ্টিতে লক্ষ্য করলে দেখা যাবে প্রাচীন মতের অফুসারে আধুনিক সংগীত স্বৃষ্টি বীরুড নয়। তাই এ দম্বন্ধে সন্দেহ অত্যস্থ প্রবল হয়ে জাগে। অর্থাৎ, প্রশ্ন হচ্ছে, শিল্প হিসাবে এর রীতি এবং রূপ কোনও নির্দিষ্ট মানে বিচার করা চলে কি ?

যে কোন শিল্পরূপের সমসাময়িক প্রবহমণ ভাবধারা তাকে আধুনিক করে তোলে। সমসাময়িক রীতিনীতির জন্তে, জীবনের প্রয়োজনে এবং যে কোন মনোভাব রূপায়ণের নবস্ট কায়দার জন্তে শিল্পে আধুনিকতা প্রতিফলিত হয়। কিন্তু, কেন এরপ হয়? এ জিজ্ঞাদার উত্তরে দেই এক কথাই বলা চলে—'দমসাময়িক প্রয়োজন'। সমসাময়িক প্রয়োজনে চিত্রে, কবিভায় এবং অক্সান্ত ফ্রুমার শিল্পে যেনন আধুনিকতা প্রশ্রেষ পায়, সংগীতেও তেমনি করেই হয় আধুনিকতার উত্তব। কিন্তু সংগীতকে যে অর্থে এখানে আধুনিক বলে উল্লেখ করা হচ্ছে, দে অর্থে সকল শিল্পকর্মকেই আধুনিক বলা চলে না। প্রতি যুগের সমসাময়িক ভাবাপন্ন রচনাকে দে যুগের আধুনিক বলে উল্লেখ করা হেতে পারে। কিন্তু আধুনিক গান এখানে একটি বিশেষ অর্থে আধুনিক, সাধারণ অর্থে প্রযোজ্য নয়।

আমরা জানি, মৌলিক শিল্লফৃষ্টি সমসাময়িক জীবনকে অবলম্বন করে।
অতীতের শিল্লবস্ততেও যে সমসাময়িক মন ক্তৃত হয় নি—এ কথা বলা যায় না।
জীবনের স্থ হঃপ আশা আকাজ্জা যে কোন শিল্লবস্ততে অপ্রত্যাশিত ভাবে
এসে পড়ে। সংগীতের এরপ রূপদান নিয়েই আধুনিক গানের স্থাই, সন্দেহ
নেই। যে ব্যক্তি সিনেমা থেকে একটি গান আওড়াতে আওড়াতে বাড়ী ফেরে
এবং পরদিন আরও বিশেষ করে আবৃত্তি করে, সেই লোকটিকে পরীক্ষা করলে
বোঝা যাবে বে গানের বিষয়বস্তর সক্ষে তার সাংসারিক অভিজ্ঞতাপূর্ণ মনের
সক্ষতি থাকাই হচ্ছে প্রধান লক্ষ্য। এই সব গানে জীবনের প্রতিফলন সহজভাবে
দর্শককে আরুই করে, কিন্তু পূর্বেই বলেছি আল্লকের গানের আধুনিকভাকে
জীবনের এই সহজ্ঞ প্রতিফলনের দিক থেকেই বিশ্লেষণ করা চলে না।

আধুনিকতার কতকগুলি বিশেষ লক্ষণ বিচার করে আধুনিক গানের রূপ নির্ধারণ করা চলতে পারে।

পুর্বেই ধরে নেওয়া হয়েছে যে আধুনিক গান সমসাম্য্রিক মনোভাবের ধারক। তা হলে যে কোন কালের গান দে-কালের আধুনিক কিনা? বিশ্লেষণ করলে দেখা খাবে যে বর্তমান আধুনিক গানে বছ দেখের স্থর-মিল্লণ, নতুন উদ্ভাবিত স্থর-সমন্বয়, সমবেত কঠের গান, নাটকীয় ঘাতপ্রতিঘাত স্ষষ্টির চেষ্টা, টুকরো টুকরো স্থরচিত্র সংযোজন, স্মাবহ সংগীতের ব্যবহার প্রভৃতি বছতর লক্ষণ অত্যন্ত নতুন ও স্পষ্ট। এসব দেখে মনে হয় এক ধরণের মানসিকভাই স্বাধুনিক গানের পেছনে স্বাছে। সেজন্মেই বলা যায়, বর্তমান বিচার্য স্বাধুনিক গান প্রাচীন বা মার্গ অথবা দেশী সংগীতরীতিকে অবলম্বন করে চলে না, অস্তত আধুনিক গানে দে লক্ষণ নেই। অথচ অন্ত বে কোন কালের সমসাময়িক গানে প্রাচীন বা মার্গ এবং দেশী সংগীতরীতির রচনা পুরোপুরিই রয়েছে। একশত বৎসর পূর্বে নিধুবাবুর গান সেকালের আধুনিক হয়ে দাঁড়িয়েছিল, প্রাচীন বা প্রচলিত দেশী সংগীতরীতিকে অবলম্বন করেই ভার স্প্রট। তা ছাড়া আধুনিক কালের গানের বিষয়বস্তুতেও সামাজিক অথবা ব্যক্তিজীবনের সম্পর্কে বৈচিত্র্য ষে ভাবে বিকাশ লাভ করেছে, পূর্বে যে কোন যুগে তা ঘটবার স্থযোগ হয় নি। অর্থাৎ সংক্ষেপে বলতে পোলে বস্তু-নির্বাচন এবং সংগীতরীতি এই ছুটো দিক থেকেই আধুনিক গান শকটি একটি 'নাম'। সমসাময়িক সৃষ্টি বলেই সে আধুনিক নয়। এ হচ্ছে আধুনিক নামক একটি বিশিষ্ট সংগীতরীভি, এযুগেই যার সৃষ্টি হয়েছে।

শাধুনিক মনের চাহিদা শহরায়ী যে গীত মুখে মুখে বা মনে বিস্তৃত হয়ে আত্মাবিত্প্তি নিয়ে আসে তার অবলম্বন কি শুধু স্থর বা সংগীতরদ? যে সংগীত অত্যন্ত সহজে মনের মধ্যে স্পষ্ট ছবি বা কর্মের (action এর) কথা বলে দেয় সে হচ্ছে সংগীতাংশের ধারক, একটি বিশিষ্ট মনোভাবের কাব্যরূপ। উদাহরণ: কিছুকাল পূর্বে একটি আধুনিক গীত লোকের মনে বিশেষ ছাপ এঁকেছিল:

"উড়ছে এক ঝাঁক পায়রা স্থের উজ্জ্বল রৌজে চঞ্চল পাখনায় উড়ছে।"

মনে পড়ছে শৃক্ষাকাশে মৃক্তির চিত্রে, পায়রার ডানার শক্তিতে প্রবল

উত্থান-পতনে গীতটি সাধারণের মনে দোলা লাগিয়েছে। মূলত এটি একটি কবিতা। কবিতাটির রচনার মধ্যে বস্তু-নির্বাচনের বৈশিষ্ট্য রয়েছে। কিন্তু তাতে হার-প্রয়োগে ও গান হবার কায়দাক্তে চমকপ্রদ স্বাভন্তা বর্তমান। এই স্বত্তে বলতে চেষ্টা করছি যে ভাবরূপ এবং স্থরের সমন্বয়—এ ছটো দিক স্বতন্ত্রভাবেই বুঝে নেওয়া দরকার হয়ে পড়েছে। স্বাধুনিক গানও তাতেই বোঝা যাবে।

এ সম্পর্কে প্রথমে কাষ্যক্রপ বা কবিতাংশকে 'গীতি কবিতা' না বলে 'গীতি' শব্দটি ব্যবহার করা যাক, আর এক্ষেত্রে 'গান' বলতে ব্রাব 'গীতি'র ক্রিয়াশীল অংশ অর্থাৎ 'গংগীতরূপ'। অর্থাৎ 'গীতি' অর্থে লিরিক এবং 'গান' অর্থে সম্পূর্ণ হরপ্রযুক্ত বস্তুটি। লিরিককে বাংলায় গীতি-কবিতা বলা হয়। অন্তু দিকে 'গীত' শব্দটিত হিন্দী আধুনিক গান বোঝায়। এজত্যে গীতি শব্দটিত ব্যবহারের উপযুক্ত মনে করি।

গীতি

শুধু গীতি দম্বন্ধে এখন আমাদের প্রথম বক্তবা।

কোন গুণে একটি গীভি, কবিতা না হয়ে, গান হবার উপযুক্ত হয়ে দাঁড়ায় ? এ প্রশ্নের উত্তরে, গীতির প্রথম লক্ষণ দেখা যাক। গীতির প্রথম কলি হচ্ছে গানের মূল কেন্দ্র। গানের সময় দেখতে পাওয়া বায় যে খুরে খুরেই গীতির প্রথম কলিকে বার বার গান করা হয়। এর পর প্রথম কলির মূল প্রতিপাত বিষয়টির একটু ভাববিস্তৃতির সঙ্গে আরও কলি গাওয়া যায়। কিন্তু ভাবের দিক থেকে প্রথম কলি যেমন প্রস্তাবনা, গানের পরিসমাপ্তিও তেমনি ইন্ধিত। অনেক ক্ষেত্রে প্রথম কলিই একটি গানকে বিশেষ ভাবে উপভোগ্য করে তোলে। ইংরেজিতে যাকে burden বা refrain বলা হয়ে থাকে (ধ্যো নয়). গীতির সে প্রথমাংশটির রচনার সাধারণ প্রকৃতিই বিশেষ লক্ষ্য করা দরকার। কারণ, গীতির প্রথমাংশই যদি একটি বিষয়বস্তুর সৌরকেন্দ্র হয় তবে তার চতুর্দিকের রেখাও গ্রহকে কি তার গঠন বলা বায় ? গানের প্রথম কলি শোতার মনকে একটি বিশেষ পরিমণ্ডলে নিয়ে যায়, পরবর্তী বিকাশ সেই পরিমণ্ডলের সঙ্গে, তার ব্যাপ্তি ও গভীরতা অমুভৃতির চেষ্টার মঙ্গেই সম্পর্কিত। এক্ষেত্রে উদাহরণের প্রয়োজন আছে বলে মনে করি না। গীতিরচনায় দেখা যায় পরবর্তী বিকাশ প্রথম কলির সঙ্গে অচ্ছেন্ত সম্পর্কে সম্পর্কিত, কোন প্রকারেই গৌণ নয়।

এবারে কবিতা ও গীতির পার্থক্যের কথা।

স্ব-সংযোজনের প্রয়োজনে কবিতার গীতিরপটি একটি নির্দিষ্ট আজিকের রচিত। বিশ্লেষণ করলে দেখা যাবে ভাব-সংক্ষিপ্ততা, সরলতা এবং আইডিয়ার বা ভাব-বিশেষের পরিপূর্ণতা নিয়েই গীতি রচিত হয়। প্রথম কলিতে গীতি ভাব-সম্পূর্ণ। গীতির দেহ শুরু প্রথমাংশের বিস্তৃত বিকাশ। যে কোন গীতি পর্যালোচনা করলে এই লক্ষণটি পরিস্কৃট হবে। কবিতা গীতির চেয়ে পরিসরে অনেক ছোটও হতে পারে কিন্তু রচনায় যে সরলতা দরকার এবং অবস্থাবিশেষে যেরপ নিরলকার হওয়া প্রয়োজন, কবিতা তা হতে পারে না। কারণ কবিতা ভাবমূহুর্তের শব্দমপূর্ণ প্রকাশ, একটি ভাবমূহুর্তে থেকে আর একটি ভাবমূহুর্তে রাবার পথও তাতে মৃক্ত। স্বর সংযোজনার প্রয়োজন তাতে নেই। আধুনিক কবিতা গীতিরচনা পদ্ধতি থেকে আরও দূরে সরে গিয়েছে। সেখানে বৃদ্ধির গম্য বা অগম্য ভাব বা হদয়ের উদ্বেলিত বৃত্তিকে, রূপকল্লের ঘারা বা ইন্ধিতের সাহায়ে প্রকাশ করে পূর্ণতা দান করা যায়। সেখানে স্বর-সংযোজনার প্রয়োজন থাকে না। কবিতার ভাব সম্পূর্ণতা আর কোন শিল্পরীতির প্রযোগের ওপর নির্ভরশীল নয়।

ষেহেতু গীতি-রচনার উদ্দেশ্য স্বর প্রয়োগের ঘারা সম্পূর্ণতা লাভ, গীতি সেজন্তেই শ্বকীয় কপে ভাষা-দেহটি যথোগযুক্ত করে নেয়। কোন ভাল গীতি একটি সক্রিয় গানে পরিণত হতে গিয়ে—হবে প্রথম-কলি-সর্বস্থ ভাববস্তা, একটি ধ্মকেতুর মতো—ঘার পেছনে শরীরটা সেজের মতো। দ্বিতীয় হছেছ ছন্দ। বর্তমান কবিতা ও কাব্যের প্রকৃতি অফুসারে কাব্য ভাষার প্রবহমাণ রূপের একটি দিক। সেধানে ছন্দের কোন বাঁধাবাঁধি থাকে না। আজকাল কবিতাতে ভাব-সম্পূর্ণ প্রকাশভিদ্ধ নির্বাচিত হয়, সঙ্গে সঙ্গে ইন্ধিত ও রূপকল্প কবিতাকে ছন্দ-ভিদ্ধ থেকে ম্কে দেয় এবং মনন ও অফুভৃতিতে হয় আরও ক্ষ্ম কবিতা। তথের দিক থেকে মনে হয় গীতির সহজ রচনা এবং ছন্দোবদ্ধ রূপ যেন কবিতার বিপরীত বস্তা। কিন্তু সহজ রচনাও একটি বিশিষ্ট কবিশক্তি দাবী করে। সহজ সৃষ্টি নিতান্ত সহজ নয়। রচনার ভাষা ও প্রকাশ-ভন্দির নৈপুণ্যে প্রকাশিত বন্ধ সহজ হতে পারে কিন্তু রচনায় ব্যক্তির মনের ছোয়া, বিষয়বস্তার শতিরিক্ত সক্ষেত দেয়। এজন্তে গানের আবেদন ভাষা-এশ্বর্ধে কথনো নয়, এর শ্বতিরিক্ত আর একটি রাজ্যে। কাব্য বা কবিতা সেদিক থেকে ভাষায় স্বয়-ম্পূর্ণ। কথার প্রয়োগই ভাকে সার্থক করে ভোলে।

কিন্তু, কবিতাকে কি সার্থক গানে পরিণত করা বায় না ? ধরা ধাক একটি মাত্র ইন্সিভ বা একটি মাত্র রূপকল্প অবলম্বন করে গীতির প্রথম কনি তৈরি হল, গীতির পরিপূর্ণ অংশে আরও একটি রূপকল্পের বিকাশ হল, তাকে কি গান করা যেতে পারে না ? এর উত্তর হচ্ছে, গভকেও বা বর্ণনাত্মক রচনাকেও হব করে গান করা যায়। কবিতা ছন্দোবদ্ধ হলে, তাতে হুর প্রয়োগ করে গাওয়া যায়। কীর্তনের গভাংশকে বা বর্ণনাত্মক ভাষাকেও গান করতে দেখা যায়। গীতিকা বা ballad (গাণা) মোটাম্টি বর্ণনাত্মক রচনা, তাতেও হুর প্রয়োগের দারা জনপ্রিয় গানে পরিণত হতে দেখা যায়। আধুনিক কবিতা, এমনকি ছন্দোবদ্ধ কবিতা হলেও আথবা রূপকল্প অবলম্বন করা হলেও তাতে হুর প্রয়োগ হুংসাধ্য বলে মনে হয় না। কিন্তু আধুনিক কবিতার পাঠকের মতো চিন্তায় ফাকা ভর্তি করবার স্ক্রোগ গানে হতে পারে না। মোটাম্টি, গীতি রচনাতে ভাববস্ত থেকে পরবর্তী ভাবে, রূপ থেকে পরবর্তী রূপে গতি অত্যম্ভ সহক্ষ হওয়া চাই। অর্থাৎ আধুনিক গীতি যে কোন আন্সিকে রচনা করলেও, তার কেন্দ্রীভৃত ভাব-সরলতা, সহজ বিকাশ এবং ছন্দোবদ্ধতা থাকা নিশ্চিত।

কবিতাকে গানের রূপে চালাতে পারা যায় কিনা রুবীক্রনাথ তাঁর রচনায় পরীকা করেছেন। রবীক্রনাথের কয়েকটি কবিতা গানে পরিণত হয়েছে। 'হে মোর চিত্ত পুণ্য তীর্থে', 'ঐ আদে ঐ অতি ভৈরব হরষে', 'রুফকলি আমি তারেই বলি'-প্রভৃতি গীতি নয়, এগুলে। কবিতা। রবীক্রনাথের রচনা ছন্দোবন্ধ, সংগীতধর্মী। বাক্য প্রয়োগে, শব্দের ব্যবহারে স্থবের ওজনের সঙ্গে কোন বিরোধ সৃষ্টি হয় না। এজন্মে কিছু সংখ্যক রবীন্দ্র-কবিতাতে স্কর প্রয়োগ করলেও গীতি ও কবিতার ব্যবধান হয়ত বোঝা যায় না। কিন্তু বোঝা যায় রচনাতে কাব্য-প্রতিকৃতির অতান্ত স্পইতা দেখে। কবিতার প্রতিকৃতির সঙ্গে গীতি-প্রকৃতির মূলগত পার্থক্য স্পষ্ট করেই চিনে নেওয়া যায়। আজকের দিনে কবিতার ভাব ও কাব্যিক পরিমণ্ডলকে স্থরের দারা প্রসারিত করতে পারা যায় না। অর্থাৎ যেমন করে গভকে হার করে আবৃত্তি করা যায়, কিন্তু দে গভ যেমন গীতি হয় না, তেমনি স্থরের সাহায়ে কবিতার আবৃত্তিও তেমনি গান হয় না। কবিতার ভাষার বৈশিষ্ট্যে কবিতা পাঠকের পক্ষে বৃদ্ধিদৃপ্ত, রসাগ্নত প্রবণ-শক্তি এবং রুম্বন সহামুভূতির দাবী করে। পরীক্ষা করলে দেখা যাবে গানের প্রদক্ষে শ্রোভার কাছে তেমন দাবী নেই, তাঁর মন থাকবে অনেকটা সংস্কার-মুক্ত অবস্থায়। অত্যন্ত সহজ্ঞ ভাবও গানে গভীর ভাবছোতক হতে পারে।

স্থান-সংযোজনার প্রয়োজনে গীতির প্রধান বাহন ছন্দ, একথা পূর্বেই বলেছি। ছন্দের বৈচিত্র্যে বাছাই শব্দ ব্যবহারের দাবী করে। ভাছাড়া ছন্দ গীতি-কলিকে শংহত ও সংবদ্ধ করে। এই সংবদ্ধভাতেই স্থর প্রয়োগের স্থবিধে হয়। গীতিকারের কাছে শব্দ রচনার কাঠামোটি বাঁধা হয়ে যায়। অর্থাৎ কবিতা রচনায় বে মৃক্ত মানসিক বৃত্তি কার্যকরী হয়, গীতি রচনায় তা হয় না। এজক্তে বোধ হয় গীতি রচনা এবং কবিতা রচনার মধ্যে আছকাল একটা আশমান জমিন ব্যবধানের সন্ধান পাওয়া যাছে। কোন কোন ভাষায় আজও কাব্যামোদী সাধারণের অঞ্ভতিতে কাব্যিক চেতনা জাগ্রত হয় কবিতার স্থর-সংযোজিত আরুত্তির দারা। সে রচনা কবিতাও নয় গীতিও নয় এবং গানও নয়—সবার সম্মিলনে আনন্দ উপভোগের একটি আচেরিত কাব্যিক প্রথা মাত্র।

গীতি যথন হব-সংযোগের ঘারা পরিপূর্ণ গানের রূপ লাভ করে তথন গানে একটি সরল, এমন কি সহজ কল্পনাপ্রবণ চিত্রও প্রিয় বা প্রিয়তর হয়ে সাধারণের মনোহরণ করতে পারে। মনে করে দেখা যাক, 'ফিরে চল আপন ঘরে', 'কে নিবি ফুল,' 'কে বিদেশী মন উদাসী বাঁশের বাঁশি বাজায় বনে'—গানগুলোর প্রথম কলিতে এমন কী তাৎপর্যপূর্ণ কবিছ আছে যে এর জন্তে পাঠক বা শ্রোতার মনের প্রস্তুতি দরকার? তেমনি আরও বহুতর রচনা উদাহরণ হরপ উদ্ধৃত করা যেতে পারে, সর্বত্রই দেখা যাবে গীতিতে প্রথম কালর রচনায় ভাবসম্পূর্ণতা, স্পষ্টতা ও সরলতা প্রত্যক্ষ ভাবেই বজায় থাকে। বলা বাছলা, এ ধরণের রচনাই হুর সংযোজনার পথ হুগম করে রাখে। রবীক্রনাথের প্রত্যেকটি রচনা উদাহরণ রূপে ব্যবহার করা চলে এবং রবীক্রনাথের প্রয়েতাকটি রচনা উদাহরণ রূপে ব্যবহার করা চলে এবং রবীক্রনাথের প্রারেও সপ্রমাণ হয় যে গীতির সরল সীমানায় বাংলা রচনার কাব্যিক উৎকর্ষ সীমাহীন হতে পারে।

আমরা জানি যে, কোন পতাংশ বা গৃতকে হুর দিয়ে গাওয়া যায়। বিদ্যিনচন্দ্রের বর্ণনাতেও হুর প্রয়োগ করা যেতে পারে। হুর প্রয়োগের রীতি হুরকারের ক্ষমতার ওপর নির্ভর করে, একথাই প্রমাণ হয়। কিছু এসব রচনা যেমন গীতি নয়, তেমনি যে কোন হুর-প্রযুক্ত গানকেই গান বলা য়ায় না। অর্থাৎ গীতিকে গানে পরিণত করবার আদিকও এ সম্পর্কে বিচার্য। গীতি রচনার আলোচনায় মোটাম্টি একথাই বুঝতে পেরেছি যে সব কবিতাই 'গীতি' হতে পারে না। রচনার দিক থেকে 'গীতি'কে কয়েকটি রীতি মেনে চলতে হয়। এই মেনে চলার আইন কেউ বেঁথে দেয় না; হুর-প্রয়োগের প্রয়োজনে, গানের

প্রয়োজনে আপনি বাঁধা হয়ে যায়। স্থর-সংযোজনা গীতি-রচনার পরিণত অবস্থা এবং 'গাঁনে' রূপ প্রকাশ হচ্ছে এর পূর্ণ রূপ। নাটক বেমন দৃষ্ঠ, মঞ্চ ও অভিনয়ে পরিণতি এবং পূর্ণতা লাভ করে, তেমনি গীতিও 'গানে' পরিণত হবার পরে পূর্ণ রূপ লাভ করে।

এ পর্যন্ত সাধারণ ভাবে গীতি রচনা সম্বন্ধে বলা গেল। কিন্তু যাকে আধুনিক গান বলে উল্লেখ করছি তার সঙ্গে প্রচীন রচনার কার্যকারণের সঙ্গে কিছু বৈষম্য দেখা যাছে। রবীন্দ্রযুগ পর্যন্ত (রবীন্দ্রযুগ পর্যন্ত (রবীন্দ্রযুগ পর্যন্ত ধরে নেওয়া যার। একটি কারণ, গীতি-রচনার প্রয়োজন অন্নভব করতেন কবি নিজে, তাঁর কণ্ঠান্দ্রিত স্বরনার তাগিদে। বৈষ্ণব কবি, কীর্তন-রচয়িতা, ভামাসঙ্গীত-রচয়িতা, ভজনকার, নিধুবার, পরবর্তীকালে রবীন্দ্রনাথ, ছিজেন্দ্রলাল, রজনীকান্ত, অতুলপ্রসাদ এবং নজকল— এসকলের গীতি-রচনা তাঁদের সঙ্গীত-সচমার বিকাশের প্রয়োজনেই হয়েছে। কাজেই এসব ক্ষেত্রে যিনি গীতি-রচয়িতা তিনিই স্বরকার এবং তাঁর মধ্যেই রচনার সংগীতক্রপের ব্যক্তিত্ব নিহিত।

আধুনিক যুগের গান শুরু হয়েছে তিনটে শুতন্ত্র দায়িত্ব নিয়ে। একটি গীতি রচনা, বিতীয়টি শ্বর সংযোজনা এবং তৃতীয় হচ্ছে গান বা গায়কের কর্ম নিয়ে। আপাতদৃষ্টিতে মনে হবে, এ বেন শ্রম-বিভাগ (division of labour) অথবা যুগোপযোগী বিশেষজ্ঞতার (specialisation-এর) ব্যাপার। প্রথমে জিজ্ঞাসা করছি এর উল্টো কথাটি কি সত্য যে আজকাল আর মার্চ্চ্যের মধ্যে গীতি রচনা ও শ্বর প্রয়োগের ক্ষমতা একসঙ্গে পাওয়া যায় না বলেই এই অবস্থার উত্তব হয়েছে? এ প্রশ্লের উত্তর হচ্ছে এই যে, আধুনিক কালে সংগীত রপায়ণের একটি জটিগতর অবস্থা এসেছে বলেই দায়িত্ব এমন বিভক্ত। বিশেষ কৃতিত্ব অর্জনের (specialisation) প্রসঙ্গে তো বটেই। ব্যক্তির অভিজ্ঞতাকে স্ক্লতর প্রয়োগের জন্তই এ পথ। যিনি গীত রচয়িতা তাঁর পক্ষে সংগীতের স্ক্লতর প্রয়োগের জন্তই এ পথ। যিনি গীত রচয়িতা তাঁর পক্ষে সংগীতের স্ক্লতর সংযোজনার অভিজ্ঞতা না থাকাও সম্ভব এবং শ্বরকারের মনেও ব্যবহার্য বাক্য সম্বন্ধে ভাবনা ও স্ক্জনীশক্তির স্বাতাবিক বৃত্তির উল্লেম্ব নাও হতে পারে। সেজন্ত আজকের গানে গীতিকার, শ্বরকার ও গায়ক তিনের স্বভ্রে দায়িত্ব স্বাতাবিক ভাবেই উদ্ভব হয়েছে। আধুনিক গান বৃশ্বতে গেলে এই তিনের সমন্তর ভাল করে বৃশ্বতে হয়েছে।

গীতি রচনার উদ্দেশ্ত এবং রচনার বৈশিষ্ট্য সম্বন্ধে ব্যাপকভাবে আলোচনা

क्दा (गन। এ मन्नर्क योनिक गैछिद्रहमात्र कथा व तना हरस्र ह। वर्षा ६ যে কামদায় রচনা সভ্যি গানের উপযুক্ত হতে পারে সে ইঞ্চিতও কভকটা দেওয়া হয়েছে। শব্দ নিৰ্বাচন সহত্ত্ব সাধারণ কতকগুলো কথা বলা যেতে পারে, সর্বক্ষেত্রে শব্দাদির প্রয়োগ সম্বন্ধে অবশ্য দৃঢ়ভাবে বলা যায় না এবং শব্দের প্রয়োগ সম্বন্ধে কোন সঠিক নির্দেশ দেওয়াও চলে না। রচনা কতকটা স্থরকারের বুত্তির দিকে লক্ষ্য রেখে চলে। বেমন ধরা যাক ক্রিয়াপদের ব্যবহার, যুক্তবর্ণের ব্যবহার, বড় বড় শব্দের ব্যবহার অনেকাংশেই সঙ্কৃচিত করবার দরকার হয়ে পড়ে। একেতে শব্দের সরল-প্রকরণ সম্বন্ধে উল্লেখ করা হয়েছে। স্থারণক্ষম শব্দ সম্বন্ধে অভিজ্ঞতাই গীতি-রচয়িতার বড় গুণ। অস্ততঃ, গীতি-রচয়িতার কবিত্বক্তি কথনোই এসব প্রয়োজনীয়তার বিরুদ্ধে নয়। দেখা ষেতে পারে যে গীতের প্রথম কলির চেয়ে গীত-দেহে কাব্যিক প্রকাশ গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছে। কিন্তু গান হিসেবে রচনাটি কতটা সফল, স্থলভাবে বিচার করলে এই গানের সাফল্য সহজ শব্দ নির্বাচনের ওপরও নির্ভর করছে। রবীন্দ্রনাথের গীতি-রচনার কাব্যিক উৎকর্ষের জ্বন্থে বহু বিভিন্ন প্রকারের শব্দের সার্থক ব্যবহারের কথা এখানে উল্লেখ করা দরকার। কিন্তু, ব্যবহারের স্থান ও ক্ষেত্র নির্বাচন, ওজন বোধ এবং শব্দের প্রকৃতির পারম্পর্য রক্ষা রবীদ্র-গীতিকে বেমন একদিক থেকে বৈশিষ্ট্যপূর্ণ করে তুলেছে, অন্তদিকে রয়েছে তাতে ব্যক্তিগত স্পর্শ অর্থাৎ মহিমময় কাব্যিক সৌকর্ষের ক্লতি। আধুনিক গীতিতে শক্ষ-ব্যবহারে, ক্রিয়াপদ সংযোজনায়, সংযুক্তবর্ণের ব্যবহার ইত্যাদিতে অনায়াস স্কর-कनि श्राद्यारभत स्वित्ध विस्थवजारत थाका मतकात । कात्रन, साधुनिक भीजि-রচনার লক্ষ্য হচ্ছে জীবন, জীবনের রূপ দেবার পরিসর সংক্ষিপ্ত, এজন্য শব্দ-নির্বাচনের স্বাধীনতা অত্যস্ত দীমিত বলে মনে হতে পারে। গীতি-রচ্মিতার কাছে এ সীমা বাধা-শ্বরূপ নয়। মনে হয়, শব্দনির্বাচন কতকটা বিষয়বন্ধর ওপর এবং অনেকাংশে স্থর-প্রয়োগের ওপর নির্ভরশীল।

আজকের গানকে "কাব্য-সংগীত" রূপে উল্লেখ করা যায় কিনা সন্দেহ। কারণ কাব্য বলতে বে বিশেষ অর্থ বোঝা যায়, সে-অর্থে সর্বসাধারণের কানে বাছাই গান রূপে গৃহীত গীতিকে অনেক সময়ে কাব্য বলা চলে না। যে অর্থে বাংলায় রবীক্রসংগীত বিপুল কথার ঐশ্বর্য নিয়ে সর্বাক্তক্ষর কাব্যগীতি হল্পেছে সেঅর্থে রবীক্স-সমসাময়িকদের রচনার অধিকাংশই ত্বল। নজকল বিপুল সংখ্যক গান রচনা করেছেন, কিন্তু তার সবগুলোই স্বাক্তক্ষর হল্পেছে কি ? গানের

এমন কোন রচয়িতার নাম করা বায় না। অতুলপ্রসাদের গান আঞ্চও অনপ্রিয়, কিছ তাঁর রচনায় তুর্বলতার অভিবোগের কথা বলতে গিয়ে শ্রীদিলীপকুমার রায় লিখেছেন, "যে সব কাব্যরসিক গানকে নিছক কাব্যের দিক থেকে বিচার করেন তাঁদের দৃষ্টিবিভ্রম ঘটে— শুধু গানরসিকদের এই মূল উপলব্ধিটি না থাকার দক্ষণ, যে কোনো দেশেই গান নির্ভেজাল কাব্য নয়—অনেক বিশ্ববিশ্রুত গানই নিছক কাব্য হিসেবে যে প্রথম শ্রেণীর কাব্য নয় সেক্থা স্বাই জানেন।" স্থারকে বিভিন্ন করে নিয়ে কাব্যুলারা গানের বিচার চলে না—"অবশ্র অস্ক্রমর বা শ্রীহীন শব্দ বা কবিত্বের দৈন্ত থাকলে নিশ্চর্যই তা আক্ষেপক্ষনক।"

আজকের দিনের গীতি এই মুহূর্তেরই সৃষ্টি। জীবন জ্রুত পরিবর্তনের মধ্য দিয়েই চলে:ছ। গীতি এই পরিবর্তিত ঘটনার নির্ধাস আহরণ করে নেয়। প্রেমের গান চিরস্তন আবেগের বিকাশ, সন্দেহ নেই। কিন্তু প্রেমের বিষয়বস্ত প্রয়োগ বৈশিষ্ট্যে আধুনিক গীতি বেন জীবনকে স্পর্শ করতে চায়। এবং তেমনি স্থর সংযোজনাও দে দিকে ঝুঁকে পড়তে চেষ্টা করে। প্রেমচিত্রে কল্পনাপ্রবণতা হয় তরলীকৃত, জীবন গণির ধারক, বৃহত্তর কল্পনা হয়ত লঘু থেকে লঘুতর হয়ে ষায় হুর প্রয়োগের কায়দায়। স্বাধুনিক গীতির বিশেষ বিষয়বস্তু প্রেম। জীবনের গতিতে যেমন নর ও নারীর সম্পর্ক-বৈচিত্তা বছ বিচিত্ত ঘটনার মধ্যে রূপ লাভ করে এবং দে সব বিষয়বস্তু বিস্তৃতভাবে বিভিন্ন শিল্প ও সাহিত্যে প্রকাশিত হয়, গানে এখনো বহু বৈচিত্ত্যের অষ্টি হতে পারেনি। পুর্বে ভর্ খাবেগাহুভূতির প্রকাশ স্থরের ভঙ্গিতেই সহজ ছিল, আধুনিক গীতিডে সেই বছ বৈচিজোর ঘটনাবছল বাস্তব প্রকাশ সম্ভাবনাময় হয়ে দাঁডিয়েছে। এখনো বাস্তবজীবন-ছবির বাবহার গীতিতে স্পষ্ট না হয়ে প্রকৃতির ছবির সঙ্গে সংমিশ্রণ হচ্ছে। ওদিকে গীতিতে প্রকৃতির ব্যবহারও তেমনি বাস্তব ভাবের प्तेशरात्री हरा माँ फाटा । जीवत्तत कर्भ श्वाणा, व्यनवनत शिक्ष श्वाणा, व्यक्त অভিযোগ, অনভিপ্রেত হর্ডোগ, বছমুখী জীবন-সমস্থাও গীতি রচনায় প্রতিফলিত হওয়া সম্ভব হয়ে পড়েছে। তাই এ মূগে গীতির প্রথম কলির বিস্তারের সঙ্গে গীতিদেহে নানা বাস্তবপ্রসঙ্গের ইন্ধিত দেখা যায়। কাহিনীকে গীতিরপ দান, ঘটনামূলক কাহিনীতে হার সংযোজনা করে জীবনের অভিজ্ঞতা সঞ্চয় ও আধুনিক গানের মধ্যে ৰাশ্তব অভিজ্ঞতা সঞ্চয়ের আরও একটি স্পষ্ট প্রমাণ বলা যেতে পারে। এমনি একটি অভিজ্ঞতা সঞ্চয়ের জন্মেই ত সভ্যেন্তনাথ

দভের "পান্ধীর পান" কবিতাটিতে হুর সংযোজনা। "গাঁছের বধু", "রাণার" প্রভৃতি আধুনিক সংবোজনাও উল্লেখবোগ্য। শুধু এদিক দিয়েই নয়, আধুনিক গানে "যুক্তসঙ্গীত" বা "যৌথ গানের" হীতিও কতকটা নতুন। বিজেজলাল ও ববীজনাথে এ বীতির প্রারম্ভ। কিন্তু আদ্রকে এ বীতির দার্থকতা স্থরকার বা স্থর-প্রযোজকের প্রযোজনার বিশেষ অপেকারাথে। আমাদের মূল সংগীত-প্রকৃতিতে একের ভাব প্রকাশই যুক্তিসঙ্গত। কারণ, ভারতীয় সংগীত-বাজিধর্মী, ব্যক্তি মনের প্রকাশ-বৈশিষ্ট্য রাগের মধ্যে প্রাধান্ত লাভ করে। এজন্মে ভারতীয় গান অনিব্চনীয়তার সন্ধান দেয়, ধ্যানী মনে তন্ময়তার সৃষ্টি করে। এমন কি কীর্তন গানও ব্যক্তি মনের পারমার্থিক च ভিজ্ঞতার উদেখেই গীত হয়। নেহাৎ লোকদংগীত বা প্রাকৃত অমুপ্রেরণায় স্ট কিছু কিছু লৌকিক নৃত্যগীত ছাড়া ভারতীয় ভাবের দিক থেকে সংগীত বাস্তবতার পরিপন্থী। বাস্তবের ক্লেত্রে নেমে এসে বড় জোর আবেগাহভূতির প্রকাশেই আমাদের গান সম্পূর্ণ হয়। ঠুমরী, টপ্লা, বা বছ লোকগীতির আলোচনা করলেও এ উক্তির সত্যতা প্রমাণিত হতে পারে। সভ্যিকার যুক্তসংগাতে থাকে জীবনের স্পর্ল, তুম্বের কথোপকথন, অয়ীর মিলিত कर्छ द्रश्वः तथा, वहत ममत्व वीत्रवाक्षक भारत जीवनरक महस्ज्हे প্রতিফলিত করতে পারা যায়। এজন্তে কোরাস, ডুায়েট, ট্রায়ো-প্রভৃতির প্রয়োগে, গীতি-রচনায় এই যুগ বৈচিত্র্য দাবী করছে। স্থর প্রয়োগের ক্ষেত্ত্বেও এরপ বহুমুখিতা এযুগের বাস্তবজীবন-প্রয়োগে নতুন রীতি উদ্ভাবন করতে চায়।

আঞ্জকের গীতি-রচয়িতা সম্বন্ধে এক্ষেত্রে একটি কথা উল্লেখ করা দরকার।
মদিও ধরে নেওয়া হচ্চে ধে স্থরকারের দায়িত্ব শ্বতন্ত্র এবং স্থরকার গীতিনির্বাচন করেই স্থরপ্রয়োগে ব্রতী হন এবং উপযোগী কঠের কথা ভাবেন।
গীতি-রচয়িতার দায়িত্ব হচ্চে স্থরপ্রয়োগ সম্বন্ধে সজাগ থেকে রচনাকে
স্থরকারের গ্রহণযোগ্য করা। কারণ শব্দপ্রয়োগ, ছন্দের ব্যবহার ও উপযুক্ত
কলি রচনার জন্মে স্থর সম্বন্ধে সচেতনতা থাকা একান্ধ প্রয়োজন। স্থরের
রাজ্য থেকে স্থভাবতঃই গীতি-রচয়িতা (কবি) মুক্ত নয়, মদিও স্ব্লাতিস্ক্র
স্থর-রচনা বা স্থর-প্রয়োগ বিভায় পারদর্শিতা না-থাকাই সম্ভব। স্থর-সংযোজনায়
নতুন রীতি উদ্ভাবন স্থর-সংযোজকের কাজ। গীতি-রচয়িতা হয়ত বছমুখী স্থরসংয়োজনার কথা ভাবতেও পারছেন না।

এইসব কারণে হ্রকারের উদ্ভব। গীতি পরীক্ষণ, উপযোগী হ্বরের কলি উদ্ভাবন, উপযুক্ত ব্যাসংগীত সহযোগিতার প্রযোজন এবং উপযুক্ত কণ্ঠের নির্বাচন—এই সব সম্মিলিত হয়ে হ্রকারের আর একটি স্বডন্ত রাজ্য। এ রাজ্যটি স্বছন্তে ব্যাথ্যা দরকার। তা হলেই আধুনিক গানের হ্বরূপ আরও বোঝা যাবে।

স্থরকার

শাধুনিক গানের গঠনের মৃলে থাকে বৈত শিল্পীর কারিগরী। প্রথম গীতি-রচমিতা, হিনি কথাতে হুরের ব্যবহার সম্বন্ধে সচেতন এবং অক্সজন স্বরকার, থিনি ভাষা ও কার্ব্যিক তাৎপর্যকে বৃঝে নিয়ে কথাকে স্থরে রূপান্তরিত করেন। প্রতি ক্ষেত্রেই এই ত্'জন বাজির মধ্যে তুটো গুণ অপরিহার্য হয়ে দাঁড়ায়। কবির মধ্যে স্বরবাধ এবং স্থরকাবের মধ্যে কাব্যবোধ। হয়ের স্মিলিত ক্ষমত! নিয়েই পূর্ববর্তী যুগের কবিরা সংগীতকাররূপে জন্মেছিলেন। কিন্তু গানে স্থরপ্রযোগে স্ক্ষতা ও বৈচিত্র্য এলেছে বলে আধুনিক গানের প্রতিটি উপাদানের সম্বন্ধে সংগীতকারকে ভাবতে দেখা যাছে। অর্থাৎ আধুনিক গানে এইরূপ দাবীর জ্ঞেই স্থরকারের স্পষ্ট হয়েছে। স্থরকার বা সংগীতপ্রযোজক আপন মনের তাগিদে স্থরকার সঞ্চ হয়েছে। স্থরকার বা সংগীতপ্রযোজক আপন মনের তাগিদে স্থরকাল সঞ্চয় করেন এবং গীতিরূপের কথা ভাবেন। স্থর-প্রযোজকের এ কাজটির মূলে কি কোন ঐতিহাসিক কারণ রয়েছে?

শ্রীদিলীপকুমার রায় ১০৩৮ সনে লিখেছেন "কিন্তু আমরা চাই স্থরকারকে

কল্পোজারকে। এ থুগের তৃষ্ণা— স্থরকারের তৃষ্ণা। প্রেড্যেক যুগেরই
একটা যুগধর্ম আছে। আগের যুগেও একধরণের স্থরকার ছিল বই কি ?
মার্গসংগীতে প্রতি গুণীই কমবেশি স্থরকার, ষেহেতু তাঁদের তানকর্তবে রাগের
পর নব নব রূপ নব নব ব্যঞ্জনা তাঁরা দেখান তো বটেই। কিন্তু তবু তাঁদের
ধ্বনি-স্থাণত্যে কাককলার অভাব না থাকলেও—ঠিক অনিবার্যতা বাকে বলে
তা নেই, এবং স্থরস্টিতে স্থাণত্যের অনিবার্যতা না থাকলে যুথার্থ স্থরকার
পদবী দাবী করা চলে না।

অবশ্য বলাই বেশি, প্রশ্নটা স্থরকার হওয়া না-হওয়া নিয়ে নয়; প্রশ্নটা হল আসলে স্পষ্টির উৎকর্ষ নিয়ে। স্থরকারকে আমরা আজ চাই এইজন্মে যে, গানের শ্রেষ্ঠ বিকাশ এক তাঁর হাতেই সম্ভব—গায়কের হাতে নয়: কি না স্থান করিছ হচ্চেন স্থানের সমাট, স্থানী ও (executant) এক শ্রেণীর প্রাক্তাতিক বটে। কিন্তু স্থানারের নক্তালোকে তাঁর ঠাঁই নেই, একথা প্রতি সংগীত-অস্থাগী মাত্রেই মানেন সব সভ্য দেশে—নামেনে উপায় নেই।— এ বিষয়ে যুরোপের মানদওই ঠিক—ভারা বরাবরই স্থাকারকে করেছে আহ্বান, স্থান-শিল্পীকে করেছে ক্তিয়—ব্রাহ্মণের আহ্বাবহ। স্বর্ণিৎ স্থারের মূনি যা বলবেন স্থারের গুণীকে তা-ই পালন করতে হবে।

তা হলে দাঁড়াছে যে, হুরকারের নির্দেশই পরম ও চরম। কিন্তু কথন ?—
না যথন তিনি ধ্যান-দৃষ্টিতে যা দেখলেন, ধ্যানশ্রুতিতে যা জনলেন তাকেই
ফুটিয়ে তুলতে চান। আমরা দেখেছি থেয়াল-ঠুমরীতে ধ্যানদৃষ্টি বা ধ্যানশ্রুতির এ অনিবার্যতা নেই—কেননা সেকালে হুরকার এভাবে দেখতে বা
জনতে শেখেন নি। এ প্রবণতা সম্বন্ধে আমরা সচেতন হয়েছি হাল আমলে
—এ যুগো। কেননা, এ-ই হল যুগের ধর্ম—এ-ই হুরলীলাব অতিপ্রত্যক্ষ
উপলব্ধি—concreteness of melodic realisation.

তাই আধুনিকতম বাংলা গানেই স্থাবকার পরম সার্থকতা পেতে চাইছেন:
শুধু কাব্যের গুণে নয়—কাব্যের সঙ্গে অনিবার্থ সমন্বয়ে, স্থামায় সামঞ্জের ।
একথা বললে অবশু সেটা সহনীয় কথা হবে যে যাই কিছু গড়া হোক না
কেন—তাতেক মঞ্জুর করতে হবে স্প্রিসার্থক রলোতীর্ণ বলে মেনে নিয়ে।
ভা নয়।

কম্পোজিশান কাকে বলে তাই আমরা ঠিক মত এযাবৎ জানতাম না— সবে আভাষ পেতে স্থক করেছি কাকে বলে 'গান'।''—(সান্ধীতিকী)

বে কোন গীতিতে হার প্রযোজনা করতে হলে রাগ সংগীত বা লোকসংগীতের অফুসরণ করে হার প্রয়োগ করা দরকার, একথা আমরা জানি।
আজকাল কাজটি অবশ্ব হারপ্রযোজক মাত্রেই করেন। উদাহরণ হারপ বলা
যায়, অতুলপ্রসাদ সেন ছোট ছোট দাদরা, ঠুমরী ও ধেয়ালের ভক্তিতে হার
প্রয়োগের অত্যে কিছু গান রচনা করেছিলেন। নজকল কিছু গান রচনা
করেছিলেন বিশিষ্ট দেশী অথবা বিদেশী হার প্রয়োগ করার জত্যে। অর্থাৎ
গীতিতে হারসংযোজনা ও প্রযোজনার জত্যে এবং হারকারের প্রয়োজন লক্ষ্য
করে এই গীতি রচনা। এ কেত্রে গীতিকারের রচনা মৃথ্যতঃ হারকারের
জত্যে, যদিও এ ছজন গীতিরচয়িতার মধ্যে হার প্রযোজনার ক্ষমতা ছিল এবং
চুক্সনেই হার সম্বন্ধে অভিক্ত। এর পরবর্তী আরও একজন গীতিকার, অক্স

ভট্টাচার্য, যিনি গীতি রচনা করেছিলেন স্বতম্ব স্থরকারের প্রয়োজনে, অর্থাৎ হিমাংশু দত্ত তাতে স্থর সংযোজনা করলেন। এক্চেত্রে স্থরপ্রযোজক স্পাইতই স্বতম্ব হয়ে দাঁড়ালেন। অর্থাৎ, স্থরকারের সাধনার মূল লক্ষ্য স্থরের উপযুক্ত কথার অন্থলদান এবং স্থর প্রয়োগের কায়দা উদ্ভাবন এবং সবশেষে অভিনব স্থর-সংযোজনা। অর্থাৎ স্থলভাবে দেখা যায়, নতুন স্থর স্টির ঘারা শ্রোতাকে আরুই করবার কায়দাতে স্থরকারের লক্ষ্য; নতুনত্বের ভিত্তিভূমি প্রধানতঃ রাগসংগীত অথবা লোকসংগীত, কিন্তু এর অর্থ নতুন স্থর বা রাগ স্পষ্ট নয়, নতুন সংযোজন, স্থরকলি নির্বাচন ও প্রয়োগ। নতুনের প্রয়োজনে আজকের স্থরকার আধুনিক গানকে নিয়ে এই ভিত্তির ওপর নতুন স্থর সৌধরূপে স্থাপন করেছেন।

মোটাম্টি ধরে নেয়া ষেতে পারে—প্রায় ১৯৩০ সাল থেকেই এর স্থরু। এ সময় থেকেই স্থর রচনার সঙ্গে বাতা সংগীতেরও বিশেষ রচনার প্রয়োজন হয়। অর্থাৎ তিরিশ সাল থেকে আজ পর্যন্ত দেই একই পদ্ধতিতে উদ্ভাবন, পরীক্ষণ, পর্যবেক্ষণ, অন্থীক্ষণ ও নিরীক্ষণ ইত্যাদির দারা গানের হুর প্রয়োগের কাজ চলেছে। এই পদ্ধতির প্রয়োগ হয়েছে ফল্মতা ও জটিলতার জল্মে, একথা উল্লেখ করা যায়। বে কোন গীতিতে হার সংযোজনার সঙ্গে প্রতিটি শব্দের গায়ন পদ্ধতি, দমের সংকোচন, স্থরের উৎক্ষেপণ, গীতির কলিতে বিভিন্ন ষল্পের ব্যবহার, কোথাও স্থাবহ-সংগীত ব্যবহার প্রভৃতি উপাদানগুলি উদাহরণ-স্বরূপ ধরা যাক। স্থর সংযোজনায় এসব বিষয়ে বছবিধ চিস্তাও ভাবনার প্রয়োজন হয়। এ ধরণের ভাবনা ও অমুরূপ কাজের হুক আজ থেকে প্রায় ত্রিশ বছরেরও পূর্বে। সে সময় থেকে গ্রামোফোন রেকর্ড ও রেভিওর জ্বস্তে গীতি-রচনা ও স্থর-প্রযোজনার কর্তব্য স্বতম্ত্রভাবে বিশেষ ব্যক্তির ওপর আরোপ করা হতে থাকে। কিছুকাল পরে স্বাক চলচ্চিত্রের জন্মে, সংগীত রচনাও र्थान हरत्र में एवं । तम ममत्र रथरक इ चाधुनिक शास्त्र छक। এর পূর্ব থেকে রোমাটিক, আধ্যাত্মিক ও জাতীয়তাবাদের ভাবে প্রভাবিত কবি ষাধুনিক গানের প্রাথমিক অবস্থার সৃষ্টি করেন। প্রায় উনিশশো জিশের **অ**ধ্যায় থেকেই গীতিতে হুরকলির প্রয়োগ, হুরের নানা রূপের উপাদান শঞ্চ্যন, ষল্পণগীতের প্রয়োগ-কৌশল প্রভৃতির কাজে হার-প্রয়োজক এগিয়ে थलन । विश्वयन कत्रल प्रथा यात्र, हिनुष्टानी त्रागमः गीट्यत विভिन्न कामन বেমন কবিদের প্রভাবিত করেছিল তেমনি স্থরপ্রয়োগের কল্পনাও নতুনের

সন্ধান দিয়েছিল। সঙ্গে সঙ্গে নানা বিদেশী স্থরও স্থরকারদের মনকে প্রভাবিত করল।

. এ ভাবেই সমসাময়িক রচনার দায়িত্ব ভ্রের ওপরে স্বতঃই আরোপ করা হয়ে গেল: গীতিকার গীতি রচনা করে স্বরের ইন্ধিত দিয়ে রচনাটি স্বর-প্রযোজকের হাতে দিলেন। স্বর-প্রযোজক দে কাজের জন্মে তিনটি সমস্থার সন্মুখীন হলেন:

প্রথমে, গানের প্রতিটি ভীববস্তার জন্যে উপযুক্ত স্থা-কলির রচনা এবং ভাবের দক্ষে স্থাবের সামঞ্জা বিধান:

বিতীয়, স্থর প্রবোজনার সঙ্গে বিশেষভাবে রচিত যন্ত্র সংগীতের সহযোগিতায় স্থর প্রয়োগে সমৃদ্ধি দান; এবং

তৃতীয়, প্রকাশ শক্তির প্রতি লক্ষ্য করে গায়ক নির্বাচন ও সংগীতের প্রত্যক্ষ পরিচালনা

এ তিনটি কর্মপদ্ধতির বিশ্লেষণ করলেই স্থরকারের মানসবৃত্তির পরিচয় পাওয়া যেতে পারে। পূর্বে, রচনাকে স্থরমন্তিত করবার জন্মে কবি যেন তাঁর স্থরসন্তাকে এগিয়ে দিতেন, ভেমনি কবির পথও ছিল কতকটা বাঁধা, রাগসংগীতের পথ। যথা, অতুলপ্রসাদ ঠুমরী, দাদরা বা থেয়ালের অন্তর্মণ গীতিতে স্থরসংযোজনা করলেন, নজকলও অন্তর্মণ কায়দাতে থেয়াল-ভাঙা এবং গন্ধলের পদ্ধতিতে বাংলা গানের স্প্তি করলেন। এ সম্পর্কে এর পূর্বেকার রবীক্রনাথ-প্রদর্শিত পদ্ধার কথাও স্থরণ করা যেতে পারে।

কিছে আধুনিক গীতিতে হ্রপ্রযোজনার পদ্ধতি আরও খুঁটনাটি বিষয়ে এগিয়ে গিয়েছে: যথা হ্রকলির উদ্ভাবন, হ্রসক্তির হৃষ্টে, বিভিন্ন হ্রসমষ্টির সমন্ত্র-দাধন, ইত্যাদি। এ পথ ব্যাপক এবং বাঁধারীতির পথ নয়, এ হল ক্ষুত্র ও থগুকে এক সামঞ্জত্মে মণ্ডিত করবার পদ্বা। আমরা জানি, সমন্ত গানের হ্রের গঠনে একটি পরিকল্পনা, রাগরাগিণীর অবিমিশ্র ভাবকল্প রূপের হৃষ্টে, প্রকৃতির সঙ্গে সক্ষতি রেখে বেদনাত্মক অথবা উদাস করা রাগ নির্বাচন অথবা পল্লীহ্ররের ভাব ও রূপের প্রয়োগে গানরচনায় পূর্বের হ্রকার কবি, রবীন্দ্রনাথ, অত্লপ্রদাদ এবং আরও অনেকে নানান কাজ করেছেন। ভারতীয় রাগসংগীত ব্যক্তিধর্মী এজন্তে, বৈরাগ্য, উদাসীন্ত, আরুতি, বিরহ, ছঃখ, বেদনা, অমনকি অনির্বচনীয়ভার সন্ধানেও হ্রের প্রয়োগ গীতরচয়িভাদের কল্পনায় স্থাবসিদ্ধ ছিল।

আধুনিক স্বপ্রবোজক পরীক্ষণ স্থক করলেন নতুন ছটো দিক থেকে: প্রথমত, শ্রোতার মনোরঞ্জন এবং দিভীয়ত, সেই কারণেই সম্পূর্ণ দাত্ম-স্বাভন্ত্যে লক্ষ্য না রেখে কডকটা পরতন্ত্র কচি বা শ্রোতার মানসিক স্বাকর্ষণ অহ্বায়ী হুরের রচনার দিকে ঝুঁকে পড়া। আধুনিক গান হুরের এই তদগত বা objective আচরণেরই ফল। এই মনোভাবের ফলে প্রচলিত রাগের গঠন বজায় রাধার কোন উদ্দেশ্তই স্থর-কাব্যের মধ্যে থাকা সম্ভব নয়, সংগীত-কলি রচনায় নবীন উদ্ভাবনের নেশাই তাঁছের প্রবল হয়ে দাঁড়ায় এবং প্রচলিত রাগের গঠন ও বাঁধা সংগীতকলি থেকে বিচ্যুত হয়ে যাবার সম্ভাবনা হুরকারদের মধ্যে অভাবভই এদে পড়ে। কারণ, বে কোন রাগের রূপ বা রুষ কতকটা একীভূত, একই ভাব সমগ্রতায় বাঁধা। যথা, কেদার বা মূলতানী রাগের যে রদ আমাদের জানা আছে, তাতে আমাদের সংস্কার অনুসারে বিশেষ সময়ের লক্ষণযুক্ত বিশেষ আবেগের কথা মনে করিয়ে দেয়। কিন্তু আধুনিক হুরকার হয়ত এই হুটো সাংস্ত ধরণের, স্বাধ্বা এমন কি হুটো বিরুদ্ধ ধং পের রাগ থেকে ছটো কলি সংগ্রহ করে, কবিতার ভাব অমুদায়ী ভাকে একটি সুত্তে গেঁথে দিতেও পারেন, অথবং বিভিন্ন ক্ষেত্র থেকে পরব সংগ্রহ করে একটি উপভোগ্য গানের তোড়া বচন। করতে পারেন। এমন বচনাকে তো তথাক্থিত সংগীত-রীতির বিশ্লেষণ দার। বিচার কর। চলতে পারে না। স্থারের প্রয়োগ-বৈশিষ্ট্য, নির্বাচন, গ্রন্থন এবং সম্পূর্ণ বস্তুকে একটি সমগ্র রূপদান হচ্চে স্থ্যকারের দায়িত্ব। স্থ্য-প্রযোজক হয়ত এ রচনায় নিয়মশৃঙ্খগার একটি শস্থা আবিষ্কার করেছেন। ইনি অতিপ্রাক্ষতকে প্রাক্ষত করতে পারেন, অজ্ঞাত স্থাক লিকে উদ্ধাবন করে গীতিতে প্রয়োগ করতে পারেন, খণবা সম্পূর্ণ ভিন্ন-ধর্মী বৈদেশিক অথব। বিভিন্ন দেশের লোক-সংগীতের অন্তত হুরকলিকার সামঞ্জপূর্ণ সংযোজন কংতে পারেন এবং গানের কায়দাতে বস্তুনিষ্ঠতা প্রকাশ করতে পারেন। এইসব খুঁটিনাটি details বা বছতর উপাদান সম্পর্কে ভাববার সময় ও মানসিকতা কবিবা গীতি-রচিছিতার মধ্যে থাকা দবদা সম্ভব নয়। এজন্মেই আধুনিক গানের এই হুটো দিক খাঃম ভাবে বিচার্য-অর্থাৎ গীতি-রচনা একজনের দায়িত্ব এবং স্থর-সংযোজনা ও প্রযোজনা অক্তরনার।

এজতোই আধুনিক গানের মূল্যায়নে চিরাচরিত দৃষ্টিভান্সতে বা রাগসংগীতের তথ্য ও সংজ্ঞা অন্ম্নারে বিচারের চেষ্টা ব্যর্থ হতে বাধ্য। বিচারের মাপকাঠি নির্ভর করবে স্থর-প্রযোজকের গীতি ও কণ্ঠ নির্বাচন এবং স্থরকলি উদ্ভাবন- শক্তি, গ্রন্থনা, সামঞ্জ্য-বিধান ও সংগতি-সংরক্ষণে। আধুনিক গানে কোথাও রাগরূপ রক্ষিত হবে কিনা তা বিশেষ বিচার্য নয়, গান করবার কায়দায়ও প্রচলিত প্রকাশভলি আজকাল বজায় নেই, কিন্তু তা'বলে আধুনিক গান ব্যর্থ হয় না। বরং হ্বর-প্রবোজকের objective দৃষ্টিভলি রচনার কারিগরী ও সৌকুমার্য স্পষ্টির সহায়ক কি না, এ প্রশ্নই মনে ক্ষেগে ওঠে। পূর্ববর্তী যুগের সংগীত-রচয়িতাদের গীতি রচনার মূলে ছিল তাঁদের হুত:ফুর্ত সংগীত প্রেণা, কিন্তু গীতি-প্রযোজক বা হ্রকারের প্রতি পদক্ষেপে থাকে তাঁর নিরীক্ষণ ও পরীক্ষণের কাজ। কারণ, হ্বর-প্রযোজক নিজে গান করবার জন্তে এ দায়িত্ব গ্রহণ করেন না, হ্বরকারের দায়িত্ব হচ্চে প্রকাশের পয়া প্রবর্তন করে নিজে প্রোতার হান গ্রহণ করা। কাজেই, হ্বর-সংযোজনার জন্তে উপযুক্ততা অর্জন করতে হলে হ্বরপ্রযোজক হবেন সংগীতের অভিব্যক্তিতে অভিজ্ঞা, বর্তমান ক্ষতি ও রদবোধে সপ্রতিভ এবং ভাষাবোধের ক্ষমতায় বিশিষ্ট ও কাব্যরদের অধিকারী। দেখা যাচেত্র আধুনিক সংগীত প্রযোজক specialisation-এর আলকরণে অলক্ষত। আমরা হ্বর-প্রযোজনার কাজকে বিভিন্ন ভাগে ভাগ করে ব্রের নিতে পারি:

- ১) স্বর-গ্রন্থনার পদ্বা উদ্ভাবন, পরীক্ষণ ও নিরীক্ষণ,
- বিভিন্ন দেশ ও প্রদেশের ভিন্ন রীতির দলীতে আগ্রহ, গ্রহণ ও স্বী-করণের (assimilation) চেষ্টা,
- ভ) স্থর সংযোগনায় নানা ব্যঞ্জনা, ইলিভের এবং বিশায়য়য়য়য়য়য় (surprise)
 কায়লা উদ্ভাবন,
- ৪) একঘেয়েমি দূর করে ভাবাহুগ স্থরণল্লব তৈরি,
- e) ছत्म বৈচিত্তা সাধন,
- ৬) স্থর গ্রন্থনায় পরিবেশ ও সংঘাত স্প্রের (climax) চেষ্টা,
- গীত অহ্বায়ী কঠ নির্বাচন অথবা, কঠের গুণ অহ্বায়ী হ্বন-সংযোজন এবং
- ৮) ষম্বদন্ধীত সম্বদ্ধে অভিজ্ঞতা এবং orchestral piece রচনার দক্ষতা ও গীতের পরিবেশ রচনার চেষ্টা।

এমনও হতে পারে যে এক-একজন হ্রকারের মধ্যে এক একটি গুণ বিশৈষ্কপে পরিক্টুট। একটি ভাল সাধুনিক গান রচনার মূলে হ্র- প্রধান্তকের এমনি বছম্খী কর্মকুশলতা লক্ষ্য করলে আধুনিক গানের সমা-লোচনার পন্থা সঠিক নির্দেশ করা চলে।

স্থাব-রচনায় প্রযোজকদের মধ্যে এক বা বছতর গুণাবলীর প্রকাশই স্বতন্ত্র-ভাবে লক্ষ্য করা বেতে পারে। উদাহরণস্বরূপ বিগত তিন চার দশকের গানে যারা হার দিয়েছেন এবং যারা বিগত হয়েছেন তালের কয়েকজনার কয়েকটি ব্যক্তিগত কৃতির কথা উল্লেখ করছি। হিমাংশু দত্ত বছ বিখ্যাত গানে রাগ-রীতিকে রক্ষা করে গীতিতে রাগের বিশেষাংশকে গানের কলিতে তাৎপর্যমূলক करतरहन, रेगरनमध्य पख्थथ क्रजहरमत मभीकरण रामी ७ विरामी स्वभन्तर्यत প্রয়োগ করতে চেষ্টা করেছেন. স্থধীরলাল চক্রবর্তী স্থরের আক্ষিক উত্থান-পতনের মধ্য দিয়ে উচ্চত্বর এবং নিমু বা মধ্য হরের সামঞ্জন্ত বিধানে এবং চল রচনায় ক্রতিত্ব দেথিয়েছেন এবং অফুপম ঘটক বিভিন্ন স্বরের সঙ্গতি এবং বিভিন্ন কঠের স্বতম্ভ স্বরের ঐক্য সৃষ্টি ক'রে (Harmonisation) সাধুনিক গানে নতুন পরীক্ষণ করেছেন। এঁরা কেউ আজ বেঁচে নেই, কিছু এঁদের হুর-সংযোজনায় যে বিশেষ লক্ষণ দেখেছি তাই উল্লেখ করলাম। তা ছাড়া এ যুগের হুর প্রযোজনায় নজফলের দানও যথেষ্ট, বৈদেশিক গানের পদ্ধতিতে আধুনিক-গানের প্রয়োগ, রাগসঙ্গীত থেকে পল্লব সংগ্রহ করে অহুরূপ গীত-রচনা করে স্থর প্রয়োগ, ছন্দের এবং স্থরের নানান প্রয়োগ-বৈচিত্তা, যুক্ত-সংগীতের পদা উদ্ভাবনের জন্মে উপযুক্ত গীত রচনা করে তাতে হুর প্রযোজনা প্রভৃতি নজকলের দৃষ্টিভলি ও সক্রিয় সহযোগিতা আধুনিক গীতি-প্রযোজকের বা হুরকারের মর্ধাদায় নঞ্জকলকে হুক্রভিষ্ঠিত করেছে (যঠ পরিচ্ছেদ দ্রষ্টব্য)। कविश्रं खुत्रकात हिरमरत मर्वन। एव खुरत्रत्न नाना भाषा १ सर विरवहना करत স্কাতিস্ক সংযোজন করতে পেরেছেন একথা বলা যায় না। সে সময় ও অভিজ্ঞতার বিস্তৃত স্থযোগ অনেকের হয়েছে এরপ বলাচলে না। এজস্তে চিরায়ত সংগীত অবলম্বন বা অমুকরণই সহজ পম্বা ছিল।

বাঁদের নাম করা হোল, এঁরা সকলে আধুনিক সংগীতের হুর প্রয়োগে কিরপ প্রভাব বিন্তার করতে পেরেছিলেন সে বর এখানে বক্তব্য নয়। বক্তব্য হচেচঃ খে ধরণের চেষ্টা এঁলের করতে দেখা গেছে এবং হুর-সংযোজনায় কোন কোন ক্লেৱে যে মৌলিক রচনাশক্তি এঁলের মধ্যে ক্রিয়াশীল হয়েছে, আধুনিক গানের সমালোচনা করতে বসে এইসব বিষয়কেই বিচার্থ বন্ধ বায়, সেখানে মূল লক্ষ্য

থাকে 'কথাবস্ত বা গীতি', সজে সজে গানের অস্তঃ স্থ র প্রকৃতি সম্বন্ধ শুধু স্থরের প্রকৃতি, অর্থাৎ হাজাভাব বা গভীরতার ছায়াপাত সম্বন্ধ উক্তি করা হয়। আমরা বলছি, স্থরসংযোজনা প্রযোজনার কাজ উল্লেখ করে আধুনিক সংগীত আলোচনার প্রয়োজন। একথাও বলা দরকার যে এঁদের সমসাময়িক বা পরবর্তী কালের যারা আজও আধুনিক গানের স্থরসংযোজনা ও প্রযোজনার কাজ বিভিন্ন ক্ষেত্রে করে যাছেন, তাঁদের অন্তেকর মধ্যে আরও অধিকতর কৃতিত্ব ও অভিজ্ঞতা লক্ষ্য করা যায়। বহু স্ক্রাতিস্ক্র স্পর্শও অনেকের রচনার মধ্যেই রয়েছে, রচনা ও প্রযোজনায় হয় অন্তর্মণ ব্যক্তিত্ব প্রকাশ করেছেন। হয়ত সমসাময়িক কোন কোন স্থর-সংযোজক শিল্পস্তিতে বিস্বয়ের সন্ধান দিয়েছেন। কিছু আলোচন। গ্রন্থের ষষ্ঠ পরিচ্ছেদে দেওয়া গেছে। এখানে শুধু আধুনিক গান বিচারের principles বা পদ্ধতি সম্বন্ধে বলা উদ্দেশ্য।

আধুনিক গানের বিরূপ সমালোচনার কথা আগেই উল্লিখিত হয়েছে। এ সম্পর্কে কয়েকটি প্রশ্নের উত্থাপন করা যেতে পারে।

- (১) স্থরকার বা স্থর-প্রথোজক তাঁর নব উদ্ভাবিত স্থরকলির প্রয়োগ-বৈশিষ্ট্য বারা কি চিরাচরিত সংগীত-রীতির বিরুদ্ধ কোন বস্তুর অবতারণা করেন?
- (২) এঁরা কি প্রচলিত রাগসংগীত বা দেশী সংগীতকে রূপান্তরিত বা বিরুত করে রুচি ও রুসবোধের দিক থেকে ভ্রষ্ট শিল্প সৃষ্টি করেন। এবং
- (৩) রবীন্দ্র সংগীতের মতো এমন সার্থক, অপরূপ কাব্যগীতিতে রাগ-পরিকল্পিত এবং দেশী রীতি অস্থায়ী হুর প্রয়োগের পর, স্বান্ত্র হুরের কারিগরী কি শিল্পের দিক থেকে অবাস্তর ?

প্রথম প্রশ্নটির উত্তর এক্ষেত্রে প্রয়োজনীয়। যে গানের আলোচনায় প্রচলিত সংগীত-রীতিকে অফুসরণ করা যায় না, অস্তত যে স্বর-রচনার আলোচনা করতে গেলে রাগসংগীত বা দেশী গীতিপদ্ধতি অফুষায়ী আলোচনা চলে না, সে গান সম্বন্ধে এ প্রশ্ন হওয়া আভাবিক। যে কোন সংগীত-রীতিই হোক না কেন, চিরাচরিত basic বা মূল সংগীত পদ্বা থেকে দে অভন্ত হতে পারে না। আধুনিক সংগীত সেই একই জমিতেই প্রতিষ্ঠিত। সেই একই জমিতে অভন্ত রূপের গঠন, অভন্ত উপাদানের প্রয়োগই আধুনিক গানের কক্ষা। সংগীত-ইমারতের চিরাচরিত যে গঠন-পদ্ধতি রয়েছে, তাতে বছমুগের বহু সংস্কৃতির ধারা এসে সংমিশ্রিত হয়ে তাকে একটি শান্তীয় সৌঠবে

বা classic structure-এ পরিণত করেছে। রাগসংগীত বিকশিত হচ্ছে, আদল-বদল হচ্ছে, তাতে রং ফিরছে কিন্ত structure বা গঠন-পদ্ধতির রূপান্তর ঘটে নি। আধুনিক গানের গঠনে নতুনত্ব হচ্ছে তার সমকালীন পরিবেশ। উপাদান স্বত্তর ধরণের, কারিগরীতেও নতুন মানসিকতা, অর্থাৎ structure-এ নতুনত্ব।

পূর্ব বর্তী বিশ্লেষণে দেখেছি যে স্থান-সংযোজনার আধুনিক কারিগরীতে স্থার ও ষান্তের সংগীত সংগ্রহ ও সংযোজন একটি প্রধান কাজ। রাগ-সংগীতে যেমন সম্পূর্ণ রাগের ধারণা থেকেই শিল্পের স্থাক হয়, আধুনিক গানে ভারই বিপরীত রীতি অস্থাত। যাত্রাপথ—ক্ষুত্র ও থক থেকে সম্পূর্ণ, অর্থাৎ থণ্ড স্থার সমূহের সংযোগে একটি গানের স্পষ্টি। আপাতদৃষ্টিতে মনে হবে এ যেন পল্লবগ্রাহী স্থারসিক, পুরাতন থেকে গল্পব সংগ্রহ করে বর্তমান শিল্পে কারিগরীর বিস্থাস করেছেন। মনে হয়, প্রযোজনার অর্থ হচ্ছে commercial art-এর মতো বস্তাকে প্রযোজন অন্ধানের দেশিক্ষর্ণ অলক্ষত করার জ্বন্থে বিভিন্ন অলক্ষার সঞ্চয় করা এবং প্রযোগ-বৈশিষ্ট্যের ছারা সে সঞ্চয়কে চমকপ্রাদ করে তোলা। কিন্তু একথাও স্বধানে সন্ধান্য।

পুরাতন রাগণদ্ধতি অক্ষা রেথেও গান আধুনিক হতে পারে। স্থর প্রয়োগের বৈশিষ্টো, ছলের বৈচিত্রো এবং বিশিষ্ট গায়ন-পদ্ধতিতেই গান অধুনিক হয়ে দাঁড়াতে পারে। সে গান শুনে রাগরাগিণীর কথা হয়ত মনেও আগবে না। মনে আগবে একটি কথায় স্ট ভাবদ্ধাৎ এবং তাতে গাঁথা হয়েছে বে স্থ্রপল্লব বা স্থরের কলি, অথবা patterns বা স্থরভিদ বা স্থরের ছান। বলা বাছল্য, এই সঙ্গে বিদেশী স্থরপল্লবের বা কলির সার্থক সংমিশ্রণ হয় এবং তাতে যদি সামগ্রশু সাধন করা যায়, তা হলে শ্রোতার মন হয়ত আরও আরুট হতে পারে। অতএব, একথা সত্য যে আধুনিক গানের ভিত্তিভূমি চিরায়ত সঙ্গীতেরই ভিত্তিভূমি, কিন্তু স্থর রচনা পদ্ধতি এবং রচনার মানসিকতাই তাকে আতল্ঞা দান করে। আধুনিক গান চিরায়ত সঙ্গীত-রীতির বিকল্প বস্তু রাজি।

খিতীয় প্রশ্নের উদ্ভব হয় ক্ষচি ও রসবোধ সম্পর্কে। আধুনিক গানের গঠনে বিকৃত ক্ষচি ও রসবোধের কথা আনেক ক্ষেত্রেই শুনতে পাওয়া যায়। ক্ষচি-বিকার ধিকৃত রোগ বিশেষ। বেখানে গানের উদ্দেশ্রই হচ্ছে বিক্বন্ত কচির ঘারা দৃষ্টি আকর্ষণ, সেথানে কচিবিকার হওয়াই খাভাবিক। বিশেষত বাস্তবাহৃগ শিল্পরচনায় কোন কোন হলে এ প্রশ্ন খভাবতই জাগতে পারে। এ ধরণের উদ্দেশ্যমূলক রচনার কথা বাদ দিয়ে মৌলিক আধুনিক গানের রচনার দিক থেকে বিক্লন-অভিযোগের বিচার করা যেতে পারে। প্রথমেই বলছি, "আধুনিক গানে রস ও কচিবোধের ব্যত্যয়"—এ উজিটি সম্পূর্ণ আনাসক এবং শিল্পটিসম্পন্ন মনের কথা নয়। অর্থাৎ রাগ-সংগীতের সংস্কারমূজ মনই যা কিছু আধুনিক সব যুক্তি সহকারে বিশ্লেষণ করতে পারবেন। বিচার্য বস্তর প্রকৃতি নির্দেশ করা এবং বিচারের ক্রে সম্বন্ধ নিশ্চিত হলে এ বিষয়ে বাধা থাকে না। অনেক ক্লেত্রেই সংস্কারবন্ধ মানসিকতা স্বীকার করে নিতে চায় না, এক্লেত্রে সহাহভৃতি ও দৃষ্টিভিক্সির নতুনত্ব থোঁজা ও যুক্তি দিয়ে ব্রেধ নেওয়া একমাত্র পথ।

রচনায় অভ্যস্ত হাজা মনোভাব, যথা Rock and Roll'এর অফুকরণ। শা-লা-লা'র উচ্চবিত হল্লোড়ের উদ্দেখ্যে স্বষ্ট হ্মরভঙ্গি অথবা চলচ্চিত্রের वायमाथी मुष्टि-भूर्व खत्रन त्रहमात्र बात्रा माधात्रत्वत्र मत्नाव्तर्वत्र तहेश विरमध উদ্দেশ্যমূলক বলা যেতে পারে। শিল্প-সৃষ্টি রূপে এ রচনা কোন প্র্যায়েই স্বীকার্য নয়। অত্বকরণ কোন অবস্থায় শিল্পস্থার বিষয় হতে পারে না। উদ্দেশ্য-মূলক রচনা এবং অত্করণপ্রিয়ভার মূলে কোন মৌলিক, সৃষ্টি-প্রিয় মন ক্রিগ্রাশীল হয় না। এই সাম্য়িক রচনা ক্রণস্থায়ী হতে পারে, কিছুকালের জত্যে জনতার প্রিয়ও হতে পারে। এতে ভাবনার কিছুই নেই। এ প্র্যায়ের রচনার দারা আধুনিকতার বিচার চলে না। কারণ একেত্রে রচনারীতি বিচারের কোন শার্থকতা নেই এবং এসব গান লক্ষ্য করে আধুনিক গানের রস ও রুচিবোধের জ্রুটির কথা উল্লেখ করা অপ্রাসন্ধিক। আধুনিক গীতিরচনার মৌলিকতা এবং রীতি-সম্মত হার সংযোজনা বিচার করে আধুনিক গানকে বোঝা যায়। সংগীতের বিভিন্ন বিষয়ে সামঞ্জু সাধন; যুক্তিসক্ষত সংৰোজন পদ্ধতি এবং সবশেষে ব্যক্তিগত শিল্পবোধের ছোঁয়া আধুনিক রচনাকে সেরা निष्त्रत পर्याय निष्य त्या पादत वाल विश्वाम कति । भाशूनिक शानित त्रीिक, সংযোজনা এবং গায়নপদ্ধতি—এ তিনের বিশ্লেষণে য। সক্ষত প্রমাণিত হবে তাকে ফচি ও রসবোধের দিক থেকে সক্ষত বলা চলবে।

এবারে তৃতীয় প্রশ্নের উত্তরে একথাই বলা দরকার যে রবীজ্ঞনাথ আধ্নিক স্থানের পথ স্থাম করে দিয়েছিলেন বছ বিচিত্র ধরনের স্থর-সংযোজনার ছারা। ইয়োরোপীয় সংগীতের প্রভাবকে রবীজ্রনাথ স্বীকার করেছেন। ভাছাড়া রবীক্রসংগীতে জীবনের হাসি-ঠাট্টা বন্ধ-রসকে হুরে রূপান্তরিত করবার কায়দা লক্ষ্য করলে বোঝা যায় স্থরকে বান্তবরূপ দান করবার প্রবৃত্তিও স্থান বিশেষে म्बंडे श्राह्म नार्वेदकत्र शास्त्रत्र खरण स्वत्र প्राचारम त्रवीखनारभत्र मरधा জীবনস্পর্শের প্রভাব স্পষ্ট। স্থরের মধ্য দিয়ে পাত্রপাত্রীর কথার প্রকাশ-ভঙ্গিতে নতুন উদ্ভাবন উল্লেখযোগা। এসব লক্ষণ আধুনিক গানের প্রারম্ভ স্টনা করে। কিন্তু অক্তদিক থেকে দেখা যায়, রবীজনাথের গান ব্দনেকটাই রাগরপের ওপর নির্ভর করে। রাগগুলোকে রবীক্রনাথ জীবনের কতকগুলো প্রত্যক্ষ ভাবের সঙ্গে সংযুক্ত করে নতুন তাৎপর্যে ব্যাখ্যা করেছেন। রাগরাগিণীর চিরাচরিত ধারণাকে পাশ কাটিয়ে গিথে রবীক্রনাথ রাগের মধ্যে সার একটি অন্তর্নিহিত ভাব-প্রতীক সমুভব করেছেন। রবীদ্রবীতির স্থর-সংযোজনায় সেই ভাবই অবলম্বন করা হয়েছে। এজন্মে রবীক্র-স্থারচনার মূল হচ্ছে রাগাশ্রমী অথবা প্রচলিত লোকসংগীতের হুর-প্রধান। কিছ এর প্রধান বৈচিত্র্য হচ্চে চলিত রাগের স্থারের মধ্যে নবসংযোজন ক্রিয়া এবং ছন্দের নানা রূপান্তর। কথার অংশকে জোট করে ভাবের সংগতি রেখে হুরে বিক্তাস করা--রাগ-দংগীতের গানের মতো ভুধু শব্দগুলোকেই নয়। হুরের নব সংযোজনে কোন কোনো জায়গায় আধুনিক হুর প্রযোজনার লক্ষণও প্রকাশ করছে, যেখানে রাগ-রাগিণীর রূপের অন্তিত্ব ভূলে যেতে হয়, স্থর-কলিকার বা স্থরপল্লবের স্পরে দৃষ্টি নিবদ্ধ হয়, যেমন—"তোমার হোল স্থরু" গানটি। এরপ বহু উদাহরণ দেখা যায়।

আমরা পুরেই বুঝে নিয়েছি যে হ্র-সংযোজনার অনেক বৈচিত্রোর মধ্যে আধুনিক গানের লক্ষণ স্পষ্টভাবে প্রকাশিত হয় — হ্রকলিকা ও হ্রপল্পবের গ্রন্থন-পদ্ধতি এবং বিচ্ছিন্ন স্বরগুচ্ছের সামজ্জময় ও সঙ্গতিপূর্ণ ব্যবহারের ছারা। এদিক থেকে বিচার করলে গীতি-রচনা বা গীতি-নির্বাচন নির্ভর করে হ্রন-সংযোজকের ওপর। সে জ্জাই আধুনিক গীতিরচনার তুলনায় রবীক্রনাথের রচনা পুরোপুরি কাব্যরসসমুদ্ধ; বাজ্জিগত হ্রভঙ্গির স্পর্শ সেথানে প্রধান। রচনা ও হ্র-প্রযোজনার দিক থেকে রবীক্রনাথের নাম সম্পূর্ণ স্বতন্ত্র।

আধুনিক গীতি রচনার একটি লক্ষণ উল্লেখবোগ্য। নিভান্ত সহজ ভলির, এমনকি আপাতদৃষ্টিতে কাব্যরসবিহীন, গীতিও শুধু প্রহোজনা ও গায়ন-পছতির গুণে ভাল আধুনিক গান বলে আদরণীয় হয়ে উঠতে পারে। সে গানের আবেদন অভন্নভাবেই শ্রোভার কানে ধরা দেয়। ব্যক্তি-প্রতিভার স্ট গীতি ও হুর এক্ষেত্রে তুলনীয় নয় এবং রবীক্রনাথ, ছিজেক্রলাল, অতুল-প্রদাদ এসব হুলে বিচার্থ নন। কারণ, সাধারণের প্রয়োজন ও ব্যবহারের উপলক্ষে এ রচনার বৈশিষ্ট্য উপেক্ষা করা চলে না।

এপর্যন্ত আধুনিক গান সম্বন্ধে যে ধারণা হোল তাকে একটু সংক্ষেপে ব্বে নেওয়া যাক:—যে গানের কথা-রচনায় জীবনকে প্রত্যক্ষ করতে সাহায্য করে এবং বাস্তবতা যার বিষয়বস্ততে স্পষ্ট এবং যে রীভিতে স্বপ্রশ্নোগের কায়দা প্রতি অংশেই বিশিষ্ট-ভাব প্রকাশ করে এবং যে গানে নানান বিচিত্রধর্মী স্বরকলিও প্রযুক্ত হতে পারে, যে গানের স্বর-রচনায় মূলগত উদ্দেশ্য থাকে ভাব-প্রতীকের গ্রন্থন এবং বিচিত্র ও বিভিন্ন ধর্মী স্বরসঙ্গতি স্থিতে শৃদ্ধালা ও সামশ্বন্য সাধন, সবশেষে যে গানে বন্ধসংগীতের সহযোগিতা তাৎপর্যমূলক, তাকেই আধুনিক গান বলে বর্ণনা করা থেতে পারে।

স্বকারের গুরুত্বপূর্ণ দায়িত্বই আধুনিক গানে প্রধান এবং প্রবল মনে হয়, গীতিকার দেখানে গৌণ। কিন্তু গীতির প্রয়োজনও যে অসামান্ত, একথা অন্ধীকার্য। আধুনিক গানের ভিত্তিভূমি মার্গ ও দেশী সংগীত হলেও বিচিন্ধে স্থাবলর প্রয়োগ-নৈপুণা এবং সংশ্লিষ্ট প্রযোজনার কাজ গুরুত্পূর্ণ। তাতে গান হয় রাগের নিয়মের বাইরে।

কিছ এর পরেও গানের গায়ন-পদ্ধতি বলে আরও একটি প্রধান লক্ষণ বিচার করা দরকার। গায়ন-পদ্ধতির স্থান আধুনিক গানের সংজ্ঞার আন্তর্ভুক্ত — আরও অভিরিক্ত একটি দিক। গায়ন-পদ্ধতি বা শৈলীর বিচার না হলে আধুনিক গানের পরিচয় বেমন অশমাপ্ত থাকে, স্বরকারের প্রয়োগের নৈপুণ্যও তেমনি বিচার করা যায় না।

গায়ন-পদ্ধতি

এখানে 'গায়কী' শক্ষটির উল্লেখ করব না। গায়কী বলতে হিন্দুস্থানী রীতি বা শৈলীকে বিশেষ ভাবে উল্লেখ করা হয়ে থাকে। 'গায়কী'র প্রসক্ষে ঘরাণা গায়কীর কথাও মনে আদে। বংশপরস্পরাক্রমে যে বিশিষ্ট ভঙ্গিটি চলে আসছে এবং গানের যে ভঙ্গিটি নানা উপাদানের ক্তম্তে একটি স্বভন্ত প্রতিষ্ঠা লাভ করেছে,উত্তর ভারতীয় গায়কীর সে রীতিগুলো মোটাম্টি সনেকের জানা আছে। বিশেষ কোন কোন ব্যক্তির গানের কায়দা থেকেই ভার স্থাষ্ট হয় এবং ক্রমবিকাশ লাভ করে। গায়কীগুলো একএকটি বিশেষ গুরে উন্নীত হয়েছে সে জন্তে 'কিরাণা-ঘরানা', 'রন্ধিলা'-ঘরানা', প্রভৃতি 'ঘরানা-গায়কী'র কথাও প্রচলিত।

আধুনিক গানের রীতিতে এ ধরণের ব্যক্তি-প্রভাবিত বংশ বা শিশ্ব পরস্পরা সচল রীতির প্রসক্ষ বিচারের অপেক্ষা রাথে না। আধুনিক গান আজকের দিনের গান এবং গায়ন-রীতি উদ্ভাবন করবার দায়িত্ব স্থরকার ও প্রযোজকের ওপর গ্রস্ত। কঠের গুণাবলীর অক্সমারে স্থরপ্রযোজনার কায়দা উদ্ভব করা দরকার হয়ে পড়ে। সেজগ্রে গানের রীতিতে যদি কোন ছাপ থাকা সন্তব—তা হলো স্থরকারের শিল্পরীতির ছাপ। রীতি কথাটা ঐক্য, সামল্পস্স, সক্ষতি এবং ধারাবাহিকতার কথা মনে করিয়ে দেয়। বে স্থরকার হ'ণটি গীতিতে স্থর-প্রযোজনায় ঠিক তেমনি সন্ধতিকে রক্ষা করে তাঁর ব্যক্তিত্বের ক্ষুব্রণ করতে পারেন, তাঁর স্থর প্রযোজনায় একটি রীতির স্পষ্ট হতে পারে সন্দেহ নেই। সেজগ্রেই গায়ন-পদ্ধতিতে ও শিল্পের প্রকাশে সে গুণ স্বতঃক্তৃত্ব হয়। আমরা আজকাল আধুনিক গান শুনলে কোন কোন স্থলে বলতে পারি—সে গান কোন স্থরকারের রচনা।

বলা বাহুল্য যে স্থারচনার উদ্ভাবনে ঐক্য, সঙ্গতি এবং ধরাবাহিকতা নেই, তাতে কোন গায়নপদ্ধতির স্থাই হতে পারে না। এ ধরণের চিম্বানীলতার অভাবে আজকের বহু আধুনিক গান শুধু কৃতিমে অফুকরণনীল ভিলি মাত্ত, কোনও সাময়িক উদ্দেশ্যের চরিতার্থতার জন্মেই চালু আছে।

গায়ন-পদ্ধতির ধারাবাহিকতা এবং বৈচিত্র্য স্প্রের জন্ত্রে স্থরকার গায়কের কঠকে যথাযথ ভাবে পরীক্ষা করে কায়দা উদ্ভাবন করেন। যে শিল্পীর কঠে মল্র স্থরের গলার প্রকাশ সহজ, সেথানে গানের কায়দা এক ধরণের রসপরিবেশন করতে পারবে, আবার যে কঠে তার-স্থরের চড়াগলায় মোড় ফেনের অবলীলাক্রমে, সে ক্ষেত্রে স্বভন্ত রীতির প্রয়োগ হবে। গানের মধ্যে এই ত্রজনার হটো স্বভন্ত ধরণের কঠে স্বভন্ত গায়ন-পদ্ধতির ক্ষুব্র হতে পারে। আমরা কথায় বলি মোটা ও ভারী গলা, অথবা সক্র গলা। মল্রম্বর-প্রধান কঠিই হয়ত কতকটা দাদানিধা, ভারস্বর-প্রধান কঠিইর অ্রুর্বেপ নয়। এ কারণে স্থরকারের কাজে কঠের গুণাগুণ নির্ধারণের একটা দিকও আলোচ্য বিষয়। সমস্ত প্রকার কঠ সকল গানেই রসস্টে করতে পারে না। আধুনিক গানে এজন্তু বিশেষ কৌশলীর গায়ন-পদ্ধতি বলে কোন ধারাবাহিক রীতি

থাকা সম্ভব নয়। সামগ্রিক ভাবে স্থরসংযোজনার তাৎপর্যমূলক কায়দা থাকা সম্ভব। শুধু স্থরকারের সৃষ্টির পরিচয় গানের মধ্যে পরিচিত। এজন্তে কতকটা স্থরকারের ব্যক্তিস্থকে মেনে নিয়ে গান জনপ্রিয় হয়। আজকের স্থরকার আরও গভীরে অন্প্রবেশ করেন। ইনি শুধু মন্ত্র-স্থর বা ভারস্থর প্রধান কণ্ঠই চিনে নিতে চান না। কোন্ কণ্ঠ পলীস্থরের উপযোগী, কোন্ কণ্ঠ গভীর আবেগ-প্রধান অথবা কোন্ কণ্ঠ ভাল পরিবেশন-শৈলীর (exhibitionism) ধারক—এদব তিনি বেছে নিতে পারেন।

তব্ বলব গানের জনপ্রিয়ত। কণ্ঠনির্তর। কণ্ঠের ঐশ্বর্ধকে আমরা সর্বাত্তে স্থান দিতে ক্রাট করি না, কারণ প্রথমতম আবেদন হয় কণ্ঠের অভিব্যক্তিতে। কণ্ঠ শব্দটি শুধু 'আবাদ্ধ' বা স্বরের মাধুর্য নয়। কণ্ঠের বৈশিষ্ট্য তার অভিব্যক্তিতে। মনে পড়ে, মিষ্টি গলার কীর্তন শুনেছি, আবার ধরা গলার কীর্তনও শোনা হল। ধরা গলার গানে শ্রোভা প্রমন্ত হয়ে উঠল—এও দেখেছি। এক্ষেত্রে 'অভিব্যক্তি' উৎকর্ষের কারণ হয়ে দাঁড়ায়। আধুনিক গানের অভিব্যক্তিতেও কণ্ঠের একটি বিশিষ্ট রূপ ধরা পড়ে।

খেরাল গানের জত্তে কঠের মাজাঘদার ফলে একটি স্থক থেরূপ দৃঢ়, ওজনবন্ধ এবং তীক্ষ্ণ হয়, আধুনিক গানে দে তীক্ষতা ও দৃঢ়ভা সাধারণত দেখা যায় না। রাগ-সংগীতের স্বরবিস্তারে, তানে, কণ্ঠের সঙ্কোচনে, মুখ-वामान, अत्रथमात्रापत छेभत्र कर्श्वभौत अक्षत्रापत हेळाकू कियानीन का লক্ষ্য করা যেতে পারে। আধুনিক গানের ক্ষেত্রে কণ্ঠপেশীর সম্রম ক্রিয়াও গায়কের এইরূপ আত্মসচেতন ইচ্ছার ফল নয়। এ অনেকটা সহন্ধ ও শ্বতঃপ্রবৃত্ত। াথা, থেয়াল পানের বিস্তার ও তানের সময়ে কঠের, ভিহ্বার ও তালুর এবং বিশেষ করে কণ্ঠনালীর ব্যবহারে কভকগুলো কৌশলের প্রয়োগ হয়ে থাকে। এ ব্যবহারের কৌশল স্বায়ত্ত করবার জন্তে সংগীত অনুশীলন করে বিশেষভাবে মধিকারী হতে হয়। আধুনিক গানে কণ্ঠের কৌশল সহজ, খত:প্রবৃত্ত এবং অবলীল। আধুনিক গায়কের কঠে দম এবং ক্ষমতার প্রয়োগ রাগ-সংগীতের কঠের তুলনায় কতকটা দীমিত। কণ্ঠশাধনার ঐশর্যলব্ধ ক্রত সঞ্চরণের কায়দা **হঠ**পেশীর অতিরিক্ত সঞ্চালনের প্রস্তুতি আধুনিক গানে অনেক সময়ে বাধাস্বরূপ হয়ে দাঁড়ায়। এজন্তে আধুনিক গানে কণ্ঠনালীর ক্রিয়া বেন মুক্ত, দাবধান এবং ণচেতন কিন্তু মাৰ্গ সঙ্গীতে কণ্ঠনালীর প্রক্রিয়ায় কণ্ঠশক্তি ও সাধন-লব্ধ ধরের ইচ্ছাকৃত কারিগরী প্রয়োগ বান্ত্রিক শক্তির মতই আজাবহ! কাজেই গায়ন-পদ্ধতিতে যেখানে আধুনিক গান অভ্যন্ত কমনীয় এবং সপ্রতিভ, রাগদংগীত সেখানে যেন অপেকাক্ত সবল এবং দৃঢ়তার প্রতিমৃতি। এজন্মে অনেক সময়ে আধুনিক রীতিতে চাপ বা গুঞ্জরণ পদ্ধতির গান, এবং কখনো অনবধান কম্পন যুক্ত স্বরপ্রয়োগও চালু হতে দেখা যায়।

(यह পরিছেদ এটবা)

কণ্ঠখনের অভিব্যক্তিতে গায়ন পদ্ধতির এ চুইটি আতন্ত্রা মোটামৃটি লক্ষ্য করা বাচ্ছে। একটি মার্গ সঙ্গীতের জন্মে উপযুক্ত এবং অক্সটি আধুনিক বা সে ধরণের গানের জন্মে। একটি কথার উল্লেখ করিছি, দেখা বায় গ্রুপদী অথবা খেয়ালী কণ্ঠে আধুনিক গান আশাহ্যরূপ সাফস্যলাভ করে না। প্রতাক্ষ ভাবেই দেখেছি রাগসংগীতের কণ্ঠের প্রয়োগের পরিমণ্ডলটি যেন অতন্ত্র। সেজন্তেই কণ্ঠ প্রকাশের ছটো বিভিন্ন রীতি বলেই উল্লেখ করা যাচছে।

আজকের যান্ত্রিক সাহায্য আধুনিক গায়কের কণ্ঠকে কডকট। কৌশলী করে তুলতে চেন্টা করেছে। বৃহৎ পাথর থণ্ড কেটে যেমন ছোট মৃতি তৈরী হয়, তেমনি বৃহত্তর কণ্ঠদম্পদকে কৌশল-সমৃদ্ধ করে তাতে প্রয়োগ-কলার ফুরণ করতে দেখা যায়। বিশেষ কায়দা ও প্রয়োগ-কলার চর্চায় কখনও কি মৃক্তকণ্ঠকে তুর্বল ও প্রথগতিসম্পন্নও করে তোলে? উদান্ত কণ্ঠ বর্জন করে যান্ত্রিক শক্তির বস্থাতা স্বীকার করেন অনেকে। উদাহরণ স্বরূপ, শ্রীপদ্ধকুমার মল্লিকের অমন একটি মক্তর্বরের মৃল্যবান বাস্কণ্ঠ যন্ত্রের জ্লেই কি "টেনরে" পরিণত হয়?—বুঝে দেখা দরকার।

সমৃদ্ধ কঠও আধুনিক গানে ক্রটিপূর্ণ প্রাণহীন হয়ে দাঁড়ায়। য়য়ের অবল্যনে মানব কঠয়রের পরিমাণ বছগুণ বৃদ্ধি কর। য়েতে পারে সভ্য, কিন্তু ব্যক্তিত্বের স্পাণারে কোন শিল্পেই ফাঁকি চলে না। কঠের প্রকাশে যে কোন ক্রটি কানের পর্দায় নির্দিষ্ট জায়গায় আঘাত করে। এজতে শুধু মাত্র আধুনিক গানের কঠবিন্তারে য়ায়িক স্থবিধে থাকা সত্তেও সভ্যু মাত্র আধুনিক গানের কঠবিন্তারে য়ায়িক স্থবিধে থাকা সত্তেও সভ্যু মাত্র ভিত্তিব সলে তাকে ভূল করা উচিত নয়। প্রকাশ-ভলি মৌলিক শক্তিভেই ধরা দেয়। মৃক্ত ও অনায়াস স্থকও সহজে প্রাণবন্ত হয়; য়া রুক্রিম এবং সঙ্গোচন-মুখী —সে কঠ কথনোই সার্থক হয় না। সাময়িক আকর্ষণ সৃষ্টি নিয়ে এ বিষয়ে কোনরূপ মৃল্যায়ন করা বৃথা। পরীক্ষণ-নিরীক্ষণ ছারা গায়কের রুচিসছত কঠশিয়কে বৃর্বে নিতে কই হয় না। আধুনিক গানের ক্ষেত্রে কঠের ব্যবহার ও গায়ন-পদ্ধিতি সহজে কয়েকটি কথা উল্লেখ করা হল।

এবার একটি খতম বিষয়। অভিজ্ঞ স্থকণ্ঠ এবং সহজ স্থরের আধুনিক গানে 'প্রযোজনা'র কোন প্রয়োজন আছে কি ? প্রচলিত হুরের গানে হুর প্রয়োজনার কৃতিত কি বিশিষ্ট স্থান পেতে পারে না ? ধরা যাক, একটি পরী স্থরকে কোন আধুনিক গানের রূপ দান করা হল। প্রয়োজকের ক্বতিত্ব কি সেখানে থাকা সম্ভব ? শিল্পমাত্রেরই স্ক্রতা ও সৌকুমার্যে ব্যক্তিত্বের স্পর্শই তাকে 'বিশেষ' করে। পল্লীগীতি যতক্ষণ পল্লীর মাঠে ঘাটে গীত হয় ততক্ষণ নে প্রাকৃতিক সৌন্দর্যে সমৃদ্ধ, প্রাকৃত বস্তু। ভাষার কাঠামোতে গণ্ডীবদ্ধ करत नीमात मर्सा वाँधा माजहे रम पह्नीकरत विरमय वाकिएवत म्पर्न नां कतन, তখন দে গান পল্লীগীতি হলেও তাকে শিল্পরণ দান করবার স্থযোগ আদে। দে গানের উচ্চারণ-পদ্ধতি, প্রারম্ভে ও শেষে যন্ত্র-সঙ্গীতের সহযোগিতায বিশিষ্ট রীতি উদ্ভাবন প্রভৃতি প্রযোজকের ব্যক্তিত্বের সংস্পর্শ প্রমাণ করতে পারে। বছ দার্থক পল্লীগীতি আজ প্রয়োজকের স্পর্শে নতুন রূপ ধারণ করেছে। এ কথার দ্বারা প্রমাণিত হয় যে গায়ন-পদ্ধতি উদ্ভাবন এবং যন্ত্র-সহযোগিতার কাজে স্থরকারের ক্রতিত্ব যথেষ্ট লক্ষ্য করতে পারা যায়। শুধু এদিক দিয়ে নয়, কঠের মৌল-প্রকৃতি অফুলারে হুরের রূপায়ণ করতে গিয়ে শাধুনিক গান বছদিকে প্রসারিত হয়ে যায়। কখনো গানের হার প্রচলিত লোকগীতির রূপে রূপায়িত। অন্তদিকে রাগদঙ্গীতের আন্ধিকের খানিকটা সংমিত্রিত করেও আধুনিক গান সৃষ্টি হওয়া সম্ভব এবং গায়ন-পদ্ধতির গুণেই দে আধুনিকে পরিণত হয়। শুধু গীতির হুর ও বিষয়বস্তুর দিক দিয়ে নয়, বিভিন্ন-রীতির গানের আন্ধিককে স্বীকরণ করে আধুনিক গায়ন-পদ্ধতি বে ভাবে পরিপুষ্ট হয়েছে, তা'ও বিশেষ ভাবে লক্ষ্য করা ষেতে পারে।

মোটাম্টি, স্বরকারের দায়িত্ব এবং গায়নপদ্ধতি প্রভৃতির বিভিন্ন দিকগুলো আলোচনা করা গেল। আধুনিক গানের বিক্তমে বহু অভিযোগের ফলেই কতকগুলো বিচারক্ত্র অহুসন্ধান করছি মাত্র। আরও বিশেষ ভাবে বৃথতে হলে বিস্তৃত বিশ্লেষণ, শ্রেণীবিভাগ ও স্থর-সংযোজনের পরীক্ষণ নিরীক্ষণের প্রোজন আছে। আধুনিক গান সমসাময়িক প্রয়োজনের ক্ষেটি। সমসাময়িক প্রয়োজনে মোটাম্টি এই শতকের তৃতীয় দশকে আধুনিক কালে গীতিরচনা, স্থরকারের প্রযোজনা এবং গায়ন-পদ্ধতির সমন্বয় ঘটিয়ে আধুনিক গানের টুম্ভব হয়। সঙ্গে সক্ষে আজ পর্যন্ত সক্ষীতের বহু ক্ষ্তি, বহু আশা-আকালাকা

কৃত্রিমতা-দোষ, উদ্দেশ্য-প্রণোদিত কৃচি-বিকার এবং শ্লথ প্রয়োজনারও বছ দৃষ্টাস্থ দেখিয়ে আধুনিককে সমালোচনার সমূখীন হতে হচে। এসব রচনার মৃল্যায়ন প্রযোজন এবং সে সম্পার্কে সাবধানতা অবলম্বনেরও দরকার। শেষে, দিলীপ বাব্র কথার প্রতিধ্বনি করে বলি, লঘু সংগীতে এ যুগ আধুনিক গানের যুগ।

চতুর্থ পরিচ্ছেদ পল্লীগীতি

বস্ত্ব-বিচার

5

পলীগীতি অর্থে কি ব্ঝায় ?—এ কিজ্ঞাসা নিয়েই শুরু করা বাক। এ ধরণের প্রশ্ন উত্থাপনের একটা সঙ্গত কারণও আছে। পল্লীগীতি নামে কোনও শুতন্ত্র রক্ষের গান আজ্ঞকাল চলে কিনা তার নিধারণও ষেমন দরকার তেমনি শুন্তদিকে সত্যিকার পল্লীগীতি নামক গানের শ্রেণীবিভাগ ও তার সীমা নিধারণ করাও প্রয়োজন।

প্রচলিত গানের বিশ্লেষণ করে কোন সংজ্ঞায় পৌছান যায় কি ? সাধারণত হব ও ছন্দে পলীগীতির এমন একটা মৌলিক রূপ ধরা পড়ে, যা ভনেই ব্বতে পারা যায় যে হাা, এই হচ্চে পলীর গানের লক্ষণ। এমন পরিচয়ের জন্ত এর সত্যিকার রূপ ও রেখাগুলো চিনে নেয়া সম্ভব, হতে পারে প্রকৃত হুরূপ বা ভলির বিশ্লেষণ করেই সত্যিকার পরিচয় পাওয়া যাবে।

ভঙ্গি ব। রীতির দিক থেকে চারটি পন্থা দারা পল্লীগীতির বর্ণনা চলভে পারে:

- ১। পল্লীতে প্রচলিত হুরে ধে গীতি গাওয়া যায়;
- ২। পল্লীতে বে গীতি রচিত হয় ও গ্রচলিত হরে গাওয়া হয়;
- ৩। পল্লীর প্রচলিত গানের ভঙ্গিতে যে রচনা ও গান চালু রয়েছে;
- ৪। পল্লীর ভাবছোতক গীতি বা গান।

পল্লীর বিশেষ কতকগুলো গান সম্বন্ধ উল্লিখিত লক্ষণ স্ত্য হলেও, এরপ বর্ণনায় সম্পূর্ণ প্রকৃতি নির্ধারণ করা সম্ভব হয় না। কারণ,

- ১। পলীতে প্রচলিত স্থরে বহু গান আছে যাকে পলীগীতি বলা যায় না। তাছাড়া পলীর অবস্থা ক্রত পরিবর্তনের সঙ্গে প্রচলিত গীতি ও ভঙ্গি পরিবর্তিত হচেচ। আজকাল শিল্পরীতি একটি বাঁধা রূপ মাত্র নয়।
- » ২। পলীতে রচিত বা পলীর স্থরে গীত হলেও অনেক গানকে পলীগীতি বলে শ্রেণীবন্ধ করা যায় না, যথা রামপ্রসাদী, খ্রামাসদীত ইত্যাদি।

- ৩। পলীর ভিলিসর্বস্থ গান পলীগীতি নাও হতে পারে, যথা, বছ স্বাধ্নিক গানের রচনা।
- ৪। পল্লীর ভাব বলে কোনো প্রকৃতির ভাবের শতিত্ব বদি শীকার করা যায়, তবে দে ভাবে গড়া গানকে পল্লীগীতি বলে চালাবার ইচ্ছেও অনেকের মধ্যে থাকা সম্ভব। আজকাল এ ধরণের রচনাতেও পল্লীর ভাব ও ব্যবহারিকতার কথা বিবৃত হয়, কিন্তু তাকে পল্লীগীতি বলা যায় না।

রীতি, ভঙ্গিও হার বিলেষণের উল্লিখিত কয়েকটি বর্ণনা আরও বিষদ ভাবে বোঝা যেতে পারে। কিছু প্রথমেই বলছি এই সকল লক্ষণের সবগুলো একসকে যুক্ত করলেও পল্লীগীতির বিষয়বস্ত বিচারের প্রয়োজন থেকে যায় সকলের আগে। সেজনা প্রথমে সাহিত্যাংশ কি ভাবে হার প্রয়োগের সহায়ক হয়েছে, চিম্ভা করা বেতে পারে। গীতি-মংশ থেকে সাহিত্যাংশ বছবিস্তত। পল্লী-সাহিত্যকে বিষয়বস্ত এবং অঞ্চল অমুষায়ী বিশ্লেষণ করে পল্লীগীতির স্থর ও ছন্দের সম্পর্কে আলোচন, করা শ্রেষ। দৈনন্দিন ও ব্যবহারিক জীবনের নানা ক্রিয়া-ক্লাপ অবলঘন করে যে সব সহজ খতঃফুড গান পল্লীতে বছ কাল ধরে রচনা করা হয়েছে সেগুলোকেই বিশেষ করে ব্দালোচনার লক্ষ্য বলে ধরা বেতে পারে। বে সব গান মুখে মুখে রচিত হয়েছে, মুখে মুখেই চালু হয়েছে, স্থরও স্বাভাবিক ভাবে বিকশিত হয়েছে, ছন্দব্যবহার প্রধান হয়েছে, কথার মধ্যে আঞ্চলিক দৈনন্দিন অথবা গ্রামের ভাবগত জীবনের প্রদক্ষ এদেছে, যে গান রচনা করে পল্লীর কোন ব্যক্তি কোন রচনায় ভাবপ্রচার, ভাবপমৃদ্ধি, ভাবপ্রদার করতে চেষ্টা করেনি--গান স্বাভাবিক ভাবেই রচিত হয়েছে, সে সকল রচনাকেই প্রথমে ধবে নেওয়া इरम्रह ।

ধরা যাক বিবাহের গান। বিবাহের যদিও আহুষ্ঠানিক ক্রিয়া কলাপের ব্যাপারের সঙ্গে ধর্মাচরণের তেমন কোন নিগৃত থোগ নেই, অথবা বিবাহের বে সব আচারের সঙ্গে মাহুষের সম্পর্ক, তা নিয়ে আহুষ্ঠানিক সংগীতের প্রচলন সমগ্র উত্তর ভারতে রূপ লাভ করেছে। তথু তাই নয়, কোন কোন উপজাতীয়ের মধ্যে শ্রেষ্ঠ গানই হচ্চে বিবাহের গান। নর ও নারীর সহজ্ঞ মিলনাত্মক প্রসঙ্গ ও সেই সম্পর্কিত কৌতুকও অতি সহজেই এসে পড়ে সে সব বিবাহের গানে। অনেকছলে এর প্রকাশের অবলম্বন দেবদেবী—ক্রম্ফ কিংবা শিবকে ঘরের মাহুর রূপে, এবং রাধা কিংবা পৌরীকে মানবীরূপেই

রূপায়িত করা হয়ে থাকে। ছড়া বিচারে, গ্রাম্য সাহিত্য প্রাসক্ষরবীক্রনাথ এ সম্বন্ধ বিস্তৃত আলোচনা করেছেন। বাংলার লোক-সাহিত্যে বিবাহোন্তর সাংসারিক জীবনচিত্র, দাম্পত্য প্রসঙ্গের বছবিস্তৃতি, ছড়া ও অক্সান্ত পানের বিপুল বিস্তৃতি হয়েছে। গৌরীকে নিয়ে দাম্পত্যের বিস্তার বা মায়ের মরে তাকে নিয়ে আসা, বাপের শিব নিন্দা, শিবের গুলীখাওয়া-প্রকৃতি (অথচ সে অবস্থায় জামাই সম্ভাষণের প্রস্তৃতি, থাওয়া-দাওয়া ও বিদায়), এসব নিয়ে ধর্মায়ন্তান অবলম্বনে এক দাম্পত্য-গৃহচিত্র আগমনী-গানে বিচিত্রিত হয়েছে। রবীক্রনাথ বলেছেন, "প্রতি বৎসর শরৎকালে ভোরের বাতাস যথন শিশিরসিক্ত এবং রৌজের রং কাঁচা সোনার মত হইয়া আসে, তথন গিরিরানী একদিন তাঁহার সোনার গৌরীকে স্বপ্ন দেখেন, আর বলেন—'আরে শুনেছ গিরিরাজ নিশার স্বপন ?' এ স্বপ্ন গিরিরাজ আমাদের পিডা এবং প্রপিতামহদের সময় হইতে ললিত, বিভাস এবং রামকেলী রাগিণীতে শুনিয়া আসিতেছিলেন, কিন্তু প্রত্যেক বৎসরই তিনি নৃতন করিয়া শোনেন।"

নর ও নারীর সম্পর্ক-বৈচিত্র্য প্রেমগীতিতে নিবদ্ধ। প্রেমগীতিও মনেক স্থলেই রাধা-কৃষ্ণের রূপক অবলম্বন করেও সম্পূর্ণ আধ্যাত্মিকতা থেকে মুক্ত হয়ে, একেবারে নর ও নারীর জাগতিক সম্পর্ককে পল্লীগীতিতে সোজাম্বজি পরিস্টুট করে। এজন্মে ভাষা ও ভাব বন্ধনমুক্ত হয়ে পল্লীর প্রেমগীতিকে আনেকটা মুক্তি দেয়। পূর্ববাংলার ভাটিয়ালীতে বিচ্ছেদের ও বিরহের করুণতার পরিবেশে নদীমাতৃক বাংলার এক কমনীয় সজল আকাজ্ঞা মুর্ক্ত হয়, নদীর স্রোত্তের মতো প্রবহ্মাণ রূপ ধারণ করে, সর্বকালকে জয় করতে সমর্ব হয়। গানের স্থরের মধ্যে দিয়ে এই প্রবহ্মাণতা যেমন তীব্র ও মর্মস্পর্শী ব্যথার রূপে দাঁড়ায়, পাঁচালী সাহিত্যাংশে সেরপ হয় না।

যুদ্ধ-সম্পর্কিত এবং বীরত্ব্যঞ্জক গানের প্রচলন সমগ্র উত্তর ভারতময়। উড়িয়াতে, মহারাষ্ট্রে এবং দাক্ষিণাত্যের কোন কোন অঞ্চলে, বিশেষ করে কেরেলাতেও রয়েছে। এ বিষয়বস্তর ঐতিহাসিক স্পর্শ বিশেষ অঞ্চলের লোকের কাছে তাৎপর্যমূলক ব'লে কোন কোন স্থলে এই গানকে গীতিকা বা ballad রূপে বাঁচিয়ে রাথেন।

কর্ম বা দৈনন্দিন জীবনের দায়িত্ব উপলক্ষে মাছ্য প্রচুর গান রচনা করে গিয়েছে। ভারতবর্ধের প্রতি অঞ্চলে এ জাতীয় গানের প্রাচ্র্য বিশ্বয়কর। *Occupational folk song বা কর্মদলীত নিয়ে স্থবিস্থৃত জালোচনার উপাদান হতে পারে। বাংলাদেশের আশেপাশে কর্মধারার মধ্যে সামঞ্জ্য বথেইই আছে। অসমীয়া পল্লীজীবনে তাঁত বোনা একটি বিশেষ কর্ম। আসামের থগু উপজ্ঞাতীয়দের মধ্যেও এ কাজের সমধিক প্রচলত। আসামে এবং ত্রিপুরী উপজ্ঞাতীয়দের মধ্যেও এ কাজের সমধিক প্রচলত। আর্থাৎ আনাবাদী ক্ষেত্রে চাষ করে ফদল উৎপন্ন করা এবং মাটি অথবা পাহাড় অন্থর্বর হলে তাকে কেলে চলে বাওয়ার রীতি উপজ্ঞাতিদের মধ্যে বর্তমান। জুম-চাবের রচনা রয়েছে এদের গানের ভাষায়। প্রায় সর্বক্ষেত্রেই জীবনের occupation বা কর্মধারা নর ও নারীর জীবনের ভাব-সম্পর্ক অবলম্বনেই এদে দাঁড়ায়। দাম্পত্য-জীবনই এর মধ্যে বিশেষ।

উপজাতীয়দের মধ্যে এ গান বিশেষ করে উৎসবমূলক এবং বৈচিত্রাহীন একঘেয়ে হরে প্রকাশিত, অধিকাংশ ক্ষেত্রে নৃত্যাম্বলিত। উড়িয়ায় নৃত্যান্দলিত গীতের বহুল প্রচলন। আদামের উপজাতিদের মধ্যে পল্লীগীতি প্রায় দর্বক্ষেত্রেই নৃত্যাম্বলিত, হুর শুধু সঙ্কে মাত্রে। মধ্যভারতের উপজাতিদের মধ্যেও কর্মসংগীতের চেয়ে উৎসবের উপাদানই বিশিষ্ট স্থান লাভ করেছে। মুঁওতালদের গান অধিকাংশই পরব উপলক্ষে গান। বাংলাদেশের ক্ষরিবিষয়ক গান অভ্যান্ত বিষয়বস্তুর সঙ্গে সংশ্লিষ্ট — চিঁড়েকোটা, ধানভানা, তাঁতবোনা, প্রভৃতি দাম্পত্য জীবনের সঙ্গে সংশ্লিষ্ট হয়েছে। অদ্ধলোকগীতিতে ক্ষরিবিষয়ক গান বিশেষ উল্লেখযোগ্য। অদ্ধের নাবিকদের গানের মধ্যে কর্মপ্রবণতার একটি নতুন দিক বিশেষ লক্ষ্য করা যায়। ভামিলে, ক্ষরিকর্ম পল্লীগীতিতে বিশেষ স্থান অধিকার করেছে। কর্মই সে গানের প্রধান বিষয়। এজন্তে তামিলের কর্মসংগীত ক্ষয়ি, জলদেচ প্রভৃতি বিষয়ক গানে ভরপুর। মালায়ালামেও এ ধরনের গান চালু রয়েছে।

পল্লীগীতিধারার মধ্যে বিশেষ করে পঞ্চাবে ঐতিহাদিক বিষয়বস্ত ও নানা কাহিনী পল্লীগীতির বিষয়বস্ত হয়েছে এবং এ দকল গীতি রচনায় দস্যতাও উপজীব্য হয়েছে। আসুষ্ঠানিক পল্লীগীতিতে (যথা বিবাহের গান, ব্রতগান ইত্যাদি) ধর্মীয় আচরণ গৌণ হয়ে পূর্ববর্ণিত সহজ সম্পর্কই স্থপ্রতিষ্ঠিত হয়। উত্তর ভারতের বহু হোলী গানে ধর্মীয় রূপের বাইরে আনন্দবোধক ব্যবহারিক ভাবই প্রকট। অতএব এদব বিভিন্ন প্রকারের আঞ্চলিক পল্লীগীতি বিশ্লেষণ করে দেখা ধার যে লোক-সাহিত্যের অন্তর্গত অভাবস্থলত সংগীতের ভাষা সতঃক্ষৃত সহজ বাত্তবধ্নী পল্লীরচনা। পল্লীরচনাতে এ বাত্তবম্থিতা অত্যন্ত

সহজভাবেই এনে পড়ে। জীবনের ছাপ ছবছ প্রভিক্ষলিত হয়। যা কিছু উপমা বা কাব্যিক রূপ পাএয়া যেতে পারে ভাতেও তেমনি সরল এবং প্রাকৃত জীবনের ছবি ফুটে ওঠে। পল্লীগীভিতে বান্তবম্থিতা একটি স্বাভাবিক মানসবৃদ্ধি, জীবনের সহজ প্রকাশ ভাতে প্রভিবিম্বিত। ভারতের সর্বত্রই ছঃগ, দারিস্তা, ছুর্দের ও কারুণ্য পল্লীগীভিতেই যুগ যুগ ধরে রূপামিত হয়েছে।

ছেলেঘুমোনো ছড়াতে দেশের বিপর্যয়ের চিত্র এসে প্রতিফলিত হয়েছে। এজন্তে লোকসাহিত্য এমন সহজ চিত্র উপস্থাপিত করেছে, উপমায় এমন নিত্যকার দৃশ্যবস্তার চিত্ররূপ এনেছে যে জটিনতাহীন ভাবের মধ্যে জীবনের সহজ সাক্ষাৎ মিলে।

ভারতীয় আধ্যাত্মিকতার বিষয়বস্তু জগৎকে প্রত্যাখ্যান করে। স্বভাবতই পারমার্থিক জগতের নিত্যসত্যতা প্রমাণ করতে বাস্তবমূখী মনকে সঙ্কৃতিত করে দেয়। আধ্যাত্মিকতা বা ধর্মীয় বিষয়বস্তু দেশময় প্রাচীনকাল থেকেই ছড়ানো। মধ্যযুগের মরমিয়া কবিদের রচনার কথা উল্লেখ করা হয়েছে। লমগ্র উত্তর ভারতে এই মরমিয়া কবিদের ভদ্ধনাবলী অঞ্নীলনের ফলে সংগীত-জগতে ভক্তন একটি স্বতন্ত্র আদন পরিগ্রহ করেছে। ধর্মীয় ভাবধারা লোকলাহিত্যের অক্যান্ত বিষয়বস্তর মতো স্বতঃ ফুর্ত হলেও এ-গানগুলো বিশেষভাবে যুগে যুগে অঞ্নীলন করা হয় এবং সে সব গানের স্বর্থ নানাভাবে অঞ্নীলিত হয় এবং ভাববস্তু ও কাব্যিক কথাবস্তর মধ্য দিয়ে সম্প্রদায়গত ভাবধারা প্রকাশিত হয়। পারমার্থিক আবেগ-প্রবণতার মধ্যে স্ক্রোতিস্ক্র দার্শনিক তত্ব ও জটিলতা সহজেই এসে পড়ে। মানব্যনের কর্তব্যক্ষ স্থান পায় ধর্মীয় গানগুলোতে।

সাধারণ পল্লীগীতিতে "আচার মৃধ্য হয়ে দাঁড়ায়—ধর্মীয় তত্ত্ব ও দর্শন থাকে বছলুরে। ধর্মীয় গানে কিন্তু আচারের স্থান গোণ। ধরা ষাক কোন ব্রতের গান। ব্রতগানে শুধু আচার, আচরণ নিয়েই গান গড়ে ওঠে, ধর্মীয় মনোভাব অথবা তত্ত্ব সেথানে বিচার্য নয়। বড় জোর একটি উপদেশাত্মক তথ্য, নীতি অথবা আচরণের কথা ওতে থাকা সম্ভব হতে পারে। কিন্তু একটি বাউল সংগীত জীবন, মৃত্যু, ধর্মাধর্ম, প্রভৃতি অহলীলনের মধ্য দিয়ে বৈত অথবা অবৈতবাদের কথার পোঁছে বেতে পারে। এজত্যে লোক-সাহিত্যের আদিক বিচারে বাউল, মূর্লীদা, মারফতী দেহতত্ব এগুলো স্বতঃ ফুর্ত লোক-সাহিত্যের বিষয় বর্দে ধরা ষায় কিনা বিচার্য। উদাহরণ স্বরূপ বাংলার রামপ্রসাদী, শ্রামা-

সংগীতকে এ পর্বায়ভূক্ত বলা বেতে পারে: অফুরুপ পৌরাণিক তত্ত্বমূলক গীতিতে নিৰ্দিষ্ট ধৰ্মীয় মনোভাব বা sectarianism থাকে ভাকে বিশ্লেষণ করলে লোকসাহিত্যের সহস্ত, মুক্ত রচনার সঙ্গে তুলনা করা বায় না বা একসঙ্গে স্থান দেওয়া যায় না। এই ভাবওলো ভারতের অনেকাংশেই প্রবহ্মাণ, সারা দেশময় এই ধর্মীয় পন্থার সংবেদনশীল মামুষ বেমন ছড়িয়ে রয়েছে, তাদের মধ্যে কাব্যগুণের ক্ষুর্ণ হয়েছে যথেষ্ট। এ সকল গানের ধর্মীয় বা sectarian ভাবধারা, বিশিষ্ট cultএর দক্ষে সংশ্লিষ্ট। 'বাউল' সংগীত এই প্রকৃতির পর্যায়ভুক্ত। রবীক্রনাথ বাউল গানকে পল্লীগীতির সেরা নিদর্শনরূপে ব্যাখ্যা करतमः वार्थात एए एवं विस्थय के स्त्रथरात्रा, निष्कृत शास्त्र ऋत् वाक्रेन-ভিঙ্গির প্রয়োগ। রবীক্সনাথের **আক্**র্যণের মূল কারণ—এ ধরণের রচনায় পত:ফুর্ত মেলাজ, কাব্যেক রীতি, ভাবগভীরতা ও মর্মিয়া-রূপ। বাউলের সাধ্যাত্মিক তত্ত্বে সহজ প্রকাশের মধ্যে যেমন আকর্ষণীয় বিষয় মিলে. তেমনি এ-গানের একমাত্র অবলম্বনও 'সংগীত-ক্রিয়া'। এই সংগীত-স্বার মধ্যে লোক-সাহিত্যের অকৃত্রিন প্রকাশভঙ্গি দেখে রবীন্দ্রনাথ সংগ্রহও করেন প্রচুর। কারণ, বাউলের ভাষা কাব্যিক ও সাংকেতিক। এর স্থরের রূপকল্প (প্যাটার্ন) এবং স্থাব কলি (musical phrase) সহজ পল্লীর স্থার বলেই তিনি বেছে নেন। রবীন্দ্রনাথের ব্যবহারে বাউল সংগীত অভাত সংগীতের মধ্যে বিশেষ প্রাধাত লাভ করেছে। অভাত বহু কবিগীতিকারও এই ভঙ্গিট অবলম্বন করেছেন।

একটি বিশিষ্ট মতামুদারে বাউল গান ধর্মীয় গোণ্ডার ভাবধারায় প্রতিফলিত এবং গানগুলে। গুরুপরম্পরায় বংশামুক্রমে সম্প্রদায় বিশেষের ছারা জম্পীলিত হয়ে থাকে, তাই "জাত্মিক পরিচয়ে এরা স্বতম্তা" এ মতের বিশেষ প্রবক্তা ভঃ আন্ততোব ভট্টাচার্য। বাউল গানের সংগ্রহ ও গবেষণা এবং এ সম্বজ্বে আলোচনাও প্রচুর হয়েছে। এই প্রশ্নটি এখানে সংগীতের দিক থেকেই বিশেষ বিচার্য। বাউলের মূল ধর্মতত্ম অম্পীলন করলে একথা স্পষ্টই মনে হয় যে বাউল ধর্মীয় গীতি—লোক-সাহিত্যের পর্যায়ভুক্ত নয়। স্বতএব, লোক-সংগীতের পর্যায়ভুক্ত কি ?

"আধ্যান্ধিক সাধনার বিশিষ্ট একটি প্রণালীর নামই বাউল, বাহারা এই প্রণালীর সাধক ভাহাদিসকে বাউল বলে।...সাধকদিসের নিকট এই অনুভূতির উপলব্ধি হর—ইহা ভগবানের সক্ষে মানবের একটি অবিচ্ছেম্ব ও স্থানিবিড় সম্পর্ক-বোধের অনুভূতি; সেই জন্ম ইহাতে বলা

হইয়াছে—'ওগো দাঁই, তোমার পথ ঢাক্যাছে মন্দিরে মদজিদে।' ভগবানই বামী (দাঁই) বা একমাত্র প্রভ: তাহার সঙ্গে বাউল অন্ত কোন ব্যক্তি বা বন্তর মধানতা ব্যতীতই স্থানিবিদ্ধ মিলনের আনন্দ ভোগ করিয়া থাকে। মূলত এই সম্প্রদার গুরুবাদী ছিল না। কিন্তু কালক্রমে নাথ ও সুকী ধর্মের প্রভাব বশতঃ ইহাতে গুরুবাদ, এমন কি চৈতক্সধর্মের প্রভাব বশতঃ চৈতক্সবাদও আসিরা প্রবেশ করিরাছে। তাহার কলে কালক্রমে ইহা সাধনার একটি মিপ্ররূপেই পরিচর লাভ করিয়াছে। ভগবানকে স্বামীরূপে বা অন্তরের নিবিডতম সাল্লিধো লাভ করিবার যে অকুভৃতি, তাহা এক ব্যক্তিদাধনাজাত আধ্যাত্মিক অকুভৃতি মাত্র, ইহার দক্ষে পারিপার্থিক সমাজ বা লোকসমাজের সামগ্রিক চৈতক্তের কোন সম্পর্ক নাই: অতএব বৃহত্তর সমাজ জীবনের यथा रहेरेज रह स्रांद लाकमाहिरजात सन्। इस हेरात मःगीजश्रम राहे स्रांद सन्। श्रेर না — বরং ব্যক্তিমনের আধ্যাত্মিক চৈতক্সবোধ হইতেই জন্মগ্রহণ করিয়া থাকে। এই আধ্যাত্মিক বোধও সাধনা দ্বারা লাভ করিতে হর, সহজাত প্রবৃত্তির পথে মানবমনে তাচা উদ্ভাদ হয় না। অতএব ইহাও তত্ত্বমূলক রচনারই অন্তর্গত : ইহার মধ্যেও গুঢ়ার্থ (Mysticism) আছে, সেই অর্থ একমাত্র সাধকের নিকটই বোধা, সাধারণের নিকট বোধা নহে। এই জন্ত বাংলার বাউলগানও লোকসাহিত্যের অন্তর্গত মনে না করিয়া বরং আধ্যাত্মিক দর্শনরূপে গ্রহণ করাই সমীচীন।... মুশীভা এবং মারকতী গানও নাথ তম্ব-সংগীতের মত বিশিষ্ট আধ্যাক্সিক অনুভৃতিরই সৃষ্টি, সমাজ-कोवरनत रही नरह। मुनौका मन्ध्रनात अक्रवानी, मुनौन भरकत वार्थ अक्रवा कश्वरनत मर्क विनि মধ্যন্ততা করিয়া থাকেন—ইহার লক্ষ্য ভগবান, সহায় মুশীদ : এতম্বতীত প্রত্যক্ষ ও বাস্তব জীবন ইহার নিকট অর্থহীন। অতএব বাহা সাহিত্যের উৎস, তাহাই এখানে উপেক্ষিত হইয়াছে।... তথাপি ইহাদের (তম্বদংগীতগুলির) রূপ লোকসাহিত্যেরই রূপ, স্বর লোকসংগীতেরই স্বর: বিশেষতঃ এই সকল নিগৃঢ় ভদ্ববিষয়ক সংগীতের মধ্যে যে সাধারণ মানবিক বিষয়ক সংগীতও আছে, তাহাদের পার্থকা অনেক সময়ে উপলব্ধি করা কঠিন।...অলোকিকতা ধর্মবোধের ভিত্তি কিন্তু বান্তব জীবন-বোধ সাহিত্যের ভিন্তি; লোকসাহিত্য বান্তব জীবন-চেতনা হইতে উদ্ভত। কিন্ত ধর্মবোধ জীবন-বিমুখী।"

সাধারণ মতামত অন্থ্যারে অস্থান্ত ধর্মীয় গীতি—হথা শ্রামানংগীত, কীর্তন অথবা অন্তদিকে মঙ্গলগীতি (চণ্ডীমঙ্গল, মনসামঙ্গল প্রভৃতি) ধর্মীয় বা sectarian রচনা সন্দেহ নেই, কিন্তু পল্লীর ব্যবহারিক জীবনের সঙ্গে এগুলো জড়িতে ছিল। সাহিত্য হিসেবে রূপ ধা-ই হোক, পল্লীর গানের মধ্যে এগুলো জড়িয়ে আছে এমন ভাবে যে পল্লীগীতির পর্ধায় থেকে এগুলোকে বহিন্ধার করা চলে না। ভঃ ভট্টাচার্যন্ত একথা স্বীকার করেন। প্রধান কারণ বোধ হয়, বাউল গানের আধ্যাত্মিকতার প্রতি স্বাভাবিক প্রবণতা বাংলা পল্লীবাদীর স্বাছে। "মনের মাহ্যকে কোথায় পাওয়া", মনের মাহ্যকে হারিয়ে তাকে খুঁজে পাওয়া প্রভৃতি প্রসঙ্গলো স্বভাবিক ভাবেই পল্লীবাদীর মনে হুংথের স্বাবেদনের

মधा मिरश्रहे जारंग। रवीक्यूरंगंत्र त्यव रथरक है वाश्मा मिरमंत्र त्मांक देवतांशीत রপটির সঙ্গে পরিচিত। এই স্বাভাবিক প্রবেণতার ফলে সহজ ভাবে ডত্ত গ্রহণ করবার ক্ষমতা পল্লীবাসীর মধ্যে গজায়। গানগুলোর ভাষার গঠনেও বে लोकिक चार्यमन चार्छ, जारक त्रवीखनाथ এवः शत्रवर्जी कारम चरनरकहे বিল্লেষণ করেছেন। এমনি করে বাউল গানের সাহিত্য বিচার যেরপেই হোক. এগান পলীগীতির পর্যায়ভুক্ত হয়ে পড়ে। কারণ, সংগীতই বাউলের গুরুত্বপূর্ণ স্থবেশ চক্রবর্তী বলেন, "সংগীতের দিক দিয়ে বাউল গান লৌকিক নিয়মের অধীন।" বাউল, দেহতত্ত, মারফভী, মূর্ণীছা, শরিষতি, হকিয়তি এই স্বর্ক্মের গান স্বন্ধেই একথা খাটে। ড: ভটাচার্য স্থানান্তরে बरनट्डन, मञ्जामात्र शिरमत्य वार्षेन गात्नत्र जाग्रस्तान न्महे। এकप्रिक তত্ত্বের পরিচয় ও অক্তদিকে বাউল গানের তিনটি বিভাগ—(১) মুসলমান বাউন—সাধারণত ফকির সম্প্রদায় (বৈষ্ণব বাউলও এই প্রভাবের কথা স্বীকার করেছেন), (২) বৈষ্ণব বাউলের হুটো শাখা-প্রথমটি রাটীয়, (৩) বিভীয়টি নবদীপী। এ থেকেই বোঝা যায় যে বিভিন্ন প্রভাব শুধু কোন একটি বিশেষ তত্ত্বের কেন্দ্রে বাউলকে আবদ্ধ করে রাথতে পারে নি। স্থর ও ছলের দিক থেকে এ লক্ষণ আরো স্পষ্ট—অর্থাৎ, গানের ভঙ্গিতেই এই শাখাগুলো একট খালালা। পল্লীগীতিতে যে খত:কুর্ত মেজাজটি আছে, দেই মেজাজ গানের স্থরে মুথে মুথে রূপান্তরিত হতে হতে বাউল-পরম্পরা বয়ে এসেছে। অর্থাৎ কীর্তন, শ্রামাসংগীত ইত্যাদি ধর্মীয় গানে বৈক্ষব অথবা শাক্ত ধর্মভাব বেমন धीरत भीरत मःगीराजत "बस्नमीनि छ-क्रभ" शहन करत, स्त्र जान ও ছन्मन প্রহরীতে বেষ্টিত ও স্বতম্ভ হয়ে দাঁড়ায়, বাউল গান কথনো এরপ স্বতম্ভ হতে পাবে নি. সারা বাংলাদেশের আথড়াতে আথড়াতে নানা ভাবে ছড়িয়েছে। গানের স্বাভাবিক প্রচারই হয়েছে। এজন্মেই লৌকিক ধর্মনংস্কারের গণ্ডি থেকে মুক্ত করে বাউলকে পল্লীগীতি হিসেবেই বিচার করা উচিত।

কলারূপ বনাম মৌলিক পল্লীগীতি

এতক্ষণ বিষয়বস্থার লক্ষণ স্বাহ্নসারে 'বাউল' গান সম্বন্ধে বে একটি সাহিত্যিক প্রশ্ন এ গানকে পরীগীতি থেকে স্বতন্তভাবে বিচার করবার যুক্তি দেয়—বে সম্বন্ধে স্বালোচনা করা হল। বিষয়বস্থা ও পরীসংগীতের স্বার একটি বিশেষ সমস্ত:—এর কলারূপ (art music) বনাম মৌলিক পলীগীতি।
আক্ষাল পলীগীতি প্রচারে এ প্রশ্নটা বে অভ্যন্ত গুরুষপূর্ণ হয়েছে তা প্রথমেই
ক্ষেকটি প্রশ্নের দারা বোঝাতে চেষ্টা ক্রেছি।

বর্তমানে প্রচলিত পল্লীগীতি নগরের রূপ লাভ করেছে। নগরে পল্লীগীতি পৌছে গেছে বলেই সংবৃক্ষণের পথ যেমন প্রশস্ত তেমনি পল্লীগীতির প্রধান একটি লক্ষণ—'প্রবহমানতা'ও—বাধা পেয়ে বায়। পল্লীসংগীত মৌথিক রচিত ও প্রচারিত— এটা "লিখিত ইইবামাত্র অনমনীয় রূপ লাভ করে, কারণ 'প্রবহমাণতা' পল্লীসংগীতের প্রাণ।" নাগরিক এই রূপ আবিদ্ধার করে এবং এর সম্বন্ধে কাক্ষও হয় সব দেশের নগরে। আমাদের দেশে পল্লীসংগীতের ওপর এতকাল সাহিত্যের ত্লুলনায় তেমন কাক্ষ হয় নি। "একে অবহেলার চোথে দেখে আমরা জাতিগত অপরাধ করেছি।…পাশ্চাত্তা দেখে লোকসংগীতের রূপ খুঁজতে গেলে নাকি আজকাল সহরে আসতে হয়। আমাদের তেমন অবস্থানয়ত গেলে নাকি আজকাল সহরে আসতে হয়। আমাদের তেমন অবস্থানয়ত (স্বরেশ চক্রবর্তী)। অভএব নগরের দায়িত্বও অনেক,—পল্লীসংগীত সংগ্রহ, সংবৃক্ষণ, প্রচার এবং সংগীত-প্রসক্ষেই পল্লীগীতির মূল্যায়নের স্বযোগ স্কি করা।

প্রচারের একটি মাত্র পছা—পল্লীগীতির মৌলিক রূপকে সংগীতের আসরে উঠিয়ে নেওয়। সহজ ও আভাবিক আবেদনের জগ্রেই একাজটা বাংলায় সমবেত উৎসাহ-উদ্দীপনা প্রকাশের আগেই নিশ্দন্ন হয়েছে। এ সহদ্ধে ভাবনা ও চিস্তার নানান উল্লোগে নতুন কাজও হয়েছে। বহু রচনা, সংগ্রহ ও প্রকাশ আলোচনাও চলেছে। কিন্তু সংগীত হিসেবে ক তকগুলো প্রশ্ন থেকে গেছে। পল্লীগীতির মৌলিক রচনা পল্লীতে বেখানে গাওয়া হয়—সেখানে এর সৌন্দর্য ও মূল্য সমবিক। পল্লী অঞ্চলে, পাহাড়ে নানারূপ কঠ তনে এলে বনের পাখীর মিষ্টি আওয়াজের মত কানে বাজবে, পরিবেশটাও চোঝে আসবে, সত্যি, কিন্তু তাকে সংগ্রহ করে নিয়ে এসে কলারূপ দান করতে হলেই তাতে খানিকটা মানসিকভা ও সৌন্দর্য-বিস্থাসের প্রয়োজন হয়। আধুনিক গানের মতো পল্লীগীতিও একটি art form হয়ে দাঁড়ায়। তয়ু কাঁচামাল নিয়ে কোন দিল্লকর্ম হয় না, তেমনি তয়ু মৌলিক রচনা ও মৌলিক হয় আমাদের মন পরিভ্গু করে না। মূল পল্লীরচনার সম্পদ নিয়ে, পরীক্ষা করে—ভাষা, রীভি, আচার, অভ্যাস ইত্যাদি সম্বন্ধে সাহিত্যিক, নৃতাত্ত্বিক ও সমাজতত্বের কাজ চলে। কিন্তু মৌলিক পল্লী-সংগীতকে, স্গীতরূপে উপস্থাপিত করার কাজটি একট্ট স্বভন্ন রক্ষমের।

উদাহরণ স্বরূপ কডকগুলো জনপ্রিয় পদ্ধীগীতি ধরে নেওয়া বেতে পারে।
গ্রামোফোন রেকর্ডই হচ্চে আমাদের প্রাথমিক অবলম্বন। পূর্ববঙ্গের ও
উত্তরবঙ্গের বহু পদ্ধীগীতি আব্বাসউদ্দীনের কঠে সার্থক ভাবে গীত হয়েছে। এর
মধ্যে অনেকগুলিই মৌলিক রচনা সংগ্রহ, কিছু প্রতিরূপও আছে। এসমন্ত
গানের কথা ও স্থর মৌলিক বলে ধরে নেওয়া যাক। কিন্তু তবুও পরীক্ষা
করলে দেখা যাবে কলা-নৈপুণা ও প্রকাশ-ভলিতেই গান সার্থক হয়ে ওঠে এবং
সেজক্ত আব্বাসউদ্দীনের গানগুলোতে বে নৈপুণা প্রযুক্ত হয়েছে তাকে সংক্ষেপে
নিম্নলিখিত দিক থেকে বিশ্লেষণ করা যায়:—

- ১. স্থ্যকলি নিৰ্বাচন পদ্ধতি,
- ২. সুর সংখোজনের কৌশল,
- ৩. বিশিষ্ট কণ্ঠভঙ্গির ব্যবহার, এবং
- প্রযোজনা অমুসারে স্থরের কারিগরী।

দেখা যায় গানকে এই কলারূপ দান করবার পর এ গানই নির্দিষ্ট পল্লীগীভির রূপ বলে পল্লীতেও চালু হয়েছিল। শ্রীশচীন দেববর্মন পল্লী সংগীতে একটু রূপান্তর ঘটিয়ে গানের মধ্যে ব্যক্তিসন্তার আরোপ করেছেন। কিছু কিছু মৌলিক গানের সংগ্রহ অবলম্বনে গ্রামোফোন-রেকর্ড ও আকাশবাণীর রেকর্ড মাধ্যমে গিরিন চক্রবর্তী, শ্রীম্বরেন চক্রবর্তী, এবং শ্রীশশাহমোহন সিংহের গানের কথা উল্লেখ করব। শ্রীনির্মলেন্দ চৌধরী পল্লীর গানে যথেষ্ট বাক্তিসত্তা আরোপ করে জনপ্রির হয়েছেন। শ্রীপূর্ণচন্দ্র দাসের লক্ষ্যও এখন ব্যক্তিগত সংগীত-রূপের ওপর। এগুলো কয়েকটি উদাহরণ মাত্র, যেখানে পল্লীর রূপের ওপরেও নির্বাচনক্রিয়া লক্ষ্য করা যায়। বিশেষ স্থানে মৌলিক লোকসংগীতের রচনা থেকে কিছু দরে সরে গিয়েও এঁদের গানে লোকসংগীতের কলারপ পাওয়া যাচ্ছে। নাগরিক সভ্যতা ও যান্ত্রিক জীবনের প্রভাবে ইয়োরোপ, আমেরিকাতেও স্থানে স্থানে এক প্রকার urbanised folk music গড়ে উঠেছে জানা যায়। সঙ্গীত সার্থক হতে হলে হুর সংযোজনা সার্থক হওয়া দরকার। এজন্মে হয়ত কিছুটা নাগরিকতাও কোথাও কোথাও আসতে পারে। বর্তমানে প্রচলিত সংগীত বিচারে, পল্লীগীতি বলতে বোঝায় পল্লী-প্রচলিত যাবভীয় স্বতঃকৃর্ত গানের মৌলিক সংগ্রহ। এ গানের হুর বিকাশে এবং কথা-বস্ততেও মূল থেকে কোন তারতম্য থাকবে না। গানের গায়ন রীতিও অকুর থাকবে। ওর্ প্রয়েজন,--গান-সংগ্রহ করে, কানিছাট করে উপযুক্ত সংগীতবোধের সাহায়ে

পরিণত ও সম্পূর্ণ রূপ দেওয়া। এই রূপদানের অধিকারীও নিশ্চয়ই অভিজ্ঞ অরকার।

আঞ্চলন অভিবোগ শোনা যায় যে থাঁটি পল্লীগীতি গাওয়ার রেওয়াজ নট হয়ে যাছে এবং নাগরিক পল্লীগীতির হুরে শ্রোভাসাধারণকে বিভ্রান্ত করা হচে। "হুন্র পল্লী অঞ্চলের ভাটিয়ালীকে তার বিশিষ্ট পরিবেশ থেকে সহরে টেনে এনে সর্বসাধারণের গোচর করে যেমন ভাল কাজই করা হচে, ভেমনি একে সহরে ফচির উপযোগী করে তুলতে গিয়ে এর আসল রূপটিই ঢেকে ফেলা হচে। এ সম্বদ্ধে এখনও সাবধান হওয়া প্রয়োজন।" একথা স্বীকার্য যে পল্লীর প্রতিভাকে যথার্থ ভাবে অবিকৃত রেখে সর্বসমক্ষে উপস্থাপিত করা উচিত। মূল বিষয়বস্ত অবিকৃত ভাবে সংরক্ষণের একটা মূল্য আছে। কারণ, মূল পল্লী অঞ্চলের বহু প্রচলিত বস্তু বর্তমান কলারপের ভিত্তভূমি। ভিত্তি ছাড়া কলারপপ্রাপ্ত পল্লীগীতি দাড়াতে পারে না। কিন্তু, মনগড়া বস্তুকে এক্ষেত্রে কলারপ দান করা যেতে পারে না।

কলারূপ দান করা মানে কি sophistication বা পল্লীর সংগীতের আধুনিকতার রূপান্তরকরণ? নাগরিক সভ্যতার দাবিতে বহু মৌলিক বস্তুর পরিবর্তন সাধিত হচেত। বর্তমানে প্রচলিত পল্লীগীতির বিরুদ্ধে এ ধরণের অভিৰোগও শোনা যাচ্ছে, কিন্তু আজকের পল্লীগীতি সংগ্রহ ও সঞ্চয়ের মধ্য দিয়ে শহরের পল্লীগীতিকারের গীতিরূপদান সম্ভব হয়েছে। কিন্তু এসম্বন্ধে সচেতনতা সকলেরই প্রয়োজন। আঞ্চলিক হার সম্বন্ধে সাক্ষাৎ পরিচয়, বিষয়বস্ত ও ব্যবহার্য শব্দ এবং বাকরীতির বাবহারের নিয়মবোধ, প্রয়োগ-রীতি সম্বন্ধে সাবধানতা, পল্লীচিত্রের বোধ (অনাবশুক নক্সাকে বাদ দেবার মত **অভিজ্ঞ**তা), উপমা ও উপমানের সংগতি বোধ, প্রকাশভিক্রি সরলতা রক্ষা-এসবই অফুশীলনের বিষয়। মৌলিক বিষয় ও রূপের পরিবর্তন কথনো কাম্য নয়—শব্দে নয়, স্থর ও ছন্দেও নয়। এই অর্থে sophistication একটি গহিত দোষ। মৌলক পল্লীগীতিকে বাঁচিয়ে রাধার একটা দায়িত বোধহয় শিল্পী ও স্থরকারের মধ্যে থাকা দরকার। অনেক ক্ষেত্রে মৌলিকতাকে রক্ষা করতে পারা যায় না বলে আকাশবাণী কটক থেকে 'পল্লী-খরগীত' নামে এক ध्रताव लाकगी छि-श्रक्तिश हानू चाह्य। अगव त्थरक मरन इश्व, स्रोनिक ক্লুপের সংবৃক্ষণই সমস্তা। পরীর মৌলিক গানকে গুছিয়ে, সংগ্রহ করে সার্থক শিলের ফ্রেমে ধরে দেওয়াটা সমস্তা নয়।

পলীদংগীতের বিশ্বতিও বেমন কাম্য নয়; তেমনি অনাবশ্রক স্ক্ষতার প্রয়োগও কাম্য নয়। পলীতে গীতিকার ও শিল্পী একই ব্যক্তি। উত্তর-পূর্ব ভারতীয়দের উপজাতি, বাংলার কোন কোন পলীগীতি, উড়িয়া অঞ্চলের উপজাতিদের এবং অক্যাক্ত ধরণের কোন কোন গান গাইবার সঙ্গে সজে রচিত হতে থাকে। অনেকছলে বাঁধা গান নেই, ৩ধু একটি পংক্তি হয়ত আছে। অর্থাৎ, গায়কের কল্পনার উপজীব্য ভুগুই স্থারের সহজ্ব প্রকাশ নয়--- "পরস্ক সমস্ত अन्भारत क्रार-कनदात ध्वनिष्ठ - स्वत ७ इस । "ভাঙা इस ७ अभूव মিলকে অর্থে ও প্রাণে ভরাট" করে ভোলা, নিখুত হুরজালের অপেকা ना-द्रार्थ नानान উপानान (यथा-चाननक्षति, वर्ष ७ উन्नामयग्र हि९कात, পশুপাথির ভাক, নানারপ নৃত্যভিদি, আনদ্ধযন্ত্রের [ঢাক, ঢোল ইত্যাদি] অতিশয় ব্যবহার এবং আবহ-সৃষ্টি) প্রয়োগ পল্লীস্থরে গতি দান করে। নিয়মাধীন আলভারিকতার বখাতা স্বীকার করার প্রশ্ন নেই বলে মুখে মুখে প্রচারিত আঞ্চলিক কথা হয়ত সময়ের সঙ্গে পরিবর্তিত হয়ে আনে, কিছ স্থরের কাঠামোটা প্রায় একইরূপ থাকে। কোথাও হুরটার রূপ হয়তো পূর্ণ, কিন্তু অধিকাংশ স্থলেই অপূর্ণ ও একঘেয়ে। বিষয়বস্তুতে নির্দিষ্ট ভাবপ্রতীক যুগ ঘুগ ধরে চালু থাকলেও, অবস্থার পরিবর্তনের সঙ্গে গানের রূপ যায় বদলে। শিল্পকেন্দ্রের কাছাকাছি এলাকার উপজাতিদের গ্রামগুলোতে এবং আদিবাদীদের মধ্যে এই পরিবর্তন বেশি লক্ষ্য করা যায়।

সংগৃহীত পল্লীস্থর বা গান নিয়ে অক্তান্ত সমস্তাও আছে। পল্লীর পরিবেশে যে গান চমৎকার মনে হয়, তা রেকর্ড করে এনে পরীক্ষা করে দেখা যায়—দংগীতাংশ এত তুর্বল যে গবেষণার সামগ্রী হলেও সংগীতরূপে অচল অথচ সংগীতরূপেই পল্লীগীতির প্রধান স্বীকৃতি। বীরভূমের বাউলগান, পুরুলিয়ার করম গান ও ঝুম্ব, রাস্তা থেকে বৈরাগীর স্থরেলা প্রভাত গীত প্রভৃতি রেকর্ড করে এনে দেখা গেছে, সংগীতরূপে দেগুলো চালাতে হলে কিছু কাটছাট এবং পরিমার্জনা দরকার হয়, তা না হলে বেশির ভাগ গানই শ্রোভার কাছে আকর্ষণীয় হয় না। আদিবাসী বা উপজাতীয় এলাকা থেকে গান রেকর্ড করে এনে গান প্রচার করে দেখা গেছে, এগান ওদের ভাল লাগে না। অর্থাৎ বিশেষ পরিবেশেই এরূপ গান স্কলের। অন্তন্ত্র এ গানের সংগ্রহ সাহিত্য, গমাক্ষতত্ব বা নৃতন্ত্রের গবেষণার উপযোগী হয়ে পড়ে। মধ্যভারতের বছছানে আদিবাসীরা সিনেমা সংগীতে প্রভাবিত হচ্ছে, তাদের পুরোনো গল্লীগীতি

योष्टि वन्ता বর্তমান যুগের যান্ত্রিক চাপও এর কারণ। শহরের क्झनाविनामी यन थांछि भन्नीभी जित्र भूर्व भतिहत्र भाव ना वटनहे स्वतकात छ भाग्रक त्मकी छन्नित উদ্ভাবন করে পল্লীগীতি বলে চালাতে চান। ফলে वहश्रान भोनिक भन्नीगीिक धाकवादाई नहें इराइह । উखत-भूद छात्राकत মিজো ও নাগা রাজ্যে পুরোনো মৌলিক স্থর ও কথা এখন কেউ খুঁজে পাবে না। বাংলা, অসমীয়া ও ওড়িয়া পল্লীগীতির যে সব মৌলিক রূপ স্বাভাবিক ভাবেই সাধারণের কানে শ্রুতিমধুর মনে হয়েছে, সে সব নিয়েই আজকের প্রচলিত গান। এই সব প্রচলিত গানের এক একটি বিশেষ লক্ষণ, বিশেষ ভিলিরপেই লোকগীতি চর্চার বিষয় হয়েছে। প্রতি শ্রেণীর পদ্ধীগীতিও সংখ্যাত্ত খুব বেশি সংগ্রহ করা যায় না। কাজেই এসব বাধা প্রতিবন্ধক অভিক্রম করে পল্লীগীতিকে সংগীতের রূপদান, স্বর্রলিপি প্রকাশ এবং গুছিয়ে-গাছিয়ে তাকে इम्मत करत विভिन्न পরিবেশে পরিবেষণ সমর্থন করা যায়। किन्ত এটা সম্ভব হয় কেন ? কারণ, পল্লীগীতি "ম্বয়ংসম্পূর্ণ—যে পরিবেশে ষেমন ভাবে এই গান গীত হয়ে থাকে দেখানেই তার পূর্ণ রূপটি পুরোপুরি প্রকাশিত হয়,—দেই বিশেষ প্রাক্ষতিক আবেষ্টনী, নিজেদের হাতে তৈরি একভারা দোভারা জাতীয় হ একটি যন্ত্র, এমন কি গায়কদের বাকভঙ্গীর সেই অসাধু উচ্চারণ—এসব থেকে বিচ্ছিন্ন করে নিয়ে এলে পল্লীসংগীতের অঙ্গহানি হতে বাধ্য; এমনকি সভ্য জগতের বিচিত্র মধুরধ্বনি বিশিষ্ট যন্ত্র সহযোগে গীত হলেও তার এই অভাব পুরণ কিছুতেই হয় না।" (স্থরেশ চক্রবর্তী) এই অক্পুলো বজায় রেখে স্বয়ংসম্পূর্ণ গানকে নির্বাচন করে ও কাটছাট করে তার অংশবিশেষ সংগীতরূপে সংগ্রহ করা ছাড়া আর কোন পথ থাকে না।

পল্লীসুর

বাংলা পল্লীগীতির বিভিন্ন রূপের পার্থক্য ও জটিলতা দেখে স্থরেশচক্র চক্রবর্তী বলেছেন, বিষয়বস্তুর প্রকৃতি অসুসারে শ্রেণীবিভাগের অনেক সমস্তুর্গ আছে। সংগীত-প্রকৃতির দিক থেকে ছটো পল্লীগীতিকে বড় ভাগে ভাগ করা বায়—(১) বাহির জীবনের গান (Outdoor Songs) এবং (২) ঘরোয়া গান (Indoor Songs)। ভাটিয়ালী বাহিরের গান—একটি প্রধান শ্রেণী। এর স্থরের সঙ্গে অস্তায় বহু গানের স্থরের সামঞ্জন্ত এর প্রধান যুক্তি। "ব্যক্তিগত ভাবে আমি

মনে করি ভাটিয়ালী আবো অস্তাত বহু রকমের পল্লীগীতির ভিত্তিস্বরূপ। উৎসবের গান, আথ্যান-মূলক গান অথবা জারি গান, মেয়েদের গান এমনকি দারি-গানের সজেও এই সম্পর্ক।" বাউল গান বিশেষ হুরে বিভিন্ন রকমের ছন্দে গীত একক কঠের গান। সারিগান ভাটিয়ালী, এমনকি বাউলের সঙ্গেও সামঞ্জন্তবোধক—ঠাইছ, আরস্ত, শেষ, হারজিৎ প্রভৃতি নিয়ে রচনা চলে। ভাওয়াইয়া কোচবিহারের চাষীদের মেঠো গান, হুরের দিক থেকে ভাটিয়ালীর সঙ্গে সামঞ্জন্ত আছে, ছন্দপ্রয়োগে দৃঢ়বছ। গন্তীরা মালদহের শিবের গীত—হ্বের দিক থেকে প্রাচীন ও আধুনিকের মধ্যবর্তী পদ্বা অমুসারী। জারি কারবালা-কাহিনী—পূর্বকের মূললমানের প্রাণবস্ত সংগীত—বিভিন্ন জায়গায় বিভিন্নরূপে গাওয়া হয়। ঝুমূর গানের বৈশিষ্ট্য—একক হ্বেরর মধ্যে আক শিক পরিবর্তন স্চনা, বোধহয় সাঁওতালী প্রভাব [আকাশবাণী ১৯৫৯, ২৫শে অক্টোবর সংখ্যা থেকে অন্দিত]। এবারে সংগীত বিকাশের লক্ষণ অমুসারে শ্রেণীবিভাগ করা যাক।

- (১) করেকটি প্রকৃতির পল্লীগীতিতে সংগীতাংশের পূর্ণ বিকাশ হয়েছে, অর্থাৎ গানের মধ্যে প্রায় ছ' সাভটি স্থরেরই প্রয়োগ লক্ষ্য করা যায় এবং একটি আধুনিক গানের যে কয়েকটি শুর (আহ্বায়ী, অন্তরা ইত্যাদি) থাকা সম্ভব, ভাও অনেকটাই দেখা যায়। তাছাড়া গানের মধ্যে রাগলক্ষণও স্পষ্ট করে চিনে নেওয়া যায়। যথা—ভাটয়ালী, ভাওয়াইয়া, সারি, বাউল, দেহতত্ব ও কিছু কিছু মেয়েলী গান। এসব গানে কোন কোন কেত্রে নানান অন্থালিত সংগীতের প্রভাবও লক্ষ্য করা যায়।
- (২) ছড়া, পাঁচালী, ব্রত প্রভৃতি ধরণের কতকগুলো গানে থাকে একঘেয়ে স্থানের বৈচিত্রাহীন প্রকাশ। তাতে সংগীতাংশ বিকাশের স্থবিধে নেই।
- (৩) কতকগুলো বিশেষ আঞ্চলিক গানের সংগীত-রূপ নানা কারণে বিশেষ লক্ষণ দারা চেনা যায়, কিন্তু সাধারণ্যে তেমন ব্যাপকভাবে পরিচিত হয়নি—-যথা, গন্তীরা, করমগান, ঝুমূর, ভাতু ইত্যাদি। এগুলোর হুরও অপেক্ষাকৃত সমদাময়িক প্রভাবের লক্ষণযুক্ত। এই শ্রেণীর কোন কোন গানের হুর একেবারে কাঠামোতে বাঁধা।
- (৪) আদিবাসী ও উপজাতীয় পলীগীতি। অনেকস্থলে সংগীতাংশ স্পষ্ট নয়। দ্বিস্বর, ত্রিস্বর এমনকি পাঁচস্বর পর্যন্ত ব্যবহার চলে, যাকে Pentatonic scale বলা যায়। ভারতের উত্তর-পূর্ব সীমান্তবাসীদের গানে এই রূপই

প্রধান। সাঁওতালী গানের সংগীতাংশ স্পাষ্ট, অত্যস্ত সীমাবদ্ধ ও সামাস্ত ছকে বাঁধা হলেও রেশটানা হুরের একটি বিশিষ্ট রং ও রূপ লক্ষ্য করা যায়।

এই চার শ্রেণীর গানের মধ্যে বিশেষ করে প্রথম শ্রেণীর প্রচার, প্রদার ও প্রযোজনা অব্যাহত। লোকের কানে স্থরের পরিচয় হয়েছে, শ্রোতা অধিকাংশ স্থারের রূপ সম্বন্ধে অভিজ্ঞ, তাই এ-গানের রূপাস্তরও চলে, নতুন রচনাও চলে, কিছু কিছু অমুকরণও হয়। অর্থাৎ, সংগীতরূপ বলতে এসব গানই আসরে পরিবেষিত হয়। দিতীয় ধরণের গানের মধ্যে কিছু কিছু সম্প্রদায়গত বা Sectarian রূপও পড়ে এবং স্থর, ভঙ্গি ও উচ্চারণ-পদ্ধতির সম্যুক বোধ না হলে এগান গাওয়া চলে না। অকালগুলো যথায়থ অঞ্চল থেকেই সংগ্রহ হতে পারে। ভাষা-রূপের সংগীতের মৌলিক ভকিটাই এর সন্তা, কলা-নৈপুণ্যের প্রয়োগের স্বযোগ অতি স্বল্প। প্রথম ও তৃতীয় শ্রেণীর গান ছাড়া অধিকাংশই "আবুত্তিধর্মী. স্থরও নিতান্ত দরল ও সংক্ষিপ্ত।" স্থারেশ চক্রবর্তী বলেছেন, "পল্লীসংগীত মূলে পাঁচম্বরিক ছিল কিনা তা বলবার উপায় নেই। আজ কেবল এই কথাই বলব, বাংলার লোকগীতি অন্তান্ত যাবতীয় লোকসংগীত থেকে আলাদা হয়ে দাঁড়িয়েছে। কেবল নিজের বিশিষ্ট রূণভঙ্গিতে নয়, সাত স্বরের বিশেষ ঐশ্বর্য নিয়েও। স্থার কেবল স্থরের দিক দিয়ে নয়, ছন্দের দিক দিয়েও এর মধ্যে নানা বৈচিত্রোর উদ্ভব হয়েছে। এর পেছনে প্রক্রন্ধ ভাবে রাগসংগীত বা শিল্পদংগীত সম্বন্ধে কিছুটা চেতনা জাগ্রত রয়েছে বলেই স্থারে ও তালে এই বৈচিত্র্য সৃষ্টি সম্ভব হয়েছে।"

রেকর্ড ও চলচ্চিত্র মারফতে ভাটিয়ালীর পরিচয় প্রকৃত পরিচয় নয়, একথা সকলেই বলেছেন। ভাটিয়ালী এক মালাই গান। স্থরেশচন্দ্র চক্রবর্তীর বিশ্লেষণ:

(১) ভাটিয়ালী গায় একজনে শোনেও বোধহয় একজনে। হাতে কোন কাল নেই, পাল ভুলে দিয়ে হাল ধ'য়েছে নোকোর মাঝি। এই অবসয়ট ুক্ ভরে তুলবার জন্তে সে গান বয়েছে।... নদীর জলের সঙ্গে, উন্মুক্ত প্রাক্তরের সঙ্গে এর স্থর বাঁধা.....পরকে শোনাবার তাগিদ নেই। তাড়াছড়োর কোনও প্রয়োজন নেই—তাই তার কণ্ঠ থেকে যে গান বয়েয়য়, সে গান ছম্পের বজ্জনে সয়কে চঞ্চল করে তোলে না। স্থর তার বছদ্দগতিতে মাঝির মনের কথার ত্র'একটিকে একেকবারে সঙ্গে নিয়ে লখা একটানা পথে চেউএর সঙ্গে সজে দিগন্তে গাড়ি জমায়। বাইরের প্রকৃতির সঙ্গে ভাটিয়ালীর অন্তর্গতা এক পরম বিশ্লয়ের ব্যাপার।—নিয়াভরণ ছম্পোবজ্ঞান কর্তব্যর প্রকৃতি নিজের হাতে পূর্ণ করে তোলে। শুদ্ধমাত্র কর্তব্যর মণ্য দিয়ে যে এই অপ্রপ্রপ্র স্টেইর, তাকে স্ক্রব্যর করবার ক্ষরতা কোন বজ্লের নেই।

- (২) এতে ছু'ভিনটি শব্দ নিয়ে এক একটি শব্দগুছে এক একবারে উচ্চারিত হয়, বিতীরতঃ থাকে এই উচ্চারণের পরেই লখা একটানা বা আন্দোলন-যুক্ত হরের কাল। সাধারণতঃ দেখা খাবে, শব্দগুছের শেব বর্ণটি বে খরে গিয়ে দাঁড়ায় সে খয়টিই দীর্ঘ হয়ে উঠে। এই খরের দৈর্ঘ্য কতটুকু হ'বে তার কোন বাঁধা ধরা মাপকাঠি নেই, তা সম্পূর্ণ নির্ভির কয়ে গায়কের নিজস্ব মেজাজ ও ক্রচিবোধের উপর।
- (৩) শ্বর প্রয়োগের দিক দিয়ে আর একটি ব্যাপার লক্ষ্য করা যার—স্থারন্তেই ভাটিয়ালী সাধারণতঃ চড়ার হ্রের দিকে চলে যার এবং তারপরেই ধীরে ধীরে কখনো বা ক্রুতবেশে নেমে আসে থাদের দিকে। সেইথানে ক্রমেই গান যেন বিশ্রাম লাভ করে। এ যেন কোন প্রাণের কোন প্রভীর কথাকে দিগদিগন্তে গুনিরে দিয়ে আবার নিজের প্রাণের গভীর থাদেই কিরিরে নিয়ে আসা।
- ে (৪) এছাড়া ভাটিয়ালীতে সাত স্বরের প্ররোগও হয়ই, স্পনেক সময়ে এর গানের গতি ছই সপ্তক পর্যন্ত ব্যাপ্ত হয়ে থাকে।

একাধিক স্থানে স্থবেশবাবু বলেছেন, ভাটিয়ালীর সঙ্গে টপ্লা গীতরীতির বেশ মিল আছে। ইনি বলেছেন, "এখানে হিন্দুস্থানী টপ্লা নয়, বাংলা টপ্লার কথাই বলা হচে ।" বাংলা দেশের টপ্লার প্রকৃতি তার স্থভাবগত গিটকারি-রীতিতে বিবন্ধ। এ গিটকারি হিন্দুস্থানী-রীতির টপ্লার ক্রত জমজমা তানের মত নয়, "তানগুলি ময়র।" এই টপ্লা ভিলিট কোন কোন গানে লক্ষ্য করা য়য় শুধু। ভাটিয়ালীতে দীর্ঘ টানা স্থবে গাইবার জন্মে গিটকারির স্থান সহজেই মিলে। স্বর্থাৎ কথাগুলো একসকে উচ্চারণ করে পরে টানা স্থবের স্থলে 'জমজমা' তানের মত করে গিটকারির দানা ব্যবহার। এ পর্যস্থ মানতে স্প্রবিধা নেই।

কিন্ত হ্রেশবাব্ আরো একটু এগিয়ে এসে বলছেন, "যদি বলা যায়, বাংলা টয়ায় ভাটিয়ালীর প্রভাব আছে, তা হলে বোধহয় মিথ্যা কথা বলা হবে না। বাংলার নিজস্ব সংগীত-চেতনা সঞ্চারিত হয়ে রয়েছে বলেই টয়ার মধ্যে এই বিশেষ পরিবর্তন ঘটে গেছে বলে মনে করতে পারি। এই টয়া বাংলার কেবল পল্লীসংগীত নয়, গত শতকের নানান প্রকারের গীত থেকে আরম্ভ করে এয়্বের রবীক্রসংগীত পর্যন্ত প্রভাব বিস্তার করেছে।" হ্রেশবাব্র এই পরের কয়নাটি অভিশয়োক্তি। টয়া গানে ভাটিয়ালীর প্রভাব থাকা সম্ভব নয়। কারন, ভাটিয়ালী প্রধানত শ্রীহট্ট, মৈমনসিংহ, ঢাকার পূর্বাঞ্চল ত্রিপুরা—বিশেষ করে মেঘনা নদী ও এদিকে ব্রহ্মপুত্র ও শীতলক্ষা এলাকার গান। বে কালে টয়া প্রচারিত হয়েছে সে সময়ে এ গান সবার অলক্ষে ছিল। অস্তান্ত মৃল্যবান উক্তিশ্রলোর সক্ষে এই observation বিক্তর হয়ে দাডায়।

ভাটিয়ালীর স্থর-বিচারে রাগ কঁসোলী-ঝিঁঝিঁটের রূপের প্রয়োগ স্পষ্ট ভাবেই লক্ষ্য করেছেন ইনি। এই ঝিঁঝেঁটের স্থরে খাদের ধৈবৎ পর্যস্ত এসে গানের চরণ থেমে দাঁডিয়ে যায়। "পঙ্কীগীতির ঝিঁঝেঁটের বা এই কঁমোলী-কিঁকি টের স্বর্জপ এই রক্ম—সূর্ম Iপ মুগ্র সূণ্ধ Iধ্স সূরু গু,র গ স I এখানে বললে অপ্রাদিক হবে ন',—আমাদের মনে হয়, এই শেষোক্ত প্রকারের ঝিঁঝেঁটের মূল রয়েছে এই পল্লী সংগীতের মধ্যেই।" স্থারেশ বাবুর এই মতের পেছনে যথেষ্ট নিরীক্ষণ আছে সন্দেহ নেই। হয়ত কিছু কিছু গানের मुलारे এरे बिंबिंदिंत मसान कता यात्र। किन्द लावियानी भारतत क्रभ অধিকাংশ জায়গায় অক্তভাবে বিশ্লেষণ করা চলে। অনেক সময়েই লক্ষ্য করা ষায় বে যাকে ধুস। সর গ, র গ ন I অথব। প ম গর। সণুধু I বলা হয়েছে সেটাকে থরজ পরিবর্তিত করে বলা যায় গ প I প ধ ন। ধ ন প I অথবা প্রথমাংশে (সর্ব) স্নিধ প ম গ I অর্থাৎ স্থাটা দাঁড়াছে "গান্ধারে" —ধৈবৎ গান্ধারে পরিণত। ভাটিয়ালীর প্রথম চড়া গলার চিৎকারটা আরম্ভ হচেচ সর্বর্গর্ম, এমনকি প ছুঁয়ে আসাপর্যন্ত টেনে যাচ্ছে। বছ দূরের নেয়ে দীর্ঘায়িত চিৎকার করে 'মাঝি', 'বন্ধু', 'রে', 'গো' প্রভৃতি উচ্চারণ করে আর্তনাদের মত তার-স্বরে তঃথ জানায়। বহু বারই এ গান ভনতে ভনতে মনে হয়েছে, সত্যি, চড়ার গান্ধার মধ্যম থেকে আরম্ভ করে মুদারার গান্ধারে এদে গান দাঁড়াচ্ছে—যাকে অক্তরূপে খরজ বদলে ধ বলা যায়। গা-স্বরটি প্রধান নাধরলে তারস্বরের সূর্বার্ম পর্যন্ত গতি বিশ্লেষণ করা যায় না। এ অর্থে গানটি হয় বিলাবল ঠাটের অঙ্গ, পুরোন বাংলা দেশীয় বেহাগের (কড়ি মধ্যম বর্জিত) স্বাভাবিক রূপ ফুটে ওঠা স্থর। স্থানাস্তবে 'খ্যাপা' বাউল বা 'ফিকির চাঁদি' বাউল স্থর সম্বন্ধে ব্যাথ্যা করতে গিয়ে স্থরেশবার বলেছেন "কঁসোলী बिँबिँ है या ভाটिशानीटा थूव दविन श्राम श्राम का कार्य कराहि हाक म त म, भ म म, ধ্দণ্ধ, ধ্দ দ র গ, র গ দ I এর সকে ফিকির টাদির তুলনা করা যাক :---

স, স র, গ প, ধ ন, ধ র্স র্স, ন ধ প, প ম গ, গ র, র গ ম, গ র স I
খ্ব স্ক্র বিচার না করেও বলা চলে এতে বিলাবল পর্যায়ের রাগের প্রভাবই
বেশি। এই প্রসক্তেবলে রাখছি যে, বিলাবল আমাদের যাবতীয় দেবস্তুতি ও
ভত্তমূলক সংগীতে সর্বাপেক্ষা উপযোগী স্থর।"

[🖺] স্পামার বিশ্লেষণে বিলাবল ঠাটের রাগের লক্ষণ ভাটিয়ালীতেও স্পাছে।

পার্থক্যের মধ্যে ভাটিয়ালী অনেকটাই উত্তরাদ প্রকৃতির। রেকর্ডের গান শুনে এর রূপ নির্ধারণ করা ছংলাধ্য। বাউল গানের প্রকৃতিতে নৃত্যের প্রাধান্ত আছে, নৃত্যের দক্ষে গানের উত্তরাদ রূপ হওয়া খাভাবিক নয়। তাই উত্তরাদ ঝাঘাজ প্রকৃতির না হয়ে অনেকটা বিলাবল প্রকৃতির হয়ে দাঁড়ায়। একাধিক দমালোচক ভাটিয়ালীকে নৈরাশ্র ও নির্জনতা বা বিষাদ এবং বিরহবেদনার প্রকাশক বলে বর্ণনা করেছেন। ডঃ আশুতোষ ভট্টাচার্য "বাংলা লোক-সংগীত" নামক মৃল্যবান সংযোজনার ভূমিকায় অক্সান্ত লক্ষণ বর্ণনার সক্ষে ভাটিয়ালী সম্বন্ধে বলেছেন, "ভাটিয়ালী বর্ণনাত্মক নয় ভাবাত্মক, তাই চড়া হরের দীর্ঘায়িত উচ্চারণে এ-গানের রূপ স্পষ্ট।" চড়া হ্রেরটাই যে থাদের ধা পর্যন্ত নেমে আদে-একথা খীকার করতে পারছি না। আরো একটি কথা এ প্রসক্ষে করেম করা দরকার। গানের হুরপ্রয়োগের নীতি অনুসারে "বাউল, ভাটিয়ালী এবং দেহতত্ব প্রভৃতি যাবতীয় লোক-সংগীতে—রাগসংগীতের অন্থায়ী ও অন্তর্মার মতো চুটি ভাগই পাই" (হ্রেশ চক্রবর্তী)। শুরু ছটো ভাগের হুর অবলম্বন করে অনেক সময়েই রূপ বর্ণনা করা মৃদ্ধিল, বিশেষ করে রাগরপের সামঞ্জন্তের কথা জ্যের করে বলা যায় না।

রাগ-রূপের সামগুল্ফের প্রতি লক্ষ্য রেখে বলা যায় বিলাবল ঠাটের হ্বর শুধু বাংলাদেশে নয়, উত্তর ভারত, মহারাষ্ট্র প্রভৃতি সর্বত্রই ছড়ানো। কোথাও মিশ্রবহাগ রীতি, কোথাও মিশ্রথায়াজ, এবং অক্সত্র ঝিঁঝিঁট, মাও, বিহারী ও পাহাড়ী জাতীয় হ্ররের প্রচলন দেখা যায়। রাগের সামজ্জ্য দেখা গেলেও সম্পূর্ণ বিকাশ কদাচিৎ পাওয়া যায় বলেই পল্লীগীতির অসমাপ্ত বৈশিষ্ট্য অক্ষ্ম থাকে। বিচিত্র রাগরূপ লক্ষ্য করে পল্লীগীতির গঠনরীতিও বহু দিক থেকে আলোচনা করা যায়। এবিষয়ে হুরেশবাবুর মতামত এইরপ:

স্বামরা মোটাম্টি চারভাগে ভাগ করতে পারি

- (১) ষে সব হার সার মাপা এম্নি করে আরোহণ করে
- (২) যেগুলো সগম প করে
- (৩) যেগুলোসর গপ করে, ও
- (৪) যে নব হর সর গম প করে।

এই চারটি প্রকারের প্রথমটিতে দেখা বাচ্ছে 'গ' বাদ, বিতীরটিতে 'র' ব'দ, তৃতীরে 'ম' বাদ ও শ্বটিতে পূর্বাঙ্গের কোন স্বর আরোহণই বাদ বাচছে না। এই ব্যাপারটি বিশেব করে লক্ষ্য করতে। লাছি এইজ্বস্থে যে, লোকসংগীতে উপরি-উক্ক নিয়মগুলো এমন কঠোর নিষ্ঠার সঙ্গে পালিত হরে বাকে বা কেবল রাগ-সংগীতেই দেখা যার।

"এই অংশ স্থাস" বলে রাগসংগীতের একটা অতি প্রাচীন স্ক্রের......অসুসারে, কোন রাগের প্রথম স্টনা কোনও একটি বিশেষ স্বরে এবং বিশেষ কতকগুলো স্বরস্ক্তে তার রূপ প্রকাশিত হ'তে হ'তে একটি নির্দিষ্ট স্বরে এসে দাঁড়ালে তার পূর্ব রূপটি প্রকাশিত হর।—আমার মনে হর এই স্কেটি পারীসংগীতের ক্ষেত্রে অতি স্ক্রের ভাবে প্রবোজ্য।—ষড়জ থেকে গান আরম্ভ না করলে শিল্পের দিক দিয়ে বিকৃতি ঘটবে।—ইত্যাদি

এ সম্বন্ধে আমাদের বক্তব্য এই বে "গ্রহ-অংশ-ক্যাসের" দৃঢ় ফর্ম্লার দিক দিয়ে বিচার না করে পল্লীগীভিকে আরো সরলভাবে বোঝা যেতে পারে:

প্রথমে, বড়ঙ্গ-কেন্দ্রিক বা সা-স্বরকে একতারায় দোতারায় স্থর করে বছ পলীগীতি গাওয়া হয়। সেগুলোতে নানান রূপ পাওয়া বেতে পারে। কেনন বিশিষ্ট রাগরীতিতে এসব গান চালু নয়, এবং স্থরের রীতিগুলো স্বাভাবিক ও স্বতস্ত্রভাবেই রূপায়িত। কিছু কিছু বাইরের প্রভাবও স্পাছে, রাগের স্থংশ তা থেকে হয়ত চিনেনেওয়া বায়। স্থরগুলো সাধারণত তিন চারটি শ্রেণীর হয়।

- (ক) বিলাবল ঠাটের রূপে (যা স্থরেশবার্ লক্ষ্য করেছেন)। অসংখ্য ভজন গানে বিলাবলের দক্ষে থাখাজ জাতীয় স্থরের মিশ্রণ দেখা যায়। মারাঠা কায়দায় মাণ্ড স্থরে বাঁধা "ক্ষণে চাকর রাখো জী" (মীরা-ভজন) স্বটি মনে করা যেতে পারে। বাউলে এরূপ স্থর অসংখ্য।
 - (খ) কাফি ভীমপলশ্রীর আদল নিয়ে হুর বিকাশ,
 - (গ) ভৈরবীর রূপে (অসংখ্য বাউল গান শোনা যায়),
 - (ঘ) কালেংড়ার রূপে (ভৈরব ঠাটে প্রভাতী গান একটি উদাহরণ),

"বাংলার লোকসংগীত" নামক স্বরলিপি সংগ্রহে বাউলের যে ১৩টি গানের স্বরলিপি দেওয়া হয়েছে তাতে স্থরের কাঠামোতে ব্যাপকভাবে বেহাগ, খাস্বাজ, কাফি, আসাবরীর মতো স্বতন্ত্র রূপের ছায়া মিলে। এটাই একটা স্পষ্ট উদাহরণ।

বিতীয়ে, গাদ্ধার-কেন্দ্রিক— শর্থাৎ, একতারার স্থর অনেকটা পঞ্চমে বাঁধা হয়ে যায় আর গানের তুক এলে থামে গাদ্ধারে (যাকে অনেক সময়ে থরন্ধ পরিবর্তিত নৃত্যশীল মন্দ্রখরের কঠে ধৈবত মনে হতে পারে)। গান আরম্ভ হয় চড়া স্থর থেকে, প্রায়শই ষড়ন্ধ থেকে বায় অপ্রধান। গান উত্তরাক প্রধান এবং ভাটিয়ালীর পক্ষে এ রীতি স্বাভাবিক। গানের স্থরের রূপ—বেহাগ। শ্লামান্ধ অথবা উত্তরাক বিলাবল ঠাটের নানান রাগের অংশের সংগে তুলনীয়। তারস্থরের র্প র্ব্ গ্রি-ও এথানে আলে।

এই দৃষ্টিভলিতে শোভারার হ্বরের সাজ আলোচনা করলেও রূপটি আরো পরিষ্কার বোঝা যাবে। কিন্তু তা সত্ত্বেও কঁসৌলী-ঝিঁ ঝিঁ টের লক্ষণ যে কিছু কিছু গানে (বিশেষ করে কীর্তনেও) অত্যন্ত প্রধান একথা স্বীকৃত।

ছন্দ ও গায়ন পদ্ধতি

লোকসংগীতের বিশেষ বৈচিত্র্য রয়েছে 'ছন্দে।' অনেকস্থলে ছন্দই ওধু গীতের নামান্তর হয়ে দাঁডায়। ছন্দের বন্ত বিচিত্র গতি পল্লীগীতিকে বৈচিত্র। দান করে। স্থরের একঘেয়েমির মুক্তি হয় ছনে। ছনের বৈচিত্রা জীবনে চলমান রূপ, বিচিত্র গতিপ্রবণতা এনে দেয়, দেহের মধ্যে স্পন্দন স্বষ্ট করে। স্বরের বৈচিত্র্য স্বাষ্টতে অভিজ্ঞতা, মনন এবং চিস্তা শক্তির দরকার, কিন্তু পল্লীগীতিকারের সে সব দরকার নেই। শুধু সহজ কথা ও সহজ অভিজ্ঞতাকে ছন্দোবদ্ধ করলেই ওতে এক বিশেষ তাৎপর্যের অপুসদ্ধান চলতে পারে। একটানা স্থরের নৃত্যে দর্বত্রই তৈমাত্রিক ছন্দের নৃত্যুচটুল প্রয়োগ, চার মাত্রার ছন্দের আধা-ভঙ্গির প্রয়োগ, প্রাচীন থেমটা ও আড়থেমটার ব্যবহার—এর মধ্যে বিশিষ্ট রূপ পেয়েছে। মোটামুটি এই সব গানে মাত্রা-গুলোকে বিশেষ ভাবে সাজিয়ে প্রথম, দিতীয়, তৃতীয় বা চতুর্প অথবা এর যে কোন মাত্রায় ষতি সৃষ্টি করে ছলের রকমারী প্রয়োগ হতে পারে। জ্রুত পাঁচ মাত্রা অথবা সাত মাত্রার ছন্দেও পল্লীগীতি আক্রকাল শোনা যায়। বাউল পানে পাঁচ মাত্রার ছন্দের বছল প্রয়োগ লক্ষ্য করা যায়। বিশেষ করে সাত মাত্রার অবলম্বন ওড়িয়া গানে প্রচুর। মনে হয় এসকলই মুদকের অধিক বাবহারের জন্মে সৃষ্টি হয়েছে।

পল্লীগীতিরও বৈচিত্রোর আর একটি বিশেষ লক্ষণ বিশেষ মাত্রায় যতি বা উচ্চারিত অথবা অফুচারিত মাত্রার ঝোঁক ছারা ছন্দের স্পষ্ট । ছন্দের প্রয়োজনে এক ধরণের অরাঘাত পল্লীগীতির বৈশিষ্ট্য হয়ে দাঁড়ায় । ১২০৪। ৫৬৭ ৮ — এই চারটি মাত্রা ছন্দে উচ্চারণ করতে গিয়ে যদি নিয়মিতভাবে ১বা ৫, অথবা ৪ বা ৮ বার বারই অফুচারিত করা যায় বা শক্টিকে বাদ দিয়ে ছন্দটাকে রক্ষা করা হয়—তাতে এই চতুর্মাত্রিক ছন্দেই বিচিত্র ভিন্ন হয় । তেমনি গান গাইবার সময়ে প্রতিবারে ১৷৩/৫/৭ মাত্রাগুলোকে যদি ধাকা (অরাঘাত) দিয়ে উচ্চারণ করা যায় তা হলে অফু রক্মের ফল পাওয়া বাবে । তেমনি তিনমাত্রার ছল। পল্লীগীতিতে ছলের এই ধরণের রক্মারী প্রয়োগ গানকে তালের দ্বারাই বিশেষ করে তোলে। ছলের সম্পদটা আদিমতম উপাদান। কথকতা, মনসার ভাসান, উপাখ্যান জ্বাতীয় লোকগাখা ছল্পেই সাধারণের মধ্যে গৃহীত হয়। স্থরেশ চক্রবর্তী বলেন—পল্লীগীতির তাল সাধারণত সরল হলেও কোন কোন রচয়িতার জ্বটিল তাল ব্যবহারের ঝোঁক আছে। এটা কীর্তন গায়কদের প্রভাবও মনে হতে পারে। "ফলে দাদরা, কাশ্মীরি খেমটা, খয়রা ইত্যাদি সোজা তালের সঙ্গে সর্বত্তই শোনা দায় লোফা, রূপক বাতেওট ইত্যাদি কঠিন তালের গান।"

ছন্দবর্জিত একটান। নদী-বাংলায় গানের যে ঐশ্বর্থ সৃষ্টি হয়েছিল দেওলো প্রধানতঃ মতঃক্ত প্রেমের গান, কিন্তু বিষয়বস্ত ছঃখ, ছর্দৈব, বিরহ, ব্যথা ও বেদনায় ভরপুর। নদী-বাংলার আকাশে বাতাদে যে একাকীত্ব আছে বিষাদের মধ্যে তার রূপ দহজ ভাবে প্রকাশিত। ভাটিয়ালীতে সেই করুণতা ও বিষাদ आफ्रय क्रान लाज करत्रहा। देमनियन कीवरनव देख्हा, अजिक्रि, প্রোষিতভত্কার আত্বাণী, নাগীদেতের অলম্বারের মধ্যে সৌন্দর্যবোধের পরিত্প্তি, শতাক্ষত্তের থবর প্রভৃতি ভাটিয়ালীর আবুতিমূলক স্থরের মধ্যে অত্প্ত আকাজ্ঞার রূপে প্রকাশিত। এই গানগুলোই কথনো কথনো সারি গানে ব্যবহার হয়, তথন প্রয়োজন অফুদারে তাতে ছন্দ ও গতি যোগ হয়ে যায়। তাতে এনে যুক্ত হয় চিৎকার ও তালের বিচিত্র ঠোকাঠুকি। পানসী অথবা লম্বাধরণের নৌকো চলেছে একের সঙ্গে অপরে পালা দিয়ে, অভাবত নদী-মাতৃক বাংলায় এ গানের উপাদান স্থালাদা। ভাটিয়ালীতে থেমন বিঘাদের করুণতা, এ গানের রদ তেমনি "উল্লাস"। ছটো একই ভৌগোলিক পরিবেশের স্থরেশচক্র চক্রবর্তী বলেন, সারিও বাইরের গান, ভাটিয়ালীর প্রভাবে প্রভাবিত মাঝির গান। স্বরের রূপ প্রায় একই, কিন্তু তবু চুইএ কী করে পার্থকা সম্ভব হলো ?-এমন ব্যাপার ঘটেছে পরিবেশের তফাতের জ্ঞতেই। সারি গান বছজনের দশ্দিলিত কণ্ঠ সংগীত এবং কাজের সঙ্গে যুক্ত বলেই এতে ক্রুত গতির চাল। সারিগান action এর মধ্যে গেয়—সকলে একসঙ্গে, তালে তাল চালিয়ে, দলের দেরা মাঝির সঙ্গে গাওয়া গান! এদিক থেকে কতকটা আবৃত্তিমূলক। হুরেশবাবু একটু এগিয়ে গিয়ে বলেছেন, "হন্দকে রক্ষা করবার জন্মে ছড়ার মতন কি যেন আর্ত্তি করা হচেচ। এই ছর্জীই বোধ হয় সারি বা তার অফুরূপ গানের প্রাথমিক ভিত্তি।" বোধ হয়

আবৃত্তির রুণটিকেই ইনি ছড়া বলেছেন, কিন্তু ছড়া শ্বতম্ব বস্তু। 'সারি' সম্বন্ধে তথ্য বিশ্লেষণ করে যে কয়েকটি মূল স্ত্রে ডঃ আগুতোষ ভট্টাচার্য "বাংলার লোকসংগীত" গ্রন্থের শ্বরলিপির ভূমিকায় দিয়েছেন তাকে সংক্ষেপে দেওয়া

- (১) সারি নৌকা চালনার গান বা এক ধরণের কর্মসংগীত,
- (২) এ গানের প্রকৃতি "যৌথ"
- (७) পूरवत्कत माति गान वाहेर्ड्य मन्त्र मन्त्रिक -- अल्लोनठात अभवान गुरू,
- (৪) যশোরের সারি গানের ভাষা সমৃদ্ধ, সাধারণ বিজয়া উপলক্ষে এই নৌসংগীতের প্রচলন,
- ***(৫) সারি গানে yelling বা চিৎকার এবং শরীর ক্রিয়ার যৌপ প্রযুক্তি—এই ছুটো বিশেষ
 শক্ষণ,—অস্তাস্ত কর্মসংগীতের এসব যৌথ প্রক্রিয়া নেই.

ছন্দের দিক থেকে যদিও ড: ভট্টাচার্য শুধু জৈমাজিক ছন্দের ব্যবহারের কথা বলছেন, কিছ সারি গানে দ্রুত চতুর্যাজিক বৈঠাঠোকা (কার্কাধরণের)ছন্দের বহু গান শোনা যায়। ঢাকার ছাদপেটার গানও এই ধরণের কতকটা hybrid ধরণের বৌধ গান—অর্লালতার অপবাদ যুক্ত।

গাড়িয়ালের প্রভাবে কণ্ঠেরও রূপান্তর হয়। উচু নীচু পথ দিয়ে চলেছে গরুর গাড়ি। গাড়ি চালকের হুরে ঝাঁকুনি ও আছড়ে পড়বার ছেদ আদছে। কিন্তু চালক সাবধানে হুরকে বিচ্ছিন্ন হতে দেয় না। একটু ছন্দের ঝাঁকুনি হুষ্টি করে গলাটাকে একটু ভেঙে দেয়। যেন ভেঙে দেওয়ার মধ্যে একটা আবেগ প্রকাশিত হয়। উত্তর বন্ধের, বিশেষ করে কুচবিহার এলাকার, ভাওয়াইয়া গানে হুরের গতিভঙ্গের এননি একটা প্রকরণ দেখা যায়। অবশ্রু ক্রত ছন্দ রক্ষার জন্মে ব্যঞ্জনবর্গকে ভেঙে হুরে ছারভক্তির মতো করে ছন্দে একটা "হ" প্রয়োগ উত্তর ও পূর্ব বন্ধে সমান ভাবে প্রচলিত। এ সব হুলে প্রাণ শব্দটা "প্রাহান" হয়ে যেতে পারে। মনে হয় ভাওয়াইয়া গানের রূপের ছারাই এটাকে বেশ বিশ্লেষণ করা যায়। হুরেশচক্র চক্রবর্তী ভাওয়াইয়া গানকেও ভাটিয়ালী শ্রেণীর "বাহিরের" গানের শ্রেণীভৃক্ত একই-রূপ মনে করেন। ভাটিয়ালীর বিরহী নদী নিঃসঙ্গ মাঠে ও প্রান্তরে প্রসারিত। এ সম্বন্ধে ভাজতোষ ভট্টাচার্যের ব্যাখ্যার মূল কথা (বাংলার লোকসংগীত):

- (১) ভাওরাইয়া উত্তর বঙ্গের আঞ্চলিক ভাবদীতি বা প্রেমমূলক গান। ভাষার সঙ্গে এগানের সম্পর্কও অচ্ছেন্ত,
- (২) নায়ক হৈষাল মৃথি চরাবার উপলক্ষে বিদেশ্যাত্রী, কাজেই এ গান বিচ্ছেদের করণতার রূপ লাভ করেছে,

- (৩) বেহেতু ধ্বাসু ছাড়া বাংলায় গীত নাই'—এ গানে কৃষ্ণ থাক কি না থাক, সে ভাষ প্রকাশের গান তো নয়ই, আবার এ গানে মালিক্সও নেই।
- (৩) দোভারার সক্ষেই এ গানের সম্পর্ক—'দোভারার নোক করিছে বাড়ি ছাড়াই'। এ গানের প্রকৃতি সক্ষকে চিন্তরঞ্জন বেব বাংলার 'গরীগীতি-সংগ্রহে একটি মত সমাবেশ করেছেন। বারা এ গান গার তাদের বলে "বাউদির"। "বাউড়া" বা বিবাগী কথা থেকেই "বাউদির" শক্ষের উৎপত্তি। 'গাড়োলি' 'মৈবাল' ও 'চটকা' ভাওরাইয়া গানের অন্তর্গত। কিন্তু, ভাওরাইয়া কোন সম্প্রদায়, শ্রেণী বা জাতিগত গান নর।

পল্লীসংগীতে নৃত্য

নৃত্যভিদ্ধি জীবনের মধ্যে বিশেষভাবে বিভৃত হয়নি বলে কোন কোন আহুষ্ঠানিক গীতি (ষথা গন্তীরা, গাজন) ইত্যাদি ছাড়া তেমন নৃত্য-লক্ষণ পরিক্ষুট নয়, যদিও বছ গানের মধ্যেই নৃত্য-ছন্দ প্রাধান্ত লাভ করেছে। পূর্ববেকর 'গাজির গীতে' দেখেছি গায়েন একটি 'গাজি' পুঁতে দিয়ে মাথায় কাপড় বেঁধে হাতে কমাল নিয়ে অনেকটাই নেচে নেচে ছন্দে ছন্দে গান করেন। কিন্তু ভিদ্বিট কথকতার মতো আর্ভিম্লক।

নৃত্যছন্দ ও নৃত্য সম্পর্কে বাউল গানের কথা বিশেষ উল্লেখযোগ্য। বাউলের মূল তত্ত্বের দক্ষে গান ও নৃত্যের নিগৃত্ সম্পর্ক। কিন্তু তবুও নৃত্যটি সাদা কথায় 'নৃত্য' নয় ওটা নৃত্যভঙ্গির রসবিকাশ বা তাত্ত্বিক বিকাশ। নাচের জন্মে 'বাউল'কে আসরে নিয়ে আসা যায় না, অথচ বাউল শুধু কানে শোনার জিনিস নয় দেখারও বটে। বাউল তত্ত্বের নিগৃত্ ইন্ধিত এবং সংগীতে তার প্রকাশ সম্বন্ধে স্থরেশচন্দ্র চক্রবর্তীর মত :

"এক কারণে বৈঠকী সংগীত হিসেবে এই (বিলাবল রাগের) গাস্কার্য বাউলে রক্ষিত হরনি—সেটি হচ্ছে বাউলের ছন্দোবাস্থল্য, তারও কারণ, বাউল গান গাইবার সময় নাচে। বলা বাস্থল;, এ পাগলের নাচ নর। সাধারণের দৃষ্টিতে অবাভাবিক জীবন যাপন করলেও বাউলের মধ্যে কঠোর শৃষ্থলা ও নিরমান্ত্রতিতা ররেছে—এ নৃত্য তাই বেপরোয়া মাতামাতি নয়, তাই বাউলের নাচে ছন্দের বৈচিত্র্য আছে, আর সঙ্গে সঙ্গে তালেরও বৈচিত্র্য—তাল কেরতা আছে। এক হিসেবে বাউল গান শুধু কানে শোনবার নর, চোথে দেখবারও বস্থা। বাউলের একতারা, নৃত্যের, ওলী, ভাবের উচ্ছ্বাস, সবই সামনে দেখে শুনে তবে বৃষতে হয়; এ সম্পর্কে নন্দলালের আঁকা বাউলের চিত্রটি মনে করা বেতে পারে। এখানে আব্যাব্যের সঙ্গে দৃশ্য সংগীতের প্রত্যক্ষ সংগীতের, সমুদ্বর ঘটেছে।"

ভঃ আন্ততোষ ভট্টাচার্য বাউল গান সম্বন্ধে অক্সান্ত লক্ষণ বর্ণনা করে এক্টি

মৃল্যবান তথ্যের নির্দেশ দিয়েছেন। সংগীত রূপে বাউলের স্থর বলে কোন বিশিষ্ট স্থর নেই। কারণ, সারা বাংলাদেশে বাউলের আখড়া ছড়ানো। সেজত্তে ভাটিয়ালীর প্রভাব, কীর্তনের প্রভাব ও নানান আঞ্চলিক স্থরের প্রভাব নানা ভাবেই পাওয়া যায়। ফিকির-চাঁদি ভলির যেমন একটা পরিচয় পাওয়া যায় আবার বহু স্থরের (রাগের) স্বতন্ত্র ছায়াও বাউল গানে মিলে। নরিসংহদীতে (ঢাকায়) কীর্তনাক্ষের বৈঠকী বদা-গান বাউলদের মৃথে শুনেছি। ওদের হাতের যন্ত্র সারিক্ষা। শতএব, বাউলে নৃত্যের প্রয়োগ—বিশেষ ভিন্নিই প্রকাশ।

নত্যের ছন্দে গানের রেওয়াজ থাকা বাংলা পল্লীতে বিশেষ স্বাভাবিকও নয়, যদিও বাংলা দেশের আন্দেপাশেই প্রচুর উপজাতীয় নৃত্যগীত ছড়ানো। উত্তরবকে বিশেষ করে মালদহের গম্ভীরা এবং বীরভূমের গাজন নৃত্যভিকি সম্বলিত গান। নীলের গান বর্তমানে অপ্রচলিত। এসকল নৃত্যমূলক গান ঢাক বা ঢোলের সঙ্গে গাওয়া হতো বলে স্বরের একটা কাঠামো ছাড়া আর বিশেষ কিছু এতে ছিল না। ঢাকা অঞ্চলে চৈত্র সংক্রাম্ভিতে "বেদেনীর গান" প্রচলিত ছিল, গানের কথা—"ওগো রদের বাইদানী"। মাথায় সাপের ঝাঁপি নিয়ে বেদে ও বেদেনী সেজে মধারাত্তিতে ঢোলক বাজিয়ে দলগুলো নাচগান করে বেড়াত। সঙ্গে থাকতো হরগোরী অথবা কালীকাচ্। ঢাকের সঙ্গে বুঙাই চালু ছিল। এই ও শিলচর অঞ্চলে প্রচলিত "বৌ-নাচ"কে উপলক্ষ করে একটি বিশেষ লোক-পরিচিত গান আজও চালু আছে —"চাঁদবদনী ধনী নাচত রক্ষে।" নতুন বৌ খণ্ডর বাড়ি এসে অত্যন্ত লক্ষাশীলা ও সাবধানী পদক্ষেপে নৃত্য করে দেখার গানের সঙ্গে। অসমীয়া ভাষায় পলীগীভির বিশেষ নত্য-অমুষঙ্গ "বিহু"—কতকটা শৃকার ভাবভোতক। ঢোল বাছের নানা ভলি এ নুত্যের বিশেষ একটি আকর্ষণীয় লক্ষণ। উড়িয়ার পল্লীতে যদিও প্রচুর উপজাতীয় নৃত্য-গীত পাওয়া যায়, ওড়িয়া পলীর প্রচলিত নৃত্য সম্বলিত গানগুলো এইরপ:--ঘোড়া-নাচ-গীত, কেল-কেলানী-গীত, দাও নাচ, পটুয়া নাচ এবং পাইক নাচ। এদব গানগুলোর মাধ্যমই নৃত্য। বাংলার (कान चक्राल नुजारक माधाम करत शारनत रुष्ठि विरमश दश्नि। वतः अकक् গানের রীতি সংগীতাংশকেই কতকটা এগিয়ে দিয়েছে। গানের মধ্যে থেমটা, আড়-ধেমটা প্রভৃতি ভালগুলো নৃত্য থেকে এসেছে। কিন্তু উল্লাসের চেম্বে ব্যথার অভিব্যক্তি, তাছাড়া রাজনৈতিক ও সামাজিক হুর্দৈব, পারিবারিক

ষ্ব্যবস্থা ও বৌ-ননদ-শাশুড়ী সমস্তা লোকগীতিকে নানা ব্যক্তিগত হৃংধের ভাবে প্রভাবিত করেছে।

এর একটি কারণ এই যে বাংলার পল্লীগীতি বড় বেশী গৃহাভিম্থী, দাম্পত্যক্ষীবন ও নর-নারীর সম্পর্ক বৈচিজ্যের কাছে এসে গেছে। এজত্যে হরগৌরীও
ক্ষামাদের কাছের মামুষ হয়েছে। রবীক্রনাথের ভাষায়, "হিমালয় ক্ষামাদের
পানা পুকুরের ঘাটের সম্মুখে প্রতিষ্ঠিত হইয়াছে এবং শিথররাজি ক্ষামাদের
ক্ষামবাগানের মাথা ছাড়াইয়া উঠিতে পারে নাই।" ক্ষ্যাদিকে রাধাঞ্চফ্-সম্বলিত
গানের সম্বন্ধে রবীক্রনাথের উক্তি, "রুক্ষরাধার বিরহ-মিলন সমন্ত বিশ্ববাদীর
বিরহ-মিলনের ক্ষাদর্শ, ইহার মধ্যে ভারতবর্ষীয় ব্রাহ্মণ সমাজ বা মহুসংহিতা
নাই; ইহার ক্ষাগাগোড়া রাধালি কাণ্ড।" গানের এই প্রকৃতির জন্মেই একক
কণ্ঠের গান বিশেষভাবে রূপ লাভ করেছে। এজন্যে বাংলার পল্লীসংগীতে
পৌক্রেরও ক্ষভাব।

কোন কোন ক্ষেত্রে যৌথগান অথবা বুলগান বা সমবেত কণ্ঠের গানও দরকার হয়েছিল। অধিকাংশ ক্ষেত্রেই দোহারের প্রয়োগ ধর্মীয় অথবা আহুষ্ঠানিক গানগুলোতেই করা হত। বিশেষ করে স্বতঃক্ত পল্লীগীতিতে বিবাহের গানই সমবেত কঠে গীত হত। বিবাহের গান স্ত্রী-সমাজের বিপুল ভাণ্ডার। এ গানগুলো বিভিন্ন অঞ্চল বিভিন্ন প্রকার। স্বামুষ্ঠানিক বিবাহের বাইরে, লৌকিক আচার থেকেও স্বাতন্ত্র্য রেখে হিন্দু, মুসলমান এবং আদিবাসী 🗣 উপজাতিরা এ গান দংরক্ষণ করে এদেছে। "বাংলার লোকদংগীত" গ্রন্থটির একটি খণ্ডে অনেকগুলে। গানের সমাবেশ করা হয়েছে। আজকের পায়কদের জানা দরকার যে কতকগুলো গান নারীসমাজের জীবনাচরণের গান, পুরুষদের ষারা গাওয়া নিষিদ্ধ ছিল। এ গানগুলোই গোষ্ঠীবদ্ধ ভাবে গাওয়া হত। এরপ গানের অধিকারী যারা, তাঁরাই (অর্থাৎ স্ত্রী-সমাজ) এর চর্চা করতেন। শাজকাল, আত্মপ্রতিষ্ঠার জন্তে অথবা সিনেমার জন্তে কোন কোন শিল্পীকে এ ধরণের গান নির্বিচারে ব্যবহার করতে দেখা যায়। এঁরা পল্লীগীতি শোনাতে ৰাস্তবৰূপের বিভ্রম ঘটান। কথা হতে পারে, সংগীত হিসেবে স্ত্রী-পুরুষ ভেদাভেদ করা উচিত নয়। কিছু গানের বাস্তব রূপটি সমগ্রভাবে চিস্তার বিষয়। কিছু কিছু বিবাহের গান সম্বন্ধ নিশ্চয়ই একথা খাটে। এধরণের কিছু কিছু গান স্ক্রবাশবাণীর লঘুসংগীত বিভাগে প্রচারিত হয়। একটি বিবাহের গ্রের প্রধোজনায় সার্থক রূপ দিয়েছেন স্থরেশচন্দ্র চক্রবর্তী, গানটি—"জলে ঢেউ

দিওনা।" এ গানটির প্রযোজনায় প্রমাণিত হয়েছে যে এই ধরণের গানের ভাব সমগ্ররূপে ফোটানো যায় এবং পরিবেশটিও উপযুক্ত প্রযোজনায় চমৎকার ফুটিরে তোলা বায়, আদত পল্লীগীতি থেকে কোন রূপেই বিচ্যুত হয় না! গানে শাহনাই যন্ত্রটির চমকপ্রদ ব্যবহার করে তিনি দেখিয়ে দিয়েছেন যে সংগীত সংযোগিতায় যন্ত্র অবাস্তর বা অস্বাভাবিক নয়।

যন্ত্ৰসংগীত

আজকাল যন্ত্রসংগীতের সহযোগিতার ক্ষেত্রে স্থর-সহযোগী হিসেবে বাংলীদেশে ব্যবহৃত দোভারার স্থানটি অতুলনীয়। পূর্বক্ষের আর একটি চালু যন্ত্র 'সারিন্দা'। 'ছড়ি' ধারা সারেন্দীর মতো করে বাজাবার রীভিতে এ যন্ত্রটি চালু হয়, কিন্তু আঙুল চালনার পদ্ধতি বেহালার মতো। বেহালার অন্তর্যনতি হারিন্দা সোজাস্থজি দাঁড় করিছে বাংলানো হয়। বাঁশীর ব্যবহারটি শান্ত্রীয় হলেও, পল্লাসংগীতে, বিশেষ করে বাংলাদেশেও ছিল না। কারণ ত্রিপুরবাঁশী একজনে বাজায় অক্সনে গায়—এরূপ ভঙ্গিতে বাংলায় পল্লাগীতি চলে নি। বাঁশীর ব্যবহার উপজাভিদের মধ্যেই বিশেষভাবে দেখা যায়। বাংলার পশ্চিম এলাকায় সাঁওভাল, ভাল অথবা অক্যান্ত উপজাভিদের মাদল ও বাঁশীর ব্যবহার বাংলা গানকে প্রভাবিত করেছে। অক্সদিকে পূর্বপ্রান্ত থেকেও বাঁশের বাঁশীর বাজনার নানা রীতি সংগীতে সংমিশ্রিত হয়েছে।

পল্লীগীতির প্রথম ধাপেই তাল যন্ত্রের আবির্ভাব। তাল যন্ত্রই স্বাভাবিক সহকারী যন্ত্র। ঢাক, ঢোল এবং কাঁসরের ব্যবহার সর্বত্তা। থোলের ব্যবহার পরবর্তীকালীন। ঢোলকের ব্যবহার আনেকটা আধুনিক এবং সামাগ্রন্থই। বাউলে বাঁয়ার ব্যবহারের রীতিটি পুরোনো বলে মনে হয় না। থঞ্জনী, এফভানা সারাভারতের বিভিন্ন স্থলে নানাভাবেই ব্যবহৃত হয়। মন্দিরা ও করতাল ইত্যাদি যন্ত্রগুলোর ব্যবহার ধর্মীয় ও আছ্লষ্ঠানিক গানেই হতো। উড়িয়ার দাসকাঠিয়া গানে ত্থও ধাতব কাঠির ব্যবহারে ছন্দোবৈচিত্র্য স্পষ্টর বিশেষ ক্রতিত্ব দেখা যায়। উপজ্ঞাতি এলাকার নৃত্যুগীতির প্রধান অবলম্বন ঢাক, জ্ম্চাক এবং এধরণের বড়ো চর্মের আনদ্ধ যন্ত্র।

শ্রীচক্রবর্তী বলেছেন, আধুনিক যুগে বাংলা পল্লীসংগীতে বে সব বস্ত্র ব্যবহার করা হয়, এখানে তাদের উল্লেখ করছি —

- (১) ভারের বন্ত্র—একভারা, লোভারা, সংগ্রহ, গোপীষন্ত্র, সারিন্দা,
- (२) अभीत सञ्च-मृतनी, आ़फ्रांनी, छिन् वा वानी, निडा
- (৩) আনদ্ধ ষন্ত্র—ঢাক, ঢোল, কাড়া, ঢোলক, ধোল, মাদল, খঞ্জনী বা ধুঞ্জুরী, আনন্দলহরী বা ধমক।
- (৪) ঘন যন্ত্ৰ—বছ প্ৰকারের করতাল, খটতাল, মন্দিরা, কাঁদি, কাঁদর, ঘণ্টা।

এই সমস্ত প্রকার ষত্র ব্যবহারের মধ্যে স্বাভাবিক ও মৌলিক পল্লীগীতির ছন্দ-স্বাতন্ত্রাই তাকে বিশিষ্ট করে রাখে। এজন্তেই তালষদ্রের প্রাধান্ত সব দেশেই বিশেষ লক্ষণীয়। বাংলায় ভাটিয়ালী এ ক্ষেত্রে একটি চমকপ্রদ ব্যতিক্রম।

সবশেষে, যে সব গান অবলম্বন করে বাংলা পল্লীসংগীতের নানা প্রসংগ ও মতামত ব্যক্ত করা হল, দে সব গানের একটা তালিকা দেওয়া যেতে পারে। কিন্তু, এসব গানের রূপ অনেক স্থলেই পল্লীস্থরের প্রয়োজিত পরিবেষণ। বিভিন্ন পল্লীঅঞ্চলে যে গান শুনতে পাওয়া যায় সেই আকরিক বস্তুর পরিশীলিত রূপ অথবা তারই ভিল। এসব গানের বৈচিত্রা—বস্তুটি স্থলর করে সাজাবার ইচ্ছেতে অথবা অস্করণ করে রচনাতে নিহিত করাতে। এসব প্রচলিত গানই আংগিক আলোচনায় আবশ্রক। প্রয়োজনা ও রচনার সঙ্গে বারা সংশ্লিষ্ট তাঁদের ক্ষেক্টি নাম উল্লেখ করা যেতে পারে—অজয় ভট্টাচার্য, কানাইলাল, গিরিন চক্রবর্তী, জসীম্দিন, চিন্ত রায়, স্থরেন চক্রবর্তী, পরেশচন্দ্র দেব ইত্যাদি। কিছুসংখ্যক গান এখানে দেওয়া হল:

(क) >। আব্বাসউদ্দীন আহ্মেদ

ঘর বাড়ী ছাড়িলাম,
গুরুর পদে প্রেম ভক্তি,
কোকিলারে,
পরান আমার কাঁদে,
কিসের মোর বাঁধন,
হেইওরে হেঁইও,
কার জন্মে প্রাণ.

নাও ছাড়িয়া দে,
মনই যদি নিবি বন্ধু,
আমায় ভাসাইলি রে,
দেওয়ায় করছে মেঘ,
ভামের বাঁৰী বাজলো,
বৈঠা জোরে বাওরে বন্ধু,
ভোরা কে কে যাবি.

আরে ও ভাটিয়াল
ও মন গুরু ভজ্বের
দিন দিন ফুরাইল,
ঐ বে ভরা নদীর বাঁকে
আজি নদীত না বাইও
না জানিয়া পিরীভের
ময়রপ্থী নৌকা

ও মাঝিরে ঝড় তুফানে
জলের ঘাটে কদমতলায়
নাইয়র ছাড়িয়া দাও
শোন ললিতে ও বিশধে
ও স্থের ময়না রে
গাঙের কুলরে গেল

অনস্তবালা---

- একবার আসিয়া সোনার চাঁদ,

গেলে প্রভু আমারে ছাড়িয়া,

ওরে পাগল করিলরে

নিমাই দাঁড়ারে

হরিনামের ধ্বনি

দাঁড়ারে দাঁড়ারে কালা

অমর পাল—রাই জাগো গো,

কমলা ঝরিয়া—গুন্ গুন্ গুন্,

কুম্ব গোস্বামী—ক্রম্ ঝুম কুরে,

পতিধন প্রাণ বাঁচেনা
বড় ছ:থে কাল কাটাইলাম
কামিনী কালনাগিনী
বশোদা মা
গৌর কেন আমার
ভাম পরশমণি
আমারে ছাড়িয়া গুরু
কুল মজালি
ময়নামতীর ময়না পাধি

কে যাওরে রঙ্গিলা নায়ের মাঝি, নির্মলেন্দু চৌধুরী—

নীলিমা বন্দ্যোপাধ্যায়---

নাইয়ারে স্বন্ধন, ও আমার দরদী ও নদীরে ও মোর ভিস্তারে, ভাব না জেনে ও কানাই পার করে দে ও বস হন্তীনী

চান্দ দেখাইয়া যাও

গিরিন চক্রবর্তী—
শামি বন্দী হইলাম
পূর্ণ দাস—
হই সতীনের ঝগড়া
কিনে রাধার মত
ভালো করে পড়গা,

কিশোর গঞ্জে মাসীর বাড়ি

সংসারে সেজে সং বল দেখি ভাই মেনকা মাথায় দোলা শচীন দেববর্মণ---

বাঁশী দাও মোর হাতেতে নিশিতে যাইও ফুল বনে

রঙ্গিলা রে

তুমি নি আমার বন্ধ্ ওরে স্কলন নাইয়া তুই কি ভামের বাঁশীরে

শশাৰমোহন সিংছ---

ट्डांत श्रेशांट्ड मार्टि शहे, टेब्डाईमारम विष्टित जन,

গাড়ি ভাই গাড়িয়াল,

বাদাম উড়াইয়া দাও বউ চলেছে ধীরে ধীরে

হৃন্দর কন্সা

শাকাশবাণী লঘুসংগীতের অমুষ্ঠানে রম্যগীতিতে প্রচারিত বছ উল্লেখবোদ্ধ্য সংযোজনের কংছকটি নাম উল্লেখ করা গেল:

চক্ৰবৰ্তী ও সম্প্ৰদায়—

তোমরা দেখগো আসিয়া
চিড়া কুটি চিড়া কুটি
মনা ভাই আমার
লাল বৃন্দাবন লাল
গুলো বিদ্লা বাই

निर्मटलकु कोधुरी-

মূন্লমানে বলেগো আছা
কান্দিয়া আকুল হইলাম
পাগল মন তুই
কাঁক তালে তুনিয়া ঘোৱে

শশান্ধমোহন সিংহ—টাকার কথা স্বরেশ চক্রবর্তীর প্রযোজনা—জলে ঢেউ দিও না।

পল্লীগীতির আলোচনা উপলক্ষে উল্লিখিত গানগুলোর প্রতি লক্ষ্য রাখা হয়েছে। কিন্তু এ সব উদাহরণের বাইরেও বহু শিল্পীর গান আজকাল নানাভাবে প্রচারিত হচ্চে। কিছু কিছু গান নাগরিক গোষ্ঠীর সংযোজনায় পরিবেশিতও হচ্চে। পরিচিতি ও প্রচারের দিক থেকে "বেঙ্গল মিউজিক কলেজের" গবেষণা বিভাগ থেকে প্রচারিত, শ্রীননীগোণাল বন্দ্যোপাধ্যায় প্রকাশিত "বাংলার লোকসংগীত" একটি উল্লেখযোগ্য সংযোজন। এতে আচে প্রথম খণ্ডে শ্রীষ্থরেক্সচক্র চক্রবর্তীর ম্বরলিপি ও সংগ্রহ, চতুর্থ খণ্ডে গিরিন চক্রবর্তীর ম্বরলিপি, বাকি তিন খণ্ড স্থরেক্সবাব্র ম্বরলিপি কত। যে কোন কথাপ্রধান গবেষণা থেকে এই ধরণের কাজ সংগীতের রাজ্যে মৃত্যুম্ব মূল্যবান। কিন্তু, বৈচিত্যের দিকে লক্ষ্য রেখে নতুন পরিকল্পনা নিয়ে ম্বারো স্বসংগৃহীত সংযোজন করা দরকার।

পঞ্চম পরিচ্ছেদ প্রাচীন ধর্মীয়গীতি

মধ্যযুগের গান

যে গানের মূল গঠন ধর্মতত্ত্বের উপর নির্ভরশীল এবং বিশিষ্ট ধরণের ভাবাম-প্রেরণা থেকে যে গানের উৎপত্তি, সে গান সম্বন্ধেই এথানে আলোচনা করা হচ্ছে। মধ্যযুগে উত্তর ভারতময় নানান ধর্মীয় ভাবের প্লাবন এসেছিল। একটির পর একটি ধর্মীয়ভাবকে অবলম্বন কবে মধ্যযুগীয় মিষ্টিক বা মরমিয়া সাধুমন্তরা নানান গীত বচনা করে আত্মে।পলব্ধির কথা প্রচার করেছেন। উত্তর-ভারতময় ভজনাবলী স্টির মূল কারণই এইরূপ। মিষ্টিকদের মতবাদ ভজন, দোহাঁ প্রভৃতিতে রপলাভ করেছে এবং নানান স্থর ও ছন্দে প্রকাশিত হয়েছে। মধ্যযুগকে ভারতের পাঠান রাজত্বের শুরু থেকে অষ্টাদশ শতকের শেষ পর্যন্ত সময়কাল ধরে নিতে পারি। হিন্দুস্থানী সংগীতে এই সময়কালের মধ্যে যুগাস্ককারী পরিবর্তন ঘটে গেছে। বাংলাদেশে তথম কীর্তনের প্রশহের সৃষ্টি হয়েছে, উৎকলে এই সময়ে "ওডিশী, চম্পু", জগলাথদেবের উপাসনার "জনান এবং ছান্দ" প্রচলিত হয়েছে। অসমীয়া সংগীতে তথন "বরগীত" এবং "অধিয়ানাটের" চর্চা চলেছে। এই সময়কালের মধ্যেই বাউল সংগীতের উৎপত্তি ও বিবর্তন। বৈষ্ণব পদাবলীর সমসাম্য্রিক শাক্তপদাবলীর প্রচারের কথা স্বতন্ত্রভাবে উল্লেখ করা দরকার। এই সব ধর্মীর গীতির উৎপত্তির মূল যে কোন আবেদনই থাক না কেন: আজকাল এই সমস্ত গানের রূপ ও প্রকৃতি বদলে যাছে। অধিকাংশ স্থলেই বিভিন্ন সংগীত-শ্রেণীর অন্তর্ভুক্ত হয়েছে। এখন এসব গান নিচক প্রার্থনা বা ধর্মীয় আবেদনে গীত হওয়া ছাড়াও স্বতন্ত্রভাবে সংগীতরূপে গাওয়া হয়। ধর্মীয় আবেদনকে গৌণ না করেও যথন শিল্পের দৃষ্টিকোণ থেকে পানের বিচার হয় তথন স্বভাবতঃই মূল্যায়নের পদ্ধতি পরিবর্তিত হয়। সাধারণ সংগীত শ্রোতা ও গারক গানের গভীর তত্ত্বের দক্ষে ভাবের সমতা রক্ষায় প্রস্তুত থাকেন না। তাঁরা গানকে গানরপেই শোনেন। এথানে একটি বড় সমস্তার উদ্ভব ঘটে। "আঙ্গিক নষ্ট হল" মনে করে বাঁরা 'গেল' গেল' রব ৯করেন, তাঁদের মধ্যে এই ধর্মীয় তত্ত্ব ও সংগীতের সমতা রক্ষার প্রশ্নটাই বড় হয়ে

জাগে। সংগীত বিচারে ছয়েরই হয়ত প্রয়োজন। কিন্তু এখানে পারমার্থিক উপলব্ধি বা আত্মিক-প্রয়োজনেরও বেশি হয়ে গান বিশেষ শিল্পে পরিণত হয়: গানগুলো স্বতন্ত্ৰভাবে দংগীত হিদেবেই বিচাৰ্য হয়ে দাঁড়ায়। কীৰ্তন, বাউল ও রামপ্রদাদী হার ব্যবহার করে রবীক্রনাথ এপথ উন্মুক্ত করে দিয়েছেন। বিজেজনাল, অতুলপ্রসাদও নিজের মত করে ব্যবহার করে, এসব স্থরের প্রকাশ-ভিদিকে সংগীতের দিক থেকে চিন্তার পথ খুলে দিয়েছেন। অন্ততঃ আমাদের **আলোচনা প্রসঙ্গে এই লক্ষ্যকে প্রাধান্ত দিলেও আমরা ধর্মীয় প্রয়োজনটাকে** অবহেলা করব না। বরং একথা গোড়ায় বলে রাথা ভাল যে এসব শ্রেণীর গান শুধু প্রকাশের কায়দা এবং স্থরস্ঞ্জির অবলম্বনরপেই ধরা যায় না, কীর্তন-গায়ক भार्तिवार छेपनिक मध्यक ভाববার প্রয়োজন আছে। বলা বাছলা, আজকাল সংগীত-শিল্পীর গানে এই উদ্দেশ্যের দিকে দৃষ্টি রাখা সর্বদা সম্ভব হয় না। শিল্পীর লক্ষ্য স্থরবিক্তাদের উপরেই ক্রন্ত থাকে। আজকাল 'ভাঙা-কীর্তন' বলে বে বহু-সংখ্যক গানে কীর্তনের রূপ জনসাধারণের মধ্যে কাব্য-গীভির মারুষতে ছড়িয়েছে, সে গান সম্বন্ধে একথা খাটে। আলোচনা করে দেখেছি, প্রাচীন কীর্তনের যারা সমর্থক, এবং বর্তমান ভাঙা কীর্তনের ভঙ্গিকে যারা চপ কীর্তনেরই একটি পরিণত রূপ বলে মনে করেন, তারা পুরানো বিশেষজ্ঞ-কীর্তনীয়াদের ষেমন করে শ্রেষ্ঠ আসন দান করেন, তেমনি তাঁদের গানে সংগীতাংশ হুর্বল হলেও তার মধ্যে চিরায়ত সংগীতের বহু উপাদান খুঁজে পান। আদিকের দিকে এঁদের নজর বড তীক্ষ। আজকের কীর্তনের মধ্যে এঁরা প্রাচীন পালা-কীর্তনের সেই মহত্ব খুঁজে পান না। বরং রাগ-সংগীতের অনস্ত সন্তাবনার মতো কীর্তন গানের আঞ্চিকেও যে অনস্ত চিরায়ত সংগীত সম্ভব-বিশাস করেন। অন্তদিকে বর্তমানের ভজন সম্বন্ধেও এরপ উক্তি করা যায়। অর্থাৎ, বর্তমান কালের ভদ্ধনের গীতিভঙ্গির রূপান্তরও অত্যন্ত স্পষ্ট। প্রচলিত সংগীত-ধারায় ভজনের স্থরে বহুরকমের সংগীত সংযোজনার পরীক্ষা চলেছে। বিভিন্ন রাজ্যের গানের মধ্যে উডিফার প্রাচীন ওডিশী রাগসংগীতে-প্রভাবিত গান, এ গানকে কেউ কেউ রাগ সংগীতের পর্যায়ে স্থানও দেন। অসমীয়া ধর্মীয় গীতির জমিটা প্রায় পূর্বরূপেই বজায় আছে। স্থর অথবা গীতি-ভঙ্গির দিক থেকে বিশেষ বদলায় নি। এইসব ধর্মীয় গীতিকে এজন্তে প্রাচীন বা টাডিশনাল ধর্মীয় গান বলে উল্লেখ করা গেল।

কীৰ্তন

কীর্তনের দলে লোকগীতির গায়ন-পদ্ধতির সামঞ্জ আছে—এজস্তে কীর্তন লোকগীতি-শ্রেণীর সংগীত কিনা এসম্বন্ধে একটা মতভেদ আছে। অনেকে কীর্তনকে শান্তীয় সংগীতের মধ্যে স্থান দিতে চান। কিন্তু একশ্রেণীর সমালোচক কীর্তনকে লোকগীতি-শ্রেণীভূক্ত মনে করেন। প্রাক্তপক্ষে, কীর্তনে একটা চিরায়ত সংগীতের প্রভাবের প্রবল লক্ষণ বর্তমান, সে জন্মেই শ্রেণী-বিভাগের ব্যাপারে দোটানা ভাবনার প্রকাশ।

কীর্তন সংগীতের গোড়ায় ছিল পল্লী সংগীতের গায়ন-পদ্ধতি এবং পল্লী-সংগীতের অমুরপ স্বাভাবিক হানয়ের আবেদন ও আকৃতি। পরবর্তীকালে নানান আজিকের প্রয়োগ ও বিকাশ হয়, এবং অনেক পরিমাণেই রাগসংগীতের পদ্মা অবলম্বিত হয়। প্রাক্ত কীর্তনের ক্ষুরণের জন্মে মূল উদ্দেশ্য তথনো বদলায় নি বরং নানাভাবেই বিকশিত হয়েছে। হয়ত রাগ-সংগীতের প্রভাব গায়ন-পদ্ধতিকে পরিবর্তিত করে দিতে পেরেছে বিশেষ বিশেষ স্থানে, কিন্তু বাংলা-দেশের সর্বত্র প্রচারিত কীর্তনের মধ্যে কোথাও রাগসংগীত পরিপূর্ণরূপে বিকশিত নয়। বরং সংমিশ্রণের ফলে কীর্তন একটা নিজন্ম রীতি বেঁধে নিয়েছে. দে রীতিকে বে ভাবেই বর্ণনা করা হোক পদাবলী কীর্তন গান সহজ-ৰাধ্য শ্বতঃকুৰ্ত গান নয়। স্থবের দিকটা আলোচনা-সাপেক, কিন্তু কীর্তন নিয়ম-শৃঙ্খলার অধীনে বিকশিত, কোনো কোনো উপাদানের আন্ধিকে (যথা---খোল বাদন) এ-সদীত অতুলনীয় গঠন-সৌন্দর্য লক্ষ্য করা যায়। তা ছাড়া, বিষয়বন্তর জন্মেই হোক বা অত্য কারণেই হোক, কীর্তন ভনতে গিয়ে আমরা সংগীত শোনার কথাটাকে গুরুত্ব দিই না, যতটা ভাবি রাগান্তগা ভক্তির কথা। রাধারুফ লীলা অঙ্গের যে চৌযটি রসের বিশেষ বিশেষ রস-অভিব্যক্তির দিকেই মন যায়, ভগবদভক্তির ভাব সাধনা চিস্তাকে অধিকার করে। যদি কীর্তন গান ভক্তিধর্মের গভীরতাকে উপলব্ধি করিয়ে দিতে পারে তবেই সংগীত সার্থক।

শ্রীচৈতন্ত কীর্তনের প্রচলন করেন। চৈতন্তচরিতামৃতকার তাঁকে সংকীর্তন প্রবর্তক বলেছেন—"বহিরক দকে নাম সংকীর্তন। অন্তরক দনে রস আস্থাদন।" এই ত্বইটি ঐতিহাসিক রূপের বিকাশ লক্ষ্য করা ষেতে পারে বিভিন্নভাবে—"শিশ্রগণ বলে কেমন সংকীর্তন। আপনি শিধায় প্রভু শচীর ক্লমন।" নাম-মন্ত্রটি হাততালি দিয়ে শিধিয়ে শিশ্বগণসহ গান করেন। আকাশ বাতাস ধ্বনিত হয়। চৈতন্তদেব যে ভাবজগতে অবস্থান করতেন তার নিত্য

নৈমিত্তিক ভাব-প্রকাশরূপে কীর্তনই একমাত্র অবলম্বন হয়ে দাড়ায়। নগর-কীর্তনের যৌথগান প্রচারের মূলেও ছিলেন প্রীচৈতক্ত। কাজীর বিকলে নগরকীর্তনে অভিযানটি সংকীর্তনের আর একটি দিক উদ্বাটিত করে। পরবর্তী-কালে রায় রামানন্দের সঙ্গে চণ্ডীদাস, বিভাপতি এবং গীত-গোবিন্দের রসাম্বাদন করেন, শ্রীচৈতত্ত্বের দক্ষী শ্বরপদামোদর সংগীতের বহু প্রকাশকে ব্যক্ত করেন, রূপগোস্থামী সংস্কৃতে প্রীক্ষ-জীবনের নাটকীয় রূপবিক্যাস করে কীর্তনকে শ্বতন্ত্র রূপ দিতে সাহায্য করেন 🗸 এসম্বন্ধে শ্বরণীয় ঘটনা—পুরীতে কীর্তন-উৎসব। বিভিন্ন স্থান থেকে আমন্ত্রিত (বাংলা ও উড়িয়ার) সাতটি দলের প্রীতে আগমন এবং উৎদবে যোগদান। শ্রীচৈতক্সদেবের পর যোড়শ শতাব্দীতে কীর্তন পূর্ণরূপে বিকশিত হয়। আহুমানিক ১৫৮২ খু: ঠাকুর নরোত্তম দালের চেষ্টায় থেতুরিতে কীর্তনের উপলক্ষে একটি মহোৎসব হয়। এই মহোৎসবে কীর্তনকে বিশিষ্ট রপদান করা হয়। বছ রীতি সম্বন্ধে এথানেই পরীক্ষা নিরীক্ষা চলে এবং নির্দিষ্ট আন্ধিক অমুস্ত হয় :—(১) গৌরচান্দ্রকার প্রয়োগ, (২) মানল ও মুদক্ষের ব্যবহার, (৩) অনিবন্ধ গীতালাপের প্রয়োগ, (৪) লীলাকীর্তনের পদ্ধতি অবলম্বন, (৫) পালাগানের রস প্রকাশের সময় নির্ধারণ—ভাব অফুসারে শ্রীকৃষ্ণ-জীবনের লীলা অভিব্যক্তির সময় অবলম্বন, (৬) জটিল ভাবকে বুঝিয়ে দেবার জন্মে আখর (আঁখর) প্রয়োগ।

শ্রীচৈত গ্রহ শ্রীখোল চালু করেন। খোল এবং করতালের প্রয়োগের ফলে এই সংগীতে একটা বিশেষ পরিবেশ স্পৃষ্টি হয়। খোলবাদকের স্থান কীর্তন গানে বিশেষ উল্লেখযোগ্য এবং খোলের শিক্ষাও সহজ নয়। তালআলিকের ক্রমবিকাশ কীর্তনগানকে অফুশীলনের উচ্চ পর্যায়ে নিয়ে যায়।
খোল বাজনায় কীর্তন গানের আবাহনী হয়। এরপর ভতুচিত গৌরচন্দ্রিকা বা গৌরাল বর্ণনার মধ্য দিয়ে লীলা কীর্তন স্থক। কীর্তনীয়া বক্তব্য বিষয়কে হাজার পদাবলী থেকে বেছে নিয়ে গান করেন। গানের প্রথম পংক্তিতেই ভাব বিশ্লেষণের উদ্দেশ্রে যে ভাষারূপ সংযোজিত হয় তাকে আখার (আখার)
বলা হয়। আখরের মধ্য দিয়ে ভাবকে নানাভাবে বিশ্লেষণ করা হয়।
শ্র্যাথরের পদ্ধতিটিও বড় স্কলর। অশ্রুত রেশ ধীরে ধীরে শ্রুত হচ্ছে —পূর্বপাটে ঐ একটি রং—উবার চাউনিতে ঐ আর একটি জাগল তারই মাথায়—ঐ ঐ আর একটি তার ঠিক পাশে। তেটি থেকে হচ্চে বড়, স্ক্ল থেকে স্পষ্ট, অস্পৃষ্টতা থেকে আলো। তেইংরেজিতে যুক্তিবাদীরা বলবেন—অভিশয়েক্তি,

হাইপার্বোল! কিন্তু সভ্যি কি ভাই ? ভালো যে একবারও বেসেছে সে জানে যে প্রেমের উবেল মৃহুর্তে চিন্তাকাশে যথন রঙের আগুন লাগে তথন নগণ্যভমও হয় সে আলোর সরিক।" এখানে কীর্তন কাব্যিক হয়ে দাঁড়ায়। শিল্লের গভীরে কবির ভৃতীয় নয়ন প্রযুক্ত হয়। "কবির আছে তৃতীয় নয়ন, তৃতীয় শ্রুতি—ভিনি দেখতে পান ভনতে পান। অগম-এ দর্শনের, এ গহন-গানের রেশ ধরিয়ে দেন, দেখিয়ে দেন কোন্ দোলায় কী কাপন জাগা উচিত—আমাদের প্রাণের বাল্গলোকে করেন বিহাৎকটাক্ষ—অমনি ছায়াচেতনার দিগস্ত অবধি ফেটে পড়ে আলো—আবেগের আলো, আনন্দের আলো, ক্ষীকারের আলো—আর ঘুমস্ত মনের মাটিও জেগে ওঠে আশ্রুষ্ঠ ভূমিকজেং! আঁখরের সত্য কবি-কীর্তনী পারেন ভূমিকজ্পের স্পন্দন জাগাতে"। (সাঙ্গীতিকী)

আথরের মধ্যদিয়ে ভাবকে বিশ্লেষণ করে যথন কীর্ত্তনীয়া প্রকৃত স্থায়ীতে ফিরে আদেন তাকে বলা হয় "কাটান"। কাটানের ক্রতগতির সহজ ছলোবদ্ধ কথা বার বার ঘুরেফিরে যৌথ উদাত্ত কঠে গাওয়ার পর একটি কাটান পরিসমাপ্ত হয়। শ্রোতার মনেও ভাব-সদ্ধিক্ষণ আসে। এই সমস্তটা অংশে (আথর ও কাটান) খোল করতালের ছন্দ-সংযোজনা মৃক্তভাবে বিরামহীন চলতে থাকে এবং প্রতিটি বর্ণনাত্মক কথা, ভাষায় ও স্থরে নানানভাবে কাটানে এসে শেষ হয়। এখানকার বিশেষত্ব দোহারের ব্যবহার। দোহার মূল অংশটিকে বারবারই ঘুরে ফিরে গেয়ে সংগতি রক্ষা করে চলে। বিশেষ করে কাটানের সময়ে খোলে ধ্বনিত তালফেরতা এবং করতালের বাদন সহযোগিতায় দোহারের ভূমিকাই বিশেষ লক্ষ্য করা যায়।

কীর্তনে তালের ব্যবহার সংগীতের দিক থেকে এক বিশ্বয়কর বিকাশ। প্রায় শতাধিক ছল্দ বা ১০৮টি তাল গানের মধ্যে চালু আছে। কিছু কিছু তালের মাজা-ভাগ রাগসংগীতে পাঝোয়াজের তালের চেয়ে সম্পূর্ণ স্বতম্ব ও জটিল। বিচিত্র নামে তালগুলো চালু আছে, যথা—তেওট, দশকোশী, দাশপ্যারী, দোঠুকী, একতালী, লোফা, চঞ্পুট, আড়তাল, রূপক, তেওর', য়াপতাল, ঝান্টি, ধরাতাল, শশিশেধর, বীরবিক্রম, ইন্দ্রভাষ, বিষমপঞ্চম, গুল্লন, নেলন, মুর্টি, মদনদোলা, ছুটা, বশিড, অষ্টতাল প্রভৃতি। কিছু কিছু পাথোয়াজের তালের মৃক্ত ব্যবহারও লক্ষ্য করা যায়। অন্যান্ত তালের মুদ্র্যা বড় এবং মধ্যম দশকোশীর প্রয়োগ ধ্ব বেশি হয়ে থাকে। বড় দশকোশী ২৮ মাজাতে সমাপ্ত, আগাগোড়া ছই মাজার ভাগে সমাপ্তরালভাবে বিস্তৃত

এবং একটি দীর্ঘ পংক্তির মতো সম্পূর্ণ তালটি গড়িয়ে গড়িয়ে ঘূরে ফিরে আসে। তাল-ভাগটি বোলের দারা নিম্নলিখিত রূপে মাত্রায় মাত্রায় ভাগে ভাগে উচ্চারণ করে বোঝা যেতে পারে:—

১৭ ১৮ ১৯ ২০ ২১ ২২ ২৩ ২৪ ১৫ ২৬ ২৭ ২৮ ঝাতা তাতা ঝাকি গুরুগুরু ঝাকি তা তিন দ। তিন দা পিথি তাথি ০ ০ ০

মধ্যম দশকোশী ১৪ মাত্রায় সমাপ্ত। ছোট দশকোশী ৭ মাত্রা তাল, নিমলিথিতরপে উচ্চারিত হতে পারে—

। ঝাঝি নাকজিনি। ঝাঝি নাকজিনি। ঝা গুরুগুরু ঝাঝি নাক। থেটে থেটে যদিও পাথোয়াজের এবং তবলার বোলের সঙ্গে ঠেকাগুলোব কোথাও কোথাও সামঞ্চন্ত আছে, তবু মাত্রা-ভাগ, তাল-ভাগ এবং বিলম্বিত গতির প্রকরণ স্বতম্ব রকমের। তালের জটিলতার জন্মেই, স্বনেকের ধারণা, কীর্তন গান চিরায়ত সংগীতের পর্যায়ে স্থান লাভ করতে পারে। এ বিষয়ে শ্রীদিলীপকুমার রায়ের মতটি বেশ স্পষ্ট। (*কীর্তনের তাল বা ছন্দরস হিন্দুসানী তাল বা রদের ম্বজাতীয় নয়। এথানে ছোট চুটকি তালের কথা বলছি ন', যেমন জ্বপ, ধামানি, ছোট হুঠোকা প্রভৃতি তাল। বলছি ওর কল্লোলিত বিলম্বিত তাল-গুলির কথা। বলেছি, হিন্দুসানী সংগীত ও কীর্তনের তুলনা করা উচিত নয়। এরা হুই আলাদা ধর্মের ও স্বভাবের সংগীত।" স্বতএব, দিলীপবাবুর মতকে অফুদরণ করে বলা যায় যে ৩৫ শত মাত্রারও দীর্ঘ, স্থকঠিন ভালের প্রকৃতি বিশ্লেষণ করেই তুলনা চলে না। যুক্তিসংগত ভাবে বলতে গেলে, সম্পূর্ণ গড়নটাই অক্স রকমের এবং পরিবেষণের ভঙ্গি স্বতন্ত্র। শুধু তিন, চার, পাঁচের একক বা unit-এর ভাগ দিয়ে তালের বিচার চলে না, বিচার চলে তালবালে যে বোলের ধারা ছন্দ ধানিত হচে এবং ছন্দের চলনটা কিভাবে আছে—ভারই বিচারে। সবগুলো তালবাতের ভাহিনা ও বাঁয়ার সমন্বয়েই ছন্দের তারতম্য, শ্রবণ এই তারতমাকেই স্বীকার করে, লিখিত থিওরি স্বীকার করে না। কবিতার বা হ্বর করে একই চতুর্মাত্রিক ছন্দে যে তারতম্য হাষ্ট করা ষায়, বিভিন্ন তালবাত্যে বিভিন্ন রকমের টোকা, কানির বাজনা, বাঁয়া-চাগড় ও ঘষিত অলম্বারের ঘারা আরো বহু রকমের ছন্দের হাষ্ট হতে পারে। একই আড়বেমটা তাল তবলায়, খোলে, ঢোলকে এবং খমকে বাজিয়ে শোনালে প্রভ্যেকটির স্বাতন্ত্র্য উপলব্ধি হবে। এজন্তেই বলা হয়েছে পাখোয়াজ ও খোলের ছন্দের জাত এক নয়, ধর্মও আলাদা। খোলের চর্চায় বহুকাল ব্যয়িত হলেই বেশ ভাল বাজিয়ে তৈরি হতে পারে। শিক্ষার ব্যাপার কতকটা রাগসংগীতের তালবাভ্যম্ব শেখার সামিল। এই ছন্দের দোলা বাদককে ও শ্রোতাকে অভিভূত করে বলেই মণিপুর কীর্তনে 'পুংশ্চলম্' বলে কতক্ষীলো খোলবাভ্যের একটা সময়য়-নৃত্য-সংগীতের প্রচলন আছে। সে খোলবাভ্য ঘৌথ নৃত্যের সঙ্গের সংশ্লিষ্ট। খোলবাভ্যের আহ্বাজিক নৃত্যের উদ্ভব এর অন্তর্মিহিত দোলা থেকে। এই বিশ্লেষণ থেকে কতকটা প্রমাণিত হয় কীর্তনের একটি প্রধান সংগীত উপাদানের (ভালবাভ্য) মূলে দীর্ঘ অফুশীলনের প্রয়োজন ও বিষয়বন্ধতে রাগসংগীতের মতই জটিলতা আছে। তা সত্ত্বের, যন্ত্রের প্রকৃতি, ধ্বনি এবং বাদন-রীতির তারতম্যে এটা স্বতন্ত্র বিষয়।

লমুসংগীতের রূপটা কীর্তনের প্রতি ন্তবকে ন্তবকেই স্বাভাবিক ভাবে এসে পড়ে একটি বিশেষ কারণে। নিয়মিত দোহারের মুক্তকণ্ঠ সহযোগিতা এবং কাটানের হান্ধা, ক্রতগতি গানে করতালের সহযোগিতায় গ্রাম বাংলার প্রকৃতিতে নিয়মিত ফিরে আলা। বেন কীর্তনীয়া জটিল রাগসংগীতের মত একটা মহাকাশে পরিভ্রমণ করে গ্রামবাংলার পৃথিবীতেই ফিরে আসেন। রাগসংগীতের গতি গভীর থেকে গভীরে, ফিরে আলার প্রশ্ন সেখানে নেই। তুলনায় রাগসংগীতে তারানা অথবা ঠুমরীর লগ্ গী অংশ স্বন্তির নিংখাস মাত্র, এর চেয়ে বেশি কিছু নয়। রাগসংগীতের গানে এক ধরণের স্ক্রতা, শিল্পবোধ, নিয়মবোধ আগাগোড়া বন্ধায় রাখা সম্ভব, কিন্তু লীলা কীর্তনের বর্ণনাত্মক অংশ থেকে দোহারের সহযোগিতার শেষ ন্তর পর্যন্ত মেন সহজ্ব পন্থায় মনের অভাবনীয় মুক্তি। তালের গাঁথুনিটা সহজ্ব এবং মুক্ত। ছল্ফটা—একটা দোলা। রাগসংগীতে রাগ-বিন্তার এবং রাগ-সংরক্ষণেই বিশেষ নিয়ম। কিন্তু কীর্তনের বেলায় গ্রাম-রাগা জাতি-রাগা প্রভৃতি ব্যবহারের উল্লেখ থাকা সীত্তে গানের রাগরূপ সংরক্ষণ ও ভাবগভীরতা স্কৃত্বি কোন স্থনিধা থাকা সম্ভব নয়। কারণ, গঠনটাই সে রক্ষের নয়। কীর্তনে শ্রোতাও বনন দোহার,

বক্তা ও শ্রোতা এক সক্ষেই খংশ গ্রহণে উপস্থিত। রাগসংগীতের প্রথম সোপানেই খাত্মতার প্রতি লক্ষ্য) ঠুমরী গান রসিকের উপস্থিতি মেনে নের, কিন্তু গঠন প্রকৃতিতে একই রাগসংগীতের নির্ম-শৃন্ধলা—তা যতই লঘু হোক না কেন। রাগ গাইবার জল্পে যে ধরণের কণ্ঠ সাধনার রেয়াজ খাছে এবং 'কণ্ঠ বাদনের' জন্ম রাগসংগীত গায়কের যে দীর্ঘ প্রস্তুতির প্রয়োজন হয়, কীর্তনের প্রসক্ষে এরপ প্রস্তুতির প্রশ্নই খান্দে না। প্রত্তিক প্রস্তুতির প্রশ্নই আন্দ্র না। প্রত্তিক ক্রমাল, এটা শ্রেষ্ঠ পালাকীর্তন গায়কদের গান শুনেই বোঝা থেতে পারে। এজন্মে রাগিও প্রপদের রূপ কীর্তনকে যথেষ্ট পরিপৃষ্টি দান ক্রেছে, কীর্তন সেই রাগ-সংগীত প্রকৃতিকে স্থানজত ও স্বাঙ্গীন রূপে বজায় রাখতে পারে না। বজায় রাখা এর প্রকৃতি নয়। তবু কীর্তনীয়ার রাগ-সংগীতের খভিজ্ঞতা চমকপ্রদ্ধ রস স্বাষ্টি করতে পারে সন্দেহ নেই চ

আথর, কাটান, ছন্দের বৈচিত্র্য, কথকতার প্রয়োগ, লোক-সংগীতের কণ্ঠভঙ্গি প্রয়োগ এবং যৌথভাবে শ্রোতৃদ্ওলীর কাছে গাওয়ার জল্মে নাট-কায়দা ও নৃত্যছন্দ সহজেই এ গানকে লৌকিক রীতির কাছে ধরে রাথে, যেন একই গানে ধারাবাহিক ভাবে রাগ থেকে দেশী সংগীতের পরিবেশে নিয়মিত ৰাতায়াত।) আজকাল রাগদংগীত-শিল্পীকে কীর্তন গান করতে দেখা যাচ্ছে এবং রাগসংগীতের শিল্পরপদানের চেষ্টাও থুব নতুন নয়। কিছুকাল স্বাগেও ঢপকীর্তনের প্রচলন ছিল, দেখানে বিশেষ অভিজ্ঞ গায়িকার কর্তে রাগসংগীতের উপযুক্ত প্রচুর কারিগরিও শুনেছি। কীর্তনকে সংগীতের আসরে এনে উপস্থিত করতে হলে মূল পরিকল্পনায় রাগ-সংগীতের যে প্রয়োগ হয়েছিল তাকে ষ্থাষ্থ রূপদান করা দরকার। তথু তথ্যের দারা এ প্রমাণ করা যায় না) যদিও বর্তমানেই রাগদংগীত প্রয়োগের নানারণ চেষ্টা হচ্ছে বলে মনে করা যায়। পোষাকী গানে মৌলিক ভাব-ডন্ময়তা সৃষ্টি সম্ভব কিনা বলা চলে না। রেভিও ও গ্রামোফোন রেকর্ডে একাধিক সাধা গলায় কীর্তন গানের প্রচার দেখা যায়. এই প্রচারে কীর্তন সংগীতরূপে অনেকটা এগিয়ে আসে। এ বিষয়ে রুফচন্দ্র দে ও এখীরেক্রচন্দ্র মিত্রের কথা উল্লেখযোগ্য। কিন্তু একথা অনস্বীকার্য যে কীর্তনীয়ার স্থকণ্ঠের আধারটি প্রকাশক্ষম হলে এবং ভাব স্প্রের উপযোগী হলে শ্রোতার স্বার বিশেষ কোন দাবী থাকে না। রাগসংগীত এথানে যেন কতকটা বেশি বেশি। জনসাধারণের সঙ্গে কীর্তনের যে নাট্যস্থলভ যোগ থাকে, রাগ-সংগীতের প্রয়োগ সেধানে স্বভাবত তুর্বল হয়ে পড়ে। এ বিষয়ে থগেন্দ্রনাথ মিত্রের

একটি উক্তি শ্রীদিলীপকুমার রায় উদ্ধৃত করেছেন, "কীর্তনে স্থরের কাজ কেন हरद ना वरता राष्ट्रि कर्छ-माधनाय, खब-माधनाय मिक्कभी कीर्जन शाहरत, তা चात्र च चनक्र रहा डिर्रेटर निक्त हो। ... चामात श्रुव दृःथ हम्र देन द्य, स्टूद অসিদ্ধ লোক কীর্তনে স্থর সৃষ্টি করতে পাবে না বলে সেই অক্ষমতাকেই ধরা তম কীর্তনের স্বকীয় স্থর-বন্ধ্যাত্ত্বের চরম প্রমাণ।" রাগভিত্তিক কীর্তন অফুশীলন করা হলে এর ফল কিরুপ দাঁড়াবে বলা যায় না। পালাগানের বাইরে আজকাল ভাঙা-কীর্তনের যে প্রচলন হয়েছে তাতে অনেক স্থকণ্ঠে কীর্তন জনপ্রিয়তা লাভ করে, কিন্তু বিশেষজ্ঞদের মতে মূল-কীর্তনের রূপ তাতে মিলে না। তা সত্ত্বেও আমরা গ্রামোফোন রেকর্ডে বিধৃত ভাঙা কীর্তন গান এবং ব্রেডিওতে প্রচারিত নানা ধরণের কীর্তন অফুষ্ঠান জীবনধারার সঙ্গে কীর্তনকে যুক্ত রেথেছে বলে মনে করি। এ সব গান পোষাকী হলেও সংগীত-রসের দিকে সচেতনতা এখানে থাকা সম্ভব ও পালাকীর্তনের গায়ককেও আজকাল হার-সচেতনতা চঞ্চল করে। কীর্তনের উদ্দেশ্য অচঞ্চল ভাবতনায়তার স্ষ্টি, সেজন্তে ভঙ্গিটি অকুত্রিম হওয়া প্রয়োজন। কিন্তু এ উদেশ সিদ্ধ করতে হলে বর্তমানে শ্রোতার জন্মেই সংগীতাংশকে তুর্বল রাপা চলবে না। কার্ণ, বর্তমান শ্রোতা নাগবিক জীবনের দারা প্রভাবিত। মনোরঞ্জনের উদ্দেশ্রে বর্তমানে ত্র-একজন কীর্তনীয়া অধিকতর নাট্য-রস এবং হুর প্রযোজনায় আধুনিক ভাবধারার প্রয়োগের চেষ্টা করছেন (যথা, শ্রীরথীন ঘোষ)। কিন্তু তা সত্তেও প্রবীণতম জন-প্রচলিত প্রাচীন ধারার কীর্তনীয়াদের (ষথা, শ্রীহরিদাস কর, শ্রীনন্দকিশোর, শ্রীপঞ্চানন ভট্টাচার্য, শ্রীরত্বেশ্বর মুখোপাধ্যায়) অমুস্ত গীতরীতির মান সংরক্ষিতই আছে। এখানকার আলোচনা সংগীতের দৃষ্টিভবি থেকে করা হল। নবদীপের মৌলিক গীতরীতি অথবা ৰুন্দাবনের অপরিচিত ভক্ত কীর্তনীয়াদের মধ্যে, সাধারণের অজ্ঞাতে যে রত্ব-সম্ভার রয়েছে তা প্রচারের জন্ম প্রকৃত সংগীত অমুশীলনের প্রয়োজন।

কীর্তনের সংগীতরূপ প্রকাশের একটি বিশিষ্ট কায়দাকে রবীন্দ্রনাথ সহজ
যুক্তির পথে সামগ্রিকভাবে বিশ্লেষণ করেছেন। লোকগীভিতে কিংবা রাগসংগীতে এ দিকটি অন্তপস্থিত—এটা কীর্তন গানের "নাট্যশক্তি"। তিনি
বলেছেন, "ওর (কীর্তনের) মধ্যে ভাবপ্রকাশের যে নিবিড় ও গভীর নাট্যশক্তি
আছে দে আর কোন সংগীতে এমন সহজ্জাবে আছে বলে আমি জানিনে।
সাহিত্যের ভূমিতে ওর উৎপত্তি। তার মধ্যেই ওর শিক্ত। কিন্তু শাধান্ত্ব

ফলে ফুলে পল্লবে সংগীতের আকাশে স্বকীয় মহিমা অধিকার করেছে কীর্তন-সংগীতে। বাঙালীর এই অনগ্রতন্ত্রে আমি গৌরব অহভব করি। । নাট্যশক্তি কথাটি কীর্তনের বিশিষ্ট ভঙ্গিকে ব্যাখ্যা করে। এই নাট্যশক্তির জন্মেই কীর্তন রাগসংগীতের অন্তর্ভুক্ত হয় না। একই সংগীতের স্থরের ও ভাবপ্রকাশের ধারাবাহিকতায় বহু ঘটনামূলক ঘাতপ্রতিঘাতের সৃষ্টি, সবটাই সংগীতের অঙ্গ নয়। কিছুটা শ্ৰীক্লফ-জীবনকথা। এই নাটকীয়তায় গায়ক ও শ্ৰোতা (দৰ্শকও বটে) একাকার হয়ে যায়। / কীর্তন এবং বাউল ছুইই দেখবার বস্তু। কীর্তনীয়াকে দেখা এবং তার নাটকীয় ভাবপ্রকাশে বিশ্বাস করা, অন্ত দিকে বাউলের নৃত্যকে দেখা—হয়ের মধ্যে যেন এদিক থেকে একটি সামঞ্জন্ম আছে। এজন্তেই কীর্তনকে বল। হয়েছে "আলেখ্য শিল্প"। কীর্তন এজন্তে বিষয়বন্তর নির্দেশনা মেনে চলে, তাই কীর্তনের মূলে বাণী-সাধনার প্রাধায়। রবীন্দ্রনাথ বলেন, "কিন্তু একা বাণীর মধ্যে ত মামুষের প্রকাশের পূর্ণতা হয় না। এইজন্তে বাংলাদেশে সংগীতের স্বতন্ত্র পংক্তিনয়। বাণীর পাশেই তার আসন।" এ প্রসঙ্গে আরও একটি কথা উল্লেখযোগ্য-নাট্যশক্তির প্রকাশ হয় "ধারা-বাহিকতার" মধ্য দিয়ে। কীর্তনে কাহিনী-অংশ প্রধান বা বিষয়বস্ত প্রধান বলে "এই লীলারদের আশ্রয় একটি উপাখ্যানে। এই উপাখ্যানের ধারাটিকে নিয়ে কীর্তন গান হয়ে ওঠে পালাগান।" রবীক্রনাথ আরো বলেছেন, "কীর্তনে জীবনের রসলীলার সঙ্গে সংগীতের রসলীলা ঘনিষ্ঠভাবে সম্মিলিত।—কিন্ত, এই রসলীলা নদীর স্রোতের মতো নতুন নতুন বাঁকে বাঁকে বিচিত্র"। এই "বিচিত্র বাঁধাধরার পরিবর্তমান ক্রমিকভার" প্রকাশ হয় কথায় ও স্থারে মিলিত ভাবে। তব্ রবীক্সনাথের তাৎপর্য ব্যাখ্যা মূল্যবান। কীর্তনে উৎপত্তি "সাহিত্যের ভূমিতে", বিকাশ "নাট্যশক্তিতে" এবং প্রকাশ সম্মিলিত-কণ্ঠে। খুব সংক্ষেপে হলেও কয়েকটি লক্ষণ বর্ণনা দিগদর্শনের সহায়ক।

"নাট্যশক্তি" কথাটি তাৎপর্যমূলক ধরে নিম্নে দিলীপবাব্ একটু এগিয়ে গিয়ে ইয়োরোপীয় অপেরার সঙ্গে তৃলনা করেছিলেন, "অপেরা কোথায় পাবে আধ্যাত্মিকপ্রেমের এ অফুরস্ক ঐশর্য, সাস্তের সঙ্গে অনস্কর এ অপরূপ সায্ত্ম্য-রহস্ত্র, স্বাক্ষীন স্বার্থবিলোপে আত্মার পরমার্থলাভের এ অত্থ্য পিপাসা?—তবে এখানে একটা কথাভূললে অপেরার প্রতি অবিচার করাহবেষে, আধ্যাত্মিকতা অপেরার লক্ষ্যই নয়—বে মূলত ঐহিক, দৈবিক নয়। তাছাড়া একথাও মনে রাথতে হবে বে অপেরা হল ওদের দেশের সজ্যবাদী জীবনের অভিব্যক্তি—বার গোড়াকার

কথা হল বৃাহরচনা, দলগড়া—বছস্থরের, বছষদ্রের, বছকঠের: এক কথার—
অর্গ্যানিসেশনের। তাই অপেরা চেয়েছে—প্রাণশক্তির ঘাত প্রতিঘাতের কলোল, জনতার বছমর্মর, হৃদয়ের অজল্র রূপব্যক্ষনা—ধ্বনি-সমবায়, অপেরা চেয়েছে রকমঞ্চের দৃশু ও জনসভ্যের আবেদনের মধ্য দিয়ে জাগতিক, মানবিক হাজারো বিকদ্ধ গতির হ্রে-সামঞ্জন্ত । কিতিন চেয়েছে ঐকান্তিক ভাগবত প্রেম-প্রীতি, ষদিও একটিমাত্র পথে নয়—হৃদয়াবেগের নানাম্থী সংগীতে শাখায়িভ হয়ে, পল্লবিত হয়ে, পুশ্পিত হয়ে: অভিমানে, সখ্যে, লাল্ডে, পুজায়, বেদনায়, মৃত্রহাল্ডে, আনন্দে, বিরহে, মিলনে, অশ্রুতে—আধ্যাত্মিক নাট্যসংগীত হিসেবে তাই কীর্তনের দোসর নেই । এই তাৎপর্য ব্যাখ্যা একসঙ্গে ইস্থেটিক এবং মূল প্রস্তৃতি বিশ্লেষণ ।

কিন্তু একটি কথা এক্ষেত্রে বাস্তব-শভিজ্ঞতার দিকে থেকে উল্লেখ করা দরকার। কীর্তনকে শামরা ভারতের বিভিন্ন রাজ্যের ভাষাভাষীদের কাছে ভাল করে বোঝাতে পারি নি। এক হিদাবে কীর্তনের গোড়াপত্তন হয়েছিল প্রীতে, উড়িক্সায় এখনো ওডিশী-কীর্তন প্রচলিত আছে। কিন্তু বাংলার পালাকীর্তনের অংশ-বিশেষকে দিল্লী অথবা অক্সান্ত স্থলে সর্বজ্ঞন-সমক্ষে পরিবেষণ করে দেখা গেছে—সংগীত-ফুর্তির শভাবেই হোক অথবা ভাষাবোধের শভাবেই হোক, ভাল লীলা-কীর্তনও সংগীত হিসেবে বহুসময়ব্যাপী ধারাবাহিক ভাবে পরিবেশিত হতে পারে নি। নাগরিকভার দাবীকে মেনে নিয়ে তাই কোন কোন শিল্পী আজ কীর্তনের নাট্যশক্তিতে ও পরিকল্পনায় ব্যক্তিগত ভাবনা প্রয়োগ করে কতকটা শভাব মেটাতে চেষ্টা করছেন। কিন্তু মৌলিক উপাদানকে শবিক্বত রাথার প্রসক্ষও সে ক্ষেত্রে শনেকের মনে জাগে। মৌলিক লীলা-কীর্তনকে শবিক্বত রেখে তাতে স্থর প্রয়োগের চেষ্টাকে সমর্থন করি। কিন্তু খুলি মত স্বীয় আবিক্ষার বলে চালাম্না—ধিকৃত হতে বাধাু।

ঐতিহাসিক বিচারে থেতুরির মহোৎসবের পর নরোত্তমদাসের পরিচালিত গানের রীতিটি গরাণহাটি রীতি বলে পরিচিত হয়। অফুরূপ কতকগুলো আঞ্চলিক রীতির পরিচয়ও পাওয়া বায়—যথা, কান্দরা গ্রামের আউলিয়া মনোহর দাস-কত মনোহরশাহী-গরাণহাটির সংমিশ্রিত রীতি। সপ্তগ্রামের রাণীহাটি পরগণার বিপ্রদাস ঘোষের উদ্ভাবিত রেণেটী-রীতি, মন্দারণের কোন স্থান থেকে উদ্ভাবিত মন্দারিণী এবং সেরগড় নিবাসী গোকুলানন্দ উদ্ভাবিত ঝাড়থিও রীতি। এইসব রীতি সম্বন্ধে দাবীদার থাকা সত্তেও কোন বিশেষ

বিশেষ লক্ষণ তেমনভাবে আজও স্বীকৃত নয়। কৌলীনাের লক্ষণগুলাে কঠের অথবা সংগীত-অম্বীলনের ত্র্বলতার জয়েই হাক অথবা অশু কোন কারণেই হাক ধ্রে মৃছে একটি বিশেষ কীর্তন-জগতে বিলীন হয়েছে। একদিকে এটাও একটা আশার কথা ছিল যে স্বতন্ত্র রীতিগুলাে একটি সন্তার মধ্যে মিলিতভাবে স্বালীকৃত হয়েছে। এই ইতিহাস থেকে এও বাঝাে যাচ্ছে, লীলা-কীর্তনের মহত্ব ষতই ব্যাখ্যা করা যাক না কেন, কীর্তনীয়ার সংগীত-শক্তির ওপর নির্তরশীল না হলে প্রাচীন রূপকে টিকিয়ে রাখা অসম্ভব হয়ে দাঁড়াবে। মনন্তাত্বিক মাত্রেই বলবেন যে আজকের নাগরিকভাবাদী জীবন সংক্ষেপ ও স্থমিষ্টর্থকেই স্থান দেবে।

কীর্তনের স্থবের সঙ্গে বাঙালী-জীবনের নিগৃত সম্পর্ক আছে বলেই, বাঙালীর পক্ষে কীর্তনের রসাম্বাদনের জন্তে কোন প্রস্তুতির দরকার হয় না। এক কথায় কৃষ্ণকে ঘরের-মাম্বের মতো দেবতা হিসেবে প্রতিষ্ঠা করা সহজ, কিছ রাধাভাবে সমস্ত জীবজগৎকে রাগাম্থগা ভক্তির পথে অমুপ্রাণিতকরা সহজ নয়। বাঙালীর স্থকীয়তা এখানেই, ভাগবত-ধর্মের প্রবাহ তার মানস প্রস্তুতির পথ করে দিয়েছিল। কিছ এদিকটা বাদ দিলেও, ঝিঁঝেট-খাম্বাজ-লুম-বেহাগ প্রভৃতি রাগের অংশবিশেষের ওপর নির্ভর করে গানের আথর থেকে কাটান পর্যন্ত পৌছনোর পদ্ধতিটা বেন ভক্তিভাবের ধারাবাহিকতায় মনটাকে ধীরে ধীরে রূপান্তরিত করবার একটা সহজ কায়দা। স্থরের প্রকাশভিক ও দোলা লক্ষ্য করবার মত। পালাগানকে ভেঙে ভেঙে অসংখ্য স্থর বাংলা গানে ছড়িয়ে গেছে। স্কালবেলাকার প্রভাত ফেরির স্থরও অত্যন্ত পরিচিত—কীর্তন-প্রভাবিত।

কিন্ত অবাঙালীর ও বিদেশীর কাছে কীর্তনের তত্ত্বিশ্লেষণ স্কুডাবে না হলে শ্রোতার মনে objective ধরণের ভাবনাটি কথনোই জাগতে পারবে না। কীর্তনের মধ্যে আত্মবিলোপ করে ক্লফকে নানাভাবে দীর্ঘ সময় ভরে হৃদর্য দিয়ে অক্লভব করবার চেষ্টা যেন একটি গতি বা process। সংগীতের সৌন্দর্য যদি এই গতিকে সঞ্জীব ও সতেজ করে তুলতে না পারে তবে কীর্তন ব্যর্থ হতে বাধ্য। সে ক্লেত্রে কীর্তনের থিওরি আলোচনাও বুধা।

শ্যামা-বিষয়ক গান

কীর্তনের দার। প্রভাবিত স্থার এক শ্রেণীর গানের জ্বল্যে সেকালে বাঙালীর কান সন্ধাগ ছিল। কারণ বোধহয় কীর্তনের জ্বল্যে ভক্তিধর্মের যে মানস-প্রস্তুতি দরকার, শ্রামা-বিষয়ক গানে সেরুপ প্রস্তুতির প্রয়োজন নেই। মাথের সঙ্গে ছেলের সম্পর্কের সহজ মানবিক আবেদনটার একটা গভীর আকর্ষণ বাংলার জনসমান্তকে এই বিশেষ স্বাধ্যাত্মিকভার দিকে টেনে এনেছিল। ভান্তিক ধর্ম চৈতক্সদেবের পূর্বেই প্রচারিত ছিল। চণ্ডীর গীত পূর্ব থেকেই গাওয়া হত— "মঞ্চলচণ্ডীর গীত করে জাগরণে।" "বিষহরির" গান, "মঞ্চলচণ্ডীর" গানে প্রামীণ স্বাসর ভরপুর থাকতো। এমন সময়ে প্রীচৈতক্ত নামসংকীর্তন এবং 'নগরকীর্তনের' বক্তা নিয়ে আদেন। পালাকীর্তন প্রচারিত হতে কিছুটা সময়ের দরকার হয়। চণ্ডীর গানের ধারাটি নিশ্চিক হয়ে যায় নি। কীর্তনের স্থ্যুধারা যেমন গ্রামে গ্রামে ছড়িয়ে পড়েছিল তেমনি কীর্তনও লোকসংগীতকে বিশেষভাবেই অবলম্বন করেছিল, একথা জানা আছে। চণ্ডীর গানের লোঁকিক ধারাট বাৎসল্য-র্সাপ্রিত উমা-সংগীত বা আগমনী গান এবং বিজয়ার গান। সংগীতের দিক থেকে এধারায় ডেমন পরিবর্তন আদে নি বরং লোক-সংগীতের রূপটি অক্ষম থেকে গেছে। রামপ্রদাদও ভাবদাধনার মধ্য দিয়ে মানবিক ভাবপুর্ণ যে অনবছ উমাসংগীত রচনা করেছেন তাতেও লোকগীতির জানাশোনা সহজ স্বর্থ ব্যবহৃত হয়েছে। "গিরি এবার আমার উমা এলে আর উমা পাঠাব না," গানটি বৈষ্ণব অথবা শাক্ত ভিখিরি কিংবা গ্রাম্য উদাদী গায়কের मूर्य नाना ভাবেই শোনা यात्र। किन्ह दिश्वद পদাবলী ও শাক্ত পদাবলীর সমসাম येकजा मश्रक्ष किছू আলোচনা প্রয়োজন।

৺ ডক্টর শশিভ্বণ দাশগুপ্ত বলেছেন, রামপ্রসাদ বছসংখ্যক সংগীত রচনা করে অষ্টাদশ শতকের মাঝামাঝি (বিভীয় দশকে—জন্ম) শাক্তধর্ম ও শাক্ত সাহিত্যের নতুন দিক খুলে দিয়েছেন। "তিনি একদিকে যেমন মায়ের মহিমা প্রকাশ করিলেন—জন্ম দিকে মায়ের জন্ম সন্তানের আতিকে এমন ভাষা ও স্থর দিলেন যাহা আমরা পূর্ববর্তী কোন সাহিত্যেই আর দেখি নাই।" এই আর্তি জ্ঞাদশ ও উনবিংশ শতকে বছ সংখ্যক শাক্তগীতিকারের মনের হয়ার খুলে দিলে। বৈষ্ণব ও শাক্ত পদাবলীর মধ্যে অত্যন্ত মৌলিক পার্থক্য সত্ত্বেও ত্মের মধ্যে প্রত্যক্ষ ও পরোক্ষ মিল আছে। রামপ্রসাদ শক্তি-সংগীতের প্রথম কবি। সংগীত রচনার স্বতঃ উৎসারণে বৈষ্ণব পদাবলীর কোন প্রত্যক্ষ প্রভাব নেই, কিন্তু সে ছিল প্রেরণার উৎস। বৈষ্ণব কবিতার প্রতিষ্ঠা মধুর রসে, প্রেমের মাধুর্যই সেথানে একমাত্র অবলয়ন—"বড় কথা লক্ষ্য করি এই শক্তি-সংগীতগুলির মধ্যে বধন দেখি যে শুধু বাহ্রের সেই সৌলর্য বর্ণনায় নয়,দেবীর মূল পরিকল্পনা-

दिन विश्वारिक व्यक्ति विश्वित इरेशाह्म । उसा मश्च पायता दिश्य भारे कि विश्वारिक प्रमुद्रतम् पार्ट्या । " अवक्षत्री एव क्रिम त्य कानी, ठांत भर्म अवस्त्रत्र मर्प्य प्रमुद्रत्र व्यक्ति । " अवक्षत्र क्ष्म तिमम त्य कानी, ठांत भर्म अवस्त्रत्र मर्प्य व्यक्ति । " प्रमाद कर्म वार्ट्या वार्ट्य वार्ट्या वार्ट्य वार्ट्य वार्ट्य वार्ट्य वार्ट्य वार्ट्य वार्ट्य वार्ट्य वार

"মুজিল মন-অমরা, কালীপদ-নীল কমলে।" শুধু নাই বৈশ্ব কবির রূপামুরাগ, কালীর রূপামুরাগের সাধনার রূপান্তরিত। কালী মৃতিকে নতুন দৃষ্টিতে গ্রহণ, কালী বালিকা, কিশোরী, কথনো নবীনা যুবতী হিসেবে মূলাধারে অধিন্তিত হয়ে, ক্রমধ্যস্থ আজ্ঞাচক্রে অবস্থিত শিবের সঙ্গে অভিসার করেন—কমলাকান্তের ভাবধারার এই ভাবেই রূপায়িত। বৈশ্ববদাবলী আর শাক্তপদাবলীর গভীর মিল—বাৎসল্য রুস বর্ণনায়।

থেন ব্যবধান মৃছে গেছে। বৃন্দাবন বাংলা দেশের মাঠে ঘাটে শ্রামল অঞ্চলে, আর বাঙালীর চিত্তপ্রক্রিয়ায় গিরিরাজ ও নন্দরাজ এবং গিরিরাণী ও নন্দরাণীর আপোদে ভাব বিনিময় করছে।

"ইহার মধ্যে দাঁড়াইয়া স্নেহের ছুলালী উমা। বাল্যলীলার বৈঞ্ব প্রকাশ গোঠলীলাতে। রামপ্রদাদের গিরিরাণী মেনকা হিমালয়কে ডেকে বলছেন

> গিরিবর, আমি স্বার পারিনে হে, প্রবোধ দিতে উমারে উমা কেঁদে করে সভিমান, নাহি করে স্বস্থাপান,

> > নাহি খায় ক্ষীর ননী সরে।"

পাশাপাশি কবিওয়ালার গান দিয়ে ৮ ভ: দাশগুপ্ত চমৎকার ব্ঝিয়েছেন ঐক্যস্ত্র কোথায়। কিন্তু বাৎসল্য রসের বৈষ্ণব কবিভায় মায়ের সন্তানের প্রতি
আর্কষণটাই বড়। শাক্ত-সাহিত্যে সন্তানের মায়ের প্রতি হাদি, অঞ্চ, কৌতুক,
অভিমানের উপলব্ধি। রামপ্রসাদে এই ধারার সর্বোচ্চ পরিণতি।

কিছ খ্যামাসংগীতে আর একটি প্রসঙ্গ খ্যাশান, মায়ের খ্যাশানেই বাস। "অফ্সজ্র মায়ের আগমন নাই। তথন চলিল একটু একটু করিয়া নিজের হৃদয়কে খ্যাশানে পরিণত কারয়া মায়ের লীলাক্ষ্যে রচন' করিবার সাধনা। কামনা-বাসনা খ্যাসক্তিকে নিংশেষে জালাইয়া পোড়াইয়া তাহাতে হৃদয়কে খ্যাশান করিছে হয়—"এর ওপরেই সর্বশান্তিদায়িনী মায়ের চরণের স্থিতি।

কিছ অন্ত প্রসংগে চণ্ডীপুজার যে বিরুদ্ধ ভাব প্রীচৈতন্তের বৈষ্ণব ভাব প্রচারের ফলে প্রদার লাভ করেছিল, তা সম্পূর্ণ উৎপাটিত না হয়ে লীলারসের মধ্যে সামঞ্জম্লক হয়ে দাঁড়িয়েছিল। কোথাও কালী রুফরপে অমুভূত, কোথাও রুফ কালী সেজেছেন। কবিওয়ালা ও যাত্রাকারদের জন্তে স্থরে ও সংগীতে এই সামঞ্জ্য আরোও বড় হয়ে পরিক্ট। গোড়ায় রামপ্রসাদের মনই এই সমস্বয়ের পথ তৈরী করেছিল—"মণোদা নাচত গো বলে নীলমণি। সে বেশ লুকালে কোথা করালবদনী।" পরবর্তী কালের রচয়িতাদের মধ্যে এই রূপ-সম্বয় আরো স্পষ্ট।

কিন্তু ৺ড: দাশগুপ্ত বলেছেন, প্রসঙ্গত শাক্ত পদাবলী মানে এগুলো পদাবলী নয়, সত্যিকার গান বা শাক্ত-সংগীত। "শাক্ত পদাবলীর এই গীতি-কংশতার দিক্ অতি অপ্রধান।"

ৰিভীয়ত, শাক্ত-সংগীতগুলি মূলত সাধন-সংগীত। "কিন্তু সব বৈষ্ণব-কবিতার প্রেরণাই মূলত একটা সাধন-প্রেরণা, এমন কথা বলিতে পারি না।" লীলাসংগীত তা নয়। বৈষ্ণব প্রার্থনার পদগুলো ছাড়া সাধনার দিক কোথাও প্রভাক্ষ নয়। তাছাড়া বৈষ্ণব সমাজের গানগুলো একটি গোটা চেতনার ক্ট্রিরণে বিকাশ লাভ করে, কিন্তু শাক্ত পদাবলীতে সাধনার দিক মুখ্য।

"লক্তি-গানগুলিকেও আবার ছুইভাবে ভাগ করা বাইতে পারে, লীলা-গীতি ও বিজন্ধ-নাধন গীতি। আগমনী বিজয়া-সংগীতগুলি মুখ্য ভাবে লীলাগীতি।" এগুলিতেও সাধনার দিক্ আছে।.....বাংলা ধর্ম-সংগীতের ক্ষেত্রে শাক্তপদাবলী প্রবর্তক রামপ্রসাদের একটি বৈশিষ্ট্য সহজেই আমাদের চোখে পড়ে।.....রামপ্রসাদের মাতৃ-বিখাস কোন গোচী-চেতনালন জিনিস নহে; রাঢ় বাত্তব জীবনের অগ্নিদাহে ইহার খাদ পোড়ান হইয়ছে। জীবন-জিজ্ঞাসা-জনিত ঘনীভূত সংশরের কষ্টি-পাথরে ইহার সারবতা বার বার পরীক্ষিত হইবার হুযোগ লাভ করিয়ছে। অষ্টাদশ শতকের বাঙালী নিয়মধ্যবিত্ত জীবনের সমগ্র জীবনবাগী বাঁচিবার সংগ্রামের সমস্ত আঘাতকে সহু করিয়া তবে রামপ্রসাদের এই মা নামে আটল থাকিতে হইয়ছে। রামপ্রসাদের একটি প্রসিদ্ধ গানে দেখিতে পাই, জীবনের ছঃখ লইয়া রামপ্রসাদ মাকে রীতিমত চ্যালেঞ্ক' দিতেছেন—

আমি কি ছুখেরে ডরাই
ছুখে জুখে জন্ম গেল
জার কত ছুখ দেও দেখি তাই।
আগে পাছে ছুখ চলে মা, যদি কোনখানেতে যাই।
তথন ছুখের বোঝা মাখার নিরে
ছুখ দিরে মা বাজার মিলাই।
প্রসাদ বলে ব্রহ্মমিরি, বোঝা নামাও ক্লেক জিরাই।
দেখ, সুখ পেরে লোক গর্ব করে
আমি করি ছুখের বড়াই।"

বর্তমানে এই পর্যস্তই তত্ত্ব বিশ্লেষণের প্রসন্ধ। ৮ ড: দাশগুর বলেছেন, "বিশ্বাদের ভিতর দিয়ে বান্তৰ-জীবন-জিজ্ঞাসা-জনিত সংশয় বার বার উকি ঝুঁকি মারিতেছে।" এই জীবন-জিজ্ঞাসার ভাষাও সাধারণ ব্যবহারিক ভাষা, বস্তও প্রত্যক্ষ—তালুক-জমিদারি, বিষয়-সম্পত্তি, মামলা-মোকদ্দমা, লেন-দেন, দলিল-দন্তাবেজ, ঋণ-বন্ধক, নায়েব-তশিলদার, ব্যাপারী-ব্যবসামী, কলু-কৃষক-কাহারই সংগীতের মধ্যে স্থান পেয়েছে।

 ভা: শশিভ্বণ দশিগুপ্তের আলোচনা থেকে একথাই বুঝতে পারা যায় বে সংগীত হিসেবে রচিত শাক্ত পদ সহজভাবেই জীবন অবলম্বন করে এযুগে গড়িয়ে এসেছে এবং কোথাও বাধা পায় নি। গানের বিষয়বস্তুতে বা শাছে তাতে ভক্ত সংসারত্যাগী নয়, সংসারের থ টিনাটির মধ্যে থেকেই মাত-উপলব্ধির স্থাবেগ প্রকাশ করছে। গানের মধ্যে ভোগের অশারতা প্রতিপন্ন করা হয়েছে, কিন্তু মায়ের দলে ছেলের সম্পর্ক-বৈচিত্তো বে চমকপ্রাদ রসিকভা ও সহজ কৌশল স্পষ্ট করে রামপ্রসাদ পথ বেঁধে দিয়েছেন, তাতে জীবন-নির্ভর কথা সহজে স্থরের মধ্যে গড়িয়ে এদে পড়েছে। কথাগুলো ততোধিক সহজ। শব্দগুলোকে যেন বাজিয়ে বাজিয়ে গাঁথা হয়েছে, কারণ বিষয়বস্তুকে চোধে দেধে প্রত্যক্ষ অন্তভবের রূপ দেওয়া হয়েছে। ছেলের ব্যক্তিগত ভাবজীবনের সঙ্গে নানান হিসেব-নিকেশের দৈনন্দিন সম্পর্কের কথা ক্ষণ-প্রেমের রোমান্টিক রূপকের চেয়েও সহজ মনে হয়। তা ছাড়া গান্টি একলার গান, দশের নয়—যৌথ নয়—বিধিবদ্ধ নয়। স্থামা-সংগীতে হুরের পথ কেউ कथाना वाज्य (मग्र नि । श्रीवारकाश्वर मिख वरनह्मन, श्रेमामी शास्त कि हो। বাউল ঢংএর পরিচয় আছে কিন্তু রাগসংগীতের প্রভাবও এখানে নেহাৎ কম নয়। রামপ্রসাদের গানে প্রধান স্থর ইচেচ বি বৈটি-লুম। এর ফলে ইচ্ছে করলে খাখাজী-রূপ বহু বিচিত্রভাবে রাগসংগীত-ধরণে খেলিয়ে গাওয়া যায়। বস্তুত এভাবেরই একটা চাল প্রচলিত আছে।

কীর্তনের সঙ্গে তুলনা করলে স্থরের মধ্যে ভাবের বাহিকা অংশটি বেশ বড়সড়, কাহিনীর বিস্তার না হলে কীর্তন কল্পনা করা যায় না—পথটাও বেঁধে দেওয়। পথটি বাঁধা বলেই আজও পালাকীর্তনের নতুন রচনা চলে কিনা বলা যায় না, অতীত রচনার দিকেই আমরা চেয়ে থাকি, কিছু আজও জামা-সংগীত মৃক্তভাবে রচিত হয় এবং তাতে রাগের রূপ ফুটিয়ে ভোলবারও একটা ঐতিহ্ন সহজভাবে গড়ে উঠেছে, যদিও স্থামা বিষয়ক লৌকিক গানও

চালু আছে। রামপ্রসাদী সংগীতের বিখ্যাত কাফি-সিন্ধতে গাওয়া 'এমন मिन कि द्वार जाता' व्यानाक धर्मा मान त्रार्थन, यमि धर्मात जान আজ আর তেমন ভাবে চলিত নেই। তিরিশ দশকের পূর্বে গাওয়া শ্রীদিলীপ-কুমার রাষের গাওয়া "মুঠো মুঠো রাঙা জবা কে দিল ভোর পায়" গানটি খার একটি উদাহরণ। আধুনিক যুগেও খনেকেই খ্রামা-সংগীত রচনায় হাত দিয়েছেন। এর মধ্যে গন্তীর ভাবছোতক সহজ মাতৃপ্রেমের উৎস নভকলের মুল্যবান রচনার যোগান দিয়েছিল একথা উল্লেখ করা হয়েছে। তাছাড়া উন্বিংশ শতকে মাতৃপ্রেমের সঙ্গে দেশাত্মপ্রেমের ঐক্যবোধের একটা রূপক শ্রামানংগীতের মাধ্যমে জীবনে এসেছিল ডাঃ শশিভ্ষণ দাশগুপ্ত সে বিষয়ের স্থানর ব্যাখ্যাও দিয়েছেন। প্রীক্ষান্তর চক্রবর্তী তাঁর গ্রন্থে আর্লোচনার দ্বারা প্রমাণিত করেছেন যে ভামাদংগীতের মৌলিক ধারাটি অনুসর্গ করে কবিওয়ালা, নাট্যকার, যাত্রাকার এবং উনবিংশ শতকের কবি ও গায়ক মাত্রই শ্রামানংগীত স্প্রতিত হাত দিয়েছিলেন। অষ্টাদশ শতকের শেষ ভাগে এবং উনবিংশ শতকের প্রথম ভাগে যথন বাংলা সংগীতের ক্ষেত্রে নানান কুত্রিমতা এনেছে, হাফ-আথড়াই ও থেউড়ে সংগীত জীবনের চটুন প্রকাশ চলেছে. এবং অন্তাদিকে সংস্কৃতিবান সমাজ ব্রহ্ম-সংগীত রচনায় মন দিয়েচেন, তথন কীর্তনের পরিবেশ পুরোনোকে আঁকড়ে ধরে রয়েছে গ্রামবাংলার অভ্যন্তরে, কিন্তু শ্রামা-সংগীতের লৌকিকরীতি এবং অপেক্ষাক্রত রাগসংগীত-নির্ভর রীতি হুয়েরই রচনা ও প্রচার চলেচে। শ্রীরামক্রফদেবের প্রভাব এই গল্ভীর পরিবেশকে সজীব করে রাখার একটি বিশেষ কারণ বলা যেতে পারে।

কিন্তু রাগসংগীতের প্রভাবের কথা আর একটু বিশ্লেষণ করা দরকার। রামপ্রসাদের গানের মধ্যে কভকগুলো রচনা গোড়া থেকেই কালেংড়া, ভৈরব, ভৈরবী প্রভৃতি স্থরে রচিত ছিল বলে মনে করা যায়। থাঘাজ-অবলম্বিভ স্থরের কথা পূর্বেই বলা হয়েছে। পরবর্তী কালের কমলাকাস্তের রচনায়ও রাগের রূপ কভকগুলো গানে বিশ্বত ছিল। এবং মৌলিক রাগ প্রয়োগ এর বৈশিষ্ট্য না থাকলে আজ পর্যন্ত কয়েকটি গানও সেই স্থরেই ধরা পড়ত না, পরবর্তী প্রয়োগের ব্যাপারে বিশ্বাস করা যায় কি না সে সম্বন্ধে আমাদের মাথাব্যথা নেই। গানে রাগ পরিকল্পনা ও তাকে বজ্ঞায় রাথার একটা আইডিয়া নিতান্থ বান্তব ঘটনা। কিন্তু, এ ক্যেকটি রাগ কি ভাবে গানের মধ্যে রপলাভ করতো? প্রপদীআনা তাল ও গান্তীর-ভাবভোতক রাগের

নকে মাতৃভাবের একটা নিগৃঢ় সম্পর্ক আছে। এদিকটাতে অন্ধকার উদ্বাটিত করতে চেষ্টা না করে অক্স একটি প্রধান লক্ষণের কথা বলছি। বাঙালীর কঠে সেকালে এক প্রকারের ধীরগতি তান স্বাভাবিক ভাবেই ক্ষুরিত হত একথা পূর্বেও উল্লেখ করা গেছে। একটু সীমিত পরিসরের মধ্যে সহজ্ঞাবে ভাল গিটকারিও ফিরত। শ্রামা-সংগীতে এই টপ্লাভলির গিটকারীর সহজ্ঞ প্রচলন হয়। প্রয়োগের কারণও ম্পন্ট। ভাবগন্তীর অথবা সহজ্ঞ গানেও কীর্তনের মত নাট্য-প্রবাহ নেই। সেজত্যে কিছু কিছু শ্রামাসংগীতের রূপ অনেকটা বৈঠকী গানের মত। তাতে ধাষারু, ভৈরবী, ও কাফিঠাটের রাগ প্রয়োগেরও স্থবিধে হয়। একাজ স্বক্ষ হয় নিধ্বাব্র কল্যাণে এবং কবিওয়ালাদের আসরে। নতুন নতুন ছন্দে নতুন নতুন রূপ ধরা পড়ল, হাদিকমলে যেন সত্যিই বড় ধুম লেগে গেল। একদিকে গিটকারীর প্রকাশ যেমন সহজ্ঞে টপ্পা ভিলকে শ্রামাসংগীতে টেনে এনেছে, তেমনি অক্সদিকে ভারি চন্দের গান এবং অস্ক্রপ রাগও অবলম্বন করা হয়েছে। ধারাটি আজও সমভাবে বয়ে এসেছে, বৈচিত্যের পথও থোঁজা হচ্ছে।

সবশেষে একটি কথা উল্লেখ করছি, প্রসাদী গানের অনাবিল ভাষরস গ্রামোফোন রেকর্ডে ভবানী দাসের কঠে বা রক্ষিত হয়েছে তাকে অনেকটাই অক্বত্রিম এবং স্থন্দর বলা চলে। এঘারা একথা বলছি না যে আমরাও revivalist হয়ে (প্রীনারায়ণ চৌধুরীর ভাষায়) ভবানী দাসের গানের রীতিতে ফিরে যাব। আমি নতুন প্রযোজনায় বিখালী। জনসাধারণের কাছে পান্নালাল ভট্টাচার্যের গান প্রিয় হয়েছিল। নতুন প্রযোজনায় হয়ত আরও স্থন্দর পরিকল্পনা হবে, বিখাল করি।

च्या

ভজন নামক কোন বিশেষ্ট গানের প্রচার বাংলায় ছিল না। ছিল বৈষ্ণব কবিতায়। অর্থাৎ পদাবলীতে কিছু কিছু ভজনের সামিল পদ আছে। এসব গান প্রার্থনামূলক কথনো কথনো ভজনরপে গাওয়া হয়। কিছু সমগ্র উত্তর ভারতময়—বিশেষ করে রাজস্থান ও মারাঠা রাজ্যের ভজন বেরপে গাওয়া হয় এবং ষেভাবে ভজনের প্রচলন হয়েছে, সংগীতের সেই রূপটি লক্ষ্য করেই একথা বলা বায়। বাংলায় এসব গান কীর্তনাল ছিল। এশতকের জিশ দশকের পূর্বেই ৺ক্ষিভিমোহন সেন মীরা, কবীর, দাছ সম্বন্ধে আলোচনা করেন।

পরে পরে কিছু কিছু গানের স্বরনিপি পত্ত পত্তিকায় প্রকাশ করেন (বিচিন্তার)।

শীদিলীপকুমার রায় স্মুখনাদ গান করেন। গ্রামান্টোন রেকর্ডে মীরার ভজনে
স্বর সংযোজনা করে ব্যাপকভাবে চালু করা হয়। পরবর্তীকালে এ গানের
প্রসার বাড়ে। স্বাজ্ঞকাল হিন্দী ভজনের স্বর নিয়ে বথেষ্ট পরীক্ষা-নিরীক্ষা
চলেছে—স্বরসংযোজনার ক্ষেত্রে স্ব্র্লান্ত গানের চেয়েও ভজন, বিশেষভাবে
সংগীতের স্বাদরে এদে পৌছে গেছে। তাছাড়া ভজন গানের ছন্দভলি
নানাভাবে বাংলার নতুন ধর্মীয় গান রচনা বা স্বরসংযোজনাকে প্রভাবিত
করেছে। সংগীত হিসেবে ব্রহ্মসংগীত সম্বন্ধে বত্ত্ব্র করে বলবার কিছু নেই।
এর স্বিক্রাংগীত থেকে বিশেষ স্বতন্ত্র নয়।

ষষ্ঠ-পরিচেছদ কণ্ঠ

কণ্ঠ সম্বন্ধে প্রচলিত ধারণা

বর্তমান লঘুসংগীতের জ্ঞে কণ্ঠের শ্রেণীবিভাগের দরকার। নানান প্রয়োগ-কৌশল ও গলা ব্যবহারের কাষদা সম্বন্ধে ওয়াকিবহাল না হলে বর্তমান সংগীতের গতিপ্রকৃতি সম্বন্ধে বিস্তৃত ভাবে কিছু বলা যায় না। রাগ-সংগীতে গলাসাধা ও **শভ্যাদের ধারা এচনিত শাছে—তাতে স্বরাভ্যাস, স্বরযোজনার চেষ্টা ইত্যাদি** লক্ষা করা যায়। কণ্ঠ-সাধনার অর্থ সারগম সম্বন্ধে অধিকার অর্জন। পরিচয় সংগীতের প্রথম সোপান। গলা তৈরি করবার বিশিষ্ট পদ্ধতি শিক্ষকদের আয়ত্ত করা কর্তব্য এবং শিক্ষার্থীদের মধ্যে যথায়থ প্রয়োগ দরকার। যথা---কোন কোন গলায় চূর্ণস্থরের প্রাচূর্য স্বাভাবিক ভাবেই থাকে, কোন কণ্ঠে তা মোটেও থাকে না. কোন কণ্ঠ সহজেই মোড় ফেরে, কোন কণ্ঠ অস্বাভাবিক ভারি ও গভীর শব্দ উৎপাদক, কোন কণ্ঠ অত্যন্ত হাল্বা ও মুহ, কোন কণ্ঠে ৰম্পানের স্বাভিশ্ব্য সহজভাবেই থাকে। এই কণ্ঠগুলোকে বুঝে নিয়ে সাধনের জন্ম উপযুক্ত পদা বাংলানোর উল্লেখ করা হচ্ছে, সকলের জন্মেই একটি মাজ সিধা রাস্তা নয়। অথচ প্রাথমিক অভ্যাসের পদ্বায় কোন শর্টকাট বা মেড ইজি নেই। রাগসংগীতের সাধন পদ্ধতির কায়দাগুলি এই সব রক্ষের গলাগুলোকে একপথেই পরিচালিত করে দেয়। কিন্তু স্পষ্টই দেখতে পাচ্ছি লঘুসংগীতে কঠকে বিভিন্ন গানের স্তরের জন্ম উপযুক্ত করা দরকার। গলার গুণ ও প্রকৃতি হিসেবে প্রয়োগবিধি স্বতন্ত্র।

সংগীতে জন্মগত-অধিকার বা 'প্রভিজির' জন্মও চোখে পড়ে। কিন্তু সব প্রতিজ্ঞিই শেষ পর্যস্ত বিশেষ অসিদ্ধ শিল্পীতে পরিণত হতে পারে না. এরপ ধারণা আমাদের অভিজ্ঞতা থেকে জন্মেছে। এর কারণ যে সব গুণ কঠের ভিত্তিভূমি তৈরি করে এবং পরে শিল্পীর মধ্যে চিম্তাশক্তি জাগিয়ে তোলে সেই সব বীজ প্রথম অবস্থায়ই 'প্রডিজির' কঠে উপ্ত হওয়া চাই। অর্থাৎ অভ্যাস এবং গোড়ার নিয়মিত শিক্ষা ছাড়া হঠাৎ একদিনে রাগ-সংগীত শিল্পী হওয়ার কোন পদ্মা স্বীকৃত নয়। পচা নন্দী নামে স্বামাদের ছেলেবেলাকার পূর্ববন্ধের

একটি গায়কের নাম জানা আছে। ইনি প্রথমে ছেলেবেলায় যাত্রা দলের গাইয়ে ছিলেন, পরে সেকালে জহরাবাই আগ্রাওয়ালীর রেকর্ডের গান এবং অন্তান্ত বন্ধ প্রচলিত গান ভনে ভনে তালের কঠিন লুকোচুরির কায়দা সায়ত্ত করে একধরণের স্বাসর মাতানো গান তাঁকে গাইতে শুনেছি। শিক্ষার বালাই हिन ना. कंश्रेरक को ननी त्थरनाग्नाएउत मर्का त्थनिया तमरुष्टि कररू পারতেন। বে ভাবে আমরা ধেয়াল-টগ্লা-ঠুমরী বুঝে নিই, দেভাবে এঁর গান গ্রহণ করা ষেত না। কিন্তু, আসর অধিকার করবার ক্ষমতায় তিনি বছকাল ষ্মবিষ্টিত ছিলেন। 'প্রডিজি' শেষ পর্যন্ত একটি বিশিষ্ট স্তরে পৌছাতে পারে. কিছ বিশেষ হতে পারে কিনাসন্দেহ। অভাবটি হচ্ছে, গোড়াকার সর্বরূপ শিক্ষার সঙ্গে শিল্পবোধির জাপরণ স্থারে স্থারে না হওয়া। এই ধারণাটি কোন কোন ক্ষেত্রে অসংগত মনে হতেও পারে। কোন কোন কণ্ঠ হঠাৎ আত্মপ্রকাশ করে বাজি মাৎ করে দেওয়া অবস্থায় পৌছয়, বিশেষ করে লঘু সংগীতে। গ্রামোফোন রেকর্ডে এক একটি গলা আকম্মিক ধরা পড়ে যায় চমকপ্রদ হয়ে। কিন্ধ একথা সত্য, কঠের অমিত মাধুর্য সত্ত্বেও সে শিল্পীর জন্মে আবিষ্কার ও চিস্তার ৰুহৎ জগৎ সামনে থেকে যায়, শুধু স্থরকারের সহযোগিতায় শিল্পী শ্রেষ্ঠ আসন পেয়ে যায় একথা বলা চলে না। স্বাধুনিক যুগের বছ স্থকণ্ঠ প্রথমে এভাবেই ধরা পড়েছিল, কিন্তু অনেকেই বৃদ্ধি ও অভ্যাদের হুয়ার খোলা রেখে এগিরে अरमरह ।

সংগীত শাস্ত্রে "অভ্যাস ছাড়াই অস্বাভাবিক প্রতিভাবলে রাগ-অভিব্যক্তি" করবার ক্ষমতাকে "শারীর" বলা হয়। কিন্তু এরপ "শারীর" বা অ্যাভাবিক-প্রতিভাপ্ত ক্রমবিকাশের অপেক্ষায় থাকে। অর্থাৎ, শুধু কণ্ঠ, গায়ন-শক্তি অথবা অন্ত কোন আকর্ষণী শক্তিই সব নয়—শিল্পীর মন, বৃদ্ধি এবং চেতনার সর্বাদ্ধণি ক্রমবিকাশের জ্বন্থে প্রস্তুতি দরকার। সাধারণ কণ্ঠের জন্তে যে পদ্ধতি প্রচলিত প্রাচ্চে, তারপ্ত অতিরিক্ত কতকগুলো পদ্ধা প্রবর্তিত হওয়া উচিত। কণ্ঠের ক্রমবিকাশের পদ্ধা নির্ধারণ, শক্তির সীমা নিরূপণ, অভ্যাসের জন্তে অন্তরূপ ব্যবস্থার কথা বলছি। কারণ প্রত্যেক্টি কণ্ঠই অক্ত কণ্ঠ থেকে স্বতন্ত্র। কণ্ঠকে স্পৃত্যাল অভ্যাসে স্বসংহত ও ক্ষমতাপন্ন না করেই সংগীত স্পৃত্তির বা গান গাইবার এবং শিল্পিত্ব দাবি করবার প্রবর্ণতা দেখা বায়। এজন্তে বছ গুণের বিকাশ হন্ধ না। শিক্ষার ক্ষেত্রে এর ফল কি দাঁড়ায় পরে আলোচনা করা হবে।

কঠের প্রকৃতি অনেকটাই অত্করণশীল। অর্থাৎ কণ্ঠের অধিকারীর মধ্যে

বিশিষ্ট ধরণের প্রবণতা থাকে, এবং সেই প্রবণতার দক্ষণ এক একটি বিশিষ্ট ধরণের গানের প্রভাবে এমনি ছাপ থেকে যায় যে ব্যাবিকল ফটোগ্রাফ বা আলোকচিত্রের মত মনে হতে পারে। এমনও দেখা যায় যে শিক্ষা গ্রহণ না করেও বহু কণ্ঠ অন্ত কণ্ঠের ছাপ নিয়ে নেয়। রাগদংগীতে ওস্তাদের গানের প্রতিচ্ছবি—এমনকি কাশিটিও—প্রতিবিদ্বিত হওয়ার কারণ ছাত্রদের মৌলিক কণ্ঠপ্রকৃতির বিকাশ না হওয়া। শিশু-ছাত্রদের মৌলিক কণ্ঠ-প্রবণতা আবিকার না করে তাকে অভ্যাদ করানো এবং সংগীত সম্বন্ধে তাদের বৃদ্ধি ও চিস্তাশক্তি ক্ষাপ্রত করার জন্তে শিক্ষার প্রয়োজনীয়তা অম্বত্র না করা অধিকাংশ ওস্তাদের রীতি ছিল। "মেবে সাথ গাও" কিংবা "পান্টা সাধো" ছিল তাঁদের গোড়ার উপদেশ। (পান্টা শক্টির অর্থ হচ্চে সার্গমের উত্থান পতনের নানা ফর্ম্লা।) এজন্তে রাগদংগীতের ক্ষত্রে ছাত্র অথবা শিশ্বদল নকল প্রতিচ্ছবি মাত্র হয়ে পড়ত, তাদের ভেতরকার বৃদ্ধিবৃত্তির বিকাশ কণ্ঠের সঙ্গে সমাস্তরালভাবে হত না। মনে রাথতে হবে, বে শিক্ষা অধিকাংশ কণ্ঠের সোলকতাকে উপযুক্ত ভাবে ধরিয়ে দিতে চেটা করে. সে শিক্ষাই শিল্পী স্টের সহায়ক।

অমুকরণ –অভ্যাস– মৌলিকতা

জনৈক সাহিত্য-রিদিক কিছুদিন আগে লিখেছিলেন যে গান শুনতে গিয়ে কোন এক সভা থেকে হতাশ হয়ে ফিরে এসেছিলেন কারণ, মাইক্রোফোন বন্ধ থাকায় খুব কাছে থেকেও কণ্ঠ শোনা যায় নি, এবং সংগীতের আসরে কণ্ঠের মধ্যে এমন কোন গভীরতা শুনতে পান নি, বা ননের মধ্যে ছাপ রেখে যেতে পারে। এ অভিযোগ একেবারে উড়িয়ে দেবার মত নয়। কণ্ঠ ও ভল্পি নকলের কথা আগেই বলেছি। লঘুসংগীতে অন্থ কণ্ঠের নির্বিচার অমুকরণপ্রিয়তায় গায়কের হুর্বসভা এত সহজভাবে প্রতিফলিত হয় যে, গায়ক সম্বন্ধে বিরক্তি আসে এবং গানের কোন রূপ মনে থাকে না। অর্থাৎ মৌলিক গান গাইবার শক্তি থাকা সত্ত্বেও অমুকরণের জন্মে যে ফল হয় ভাই উল্লেখ করা গেল। মুক্ত ও গভীর শ্বর-উৎপাদনের পথ বর্জন করে, মৌলিক ক্ষমতাকে অস্থীকার করে, বছ গলাকে যন্ত্রের সহযোগিতায় ক্ষীণ ও মোলায়েম করতে চেষ্টা করতে দেখা যায়। কাঃদাটি হয় গলার পক্ষে রুত্রিম। লয়ুসংগীতে বছ গুণী গায়ককেও এভাবে একটা যান্ত্রিক পত্ন। অমুসরণ করতে দেখা যায়।

শোডা অবহিত না থাকায়, সে সবও গানের মধ্যে চলে যায়। কিন্তু সবচেয়ে ক্ষিকর হয় যখন এইসব ক্রটিগুলোও অফুস্ত হয়।

বর্তমান লোকপ্রচলিত লঘু সংগীতের শিক্ষাক্ষেত্রে যে ছুর্বলতা নানা ভাবে প্রবেশ করে বাংলা গানের সংগীত এবং সংগীত-শিক্ষাকে মেরুদণ্ডহীন করে ছুলেছে তার কারণ কণ্ঠ-অফুশীলনের অজ্ঞতা অথবা পদ্ধতিহীনতা। কণ্ঠকে পরীক্ষা করে উপযুক্ত পরিচর্যা করা শিক্ষকের কাজ, সন্দেহ নেই। কিছু এ বিষয়ে পদ্বাপ্ত আমাদের জ্ঞানা নেই। আমরা সাধাপলা বলতে বিশিষ্ট ধরণের কণ্ঠ বৃঝি যার প্রবেশাধিকার লঘুসংগীতে আছে কিনা বিচার্য। অস্ততঃ সাধাপলা পারতপক্ষে শুধুমাত্র কথার আর্ত্তিমূলক গান করতে চাইহব না। অত্যন্ত স্বাভাবিক ভাবেই রাগসংগীতের গায়ক আপন রীতি অফুসরণ করে রাগসংগীত থেকে দ্রে সরে থাকেন। অর্থাৎ স্থকণ্ঠ গায়কের সংখ্যার যেমন অভাব দেখা দিছে শিক্ষা দেবার পদ্বায় তেমন স্থলর রীতি উদ্ভাবিত হচ্ছে না। অথচ লোক সমাজে সংগীত অফুশীলনের প্রচেষ্টার অভাব নেই। সংগীত-শিক্ষা প্রসারিত হচ্ছে, বিশ্ববিভালয়ের সেরা শিক্ষার পংক্তিভ্তক্ত হয়েছে।

আজকাল লঘু সংগীতের বেলায়ই হুর্বলতার কথা বেশি আসে। মোলায়েম কণ্ঠে কয়েকটি বিশেষ ধরণের গানের মধ্যে বিশেষ ধরণের তুর্বলত। আরও স্পাষ্ট হয়। অনেক সময়ে ক্রমাগত কয়েকটি গান শোনবার পর হয়ত মনে হতে পারে রবীক্রদংগীতের মতো বিশিষ্ট দংগীত মোলায়েম অথবা তুর্বল কণ্ঠেই হয়। यमिठ त्रवौद्धनाथ शास्त विभिष्ठे एक रुष्टि करत शनारक नित्रनकात करत निरश्रहन. ভিনি কণ্ঠ-প্রকৃতির হুর্বলতাকে কখনো স্বীকার করেন নি। পল্লীগীতির প্রা শ্বত:কৃত। প্রদার চর্চা সেখানে অমুপস্থিত থাকে। সাধা গলার দরকার নেই। অমার্ভিত কণ্ঠই স্থাভাবিক স্থাবেদন সৃষ্টি করে। কিন্ধু সেই পল্লীগীতি ষ্থন শচীনদেববর্মনের কণ্ঠে শোনা যায় তথন প্রশ্ন আদে স্ত্তিয় কি কণ্ঠটাই বাধা না ভঙ্গিটা ? কারণ এ কঠে পল্লীগীতি স্বতন্ত্র রদ মিলে। কণ্ঠ বা গানের গলা সম্বদ্ধে এমনি করে লঘুসংগীতের নানান পরিবেশনে আমাদের মনে বছ প্রশ্নের উদয় হওয়া স্বাভাবিক। একথা সত্য যে সহজ জিনিষ্টা সহজ নয়। এবং সহজ স্থাতোল কঠের মাধুর্য মণ্ডিত গান আবে৷ হুর্লভ, কারণ সহজভাবে কঠ-পরিচালনা-শক্তি অর্জন করা দরকার। স্বাভাবিক বলে কোন শক্তি সংগীত-কেত্রে স্থ্রভিষ্ঠিত হয় না, যুক্তিগ্রাহণ্ড নহে। হতে পারে এমন কোন चलोकिक गंकि दश्र जाहि। किंद्ध गिल्लात शर्रात चलोकिक जात द्वान तन्हें,

আর কোন শিল্পকর্মই বাছবিভার মত ক্মতার ফ্লল নয়। প্রস্তার মন সর্বদাই একটি কর্মপ্রবাহের মধ্য দিয়েই উৎরায় তা দে বেমনই হোক। যা বলছিলাম—কঠের পরিচালন শক্তি অর্জনের কথা। তুর্বলতা কঠের একটি সমস্থা। বঠকে সচল করে অধিকতর উপযুক্ততা অর্জনের পথ-নির্দেশ দানও সমস্থা। আজকাল কটি এড়াবার জ্বতো চাপা গলায় গানের একটি পন্থা প্রচলিত আছে বেমনি মুক্ত-কণ্ঠ বা উদাত্ত-কণ্ঠ গায়কের অভাবও বেশি। লযুসংগীতে যান্ত্রিক সাহাধ্যের দোহাই দিয়ে অনেকে কণ্ঠের সঙ্কৃচিত অরকে সমর্থন করেন। এই সমর্থনের ফলে মাইক্রোফোনের গানই চালু হয়। অ্যাদিকে কণ্ঠ অভাবতঃই সঙ্কৃচিত ও তুর্বল হয়ে পড়ে। অন্ত্রকরণের পন্থাতে আজকাল গানে আর্তির প্রভাবও প্রচুর।

সাধারণ আলোচনায় সংগীতের কথা প্রসঙ্গে এবং পত্র পত্রিকার প্রবন্ধাদিতে এসব সমস্তার উল্লেখ বেশি দেখা বায় না। কারণ, কতকটা বৈজ্ঞানিক দৃষ্টিভিন্দি নিয়ে লক্ষ্য না করলে গানের গলা সম্বন্ধে তেমন কোন সফল ধারণাও জন্মার না। স্বামরা জানি, যে কোন কারণেই হোক গলার এক্সারসাইজ বা সাধনা না হলে সংগীত সার্থক হয় না। কারণ, সংগীতের অর্থ হুরের সরস ও সপ্রতিভ প্রয়োগ, তা খত:ফুর্ত গলাতেই হোক খথবা অমুশীলন করা কঠেই হোক। অফনীলন ছাড়া শিল্প সৃষ্টি সম্ভব নয়। লঘু সংগীত শিক্ষায় ঔপপত্তিক সংগীতের পরিচয়, রাগবোধ প্রয়োজন। প্রাথমিক ভিত্তি প্রস্তুতি সকল প্রকার সংগীতের ক্রমান্বয় সম্পর্ক রক্ষা করে জ্রুত অথবা ধীর গতিতে উত্থান পতন। ধীর অথবা ক্রত গতি অভ্যাস এবং ক্রম-সম্পর্ক রক্ষা করতে প্রতিটি ম্বর স্থাব্য স্থরে ও স্পষ্ট হয়ে সহজভাবে কর্পে উচ্চারিত হচ্চে কিনা—প্রাথমিক স্বভাসের মূল লক্ষ্য এটাই। কিছ, লঘুসংগীতের উপযুক্ত কণ্ঠ সঞ্চালনের জন্ম উপযুক্ত এক্সারসাই व्यर्था९ পরিমার্জনা বিধি ও প্রয়োগ ক্রিয়ার প্রণালী উদ্ভাবিত হয় নি বলে মনে করি। গুলা বিকশিত হতে না হতেই ষম্র সহযোগিতার লক্ষ্য এসে ভিড় করে, ষান্ত্রিক ফাঁকি গানের প্রাণশক্তিকে নষ্ট করে দেয়। স্থ-প্রাব্য ইন্ধিতময় হাজা ভিলির গানের প্রতি সাধারণ শ্রোতার আকর্ষণ অতি স্পষ্ট। সিনেমার হারা পান অফুসরণ করেন জনসাধারণ-এটা দোবের নম্ব, এ হচ্চে সংগীতের প্রতি স্মাকর্ষণ স্পষ্টর জন্মে স্বতঃপ্রবৃত্ত বৃত্তির উদ্ভাবন। কিন্তু সে ধরণের গানই ষদি সহজক্ত গলার লক্ষ্য হয়ে দাঁড়ায় তা হলে কঠের রূপ পরিকৃট হতে পারে না।

মনে রাখা দরকার ভব্দি ও রূপের নিছক অমুকরণ প্রকৃত সংগীতের বাধা বরূপ। অথচ কণ্ঠ মনোরঞ্জনের ইচ্ছেয় সহজ বিষয়কেই অবলম্বন করে।

সহজ ভাবে কণ্ঠকে সজীব ও শক্তি-সম্পন্ন করে তুলতে হলে ভুধু সারগম ष्म ভাাদেরই যে প্রয়োজন তা বলছি না। খামার মনের হয় লঘুসংগীতের পদ্ধা একট্ স্বতন্ত্র হতে পারে। রবীক্সনাথের একটি গ্রুপদ-ভঙ্গিম সহজ গান অথবা অন্ত কোন রচনার মধ্যে যেখানে হু একটি অলঙ্কারের প্রয়োগও আছে, এমন গানকে অতি ধীর লয়ে পুরো দম রেখে রেখে প্রতি হুরের ওপর ষতি প্রয়োগ করে স্পষ্ট প্রকাশের কায়দা অভ্যাস করলে প্রাথমিক অথবা পরবর্তী কালেও স্থফল ফলতে পারে। মনে রাখতে হবে এটা গান গাওয়া নয়। সংগীত অভ্যাস। এখানে ভঙ্গি আয়ত্ত করার প্রোগ্রাম নেই, আছে দম ঠিক করা, প্রকৃত হুরে কথা উচ্চারিত করা, বারবার একটি অলমারকে আবৃত্তি করে স্পষ্ট করা, মুখের ও ঠোটের নানান ভক্তিগুলোকে নিয়ন্ত্রণ কর', গানের সঙ্গে সঙ্গে স্থর পরিচিতির জত্যে 🛎 তিমধুর করে স্ময়রূপ সারগমগুলোকে উচ্চারিত করা। ধেয়াল অথবা ঠুমরীতে সারগমের বে ব্যবহার দেখা যায়, তার লক্ষ্য কি ? লক্ষা হচ্চে স্বরকে বিশিষ্ট পদ্ধতিতে ছল্পে ও স্থরে পরিপূর্ণ করে শোনাবার জন্মে কতকগুলো উচ্চারণের অবলম্বন—বে উচ্চারণগুলো সংগীতের প্রধান মৌলিক উপকরণ। গাওয়াটা ভাল হলে উচ্চারিত বিষয়ের প্রতি লক্ষ্য না করে আমরা সামগ্রিক ভাবে খর, খরের সংযোগ ব্যবস্থাপনা ও তার পরিবেশন রীতিটাই ভনি।

সংগীত শিক্ষায় কণ্ঠমার্জনার পদ্ধতি ও রাগ-সংগীতের গোড়ার শিক্ষা-পদ্ধতি এক। কিন্তু সারগম, স্বরপরিচিতি এবং মূল রাগ-পরিচিতির উপযুক্ত বাংলা গানের অভাব আছে। তা বলে প্রাথমিক রাগবোধের জন্মে রাগসংগীত শেখা 'ওন্তাদী গান' শেখা নয়। রাগাত্মগ গানের অভ্যাস, কণ্ঠ সঞ্চালনের অভ্যাস অতি প্রয়োজনীয়, যাতে কণ্ঠ পরিমার্জিত ও অনায়াস হতে পারে।

পাশ্চাত্ত্য সংগীতে কণ্ঠ পরিচর্যা

কণ্ঠ পরিচর্যার জন্মে পাশ্চান্ত্য সংগীত শিক্ষার বে কোন একটি সাধারণ গ্রন্থ পড়লে দেখা বাবে—অভ্যাসের প্রতি পদক্ষেপে এবং প্রতিটি ন্তরের জন্তে কভটা প্রণালীবদ্ধ চেষ্টা অবলম্বন করা হয়। কি ভাবে স্বর ও ব্যঞ্জনবর্ণ উচ্চারিত হবে, কণ্ঠ কিভাবে সক্ষম হবে, আওয়াজের বনত বাড়বে, কিভাবে একটি স্বর- কলি শেষ করতে হবে-এশব সম্বন্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতাসূচক অফুসন্ধান হয়েছে। আমরা জানি কম্পন পাশ্চান্ত্য সংগীতের কঠে সর্বদাই প্রযুক্ত হয়। কিছ এরমধ্যে তারতম্য আছে। "A tremulous bleating voice like a goat is all too common;" এই দোবের সমালোচনা করতে গিয়ে প্রাথমিক প্রায়ের গ্রন্থে লেখক সমালোচনা করছেন, "কোন কোন বিখ্যাত গায়ক ও গায়িকাকে রেডিও কিংবা কনসাটে গান করবার সময়ে মনে হয় কেন 'Platform of a bus' থেকে গাইছেন।" আওয়াজকে সরস করবার জল্ঞে প্রথমেই এঁরা কি বলেন অমুবাদ করে দিচ্ছি: "কঠের শব্দোৎপত্তি গোল, কিন্তু দঢ় ও আডেষ্ট। এদম সঙ্কোচন করে আয়তে আনা প্রধান পদ্ধ। সাধারণ হাই তোলার মতো হবে মুখের আফুলি। কণ্ঠটি ষেন একটি টাইপ-রাইটার, চাবিগুলো সব বিভিন্ন স্থানে রয়েছে, সব এক জায়গায় পৌছে যায়। শব্দোৎপক্তির স্থান হচে নাকের পর্দার পেছনে, কল্পনা করো যেন নাকের পেছনে এক্টি গর্ভ কৈরি করছ। শব্দটি প্রবল শব্দিতে একটি বড হলের শেষ পংক্তি পর্যন্ত পৌছে দিতে হবে। সামনে যেন একটি পাত্র ধরা রয়েছে, সেই পাত্রে কণ্ঠটি উৎসারিত করে দাও। ভাবো যেন তুমি একটি চোঙের মধ্যে গান করছ। স্বরের উত্থান পতনগুলো খেন রবারের টুকরোর মতো, খেন একটি "গাম্" চিবোনো হচ্চে। উত্থানের সময়ে গলা গোল করে দিতে থাকো। পতনের সময়ে পরিস্কার আওয়াজ হচ্চে কিনা লক্ষ্য রেখো, ভেবে নিও স্বর উত্থানের সময়ে যেন একটি বেলুন উড়িয়ে দিছে। কণ্ঠস্বরকে হাই তোলার মতো মুখব্যাদানের পর গান কলো। স্বরকে তুটো চোধের সামনে শুক্তে একটি ছিন্ত করে তাতে যেন রেথে দিচ্ছ—শ্বর যাতে পালাতে না পারে। ধ্বনি উৎপন্ন করতে গিয়ে চোয়াল এবং মূথের ভেতরকার অংশ স্থির রাথতে হবে। সংগীতের সময় কল্পনা করতে হবে যে মুক্ত কণ্ঠটি একটি বিরাট মন্দিরে (Cathedral) বাজানো হচ্ছে যার প্রতিধ্বনি শোনা যাচেছ।" প্রাথমিক শিক্ষায় কঠকে শুধু প্রয়োগ করবার কায়দা শেখাতে বেভাবে প্রণালী বাৎলানো হয় এবং এর পেছনে যে নিরীক্ষণ রয়েছে তা আমাদের দেশে কোন পর্যায়েই হয় নি। এজন্তে বাস্তবদৃষ্টিভঙ্গি নিয়ে পদ্ধতি অনুসারে অনুশীলন রীতি সম্প্র-সারিত করতে হবে। সংগীতশিক্ষাপ্রতিষ্ঠান গুলোতে স্বাক্ষকাল এধরণের পরীক্ষা নিরীকা একান্ত দরকার হয়ে পড়ে। শুধু এদিক থেকে নয়, আমাদের শাল্পে কণ্ঠের গুণপত বিশ্লেষণ যথেষ্টই হয়েছে কিন্তু কণ্ঠের ওজন ও পরিমিভিবোধ গ্রামগত-পরিচয় সম্বন্ধে প্রত্যক্ষ বিশ্লেষণ কোথায় ? কণ্ঠ নিয়ন্ত্রণ করবার মতো

সহজ্ব ও বান্তব দৃষ্টি সম্পন্ন আলোচনা কোথায় ? পাশ্চান্ত্য সংগীতে বিভিন্ন প্রকৃতির কঠের গান শোনার জন্মে একটি মানসিক প্রস্তৃতি সহজেই হয়। পাশ্চান্তা-সংগীতে পুরুষের Bass, Baritone, Tenor ও মেয়েদের Contralto, Mezzo, Soprano প্রভৃতি আওয়াজের রূপ নির্ণয় করে গান শোনবার জয়ে মানসিক প্রস্তুতি চলে এবং সেজত্যে শ্রোতাও জানে কি প্রকারের কঠে গান শুনতে পাবে। গায়কও তার কণ্ঠ-প্রকৃতিকে রক্ষা করে চলে। এসম্পর্কে বাংলা গান সম্বন্ধে একটি বিষয় উল্লেখ করা দরকার। সাধারণত গায়কেরা আওয়াজের सोनिक श्रेकु जित्क मः त्रक्रण करत्न ना। विराध करत्र थाम भना वनर् रथं প্রকৃতি বোঝায় তার সাময়িক প্রয়োগ ছাড়া এই সর্বান্ধীণ প্রয়োগ'হয় না। অর্থাৎ সাদা কথায় খাদের অংশের জত্যে খাদ পলা এবং চড়া অংশের জত্যে চড়া গলা। ক্লফচন্দ্র দের গলায় অনেকটা থাদ প্রকৃতি ছিল, কিছু সংগীত স্ষ্টির সময় তিনি Baritoneও অতিক্রম করে চলে আসেন। শ্রীপঙ্কজকুমার মল্লিকের কণ্ঠে মন্দ্রস্বর ও পৌরুষ এবং দৃঢ়তার প্রকাশ দেখা যায়, কিন্তু শ্রীমল্লিকের কতকগুলো গানে ঐ রূপটি স্পষ্টভাবে পরিক্ট হয় না। শ্রীদেবত্রত বিশাসের কণ্ঠ সম্বন্ধেও একথা খাটে। অর্থাৎ বাংলাগানে মন্ত্রম্বরের অভাব, মৃক্তকণ্ঠের প্রকৃত প্রয়োগের অভাব থেকেই জন্মেছে। কণ্ঠের মৃক্ত প্রকৃতির জন্তে তিন চারটি প্রায় সমসাময়িকের উদাহরণ-ক্রফচন্দ্র দে, কুন্দনলাল সাইগল, পকজ-কুমার মল্লিক এবং শচীন দেৰবর্মন। এর মধ্যে অধিকাংশ গলাই পরবর্তীকালে mellowed বা অতিশয় মোলায়েমপন্থী হয়ে পড়েছে। তবু বলা বায় রবীন্দ্রনাথের হ'একটি বিশিষ্ট রূপের গান, যথা—"ভেঙেছে ছন্নার এসেছ জ্যোতির্ময়" শ্রীণরজ কুমার মল্লিকের কঠে গ্রামোফোন রেকর্ডে যে ভাবে স্থ্রকাশিত হয়েছে, পরবর্তীকালে আর এরপ দেখা যায় নি। জ্রীপদ্ধকুমার মল্লিক তাঁর কঠের ত্রুটি থাকা সত্ত্বেও রবীন্দ্রসংগীতকে মন্দ্র মধ্য কঠগুণের রূপে রূপায়িত করে প্রত্যক্ষভাবে স্বপ্রতিষ্ঠিত করেছেন। এই পর্যায়ের পরবর্তী শিল্পী শ্রীহেমস্ক মুখোপাধ্যায়। স্থামি রবীক্সসংগীতের থিওরি বা রীতির কথা বলছি না, কণ্ঠের কথা বলছি। প্রত্যক্ষ কণ্ঠচর্চার মধ্য দিয়ে রবীজ্ঞনাথের গান বেরিয়ে না এলে রবীক্রসংগীতের মেলভিতে পৌক্র ও মক্র নির্ঘোষ আছে কিনা-আজ এ ইকিত পাওয়া ত্রাধ্য হয়ে পড়ত। সে অফুসারে পুরুষকণ্ঠের বৈচিত্র্য ক্ষমতা আজকাল হুর্বল হয়ে পড়েছে। লঘু সংগীতে মন্ত্র কণ্ঠের অভাবের কথা উল্লেখযোগ্য।

রাগ্সংগীতে আশ্রুর্থ অভিব্যক্তিময় মন্ত্র-কণ্ঠ ছিল ওতাদ কৈয়াজ থার।
এ কণ্ঠকে কোন্ সাধনার ঘারা তিনি মহাকাব্যের উচ্চতম ভাব-শিথরে পৌছে
দিয়েছিলেন ভেবে অবাক হতে হয়। কিছু উল্লেখ করা যেতে পারে বে
রাগ-সংগীতে কণ্ঠের প্রকৃতি প্রায় একই লক্ষ্যের ঘাত্রী। অর্থাৎ, প্রুপদ চায়
রাগস্থিতি অবশ্র বিশিষ্ট ধরণের কায়দার মধ্য দিয়ে, থেয়ালেরও উদ্দেশ্র রাগ
বিকাশ যদিও কায়দা অভয়, টয়ার লক্ষ্য তান-রঞ্জন এবং ঠুমরী-দাদরায়
প্রেমাভিব্যক্তি। প্রত্যেকটির জল্মে কণ্ঠের ক্ষমতা অর্জনের রীতি, গলার
সক্ষোচন, সম্প্রদারণ ও গতিস্প্রের এক্সারসাইজ প্রায় একই রকম। কণ্ঠচর্চার
পদ্ধতির ব্যতিক্রমে যদিও গলা অভয় রকমের শোনায়, তব্ কণ্ঠ-বাজানোর
কায়দা অধিকার না করা পর্যন্ত রাগসংগীত-শিল্পী লক্ষ্য সীমায় পৌছে না।
ভক্তর অমিয়নাথ সাল্যালের বিখ্যাত উক্তি "কণ্ঠবাদন" কথাটি এক্ষেত্রে স্বর্গে
করি। রাগসংগীতের সাধনা সন্ত্যি কণ্ঠবাদনের সাধনা বলে কণ্ঠের সক্ষোচন,
সম্প্রদারণ ও গতি-প্রধান হয়। বড়ে গোলাম আলী থার কণ্ঠ একটি প্রকৃষ্ট
উদাহরণ। ভারি থেয়াল গাইবার সময়ে ভাতে ক্ষ্টি হয় অপরিসীম গান্তীর্থ
এবং ঠমরির সময়ে অপরূপ হালা ভাবটি বিশ্বিত করে দেয়।

লঘু সংগীতে কণ্ঠ-প্রকৃতি

লঘু সংগীতের কঠের প্রকৃতি রাগসংগীতের কঠ পেকে স্বতন্ত্র। ওথানে অনেকটা ধেন গানের প্রকৃতির সঙ্গে গলার প্রকৃতি স্বাভাবিক ভাবে সংমিশ্রিত, একই গলায় থেয়াল, টপ্পা, ঠুমরী গানের মতো একই কঠে সব গান উপযুক্ত ভাবে শোনা যায় না। যে সব গানে আমরা অতি-তারস্বরের গলায় শ্রীমতী সন্ধ্যা মুখোপাধ্যায়ের মত রূপ ও রেখা পেয়েছি, সে গানগুলো একটি মন্ত্র অথবা মধ্য স্বরের কঠে গাওয়া হলে তারতম্য প্রমাণ হবে। জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামীর কঠের গাওয়া "একি তন্ত্রাবিজড়িত আঁথি পাত" গানটি অতি তারস্বরের নারী কঠে প্রয়োগ করে দেখুন—কেরিকেচার বলে মনে হতেও পারে। পল্লীসংগীতের কতকগুলো গান মেয়েদের জ্বান্তই তৈরি। মেয়েদের কঠেই আমরা ভনেছি। "ওগো টাদবদনী ধনি নাচত রক্তে" গানটি সিলেট, করিমগঞ্জে, শিলচরে বোনাচের মধ্যে মৃত্ব নারীকঠে গীত হয়। যথন কলকাতা পুক্ষ পল্লীগীতি গায়কের মূথে শোনা যায়, আমাদের মত সংস্কারাবন্ধ শ্রোতার কাছে ওটা করিবেকচার' বলেই মনে হয়—যেন নারীকঠে শোনার সংস্কারটাই

এর রস। কিছুকাল পর হয়ত এ সংস্কার থাকবে না, সংগে মৌলিকতাও বাবে। "জলে টেউ দিও না" অনেকে পূর্ব বাংলায় নারীকণ্ঠেই শুনেছেন—এটা বিয়ের গান। পুরুষ কঠে রেকর্ডে অফুরুপ সংগীত শুনে হাস্তকর মনে হয়েছে। মোটাম্টি এখনকার বক্তব্য এই : বাংলা সংগীতের বিপুল পরিধিতে গানের উপযুক্ত কঠ নির্বাচন, অথবা কঠের উপযুক্ত গান নির্বাচন বোধহয় একটি মূল্যবান প্রসঙ্গ। রাগ-সংগীতে ঠুমরী গান প্রধানত মেয়েদের গানইছিল, প্রেম নিবেদনের বহু ইমোশান বিস্তার করবার পর তাল বৈচিত্র্যের মাধ্যমে থানিকটা নেচে আসার মত প্রসঙ্গ তাতে আছে। একই গানে কথনও বিরহ হংগ ও আনন্দ বা সোহাগ আছে। কিন্তু ঠুমরী রাগসংগীতের সৌমানায় প্রবেশের পর, বিতীয় অংশটি নৃত্যরস না হয়ে আর একটা স্বত্তর আদিকে পরিণতি লাভ করেছে। লঘু-সংগীতে রবীক্রনাথের অথবা নজকলের বিভিন্ন নৃত্যের গান কি সকল গলায় সমান ভাবে অনিবার্ঘ শোনায় ? রবীক্রনাথ তো নিজেই বলেছেন 'কঠে রবীক্র সংগীত শুনছেন না যেন সাহানা দেবীকে শুনছেন।'

লঘু-সংগীতের একই গানে বিভিন্ন ইমোশান পরিবেশিত হতে পারে কি ? একই গানে কি প্রেম, ব্যথা ও নৃত্যভঙ্গির সমন্বন্ধ হতে পারে ? তা পারে না। রাগসংগীতের এক একটি গান এক একটি ধারাবাহিক অভিব্যক্তি বা continued process, এজতা এর পরিমিতি সম্বন্ধে কোন ঠিক-ঠিকানা থাকে না। বাংলা গানের কথার পরিমিতিই তাকে সীমাবদ্ধ করে রাথে অর্থাৎ লঘু সংগীতে একটি গান একটি ভাবেরই (mood) বা ইমোশানের গভীরতম অভিব্যক্তি, পরিমিতি তার বাধা। এজত্যেই লঘু সংগীতে বিশেষ গানের তারতম্য অফ্লারে কঠের নির্বাচন প্রয়েজন হয়ে পড়ে। এই নির্বাচন করবে কে ? স্থরকার, গায়ক, শিক্ষক না কি শ্রোতা ও সমালোচক ? এই সম্বন্ধে আধুনিক লঘুসংগীত-গায়কদের সচেতন করে দেবে সমালোচক। স্থরকারদের কাজের ওপরই মতামত ব্যক্ত করবে। অর্থাৎ, গীত অফ্লারে স্থরকার কঠ ও ব্যবহারের পয়া আবিষ্কার করতে পারেন কি না ?

তা হলে কি এ কথা স্বীকৃত বে গানের বেলায় পুরুষ ও নারীর জাতিভেদ করা প্রশস্ত। আমি দে কথা মোটেও সমর্থনযোগ্য মনে করি না। কিছ কথা ও ভাব অফ্সারে পরিপূর্ণ-রূপের অভিব্যক্তিতে যদি ফল্ল ভেদাভেদ (finer discrimination of things) মেনে নেওয়া যায় তা হল্ল অনেক সময়ে এরূপ ভাবে ভাগ করে নেওয়া বেতে পারে। কারণ লয়ু সংগীতের প্রত্যেকটি গানের বেমন স্বতম্ব keynote থাকে তেমনি অভ্যাসের ক্ষেত্রে না হলেও, বিশেষ পরিবেশন বা demonstration এর বেলায় কোন কোন রূপের ভারতম্য দরকার। উদাহরণ উপরে দিয়েছি। মূল কথাটি নির্বাচন নিমে, সংগীত প্রযোজনার ক্ষেত্রে স্থরকারের নির্বাচন প্রসংগ দাঁড়ায়। গানের বেলা গায়ক স্থাপন রুচি ও রুসবোধ স্মহুলারে এ বিষয়ে মুক্ত একথা স্বীকার করি।

কাব্যের উৎকর্ষ হিসেবে এবং গানের বিষয়বস্ত ও হ্রেরে দিক থেকে বিশেষ গানের বিশেষ ভূমিকা স্বভাবত:ই দৃষ্ট হয়। পল্লীগীতি এবং ধর্মীয়গীতির আনবেদনগুলো অনেকটা সাদাসিধা, আজকাল আধুনিক গানে ও কথায় বাশুবতা আসতে বলে গানের মধ্যে কঠের অংশ ও ভূমিকার প্রশ্ন উথাপিত হল। স্থরকারের কাজ যতই নির্বিশেষ ও সাধারণ বিষয়বস্ত থেকে বিশেষের মধ্যে থাকবে, নির্বাচন-ক্রিয়া ততই আসবে। এ ধরণের নির্বাচন প্রক্রিয়া আমি ছ্জন স্থরকারের মধ্যে লক্ষ্য করেছি। একজন শ্রীসালল চৌধুরী এবং অক্সজনা শ্রীজ্ঞানপ্রকাশ ঘোষ। এ দের কোন কোন গানের সংগীত-প্রযোজনায়, স্থর নির্বাচনে এবং গানের ভলিতে এমন ভাবেই স্থরের অংশ বা রচিত হয়েছে ধা নারী কঠের অথবা পুরুষ কঠের আবেদন স্পান্ট ও প্রত্যক্ষ করে।

কর্তের শান্ত্রীয় বিশ্লেষণ

কঠের প্রয়োগের প্রসঙ্গে শান্ত্রীয় বিশ্লেষণের কথা আলোচনা করা যাক। যদিও এ আলোচনাগুলো কিছু কিছু মনগড়া এবং এদের লক্ষ্য শান্ত্রীয় সংগীত, তবুও বর্ণনাগুলো বিশেষ উল্লেখযোগ্য। বান্তবক্ষেত্রেও কঠের দোষ গুণ বিচারে প্রযুক্ত হতে পারে কি ? বর্ণনাগুলো এই প্রকার:

মুষ্ট-মার্জিত কণ্ঠ

চেহাল-স্থলও নয় কুশও নয় এরপ স্বর

ত্রিস্থাপক-মধ্য, মন্ত্র, তার, সব ক্ষেত্রেই যার ব্যাপ্তি

(क्यू সংগীতে এই ব্যাপ্তি কাজে লাগতে পারে সন্দেহ নেই, কিছু লয়ু সংগীত কঠ হয় মক্ত্র অথবামধ্য অথবা তারা প্রকৃতির হলেই বসস্ক্টের উপধোগী।)

অ্থাবহ-মনকে থুশি করবার "অ্থদ" গুণ

প্ৰচুর-স্থলতা যুক্ত কণ্ঠ

কোমল—কোকিল্পানির সৌকুমার্থের তুলনা হয় এমন

(কোকিলধ্বনি তীত্র-পঞ্চম স্বর এবং দৃঢ়। এর স্বর্থ স্বন্তরপ হওয়া সংগত)।

গাঢ়---সম্প্রদারণের ক্ষমতাপন্ন প্রবাহী কণ্ঠ।

শ্রাবক—দূরে বিস্থৃতির মত শক্তি সম্পন্ন।

(নতুন কণ্ঠচর্চা পদ্ধতিতে স্বার মাইক্রোফোনের ব্যবহারে এই গুণ বিরোধী মনে হতে পারে।)

করুণ—শ্রোতার চিত্তে তৃঃথ অথবা কারুণ্য উৎপাদক।

(এটা কণ্ঠের বৈশিষ্ট্য না হয়ে কণ্ঠভঙ্গি বা প্রকাশরীতির বৈশিষ্ট্য বলা যায়।)

ঘন--গভীরতা বোধক, অস্ত:সারযুক্ত ও দূর প্রবণের উপযুক্ত।

श्रिक - पृत्र मः थावा दकामन कर्छ।

#ক্স-মস্পতার গুণ সম্বলিত।

রজিযুক্ত-অমুরাগ প্রযুক্ত।

ছবিমান—দীপ্তিময় কণ্ঠ, যাতে জ্যোতির প্রতীক উপলব্ধি হয়।

ম্বল যুগের ফকিরউল্লাহ কঠের সম্বন্ধে অহুরূপ বিশ্লেষণ গ্রহণ করে অন্ত তুটো গুণের কথা উল্লেখ করেছেন:—

অস্থমান = পরিষ্কার (ছবিমাণ), মধুর—কণ্ঠ দোজা, তারাস্থানে ভ্রমণকারী ও মিইতা সপার।

क रर्शत साथ आहे हैं:

কক্ষ = অমস্থ্য, স্লিগ্ধতা-বিহীন, অমধুর

কৃটিত —ভাঙা সাওয়ান্ত, ফেটে যাওয়া

নি: দার = অন্তঃ দারশূতা, ফাঁণা

কাকোলী = কাকের ডাকের মত নিষ্ঠুর

(कि = कॅगांवें दक्रिं, माधुर्वशीन

কেনি = সঞ্চরণ ক্ষমতাশৃত্ত

কুশ = অতি স্ক্রতা

ভগ্ন = গর্দভের ধ্বনির মতো নীরস

লক্ষ্য করলে দেখা বার, এসবগুলো শুধু গুণগত বিশ্লেষণ, বছস্থানে প্নক্ষজ্ঞি আছে এবং অনেক স্থলে নিতাস্ত abstract বা গুণবাচক। বিতীয়ত, গানের মধ্যে এর অধিকাংশ গুণ ফুর্তি হলেই তাকে বে ভাবে বর্ণনা করা বেতে পারে এই বর্ণনা সেইরূপ। অর্থাৎ শিল্পীর মৃল্যায়নে এসব ক্লুক্লগুলো প্রয়োগ করে বোঝা বেতে পারে। মৃশকিল হচ্ছে, এ সব গুণ-শুলোর কিছু সংশ সংগীত কুশলীর কঠে স্ঠি করতে হলে কি কি পদ্ধতি

অবলম্বন করা দরকার অনেকক্ষেত্রেই সে সম্বন্ধে কাজ করা হয় নি। শিল্পীদের ক্রুটি সম্বন্ধে বে কথা সংগীতরত্বাকরে কিংবা পরবর্তী গ্রন্থে উল্লেখ আছে, উপযুক্ত পদ্ধতিতে প্রশিক্ষণের অভাবে সেসব ক্রুটিগুলো স্পষ্ট হয়ে পঠে। প্রশিক্ষণের জন্মে উপযুক্ত পদ্ধতি পূর্বরূপে বিকশিত হয় নি এ কথাটাই বিবেচা। বে পদ্ধতিতে রাগ-সংগীত শিক্ষা দেওয়া হয়, সর্বক্ষেত্রে সে পদ্ধতি অবলম্বন করা উপযুক্ত নয় বলে কলেজী শিক্ষায় নানা স্থানে কিছু কিছু আদলবদল দরকার। কিছু কণ্ঠ সাধনার ভিত্তিভূমি, স্বরপরিচিতি, রাগ-পরিচয়—সব জারগায়ই প্রয়োজন। এ প্রস্তুতির জন্মে ভাল ভাল রচনা এখনো হয় নি। ফলে রাগ-সংগীত শিক্ষার বেলায় প্রস্তুতি যেমন স্বন্ট হতে পারে লম্বু সংগীতের ক্ষেত্রে তা হয় না। অনেক ক্ষেত্রেই সহজ-সরল কণ্ঠের স্বাভাবিক গুণাবলীর নির্ভরশীলতায় সরাসরি গান শিক্ষা আরম্ভ হয়ে যায় এবং কণ্ঠের জন্মে উপযুক্ত ভিত্তি প্রস্তুত হয় না। এই জন্মেই গায়কের মধ্যে মৌলিকতা স্পষ্ট হতে পারে না, গানের মধ্যে স্পষ্টির কোন সন্ধান পাওয়া যায় না এবং কিছুদিনের মধ্যেই তাঁর সংগীত-কেরিয়ার নিন্তেজ হয়ে পড়ে, শ্রোভার চাহিদা ফুরিয়ে আসে।

লঘুসংগীতে কণ্ঠের প্রয়োগ

রাগসংগীত পরিচর্যার জন্মে বে ধরণের কণ্ঠ অহনীলনের প্রয়োজন হয়, আনেক ক্ষেত্রে লাঘুসংগীতের কণ্ঠ অহনীলন সে ধরণের হতে পারে না—একথা উল্লেখ করা হয়েছে। রাগসংগীতে গানের প্রয়োগ-বিধি অতন্ত্র। গ্রুপদ, পেয়াল, টয়া গানের প্রতি আজিকেই ক্রমাগত দমের প্রয়োগ এবং অর-সংকোচন ও বিভাজনের অভ্যাসে কণ্ঠ-প্রক্রিয়ায় একটি বিশেষত্ব থাকে। বিশেষ করে বিস্তার ও তানের প্রয়োগেও কণ্ঠ-প্রক্রিয়াতে কিছুটা পার্গক্য দেখা যায়। শিল্পীর মনও এই উদ্দেশ্যে রাগসংগীতে অবিকৃত থেকে অর বিস্তার করতে চায়। ছই অলে ক্রিয়া ছটি বিভিন্ন প্রকারের। রাগসংগীতে কণ্ঠ বেগ, গতি ও তীব্রতা অবলম্বন করে, আনেক সময়ে মাধুর্য সংরক্ষণ সমস্তা হয়ে পড়ে, এজক্সে কৌশল অবলম্বন করা দরকার হয়ে পড়ে। লমু সংগীতের ক্ষেত্রে লক্ষ্য করলে দেখা যাবে, এর বিকাশ অনেকটা ঝরণা বা কোয়ারার মতো। এখানে স্বরের স্থিতি ও সহজ ফুর্তির কায়দা আয়ন্ত করা দরকার হয়ে পড়ে। কপ্রের

শুণাবলী বাড়াবার জল্পে বেমন শতিরিক্ত ও বিশেষ কৌশল দরকার তেমনি কঠের ছোট ছোট শংশের সঞ্চরণলীলতাও বাড়ানো প্রায়েজন । লঘুসংগীতের কঠ কতকটা নমনীয়, কমনীয়, কোমল ও ক্লক্ষ বা মস্থাতার গুণ-সমন্বিত হতে চায়। শভ্যাবের ক্রটির জল্পে কঠে কয়েকটি গুণের শধিকার করতে গিয়ে শিল্পীরা মৃক্তকণ্ঠ বা খোলা গলা হারিয়ে ফেলেন। সহচ্ছেই গায়ন-পছতি শবলমন করবার জল্পে কিছু প্রশ্রম্ব দেওয়া হয় লঘুসংগীতে। দেখা গেছে রাগসংগীত অসংযত কম্পনকে গ্রাহ্য করে না, কিন্তু লঘুসংগীতে ক্রটিপূর্ণ কম্পনও ব্যবহৃত হচেচ।

আক্রণাল আধুনিক সানে effect সৃষ্টি বা আবহ-সংগীত ঘারা আক্রিকআক্র্রণ সৃষ্টির চেটা দেখা যায়। সানের মধ্যে নানা রক্মের শব্দ ব্যবহার,
কোন প্রাকৃতিক শব্দ সৃষ্টি অথবা যন্ত্রের নানারূপ শব্দের সাহায্যে সানের মধ্যে
বাস্তব-রদ প্রয়োগ এই কাজের উদ্দেশ্য। আবহ-সংগীত সানকে এ বিষয়ে
আনেক সাহায্য করছে। শুধু দিনেমার গান নয়, বহুদেশের আঞ্চলিক লঘু
শীতিও এইভাবে জনপ্রিয় হচেচ। এই বাস্তবতা সৃষ্টির কাজকে মৌলিক
সংগীতের প্রচেটা বলা যায় না। ঝড়ের গানে ঝড়, পাখীর কাকলীর স্থানে
কাকলী, কোথাও একটু শিদ, কোথাও জল-কল্লোল, কোথাও নানারূপ ভলিপূর্ণ
বা ইন্দিত-জ্ঞাপক কণ্ঠধনি সংযোগ এবং যন্তের সাহায্যে নানা অপ্রাক্রত শব্দের
প্রয়োগও উল্লেখযোগ্য। মাইক্রোফোন এসব কাজে সাহায্য করেছে বেশি।
এই স্বযোগ নেবার চেটায় বছ ক্রিমতাও গানের মধ্যে এসে যায়। এ কায়দাশুলোকে সমর্থন করা যাবে কি যাবে না—আমাদের বিচার করবার নয়। যে
কোন নতুন এক্সপেরিমেন্ট সর্বদাই সমর্থন করা যায়। কিছু মৌলিক কণ্ঠ ও
তার প্রকাশের ক্ষমতাকে দ্রে রাখা যায় না।

মাইকোকোন ব্যবহারের জন্মে প্রস্তুত শিল্পীকে অনেক ক্ষেত্রে কঠকে দাবিয়ে রাধতে দেখা বায়। এইরূপ কঠরীতির প্রভাব, ষান্ত্রিক সহযোগিতার ফলে, এমন ভাবেই প্রচলিত হতে চলেছে যে গানের মৌলিকতা লুগু হবার সম্ভাবনা দেখা দিছে। মাইকোকোনে অবদমিত কঠে বা চাপা গলায় স্থর দেওয়া চলে। অর্থাৎ কঠ অবদমিত করে গুন্ গুন্ করে গাওয়া chrooning-এর পর্যায়ে পড়ে। মৌলিক সংগীত স্ক্তির পছা এটা নয়। কঠের গভীরতা, ঘনত্ব, এবং লরসতা নই করে দেবার এমন কায়দা আর হয় না। গলাকে যত্ত্রের সঙ্গে গাইবার ক্ষেপ্তে উপযুক্ত করে তোলার কান্ধ হয়ে ওঠে মুখ্য, গলার স্থাধীন রূপটি

বিকশিত হবার পথ থাকে না। ফলে গলার জ্বন্তে বে রেয়াজ ভাবশ্র কর্তব্য তা হয়ে বায় পৌণ।

বে কোন অবস্থায় কঠের অসুশীলন অবস্থা কর্তব্য। দম ও নিংখালের কায়দা তাকে স্থান্ট করে। কণ্ঠ পরিচালনার নিয়মিত অভ্যাস, স্বরের সঙ্গে স্থারের সম্পর্ক স্থাপনের বোধ, ছন্দ বোধ, সাবলীল কায়দা ও অলহার প্রয়োগ— এসব নিয়মিত অভ্যাস ছাড়া সম্ভব নয়।

পল্লীগীভি ও কণ্ঠ

এবারে পল্লী-সংগীতের ক্ষেত্রে কণ্ঠ পরিচর্যা চলে কিনা সে প্রশ্নে আসা যাক। পল্লীগীতিকে সরস করতে গিয়ে কণ্ঠের মুক্ত উৎক্ষেপণ (যথা, সারিগানের ছন্দোবদ্ধ চিৎকার) এবং অতিরিক্ত সঙ্কোচন প্রভৃতির প্রয়োজন হয়। স্বাভাবিক গানে এই কাজে কোন বিরোধ হয় না। কারণ, এগুলো বান্তব প্রয়োজনে স্ট অলহার। পল্লী-সংগীত বা কীর্তনে ব্যবহৃত কণ্ঠ-প্রকৃতি অনেকটাই মুক্ত। কণ্ঠ-পরিচর্যা সেই সহজ অভিব্যক্তিকে বিনষ্ট করে গান sophisticated এবং সংস্থারাবন্ধ করে তোলে কিনা দেও একটা সমস্তা। স্থানাস্করে আলোচনা করেছি যে শিল্পী যদি পল্লীসংগীত ও কীর্তনে গানের সঙ্গে আত্মিক-সম্পর্ক সংস্থাপন क्रवा ना भारतन, जाहरन स्वर्ध हरन भन्नीमः गी किरवा की जन जाएन কঠে ক্তি লাভ করে না। এ কেত্রে স্থকণ্ঠই একমাত্র প্রধান অবলম্বন নয়। প্রশ্ন হতে পরে, যদি তা না হয় তা হলে কণ্ঠ মার্জনার বিশেষ পদ্ধতি অবলম্বনের প্রয়োজনও সেখানে আছে কি? অথবা কণ্ঠের অফুশীলন কি পল্লীসংগীতের বিরোধী ? আগেই বলেছি কোন একটি বিশিষ্ট গানের সঙ্গে আজিক-সম্ম সংস্থাপন না করতে পারলে সে সংগীতের শিল্পী হওয়া যায় না। গান সেখানে বিরূপ হয়ে বাজে। গায়ন পদ্ধতির দিক থেকে পল্লীগানের ঘটো প্রধান ভাগ করে নেওয়া যায়। একটি Urbanised folk tune—পর্থাৎ কডকগুলো গানের পরিশীলিত ও প্রচলিত ভঙ্গি—যথ। বাউল, ভাটিয়ালী, বিশেষ কতক-গুলো ভাওয়াইয়া এবং কীর্তন-প্রভাবিত কডকগুলো গান। এ দব গানের ভঙ্গি ও স্থারের প্রকৃতি সম্বন্ধে ধারণা মোটামুটি আনেকেরই আছে। এই সব মৌলিক গানশুলো নতুন ভাবে রূপাস্তরিত হয়ে প্রবোজিতও হচ্ছে এবং এই গান অবলম্বন করে এক ধরণের বৃন্দগীতির প্রচলনও দেখা বায়। শাই জিয়া হিসেবে এটা গ্রাফ। কিন্তু রূপটির পরিসর সীমিত। এবং বছ ছলেই পল্লীসংগীতের মৌলিক শাদর্শ থেকে বিচ্যুত হয়ে নতুন Urbanised folk music রূপে পরিগণিত হবার সম্ভাবনা। এ ক্ষেত্রেও পল্লীর সঙ্গে ধোগস্ত্রটি দৃঢ় হওয়া দরকার—প্রবোজক ও রচম্বিতার দায়িত্ব এখানে বিশেষ। শিল্লীর মৌলিক দৃষ্টিভিক্বি পল্লীগীতির মৌলিক রূপের প্রতি বাধ্যতা ত্বীকার করবে। গলাটিও সে ভাবে বাছাই করা হবে।

পল্লাসংগীতের অনেক শ্রেণীর গান সম্পূর্ণরূপে ভৌগোলিক, ভাষারপটিও অমুকরণ করা ছঃসাধ্য। এই গানের আঞ্চলিক রূপই সন্ডিকার রূপ। বড জোর তাকে অমুকরণ করে আঞ্চলিক-সংগীতের রূপাস্তর বলে চালানো যেতে পারে। এ ভঙ্গির স্বীকরণ বা assimilation সহজ নয়। urbanised folk party বা নানান নাগরিক-সংঘ থেকে এসব গান সমবেত কণ্ঠে গাইবার উত্যোগ লক্ষ্য করা যায়। এ সম্বন্ধে একটি কথাই বিশেষ বক্তব্য-মূল সংগীতকে ভ্রষ্ট করবার অধিকার কোন শিল্পীরই থাকা উচিত নয়। তা ছাড়া এসব গানের জত্তে কণ্ঠ-চর্যারও দরকার নেই। আজকাল পলীর মৃল-হুর ব্যক্তিগত প্রয়োগ-বিধির দারা রূপাস্তরিত করে অনেকে পল্লীর সংগীত বলে চালাতে চান। এ কাজটিও ক্ষমার্ছ নয়। এঁরা মৌলিক গীতির সংগে (বৈদেশিকও হতে পারে এমন) কণ্ঠভঙ্গিকে মিল্লিত করে দেশজগান বলে প্রচার করতে চান। পলীম্বর সংগ্রহ করে গ্রামীণ কথায় স্থর সংযোজনার বিধি বাংলায় চলিত থাকলেও, এই ধরণের রচনার পরিধি অত্যন্ত সীমিত। উড়িক্সায় আকাশবাণীর সংগীত অফুষ্ঠানে গল্লী-স্বর-গীত বলে এক শ্রেণীর গান চালু হয়েছে। সে গানের কথাতে পলীর বিষয়বস্তুও ভাব নিয়ে পলীর হুর সংযোজন করে গাওয়া হয়। পল্লীসংগীতের স্থর ও ভাবসম্পদকে সংগীতে প্রয়োগের স্থবিধের জন্মে এই ব্যবস্থা। এতেও মৌলিক রস-স্কাষ্টর পরিসর স্ফীর্ণ। তবু প্রীকা-নিরীকার প্রয়োজন, একথা অস্থীকার করা যায় না। মোটাম্ট বলা যায়, প্রণালীবদ্ধ বঠ-অন্তশালন কিছু কিছু পলীগীতির পক্ষেও বাধা নয়। কারণ গানের সংগীতরপই আমাদের প্রয়োজন। তথু বলব, শিল্পীর মধ্যে প্রকৃত বস্তুর সঙ্গে আত্মিক যোগ স্থাপনের চেষ্টাও অভিজ্ঞতা শ্রকার। কণ্ঠ এর ছবি।

निबीत वाकिष-कर्थ

चाधुनिक शांत्न कर्छत दर्वना चामकान वर् विण च्लोडे हरत्र छेर्द्रेरह । তাতে অনেক সময়ে সাধারণের কানে মৃড়ি-মিছরির একদরের মতোই অহুভৃতি খাসে। কোন গান কোন ধরণের গলায় খাপ খায় এবং সে গানের অমুষায়ী কোন রীভিটি অবলম্বন করা যেতে পারে তা শিল্পীমাত্রেই হয়ত ভাবেন। কিন্তু, এসব জায়গায়, প্রয়োজিত সংগীতে স্থরকার ও প্রয়োজকের মন আরো বেশি ক্রিয়াশীল : একটি বর্ণনাত্মক কাহিনী-গানে কথার আরুভিই বিশেষ প্রাধান্ত লাভ করে—বেখানে একঘেয়েমির সৃষ্টি হয়। এই একঘেরে ভাব্টি ভেঙে দেবার জ্ঞে একটি বিশেষ স্থর-মুহূর্ত সৃষ্টি করা যাবে কিনা, না আবহ-সংগীত প্রয়োগ ভাল হতে পারে—এ ধরণের চিম্ভা গ্রামোফোন রেকর্ডের গানের প্রযোজনায় লক্ষ্য করা গেছে। এক একটি দীর্ঘ একঘেয়ে স্থরের মধ্যে ছান বিশেষে কৃত্ম কারিগরি অনেক সময়ে চমকপ্রদ সৌন্দর্ম স্ষ্টি করে। সামাত্র প্রয়োগই এসব গানে স্থসামাত্র হতে পারে। প্রয়োজিত গানের একঘেয়ে স্থরের মধ্যেও স্ষ্টের যে পথ আছে পল্লীগীতিতে তা নেই। এখানে গায়কের মৌলিকতা ফুটে ওঠবার স্থবিধেও থাকে। অর্থাৎ ছোট ও স্ত্ম কারিগরি আধুনিক গানের মূল কথা। পল্লীগীতি একঘেয়ে হলেও তাকে স্থানর করবার কোন পর। নেই। ভুধু ছন্দের তারতম্য এবং গতির বৈশিষ্ট্য বৈচিত্র্য স্বান্টর সহায়ক। অর্থাৎ গানের সার্থকতা কণ্ঠের ওপরেই নির্ভরশীল।

আধুনিক গানের একধরণের শ্রেণীবিভাগে কণ্ঠের বৈশিষ্ট্য বড় বিবেচ্য। রাগসংগীতের ক্ষেত্রে ধ্রুপদ, থেয়াল, টয়া ও ঠুমরীর জন্মে নির্বাচিত গলা স্বতন্ত্র প্রকৃতির রস-স্প্রেতে সক্ষম—শুধু কৌশল ও অলঙ্কারের বৈশিষ্ট্য ছারা। লঘুসংগীতের এক একটি গান কণ্ঠের তারতম্য জ্মুসারে স্বতন্ত্র শোনাতে পারে। কোন কোন কণ্ঠ স্বকীয় উচ্চারণ-পদ্ধতি নিয়ে বিশেষ ধরণের গানের জন্মেই উপযুক্ত মনে হয়। এসব কণ্ঠে রবীক্র-সংগীত অথবা আধুনিক গানও উপযুক্ত মনে না হতে পারে। অর্থাৎ পরিশীলিত গলা যে ভাবে অভ্যন্ত সেভাবেই বিভিন্ন রূপের গানকে প্রকাশ করতে সক্ষম। শ্রীশান্তিদেব ঘোষ বলছেন, রবীক্রসংগীত সকল কণ্ঠের উপযুক্ত, ভবে "গানের কথার ছারা তিনি (রবীক্রনাথ) যে হুদ্বাবেগটিকে বেঁধেছেন তাকে প্রকাশ করতে হবে অমুকৃল কণ্ঠস্বরের বিকাশে।" অমুকৃল কণ্ঠস্বর বলতে কি বোঝায়? নিশ্চয়ই নির্বাচিত কণ্ঠ। বর্তমানে ছটো কণ্ঠ রবীক্রসংগীতের রূপের অমুকৃলভার

উদাহরণ, একটি কণিকা বন্দ্যোপাধ্যায়ের অন্তাটি স্থচিত্রা মিত্রের কণ্ঠ। শুধু ঘুটো অভিপরিচিত স্বতন্ত্র ধরণের কণ্ঠের কথাই উল্লেখ করা গেল। এই সঙ্গে কখনো উৎকৃষ্ট রাগদংগীত-পদ্ধী কোন কণ্ঠের সামঞ্জল্ভের কথা বলব না। কারণ অফুকুলভা দেখানে নেই।

শাধুনিক গানের জন্মে বিভিন্ন প্রকৃতির কণ্ঠের প্রয়োজন—ঘন, গভীর ও ব্যাপ্ত। কিন্তু মোটামুটি শ্রেণীবিভাগ করব ভারতীয় মতে মন্ত্র, মধ্য অথবা তারম্বরের প্রকৃতিতে। প্রকৃত অফুশীলনের ফলে রসবোধ-সম্পন্ন শিল্পী শাপনার গানের বিষয় সহজে নির্বাচন করতে পারে। কিন্তু এসব ভলে স্থ্যকারের কাজ বিশেষ তাৎপর্যমূলক হয়। স্থারকার বিশেষ গানের রূপ দেবার জত্তে বিশেষ কণ্ঠটিকে খুঁজে বেড়াবেন। কণ্ঠ নির্বাচনের জত্তে স্থরকার গানের রুণটি গোডায় পরিকল্পনা করবেন। আজকালের চলচ্চিত্র সংগীতের প্রবোজনায় এ লক্ষণটি বিশেষ পরিক্ট। অভ্যাদের জন্মে নাধারণ গানের হুর রচনা এখনো তেমন ভাবে চালু হয় নি। কিন্তু বিভিন্ন স্থলে লক্ষ্য করেছি এ ধরণের পরিকল্পনারও প্রয়োজন আছে। অন্ততঃ আধুনিক সংগীতের স্থর রচনার সম্ভাবনা সহত্ত্বে ভাববার অবকাশ আছে বলে বিখাস করি। আকাশবাণীর লঘুসংগীতের জন্মে শিল্পীদের যথন নতুন নতুন স্থুর রচনার শাগ্রহ সহকারে বিভিন্ন স্থরকারের কাছে যাতায়াত করতে দেখি তথনই এ সত্যটি আরও উপলব্ধি করা যায়। তাঁরা পুরোনো গান গাইবেন না। আবো নতুন রূপ চাই। নতুন সংযোজন চাই। কারিগরির স্থবিধে চাই, পলা অফুলারে তারা অথবা মধা গ্রামের বিশেষ ধরণের কাজ চাই, চমকপ্রদ कथात्र हमकथान यदात जार्म हारे।

গায়কী কণ্ঠের ক্রটি

শ্রোতা-সাধারণের কাছে আজকালকার লঘ্-সংগীতের সমালোচনায়, বিশেষ করে আধুনিক গানের সম্বন্ধে এই ঘটি ক্রটির কথা শোনা যায়—(১) গান ওপু কথার সমষ্টি এবং (২) গায়ন পদ্ধতিতে আর্ত্তিমূলকতা। এ ছাড়াও আর একটি ভৃতীয় সমালোচনাও আছে, সে হচ্ছে গানের ক্রচি সম্পর্কিত। ইবে অথবা কথায় হাজা বা লঘ্তম ভাব, শ্লীলতা অথবা অশ্লীলতা ইত্যাদি। এসব ক্রটিগুলো শিল্পীর সংগীত-ভাবনার সঙ্গে সংগ্লিষ্ট। সংগীতের

রূপ ও রদের দিক থেকে বা লযুসংগীতের প্রকৃতি বিচারে এসব আলোচনা উল্লেখযোগ্য নয়। কারণ, লযুসংগীতের পরিধি এত বিস্তৃত যে তাতে সব কিছুর জায়গা হতে পারে। মৃল্যায়ন হয় প্রয়োজনাম্নারে। কুচিবোধ এবং অন্তান্ত প্রসক্তলো আনে বিশেষ রচনা ও শিল্পীর গুণ-দোবের তারতম্য অহুসারে। সাধারণ কথাপ্রধান গানকে হন্দর আলিকে গাইবার যথেষ্ট হুযোগ থাকতে পারে, মৌলিক গায়নপদ্ধতি একটি আর্ভিকেও contrast বা বিপরীত হ্বর ছাপনের ঘারা হুন্দর গানে পরিণত করতে পারে। মোটাম্টি গানকে সরস করে গাওয়া মানে নিছ্ক গান শেখা ও গাওয়া নয়। এর পিছনে অভিরিক্ত প্রয়োগ-চিন্তা দরকার।

শিল্পী বা গায়কের গলার ক্রটি সম্বন্ধে, অর্থাৎ শিল্পের কলা-কৌশলের ক্রটি সম্বন্ধে কতকগুলো বিষয় শাস্ত্রকাররা উল্লেখ করেছেন। ক্রটিগুলো গায়কের ব্যক্তিত্বের সমালোচনায় কার্যকরী কিনা বিচার করে দেখা যেতে পারে । এই তালিকার অধিকাংশ ক্রটি থেকে মৃক্ত হতে হলে মৃল শিক্ষা-পদ্ধতির প্রতিটি পর্যায়ে নানা কৌশল অবলম্বন ও পরীক্ষা-নিরীক্ষা দরকার। অবশ্য এখানে এই ভাবনা অবান্তর মনে হবে। কতকগুলো লক্ষণ রাগসংগীত-শিল্পীর গায়ন-পদ্ধতিতে প্রযোজ্য। লক্ষণগুলোঃ

সন্দর্ভ = দাঁতে চেপে গান।
উদ্যুত্ত = স্থকারী নিখাদ টেনে।
ভীত = তুর্বলচিত্ত।
শহ্চিত্ত = ত্বরাধিত।
কম্পিত = অল-প্রত্যক্রের কম্পন।
করালী = মৃথ ফাঁক করে গান।
কালী = কাকের মত কর্কশ।
বিকল = স্থর কম-বেশি হওয়া।
বিতাল = তালের ধারণা যার তুর্বল—আলাজহীন।
করভ = উটের মত মাধা নীচু করে গান।
অধির = চাগলের মতো আওয়াজ।
বোষক = শিব কপাল, গ্রীবা, মৃথ বিক্রত।
তুম্ব = লাউয়ের মত গলা ফুলিয়ে।
বক্রী = গলা বক্র করে।

প্রসারী = অক-প্রত্যক শ্লখন।
বিনিমীলক = চোধ বৃদ্ধে গান করা।
বিরদ = রদহীন 1
অপক্ষর = ক্র রক্ষণের অক্ষমতা।
মূঘল যুগের ফকীর-উল্লাহের গ্রন্থে এর অতিরিক্ত।
অবাক্ত = কথা স্পষ্ট ভাবে উচ্চারণের অভাব এবং কণ্ঠনালী থেকে
ধ্বনি নির্গত না হওয়া।

স্থানভাষ্ট = মন্ত্র, মধ্য, তার।—তিন স্থানে গলা পৌছাতে অক্ষম বা স্থরভাষ্ট।

ষ্মব্যবহিত = প্রত্যয়হীন তা।
মিপ্রক = বাগ মিপ্রিত করে ফেলা।
ম্মনবধান = গীতের কথা সম্বন্ধে অবহিত না থাকা।
ম্মনাসিক = নাকী।

পুর্বেই বলেছি এর কিছু কিছু লক্ষণ অবাস্তর এবং কয়েকটি রাগসংগীতের জন্যে উপযুক্ত। আঞ্চকালের গানের ক্রটিগুলো জারো শুভদ্বভাবে শ্রেণীবদ্ধ করা যায়, যথা—অস্পষ্টতা, একঘেয়েমি, স্ক্লতাবিহীনতা, অহুকরণশীলতা, স্বর্-বিহীনতা, ওজনবাধের অভাব, কথা ও হ্বরের সামঞ্জ্য সাধনের অভাব, আাবৃত্তি-প্রধানতা, যতির অপপ্রয়োগ, মুদ্রাদোষ, হ্বর সক্ষোচন ও সম্প্রসারণের অক্ষমতা, অতি-আবেগপ্রবণতা ইত্যাদি, ইত্যাদি। এসব ক্রটিগুলো ব্যক্তিছের সঙ্গে সংশ্লিষ্ট। মূলতঃ কণ্ঠ পরিচর্যার অভাবে এগুলোর স্বান্ট হয় এবং নিয়মিত অভাবে এর জ্বনেকটাই দ্রীভৃত করতে পারা যায়। লঘুসংগীতে এর ফ্লেকান একটি ক্রটিতে সম্পূর্ণ গানটিকে অগ্রাহ্ম করে দেওয়া যায়, অথবা এসব ক্রটি শিল্পীকে নিয়মানে নিয়ে যেতে পারে। রাগসংগীতে বহু ক্রটি থাকা সন্ত্বেও কোন কোন গায়কের গান শ্রোভার গ্রাহ্ম হয়ে যায় বিশেষ বিশেষ কারণে। এক্ষেত্রে লঘুসংগীতের ক্রটি-বিচ্যুতি গানকে কখনোই গ্রহণযোগ্য করে না। প্রধান কারণ, লঘুসংগীতের কাঠামোটা অভ্যন্ত ছোট এবং এর সম্পূর্ণ অঙ্গে পরিপূর্ণতা অর্জন করতে না পারলে গায়ক শিল্পী হ্বার অযোগ্য বলে বাভিল হয়ে যেতে পারেন।

কর্থের বয়স

শ্ব্যান্ত কঠের বৈশিষ্ট্য বজায় থাকা পর্যন্তই শিল্পীর জীবন। বর্ধ ছবল অথবা অথবঁতার স্পর্শ পেলে তাকে শ্রোভা সাধারণের কাছ থেকে আভাবিক ভাবেই বিদায় হয়ে বেতে হয়। কিন্তু রাগদংগীতের ক্ষেত্রে একটু ব্যত্তিক্রম দেখা বেতে পারে। বৃদ্ধ-কঠের মধ্য দিয়ে সংগীতের যে ইদ্বিত ভেসে আসে কোন কোন শ্রোভা তাকেও আস্থাদন করতে পারেন, এমন দেখেছি। জনৈক সংগীত-সমালোচক মনে করেন পুরোনো দেরা কীর্তনীয়াদের অনেকের কঠ সাধারণ শ্রোভার মৃল্যায়নে অগ্রাহ্ম মনে হতে পারে, কিন্তু সে কঠের মুধ্যে বৃহত্তর ভাব ও সংগীতের যে ইন্সিত পান্দ্রা যায় তাকে সংরক্ষণ করা দরকার। সাগারণ শ্রোভার মধ্যে এ ধরণের কল্পনাশক্তি কতটা আছে বা এরপ কল্পনাশক্তি দাবী করা যায় কিনা তা বিচার-সাপেক্ষ। সংগীত পূর্ণ-সংগীতরূপে অভিব্যক্তন না হলে শ্রোভাসাধারণের কাছে তার দাম নেই, একথা নিশ্চিত। সেলত্যে কঠের বয়স আছে একথা মানতেই হবে, এবং গায়ককে থেলোয়াড়ের মত অবসর গ্রহণ করতে হবে।

যৌথ বা বৃন্দ গান ও কণ্ঠ

লঘুসংগীতের কঠের শ্রেণীবিভাগ যেমন প্রয়োজন, তেমনি সকল কঠই তিন গ্রামে সমান ভাবে বিচরণ করতে পারবে--এ ধারণাও অবাস্তব। লঘুসংগীতের ক্ষেত্রে এমন বহু কঠ আছে যাদের জ্ঞান্ত স্বতন্ত্র ভাবে গান তৈরি করে দেওয়া দরকার। বিশেষ কতকগুলো গলাকে বৃন্দ-সংগীতের জ্ঞান্ত ব্যবহার করা চলে। বৃন্দ-সংগীতের উপযুক্ত গলার অভাবের কথা উল্লেখযোগ্য। বৃন্দ-সংগীতের ব্যবস্থা ভারতীয় সংগীতে ছিল এবং নানাত্রপ বর্ণনাও পাওয়া যায়। কিন্তু বর্তমান লোক-প্রচলিত গানে বৃন্দ-সংগীতের রচনাশৈলী বাস্তব দৃষ্টিভিন্নর দক্ষণ স্বতন্ত্র রূপ পরিগ্রহ করেছে।

শ্রীনারায়ণ চৌধুরী তাঁর গ্রন্থে বলেছেন, রুক্থন বন্দ্যোপাধ্যায়ের উলিখিত নাট্যসংগীতের সাংগীতিক ধারণাট এখনো স্পষ্ট হয়ে ওঠে নি : "নাট্য-সংগীত মানে যদি এই হয় যে তা হবে মুখ্যত: নাট্যরসপ্রধান সংগীত, বাণী স্বার স্থরের দিক থেকে তাতে নাটকীয় রসের প্রচ্র উপাদান থাকবে, তার রূপ একক না হয়ে হবে যৌথ, তা হলে নাট্যসংগীতের প্রতি সাপ্রহ

সমর্থন না জানিয়ে পারা ষায় না।" জারো বলেছেন, "সভ্য বটে বৌধ সংগীতের সংস্কার এখনও এদেশে পড়ে ওঠেনি, তবে গড়ে ওঠবার পথে বাধাই বা কোথায়! ইয়েরাপীয় সংগীত থেকে 'কোরাস'-এর জাদর্শ জামরা পূর্বেই গ্রহণ করেছি। এদিক দিয়ে ছিজেব্রুলাল, জ্যোতিরিক্সনাথ জার রবীক্সনাথ পথিক্লতের মর্যাদা দাবি করতে পারেন। পরবর্তী মুগে অতুলপ্রসাদ, কাজী নজকল ইসলাম এবং দিলীপকুমার কোরাস গানে বিশেষ সাফল; অর্জন করেছেন। রেওয়াজটা মরে ষায় নি, বরং দিন দিন বাড়ছে।"

এই গেল সাদামাঠা ভাবে কয়েকটি উক্তি, বৌথগান বা বৃন্দগানের ভক্তে বে ক্ষেত্র তৈরি হয়েছে তা নাটকীয় না সাধারণ সে কথা সংগীতের আংগিকের দিক থেকে আলোচ্য নয়। শ্রীনারায়ণ চৌধুরী অবশ্য সে দিক থেকেও স্পষ্ট কথা বলেছেন—সমষ্টি-সংগীত একক সংগীতের তৃসনায় অমার্জিত হতে পারে, ক্ষম স্থার তাতে চাপানো বেতে পারে, ভারতীয় সংগীতের বৈশিষ্ট্য বজায় রাখতে হবে, এবং পাশ্চান্ত্র সংগীতের চঙ ব্যাপকভাবে প্রবর্তন করা বেতে পারে, কারণ কোরাস গানের কাঠামো যা হয়েছে তা অপেক্ষাক্ষত ছুর্বল। হার্মনির প্রয়োগের ঘারা বিরোধী স্থরের সংঘাত ও সমন্বয় সৃষ্টি করে যৌথ সংগীত গড়তে হবে, এটা সমষ্টির আকাক্ষা।

এই প্রদক্ষে শ্রীচৌধুরীর কয়েকটি কথা উল্লেখ করা দরকার। বৃন্দদংগীত বা বৌথদা গীতের ব্যাপারে নির্বাচন, সংগ্রহ এবং প্রয়োগশিল্লের কাক্ষকাইই বিশেষ প্রয়োজন, অর্থাৎ স্থরকার এবং প্রয়োজকের কাক্ষকলা। 'হার্মনি'তে ধারাবাহিকতা নেই, আছে 'হরের' পাশাপাশি অবস্থানের জল্মে ব্যবস্থাপনা। এই ব্যবস্থাপনার চিন্তা আজকাল নতুন করে স্থরকারের মধ্যে এসেছে বলেই আমরা দেখতে পাছি এক ধরণের বৃন্দগান আধুনিক ও ভজনে বেশি প্রয়োজিত হচ্ছে। স্থরকার সম্বন্ধে বলতে গিয়ে এই প্রসাদটি আর একটু বিশ্লেষণ করা যাবে। কিন্ধ এখানে বক্তব্য কণ্ঠ-নির্বাচন। বৃন্দগানকে স্টাম্মে ভূলতে হলে আধুনিক গানের সমর্থনে কণ্ঠের প্রোণীবিভাগ এবং কণ্ঠকে প্রোণীবন্ধ ভাবে নির্বাচন করে তাকে সংগীতের অংশবিশেষ গাইতে দেওয়া। আমাদেক সংগীতের পদ্ধতিতে কণ্ঠের একাকারই প্রচলিত, এতে বৃন্দগান তৈরি হতে গারে না—একথা পূর্বে বলেছি। মন্ত্র, মধ্য এবং তারা স্থরের কণ্ঠ সম্বন্ধে এবং এই বিভিন্ন প্রাণীর মধ্যে আওয়াকের তারতম্য সন্থন্ধে সমাক জ্ঞান

দরকার। হথের বিষয়, যদিও ঐতিচাধুরী আধুনিক গানের রূপকে তেমন ভাবে সমর্থন দিচ্ছেন না কিন্তু স্বীকার করেছেন যে আধুনিক গানের বর্তমান রচনায় স্থরকারের কাজ যে ভাবে চলেছে আজ পর্যস্ত তাকে স্পষ্ট ভাবে বিশ্লেষণ করা হয় নি। স্থরকারের দায়িত্ব সম্বন্ধে ওয়াকিবহাল হলে এ ব্যাপারে আর একট্ আলোচনা করা যেতে গারে।

মোটামূটি, শিল্পীকে লঘ্দংগীতের পথে পরিচালনার দায়িত্ব আজ নিয়েছেন হ্ররকার ও প্রযোজক। কঠকে বাছাই করা, কঠের গ্রাম-পরিক্রমণ ক্ষমতা জহুদারে হ্রর প্রয়োগ করা, প্রকৃত শিল্পসৃষ্টির পথপ্রদর্শন—হ্ররকার প্রয়োজকের দায়িত্ব। —এ সমন্তের মূলে প্রয়োগ-নৈপুণ্যের দার্থকতাও নির্দেশ করা বায়। অর্থাৎ কোন কঠকে কি ভাবে ব্যবহার করলে অভিনবত্ব সৃষ্টি হতে পারে ? বছকালে যে কঠ জনসাধারণের কানে একঘেয়ে হয়ে গেছে, হ্রর-প্রয়োগ ও প্রয়োজনার গুণে তাকে সাতন্ত্র্যা দান অনেকটা হ্রকারের উপর নির্ভরশীল। যে কঠ তারা গ্রামে আর বছবিভ্ত হয় ন:—তাকে সঙ্গোচন করা, যে কঠ মন্ত্র বিশেষ রদ সৃষ্টি করতে পারে ভাকে প্রয়োগ করা, সমবেত সন্মিলিভ বিশেষ বিশেষ কঠগুলো। কি ধরণের প্রভাব সৃষ্টি করবে বুঝে নেওয়া— এ সকলই হ্রকারের দায়িত্ব।

সংগীত-প্রযোজনায় সুরকার

٥

ক্ষেক্জন স্বকারের কথা আধুনিক গান আলোচনা সপ্পর্কে উদাহরণরূপে উল্লেখ করেছি,—এঁরা স্বর্গত হিমাংশু দত্ত স্বর্গাগর, স্বধীরলাল চক্রবর্তী, শৈলেশচন্দ্র দত্তপ্তপ্ত ও অসুপম ঘটক। স্বরকার সম্বন্ধে সম্যক্ষ আলোচনা সাধারণের মধ্যে প্রচলিত নেই বলে আধুনিক গানের পটভূমিকার আড়ালের এই সমন্ত কারিগর সম্বন্ধে কিছু বলা দরকার মনে করি। সংগীতশিল্পীর প্রাধান্ত শম্বন্ধে শ্রোতা 'সচেতন', কিন্তু দক্ষ স্বরকারের স্বর্গ ও প্রয়োজনের প্রকৃতি সম্বন্ধে আতা 'সচেতন', কিন্তু দক্ষ স্বরকারের স্বর্গ ও প্রয়োজনের প্রকৃতি সম্বন্ধে আতা ধাকায় কোন কোন সংগীত-সমালোচককেও দায়িজ্জানহীন কথা বলতে দেখা যায়। স্বরকারের দক্ষতা কারিগরির রূপেই প্রকাশিত হয়। তিনি যেন পত্যি একজন craftsman—ব্যবস্থাপনা ও কুশলতাই যেন তাঁর কাজ। শিল্পী নির্বাচন, রূপ-বাতলানো, সংগীতের সহযোগিতা সম্বন্ধে ভাবনা—এসব কাজই তাঁকে করতে হয়, স্বর-শিল্পীর বা গায়কের মনের ভাবনা এঁর নয়। কিন্ধু স্বর্গারের কাজ যে শুধু কারিগরি নয়, তিনি যে স্বত্ত্ম একটি সংগীত-জগতে প্রবেশ করবার একমাত্র পথপ্রদর্শক একথা জানা দরকার।

নজফলের সমসাময়িক কালে যাঁরা লঘুদংগীতের হ্বরচনায় প্রযোজনার লায়িছ নিয়ে একাজের পথপ্রদর্শক হয়েছেন তাঁদের মধ্যে দিলীপকুমার রায় ও হিমাংশু দত্ত হ্বরদাগরের সহজে কিছু কিছু আলোচনা হয়েছে। দিলীপকুমার প্রথমে হ্বরদংযোজনায় অংশ-ভানের ব্যবহার করেন। ভাছাড়া হিচ্ছেন্দ্রলালের গান, কিছু কিছু প্রচলিত ভক্তিমূলক গান এবং সমসাময়িক কাব্যগীতি নানা ভাবেই প্রচারিত করতে চেষ্টা করেন। বিশিষ্ট কোন লক্ষণ ছারা ভৎকালীন দিলীপকুমার রায়ের হ্বরকারের কাজ ব্যাখ্যা করা ষায় না, বেমনটা করা যায় হিমাংশু দত্ত হ্বরসাগরের কাজ। হিমাংশু দত্ত, অজয় ভট্টাচার্হের পীতি অবলম্বন করে প্রথমে রাগসংগীতের রূপে পরিক্ষৃত্ত করতে চেষ্টা করেন। যদিও গোড়া পত্তন হয়েছিল রবীক্রসংগীতে, কিছু রাগরূপের প্রতিফলনই হিমাংশুকুমারের রচনায় জনপ্রিয় ও সার্থক হয়ে ওঠে। হ্বরসাগর সম্বন্ধে শ্রীনারায়ণ চৌধুরী 'সংগীত-পরিক্রমা' গ্রম্থে লিখেছেন, গজল সিয়ে হ্বর যোজনার কাজ হৃত্র করেছিলেন। পরে আছা ও কাফাতে কিছু গান রচনা

করেন। এর পরের যুগে স্থর-রচনায় হালকা ভাব কমে আসে এবং গানের বিভিন্ন শুরের স্থর-বোজনা সম্বন্ধ ভাবলেন ("রবীক্স-সংগীতের জলস মাধুর্ধ বেমন তাঁর সঞ্চারীতে, হিমাংশু দন্তও তাঁর গানের সঞ্চারীগুলিতে তাঁর হৃদয়ের সঞ্চিত মাধুর্ব নিঃশেষে ঢেলে দিলেন")। এ সময়ে কিছু ঠুমরী-ভাবান্থিত গানও রচনা করেন। এরপর তাঁর ঝোঁক গেল হিন্দী খেয়াল ভেঙে গান রচনার দিকে—এসব গানে "খাটি বাংলা স্থরের আদল এসে গেল"—তাকে "আপন মহিমায় প্রতিষ্ঠিত করল"। গানগুলো: "যদি দখিনা পবন আদিয়া ফিরেগো ছারে", "আলোছায়া দোলা", "মম মন্দিরে এলে কে তুমি", "মধুরাতে আজি", "নতুন ফাগুনে ধবে", "ফাগুনের সমীরণ সনে", "ছিল চাঁদ মেঘের পারে", ইত্যাদি। "এরপর সিনেমাতে যোগদান করেছিলেন স্থরকার হিসাবে। কিছু পরবর্তী কালের রচনা "ভাজমহল", "প্রেমের না হবে ক্ষয়", 'চাঁদ ভোলে নাই চামেলিরে তার", প্রভৃতি গানে তাঁর রচনার প্রধারটি বন্ধায় রয়েছে। নির্বিচার রাগ-মিশ্রণ তিনি করেননি।

হিমাং ভ দত্তের হার-রচনা সম্বন্ধে আমাদের বক্তব্য হচ্ছে হিমাং ভকুমারের রচনা রাগ-নির্ভর, কিন্তু "রবীক্ত-অন্নদারী" বলা যায় না। হিমাংভকুমারের গান রাগসংগীত নয় একথা সত্য। তিনি বাংলার জারক রসে গানের হুর জারিত করে স্বাতন্ত্রা দান করেছেন। স্বলঙ্কারের ব্যবহারের দ্বারাই হিমাংশুকুমার পূর্ব যুগ থেকে স্বভন্ত। রবীক্রনাথ অলকারের প্রশ্রেয় দেন নি। হিমাংশুকুমার অলংকারে বৈচিত্তা এনেছেন (দিলীপবাবুর সাথক উক্তি অনুসরণ করে বলব) "চুর্ণ স্থরের চেউ"এ। খেয়াল ও ঠুমরীর অন্তর্গত কতকগুলো বিশেষ ধরণের থগুতান, ঝটকা ও বৈশিষ্ট্য-পূর্ণ মীড়ের রাগ-অফুসারী প্রয়োগের মধ্য দিয়েই এই বৈচিত্রা ফুটে উঠেছে। হিমাপ্তকুমার দত্তের রচনায় স্মাবেগ-প্রবণতার প্রবাহ ছিল। নজফলের মধ্যেও কোথাও কোথাও স্বাবেগ-প্রবণত। লক্ষ্য করা ধার। নজরুলের নতুন স্বষ্ট গজল-ভঙ্গিম গানের চটুলতা বোধহয় হিমাংশুকুমারের রচনাকে গোড়ার দিকে আরুট করতে চেয়েছিল। কিন্ত হিষাংশুকুমার ভাতথণ্ডে পদ্ধতির থেয়ালী ভঙ্গির সঙ্গে পরিচিত ছিলেন वर्ण निष्मत्र १४ व्यक्त निष्मिहिलन। नव्यक्ति वर् कथा, स्त्रवाध नम्बद्ध ব্যক্তিগত প্রত্যয়কে স্থপ্রতিষ্ঠিত করবার মত সৌন্দর্যবোধ হিমাংশু দন্তের ছিল। স্থরকারের সম্পূর্ণ সার্থকতা নির্ভর করে নির্বাচনী শক্তিতে। সব দিক থেকেই ডিনি সার্থকতা অর্জন করেছিলেন—গীতি নির্বাচনে, শিল্পীর গুণাগুণ-

নির্বাচনে। এ সকলের মধ্যেই ভাবনার স্থসংগতি এবং চিন্তার ধারাবাহিকতা থেকে বিচ্যুত হন নি। স্থরকারের স্পষ্টতে ধারাবাহিক স্থসংগতি হিমাংশু দত্তের বৈশিষ্ট্য। আপনার ভাব-সমগ্রতাকে তিনি আগাগোড়া সংরক্ষণ করেছেন। সমসাময়িক শৈলেশচন্দ্র দত্তগুপ্তের রচনাও অনেকাংশে রাগ-নির্ভর ছিল। কিন্তু ছন্দের গতি স্পষ্ট ও বৈদেশিক রূপ আহরণের কান্ধ করেও শেষ পর্যন্ত শৈলেশচন্দ্র ধারাবাহিকতা রক্ষা করবার কোন স্পষ্ট ছাপ রেথে যেতে পারেন নি। কিন্তু এঁর স্থকৌশল প্রয়োগরীতিও সামান্ত ছিল না।

হিমাং বাবর কিছু পূর্ব থেকেই নজকলের স্থর-রচনার স্থক হয়েছিল এবং গৰুল গান ও দেশাত্মবোধক গান প্রচারিত হয়েছিল। স্থর-সংযোজনার मिक (थरक नककल्वर ভाবনার অবকাশ বেশি ছিল না। এकिश ব্যাখ্যা করেছি এবং রাগদংগীত ও প্রচলিত গানের বছ বৈচিত্রাই নজকলকে আকর্ষণ করেছিল, একথাও পূর্বে আলোচিত হয়েছে। স্থর নিয়ে নভকলের মাতামাতির অস্ত ছিল না। যে গানই ভাল লাগত, বে স্থরই কানের মধ্য দিয়ে ছন্দ সহকারে এসে উপস্থিত হত, তাকে নক্ষরুল সমগ্রভাবে একটি গানের আধারে সংগ্রহ করতে চাইতেন। এ কথাটি বেশ বোঝা যায় তৎকালীন অল ইণ্ডিয়া রেডিওর জত্তে নজকলের অজল রচনা প্রসঙ্গে। নিম্নলিখিত কতকগুলো ধারাবাহিক অফুষ্ঠানের জন্মে নম্কল গান রচনা ও সংগীত পরিবেষণের কাজে যুক্ত ছিলেন: (১) হারামণি-এই নামে হারিয়ে যাওয়া রাগকে বাংলা গানে রূপদান, (২) নবরাগমালিকা-নতুন সমন্বয়-মূলক রাগরপের বাংলা গান এবং (৩) গীতি বিচিত্রা—প্রাচীন ভাবধারা অথবা নতুন বিষয়বস্ত অবলম্বনে প্রতিটি অমুষ্ঠানে কয়েকটি করে পানের রূপকামুষ্ঠান। এই তৃতীয় অমুষ্ঠানটিতেই 'কাবেরী নদীতীরে' গীতি শালেখাটি প্রচারিত হয়েছিল, এবং এর শারো ছটি পরিচিত রূপক "हान्मनी", "कारकना" ইত্যापि। এই नकन পরিকল্পনার মূলে ছিলেন স্থারেশচন্দ্র চক্রবর্তী। রাগের রূপ বাংলাগানে ধরে দেবার জ্ঞানজ্ঞকরত ইনি সাহায্য করতেন। নজকল রাগকে গানের আধারে বসিয়ে দিতেন। এসব গানগুলো প্রকৃত ব্যবসায়িকভাবে প্রযোজনার হুযোগ পেলে রাগ্-অনুসারী বাংলা গানের একটা বিশেষ দিক প্রসারিত হত সন্দেহ নেই। বেডারে প্রচারিত বিষয়বন্ধ ও প্রবোজনায় মূলত স্থরেশচন্দ্র চক্রবর্তী ছিলেন বলেই নজকুল নিজ স্ষ্টিকে পরিবেষণ করে নিছুতি পেতেন। গীতস্ট্রের

श्रीहर्षत करछरे नककन श्रीवाकना । मात्रकर्णत मिरक नकत मिरक भारतन নি, সময়ের বলতা ও সহায়হীনতা এর কারণ বলে মনে হয়। হর্তাগ্য বে গানগুলোতে হুরযোজনার পর উপযুক্ত কঠে ও বান্ত্রিক সহযোগিতায় রূপদান বারা করতে পারেন, সেরপ প্রযোজকের সংস্পর্শ ছিল শুধু গ্রামোঞ্চান রেকর্ডের ক্ষেত্র। তৎকালীন গানকে ধরে রাখার ব্যাপারে গ্রামোফোন রেকর্ডই কতকটা কাজ করেছে এবং তা হয়েছে প্রযোজনার জত্তে। এ সব অমুষ্ঠানের কয়েকটি গান এরপ সহযোগী সংগীত-প্রযোজকের জন্তেই আজ কিছু কিছু পাওয়া যাচ্ছে। নজরুলের মৌলিক রাগসংগীতের আকর্ষণের পক্ষে মঞ্সাহেব ও জমিক দিন খানের সংসর্গের কথা অনেকে বলেন। বছ বৈচিত্রের প্রতি লক্ষ্য থাকীয়ে এবং বিশেষ করে কবিমন মত:প্রবৃত্ত হয়ে নিরম্ভর ভাষা রচনায় যুক্ত থাকায়, স্থর রচনা করবার পরের কাক্তের জত্যে অধিকাংশ কেতেই প্রধোজকের ওপর নির্ভর করতে হত। অর্থাৎ, হুর প্রধোজনার জন্তে যে বে ভাবনা স্থাকারকৈ স্বতন্ত্র লক্ষ্যের দিকে নিয়ে চলে নজকলের সেই অবকাশ हिन ना। यात्रा এ विश्वत्य विश्वयकार्य नक्षकालत महत्र युक्त हिल्मन जात्रत मध्य শ্রীকমল দাশগুপ্ত, গিরিণ চক্রবর্তী, চিত্ত রায়, শ্রীসিদ্ধেশর মুখোপাধ্যায় প্রভৃতির নাম উল্লেখযোগ্য। অনেকে এই কাজের সংক যুক্ত ছিলেন বলেই নজকল স্থারের বহু বৈচিত্তোর দিকে লক্ষ্য রাখতে পেরেছিলেন। নজকলের স্থারের কাঠামোটা মুক্ত ছিল বলে, বিশেষ করে রাগদংগীতের গায়ক বাঁধাবাঁধির • মধ্যে ঠেকে থাকভো না। এই স্বাধীনতা দেবার জন্তে নজকলের বছ রচনা একটা স্থির রূপের পরিসরের মধ্যে আসে নি। এজন্তে স্থর রচনায় সর্বত্ত সামঞ্জতা রক্ষিত হয় নি। এদিক থেকে যদিও নজকলের রচনা আধুনিক যুগের প্রারম্ভ স্টনা করে, স্থরকার হিসেবে নজকলের গভীরতা ও বৈশিষ্ট্যের সন্ধান করা যায় না। কিছু রচনা আবেগ-প্রধান, কতকগুলো চটুল রূপাস্তর (স্থরকারের স্থ্য রচনায় ''অফুকরণ'' শক্টি আমি ব্যবহার করব নাষ্ট্র রচনাট নিতান্ত অহবাদ না হয়), কিছু কিছু রচনা কথার ঐশর্ষে এবং रेयामानिक छन्नितक छेद्धायन कत्रवात काम्रमात्र ठमकश्रमछाट्य स्मेनिक इट्सट्छ। নজকলের স্থর-রচনায় ধারা-বাহিকতা ও পদ্ধতির কোন নিশ্চিত লক্ষণ নেই বলে আজ নজকল-রচনা আধুনিক গান থেকে বতন্ত্র পথ বেছে নেয় নি। একয়েই আধুনিক সংগীতদেহে স্থরকার নজকল ভিত্তিভূমি রচনা করেছেন।

यात्रा नककरनत खत्ररशासना ७ श्रारशासनात छात्र निरम् छात्र कास्ति ममाश्र

করেছেন তাঁদের মধ্যে ইনি কমল দাশগুপ্তের অভিজ্ঞতাকে সার্থক প্রেরণা দিয়েছিলেন। কমল দাশগুপ্তের সহজ হুর-রচনাকে এভাবেই বিশ্লেষণ করা চলে। হিমাংভ দত্ত একশ্রেণীর গানে স্থরকলি চয়ন, নির্বাচন এবং প্রয়োগ-বিধিতে নজকল থেকে আরো ভাবগভীর, ধীর এবং অনিবার্ধ। একটু বিশ্লেষণ করলে এ অভিজ্ঞতাই মিলে। যে কোন emotional বা আবেগপ্রধান রচনার रा अन चार्ट नककातात एव तहना रा अरन विरामय नाज करतह वरनहे. কোন কোন গানের হুর বাক্য-সমৃদ্ধির সঙ্গে হুসমঞ্জস হয়ে প্রবল বেগ হুষ্টি করেছে এবং গতি অর্জন করেছে। মার্চের গান বা বীর্ত্ববাঞ্চক স্থর রচনা শে পর্যায়ের। রাগপ্রধান নামে আজও প্রচলিত গানগুলির স্থরে নজকল আত্ম-বিলোপ করে শিল্পীকে স্বাধীনতা দিয়েছেন। খ্রামাসংগীত রচনায় নিজেকে ট্রাডিশনের সঙ্গে একাত্ম করেও মৌলিকতা রক্ষা করেছেন—মুণালকান্তি ঘোষের গাওয়া গানওলো একথাই প্রমাণ করে। হিমাংভ দত্তের স্থর রচনা এই তুটো লক্ষণ থেকে একেবারে স্বতন্ত্র। মোটামুটি হিমাংশু দত্ত সম্বন্ধে শ্রীদিলীপকুমার রায়ের হুটো উব্জি স্মরণ করি—"নব ভঙ্গিম বৈদেশিক ভঙ্গি, ঠমরীর উৎকর্ষ", "চূর্ণ স্থারের চেউ" এবং মূল প্রেরণা "ধ্যানম্রুতি" বা "ধ্যান-দষ্টি"—বেদব গুণে স্থরকারের কল্পনাশক্তি ক্রিয়াশীল হয়। এই কল্পনাশক্তি রবীন্দ্র-ছিজেন্দ্র-রজনীকান্ত-অতুলপ্রসাদ যুগের কল্পনাশক্তি নয়। অর্থাৎ সে যুগের মত স্থ্যকলি-নির্বাচন প্রক্রিয়া সাদামাঠা নয়। শিল্পের জীবন্ত মূর্তি অনেকটা mechanised বা 'প্রন্তরীভূত' তা প্রচার যন্ত্রের জন্মই হোক আর যন্ত্র প্রসারের হোক। নজফলকে আপাতদৃষ্টিতে রবীক্স-দ্বিজেক্স-রজনীকান্ত-অতুলপ্রসাদ পংক্তির মনে হয় কিন্তু নজকল স্থর-ব্রচনার দিক থেকে অনেকটাই বান্তবমুখী, অর্থাৎ ক্ষরের পর স্থর চয়ন করেছেন অপরিসীম আহরণী শক্তি নিয়ে, বে কোন লক্ষ্যভূত স্থরকে টেনে নিয়ে আসতে দিধা করেন নি আর শ্রোতা এবং শিল্পীর দিকে লক্ষ্য রেখেছেন।

আধুনিক গানের আলোচনা সম্পর্কে স্থণীরলাল চক্রবর্তীর স্থর-রচনার কথা পুরে উল্লেখ করেছি। স্থণীরলালের স্থর-রচনায় ধারাবাহিকতা আছে, অর্থাৎ অধিকাংশ রচনার মধ্যে সংগতি আছে একথা অনস্বীকার্য। সমসাময়িক স্থরকারদের মধ্যে স্থণীরলাল অপেকাফত স্বল্লবয়ক্ষ ছিলেন। কিন্তু রাগ-সংগীতের অভিজ্ঞতা এবং পরিবেষণ ক্ষমতা তাঁকে স্থরকারে পরিণত করেছিল। স্থরকারের প্রস্তুতির জীবনে অভিজ্ঞতার নানা স্তরের মধ্য দিয়ে এগিয়ে যাওয়া

বিশ্লেষ প্রয়োজন। নিয়মিত অভিজ্ঞতা এবং কেত্র-প্রস্তৃতি না হলে হুর-নির্বাচন ও সংযোজনার কাজে মানসিকভার ফুর্ভি হয় না। ওণী সংগীত-ন্মালোচক সাহিত্যিক কিংবা শিল্পীর সঙ্গে আলোচনা করে মনে হয়েছে. এখনো খনেকেই ভাবেন বে স্থরকার হবার ক্ষযভাটি খত:ফুর্ত বৃদ্ধি। বেহেতু কোন সংগীতরসিকের বাড়িতে সংগীতের ট্রাভিশান গড়ে উঠেছে এবং কিছু গান করতে তিনি সক্ষম, সেই হেতু হুরকার হবার দাবীও তাঁর আছে—ঐ চিন্তাটি সংগীতের ক্ষেত্রে মারাত্মক রকমের ভূল ধারণা। অর্থাৎ "বেহেতু আমি গান ভালবাদি বা ভাল গান শিখেছি, সেহেতু আমি হুরকার হতে সক্ষম"-এরপ চিন্তা>অপাংক্রেয়। "আমি বেহেতু গীতি-রচয়িতা, এবং শতীতে 'গীতিকাররা স্থরকার ছিলেন, সেহেতু আমি স্থরকার"—এ দাবীও আজ অচল। এমনও উদাহরণ প্রচার-যঞ্জের মাধ্যমে গোচরে আসা সম্ভব হয়েছে যে হঠাৎ কেউ কেউ স্থানকার রূপে স্বীকৃতি পেয়ে গেছেন। হঠাৎ কোন গায়ক একটি গান রচনা করে দার্থক হলেন এবং গানটি দাধারণ্যে চমকপ্রদ রূপে প্রচারিত হল, কিন্তু তা বলে সেই মুহুর্ত থেকে কেউ হ্ররকারে পরিণত হলেন এমন কথা স্বীকার করা যায় না। স্থরকারের কাজটি এখরণের নয়। নির্বাচন-প্রক্রিয়া, যন্ত্র-সংগীতের অভিজ্ঞতা এবং হুর ও হুরকলির গ্রহণ-বর্জনের কাজ অভিজ্ঞতার দক্ষে এগিয়ে যায়। যে স্থরকারের ভৈরির গোড়ায় স্থর-প্রয়োগ সম্বন্ধে রীতিমত চিস্তাশীলতা নেই তিনি স্ত্যিকারের স্থরকার নন। যেদিন থেকে হুর সম্বন্ধে চিস্তার প্রবাহ (বা process) হুরু হয়ে পথ চলবে তখন থেকেই স্থরকারের কার্যধারা স্বরু। স্থীরলালের সল্ল বয়সের মধ্যেই এই ধরণের অভিজ্ঞতা ও চিস্তার অবকাশ হয়েছিল, যা হয়ত তথনকার বছ স্বপ্রতিষ্ঠিত গায়ক-বাদকেরও হয়নি। সে জত্মেই স্বধীরলালের স্বর-রচনায় রাগ থেকে মুরকলি সংগ্রহ, ছোট ছোট •মংশ-তানের ব্যবহার, সহজ কিন্ত একটু কারিগরি-প্রস্ত স্থ্র ব্যবহারের কথা উল্লেখ করা কর্তব্য। পূর্বেই वटल हि स्मालारतम कर्श श्राह्मार श्रेत दिलिहा अवः ভातचरतत ও मधामश्राह्मत चरत्रत मृत्रच चृतिय अकमरा चत्र चानन कतात काकि विरमय উत्तर्थसाना नकन। সরল প্রকৃতির তুএকটি গানের কথা ও স্থরের সামঞ্চত সাধনের কৃতিছও কম নয় (একটি গানের বিষয়বস্ত — 'মাকে মনে পড়ে')। আধুনিক গানের রীতি অফুদারী একটি ক্ষীণ ধারা স্থ্যীরলালের স্বরসংযোজনার ফলশ্রুতি বলে কেউ কেউ বলেন। সম্ভবত, স্থামল মিত্র স্থাবিলালকে অমুসরণ করে কাল আরম্ভ

করেছেন, যদিও ক্রমবিকাশ, বিবর্তন, অভিজ্ঞতা ও চিস্তার সঙ্গে পরিণতি ও ব্যক্তিত্বের ক্ষুরণ আশা করা ধেতে পারে।

পরীক্ষা-নিরীক্ষার কেতে শ্রীজ্ঞানপ্রকাশ ঘোষের অসংখ্য অভিজ্ঞতার কথা উল্লেখ করা প্রয়োজন। বহু অভিজ্ঞতার তার পেরিয়ে তাঁর রচনা বিশিষ্ট লক্ষণ ষ্মর্জন করেছে। গ্রামোফোন রেকর্ডে প্রচারিত ত্একটি গান ছাড়া অধিকাংশ রচনাই আকাশবাণী লঘুসংগীতের রমাগীতি নামক অনুষ্ঠানে প্রচারিত হয়। ষে ধরণের পরীকা-নিরীক। এীঘোষকে নতুনত্বের সন্ধান দিয়েছে তা হচ্ছে সংক্ষেপে: (১) যন্ত্র বাবহারে পাশ্চাত্য সংগীতের "হার্মনি"কে এদেশীর মেল ভির আরু গভা রেখে সামঞ্জপুর্ণ বাবহার, (২) সমবেত কঠে অথবা যুগ্ কঠে যৌথ-গানের বহু প্রকারের মার্জিত অভিব্যক্তি ('মার্জিড' শব্দটি বাবহার করবার কারণ, বছ অমুকরণশীল অমাজিত যৌথ-গান আবহ সংগীতের সঙ্গে মিশিয়ে চলচ্চিত্রে উদ্দেশ্যপ্রণাদিত করে প্রচারিত করা হচ্ছে.—বেখানে বৈদেশিক প্রভাব, "জাজ্ "-সংগীতের প্রয়োগও অভ্যন্ত স্থুল ভাবে হয়ে থাকে), (৩) সমবেত কঠের যৌথ-গান ওধু কঠদামঞ্জতে বল্লসহযোগিতা ছাড়া তৈরী, (৪) একক রাদের প্রতি আফুগত্য রক্ষা করে হুর প্রয়োগ, (৫) গানের যন্ত্রসংগীত সহযোগিতার বিভিন্ন রক্ষের ব্যন্তের প্রয়োগ (ম্থা—শাহ্নাই ব্যবহার), (৬) তালযন্ত্রের বিচিত্র ব্যবহার এবং (৭) কোথাও কোথাও আবহদংগীতের ব্যবহার।

ষন্ত্রপানিতার সহযোগিতার ক্ষ কাক্তকলা ও হুর সন্নিবেশের কায়দা আমরা আনেকটাই পাশ্চাত্য সংগীতের কাছ থেকে সংগ্রহ করেছি। বিশেষ করে বাছার্ন্সের মারফতে হুরকলিতে হা-সংগতির (harmony) স্বষ্ট এক্ষেত্রে লক্ষ্য করা দরকার। এ বিষয়ে বহু হুরকারই আজ নানা ভাবে হুর রচনা ও প্রযোজনা করছেন। শ্রীঘোষের হুর প্রযোজনার পেছনে একটি গৌণ (mild) এবং রাগ অফুসারী হ্ররশংগতি বা harmony স্বষ্টির চেটা আছে। শ্রীক্ষানপ্রকাশ ঘোষের বিশেষ কতকগুলো রচনার বৈশিষ্ট্য যা লক্ষ্য করেছি, তাতে বলা চলে, গানকে হ্বয়্য-শর্শ্ব রেখে তাতে বয় সহযোগিতার হুয়ম রূপ-দান করবার লক্ষ্যই প্রধান। বহু পল্লীগীতিকে সংগতিপূর্ণ ষন্ত্র সহযোগিতার ব্যবস্থা ও প্রযোজনা করে দেখিয়েছন—গানের মৌলিক রূপ অক্ষ্ম রেখে তাকে হ্বনির্বাচিত, হুপরিচ্ছন্ন প্রযোজনায় সার্থক ভাবে, হুরের প্রতীক রূপে উপ্রাপিত করা যায়। শ্রীঘোষের হুর-সংযোজনায় গানের মধ্যে উচ্চারণের

স্বাতস্ত্রো বতি ও জোরের প্রয়োগ লক্ষ্য করা যায়। রাগের নির্বাচিত স্বংশ-যোজনাও একটি বিশেষ গুণ।

সম্প্রতি বৃহত্তর ভারতের সংগীতে এমন একটা রূপ-সংহতির দিন এসেছে ষে বাংলা আধুনিক গানের বিশিষ্ট রূপ বলে আর কোন কিছু বিশিষ্ট প্রকৃতি অদূর ভবিশ্বতে পাওয়া হাবে কিনা সন্দেহ। অন্ততঃ স্থরকার ও প্রধোঞ্জকের দিক থেকে গান অনেকটা তাই হয়ে দাঁড়াচ্ছে। আজকে বাংলায় যা আধুনিক হিন্দীর সে ভকিটাই গীত এবং অক্তাক্ত আঞ্চলিক ভাষায় বিশেষ করে ওড়িয়া ষ্মমীয়া ভাষায়ও তা ষ্পাধুনিক। রচনার মূল্য নিরূপণ, উৎকর্ষ বিচারের পদ্বা এক। প্রজ্ঞানপ্রকাশ ঘোষের বহু স্থর সংযোজনার স্থম রূপ পাওয়া যাবে কিছু সংখ্যক हिन्ती गीरन। हिन्ती जञ्जनखरनारक चत्रमःगिक (harmony) প্রয়োগ করা হয়েছে ভাবরূপ রক্ষা করে। বহু পুরোনো ভন্তনে স্থরের আশ্চর্য প্রয়োগ করেছেন। বিশেষ করে কয়েকটি হিন্দী গীতের রূপ স্থর-সমৃদ্ধির উৎকর্ষ প্রমাণ করে। যাঁরা হার-রচনার কৌশল সম্বন্ধে অবহিত আছেন শ্রীজ্ঞান-প্রকাশ ঘোষের স্থরকে তাঁরা চিনে নিতে পারেন—এটা স্থরকারের চারিত্র কলা বলতে পারা যায় ৷ স্থাবলরের বিশেষ কতকগুলো বৈশিষ্ট্য লক্ষ্য করে একথা বলা হচ্ছে। একটি উদাহরণ দেওয়া থেতে পারে। পুর্বযুগের স্থরকারগণ গতামুগতিক নিয়ম অভুদারে কানে ভাল শোনায় এমন স্থরকলির ব্যবহার করতেন, এবং গানের স্থরের বিকাশের মধ্যে সংগতিপুর্ণ আকর্ষণীয় অংশ ব্যবহার করতেন। ষ্থা—শুদ্ধ স্বরে পঞ্চমযুক্ত কোমল ধৈবত, কোমলনিযাদ যুক্ত ধৈবত, মধ্যমযুক্ত কোমল গান্ধার, কোমল নিখাদের স্থলখিলিত প্রয়োগ ইত্যাদি। এজত্যে ভৈরবীম্বর কানে ভাল শোনায় বলে সেই প্রচলিত ম্বরগুচ্ছের ব্যবহার যে বাংলা গানে কত বেশি করে হয়েছে, তা গুণে শেষ করা যায় না। স্থরকে মনোহারী করবার এসব কায়দা অনেকেই জানেন। কিন্তু পঞ্চম থেকে শুদ্ধ रेथवर्ज निशामित खूत मिलान-धमव धत्रामत काम्रमा, वारक विभिष्ठे खूररक লাগাবার কায়দা বলা হয়ে থাকে, এই উদ্ভাবনের চিন্তা শ্রীজ্ঞানপ্রকাশ ঘোষের গানের মধ্যে দেখা যায়। স্পাৎ যে কোন স্থর থেকে যে কোন স্থর ব্যবহারের বেলায় দুরত্বকে এবং লরল রীতিকে পাশ কাটিয়ে কৌশলপুর্ণ মনোহারী প্রয়োগের কথা বলছি, বেধরণের কৌশল রাগসংগীতের ঠুমরী গানের রীভিতে ষড়জ পরিবর্তন দেখিয়ে করা হত। এটা উদাহরণ মাত্র। বাংলা গানে এযাবং অধি-কাংশ কেত্ৰেই সরল রীতিই চালু ছিল। প্রচলিত সহজ রীতিতে স্থরের চোট

ছোট সন্ধিবেশের এরপ ভাবনা পূর্বযুগের সীতিকার-স্থরকারের যুগে হয়নি সীতিকার-স্থরকারের গান সাধারণত pattern বা রূপকর-পদী ছিল। এমন কি নজকলের স্থরেও রূপকর বা pattern-এর যথেষ্ট অবলম্বন হয়েছে। সাধারণভাবে যা discord বা বিশ্বর হতে পারে তাকে স্থর-ঐক্যের আওতার মধ্যে নিয়ে আসা এ যুগের স্থরকারের বিশেষ একটি experiment বা পরীক্ষা। আধুনিক স্থরকারেরা বহুকেত্রেই প্রচলিত pattern থেকে মৃক্তির চেষ্টা করেছেন। এবিষয়ে শ্রীসলিল চৌধুরীর কথা পরে বলব। Pattern বা গতামুগতিক রূপকর থেকে মৃক্তির একটি প্রবল প্রতিভা শ্রীজ্ঞানপ্রকাশ ঘোষ। শ্রীঘোষের এসব অভিজ্ঞতাব গোড়াপত্তন শুধু গানের মধ্য দিয়ে হয় নি, যক্রসংগীতের অভিজ্ঞতা এবিষয়ে মনের মধ্যে ক্রিয়া করেছে। সম্ভবত প্রথমে রেকর্ডে যন্ত্রগাতের (গীটারে) সহযোগিতায় আত্মপ্রকাশ করেন, এবং এরূপ যান্ত্রিক স্থর-প্রকরণ অভিজ্ঞতাকে পরিণতির পথে নিয়ে গিয়েছে।

হুর কারের হুরুসংযোজনা ও প্রযোজনার কাজের দারা প্রোতার দৃষ্টি আকর্ষণ **শ**থবা হার **শ্বরুগদনে শ্রোতার কানের ভেতর দিয়ে মর্মে প্রবেশ ক**রবার জন্মে যে বিশেষ ক্ষমভার কৃতি দেখা যায়—তাকে কল্পনাশক্তির ফলশ্রুতি বলা থেতে পারে। কল্পনাশক্তিই গান নির্বাচন ও গানের স্থারস্কনে সহায়তা करत । এই শক্তিকে দিলীপবাব "ধানদৃষ্টির" ক্ষমতা বলেছেন । আধুনিক কালে এমন একটি অভাবনীয় প্রতিভার অধিকারী শ্রীসলিল চৌধুরী। বছ রচনার মধ্যে তাঁর কল্পনার ঐশ্বর্য দেখা গেছে। গতাত্মগতিক pattern বা রূপকল্ল থেকে মুক্তির এমন প্রতিভা পুর্বে দেখা যায়নি। এক একটি গানের স্থর-সংযোজনায় অভাবনীয়তা ও বিশায়-রদের ফাল ফলিয়েছেন। গ্রামোফোন রেকর্ডে বছ গান প্রযোজনায় এচৌধুরীর কল্পনাশক্তির কৌলীন্য অনস্বীকার্য। Pattern বা বাঁধা ছক থেকে তাঁর মৃক্তির কথাও স্বীকৃত। তাঁর হুরকলি আহরণের কোন বাঁধা নিয়ম নেই এবং গানের স্থারের ধারাবাহিকতা সম্বন্ধে ভাবনাও গৌণ। স্থর গুছে ও স্থরক লি উদ্ভাবন এবং এর মধ্যেই ভাব-সন্নিবেশ শ্রীচৌধুরীর রচনা-পদ্ধতির বৈশিষ্ট্য। কথাবন্ধর আইভিয়াকে খাড়া রেখে সম্পূর্ণ মেলভি অথবা বিভিন্ন ধরণের স্থরকলি সংযোজনাই এঁর কাজ। কোথাও আবহসংগীতের 🛊 ব্যবহারও দেখা যায়। এ যুগের অক্তান্ত সেরা স্থরকারদের মধ্যে এজন্তে শ্রীসলিল চৌধুরীর অনক্ততা আছে এবং আছে স্বাভন্তা। মনে হয় পরীকা নিরীকার

প্রচেষ্টা তার নেই। ঐচৌধুরীর স্থর-রচনায়, অধিকাংশ সংযোজনাই ভাব-নির্ভর এবং গ্রন্থনের মধ্যে রূপ-রেথাগুলো স্পষ্ট। সলিল চৌধুরী দক্ষ কারিগর। স্বতন্ত্র প্রকৃতির স্থরকলিগুলোর একধোগে কৌশল-প্রয়োগ শ্রীচৌধুরীর রচনায় ভাবগভীর রং স্পষ্ট করে। সলিল চৌধুরীর স্থরজগৎটি বড় ব্যাপক। নিজের রচিত রূপকল্পগুলো কিভাবে মনের মধ্যে এসে উপস্থিত হয় তার কোন বাঁধাধরা নিয়ম নেই। মোটামটি এগুলো কল্পনাপ্রস্ত ও ভাব-নির্ভর। সলিল চৌধুরীর স্থরের কল্পনা দর্বত্রই প্রচলিত রূপ অবলম্বন করেই দাঁড়ায় একথা বলাচলে না। গ্রন্থন পদ্ধতিতে বাত্তবমুখিতা লক্ষ্য করবার মতো। কল্পনা ও উদ্ভাবনী শক্তিতে ইনি আধুনিক গানের হুরকারদের মধ্যে সেরা দীপ্তিমান জ্যোভিছ। এ পর্যায়ে নির্বাচনী ও উদ্ভাবনী শক্তিতে শ্রীস্থধীন দাশগুপ্তের ধারাবাহিকতা ও স্বাভন্তা এবং এ নচিকেতা ঘোষের কৌলীনা উল্লেখযোগ্য। এটােধুরীর ধারাটি অফুস্ত হয়েছে কিনা বলতে পারি না, অর্থাৎ মৌলক স্থারচনায় পূর্বস্থরীর আহুগত্য বলে কিছু থাকা সম্ভব কিনা ভাও বলা যায় না। কল্পনা, চিন্তাশক্তি, ধ্যানদৃষ্টি, রূপকল্প স্থাটি, বন্ত্রসল্লিবেশ, আবহসংগীত সংযোগ প্রভৃতি স্থরকারের অন্তঃম্ব প্রকৃতি এবং গানের ছন্দ ও গতি ও কথার প্রকৃতি প্রভৃতির গাঁথুনি প্রতি স্থরকারকে স্বতন্ত্রভাবেই ক্রিয়াশীল করে তোলে।

ર

স্বকারের অভিজ্ঞতা-প্রস্ত কর্মশক্তি স্থরের গাঁথুনিতে কিরপে বিভিন্নভাবে ক্রিয়াশীল হয় তার বিশেষ উদাহরণ স্বরূপ চুজন স্থরকারকে একংযাগে বর্ণনা করছি। (আমাদের উদ্দেশ্য কোন স্থরকারের সমালোচনা নয়, শ্রোতা ও সমালোচকের দিক থেকে স্থরকারের কাজটি বৃষ্ণে নেবার উজোগ মাত্র, কারণ এসম্বন্ধে নানান ভ্রাস্ত ধারণা চলিত আছে, একথা আগেই বলেছি।) কতকগুলো রূপকল্প বা pattern রচনার বৈশিষ্ট্যে একজন স্থরকার অহ্য স্থরকার থেকে স্বতন্ত্র। স্থরের গাঁথুনিতে অলকারের রচনা চূজন স্থরকারের রীতির তারতম্য দেখিয়ে দেয়। উদাহরণ স্থরপ শ্রীক্ষল দাশগুপ্তের সাধারণ স্থরের গ্রন্থন এবং শ্রীজনিল বাগচীর আলকারিকতা ও চূর্ণ স্থরের কার্কর্ম —এ ছুটোতে ত্রের স্বাতন্ত্র্য আছে। এক যুগে শ্রীক্ষল দাশগুপ্তের সরল সহজ ও স্থাছ্ক স্থরকলি প্রয়োগ করে শ্রোতার মন কেড়ে নিয়েছিলেন। এইরপ গীতের নির্বাচনে এবং স্থরচনার সংগতিতে শ্রীক্ষল দাশগুপ্তের সরলতার একটা বিশেষ

ধারাবাহিকতা আছে। অক্সদিকে অনিল বাগচীর আছে—চুর্ণ স্থরের আঁকা বাকা রেথাস্ট্রের প্রবণতা। স্ক্রতা ও জটিলতার মনের ভাবস্থাগনের কাকশিল্প বৃদ্ধি প্রয়োগের ইচ্ছে জানায় এবং এই রীতিতে সাধারণ শ্রোতার কাছে ধ্যাতি অর্জনের পথ কতটা থাকে বলা মৃদ্ধিল। কিন্তু একথা সত্য যে স্থারকারের কাজের মধ্য দিয়ে এরপ একটি সামগ্রিক দৃষ্টিভিন্সির পরিচয় পেলে তাকে ব্যুত্তেও অস্থ্রিধা হয় না। তা বলে প্রীম্মনিল বাগচী সাধারণের কান থেকে দ্বে নন। তা না হলে ছ একটি চিত্রগীতির স্থারচনায় ইনি সার্থিক হতেন না।

সরল ও সহজ গতাহুগতিক রূপকল্প নিয়ে যারা হ্রর সংযোজনার কাজ করেছেন তাঁলের মধ্যে প্রবীণ—শ্রীপঙ্কজুমার মল্লিকের মধ্যে রূপ লাভ করছে, সেজত্যে রবীক্ত-অনুসারী হ্রর রচনার ছবি শ্রীপঙ্কজুমার মল্লিকের মধ্যে ব্যাপক ভাবেই লক্ষ্য করা বায়। হ্ররকার হিসেবে ব্যক্তিগত বৈশিষ্ট্যে শ্রীমল্লিকের হ্বান অপ্রধান, কিন্তু আনাশবাণীতে প্রচারিত রূপক "মহিষাহ্রমর্দিনীর" মধ্যে বহুকালব্যাপী পরীক্ষা-নিরীক্ষার ক্ষমলরূপে তাঁর হ্রর প্রযোজনার ক্রমবিকাশ লক্ষ্য করা বেতে পারে। একক হ্রর প্রযোজনা থেকে ক্রমশ: হার্মনির দিকে শ্রীপঙ্কজুমার মল্লিকের লক্ষ্য উল্লেখযোগ্য। ভাছাড়া এই রূপক্টিতে হ্রেরের বারাই ভক্তিমূলক পরিবেশ স্কৃষ্টির চেষ্টা উল্লেখ করা বেতে পারে। শ্রীপঙ্কজ মল্লিকের রচনায় দৃঢ়ভা এবং স্পটভার, boldness ও robustness-এর সঙ্কেমনীয়ভার সংমিশ্রণ লক্ষ্য করা বেতে পারে।

প্রথাত শিল্পী বা গায়কদের মধ্যে আরো তৃজন স্থরকারের উল্লেখ করা বাস্থনীয়। এঁরা—প্রীশচীন দেববর্মন এবং প্রীহেমন্ত মুখোগাধ্যায়। প্রীশচীন দেববর্মনের গানে যে অভ্তপূর্ব ব্যক্তিত্বের জ্বরণ হয়েছিল, স্থরকার এবং প্রযোজক হিসেবে গে ব্যক্তিত্বের অধিকারী ইনি হয়েছেন বলে মনে হয় না। আধুনিক বাংলা গানের স্থরকার হিসেবে এখনো তেমন কোন ভাবনার বিষয় দাঁড় করিয়েছেন কিনা বলা হংসাধ্য। কিন্তু লক্ষ্য করা ধার্ম রাগান্ত্সারী বাংলা গান এবং পল্লীগানের ভলিকে—বিশেষ করে কতকগুলো রূপকল্পকে বা patternকে তিনি সার্থক প্রয়োগ করেছেন। গায়কবৃত্তির সকলতা এবং উৎকর্ষ কখনোই স্থরকারের উৎকর্ষের সমগোত্তীয় হতে পারে না। গায়ক-বৃত্তি স্বক্পাল-কল্পিত স্থর-সম্পর্ক ছাড়া অভন্তরপের সন্ধান দেবার মত অবসর পায়

किना मत्लर । खत्रभिद्धीत पृष्टि चापनत्नात्करे ग्रन्त । किन्त खत्कात्त्र नका অত্যের উপর, সম্পূর্ণ objective—ছটো বৃদ্ধিই আলাদা রক্ষের। এদের মনের ক্রিয়াও সেইরূপ। এজন্তে গায়ক **শ্রীহেমন্ত মুখোপাধাায় এবং স্থ**রকার মুখোপাধ্যায় খতস্ত্র। শ্রীশচীন দেববর্মন সম্বন্ধেও এই কথাই বলা ধায়। প্রীংহমন্ত মুখোপাধ্যায় সম্বন্ধে প্রায় একই ধারণা প্রযোজ্য। এঁদের মনের মত:ফুর্ত ভাবনা নিজের গীতরীতিকেই কেন্দ্র করে, তাই এখানেও শ্রীহেমন্ত মুখোপাধ্যারের স্থরকার-বৃত্তিকে বিশ্লেষণ করতে গিয়ে তথাকথিত বা বাঁধা কতকগুলো রূপকল্প এবং ভলি ছাড়া তেমন কিছু মূলধন মজ্ত পাওয়া ষায় না। • কয়েকট চিত্ৰগীতিতে এংকমন্ত মুখোপাধ্যায় সাৰ্থক ও জনপ্ৰিয় স্থাবদার হয়েছেন , চিত্রগীতিগুলো উদ্দেশ্যুলক বা purposive রচনা, art music গোত্রীয় নয়, অন্ততঃ সে কৌলীন্যের ন্তরে উপস্থাপিত করা যায় না। চলচ্চিত্র-গীতিতে composer-এর বৈশিষ্ট্য যেরণই প্রতিফলিত হোক, সংগীত রচনা ও সমালোচনার দিক থেকে তাকে ব্যবসায়িক স্থররচনা বলেই ধরা যেতে পারে এবং এর नका একপেশে এবং একচোখে। স্বাধীন, স্ষ্টিশীল স্থররচনা, কল্পনার বৃত্তি। চলচ্চিত্রীতিতে শ্বতল্প রক্ষের পরিকল্পনা বিশিষ্ট লক্ষ্যে পৌছোতে চায়। এখানে স্থরকারের স্বাধীন ভাবনা ও স্ষ্টেমূলক শিল্প ক্লাচিৎ পরিক্ট হতে পারে এবং চলচ্চিত্রগীতির জন্মে একটি স্বতন্ত্র পংক্তি নির্দিষ্ট স্বাছে দেখে দংগীত-রদিক হয়ত সম্ভাই হন। যদি কোন চলচ্চিত্রগীতি অবলম্বন করে কোন মহৎ সৃষ্টি হয় বা কোন স্বরকারের স্বাধীন সৃষ্টিক্রিয়ার প্রতিফলন হয়, তবে ভার রচনার মূল্যায়ন হবে ভবিশ্বতে। সম্পাম্যিক যুগে তা সম্ভব নয়। স্থাবকারের মানসিকতা যদি দীর্ঘসময়ব্যাপী একটি ধারাবাহিকতা বা process-अब मधा निया दकान विशिष्ठ ती जि धरत निर्क भारत, उरवरे जाँदक বিশিষ্ট composer বলতে পারি। নয়ত ব্যবসায়িক প্রয়োজনে কট চিত্র-शीजित खन्नत्रहमा व्यवस्य करत खन्नकारत्रत रिशिष्टा ও উৎकर्ग विरक्षराणत সার্থকত। অস্ততঃ সাধারণ সংগীতের বা art musicএর ক্ষেত্রে গৌণ। কিছ আজকাল বিল্লেষণ পদ্ধতি ও মূল ভত্ত সম্বন্ধে কোন পথ নেই বলে, সকল প্রকার আলোচনাই একাকার হয়ে যায়।

গতাহুগতিক রূপকর নিয়ে যাঁরা রচনা করছেন তাঁদের মধ্যেও নিশ্চয়ই দিগস্ত-বিভৃত দীপ্ত মেবের ওপর সোনালী রেথার মত বছ রং ও রূপ ভাষর হয়েছে। এর মধ্যে গ্রামোফোন রেকর্ড এবং স্থাকাশবাণীর স্থরপ্রযোজনার মাধ্যমে কিছু কিছু নাম সকলের মনে আসবে: শ্রীরাইটাদ বড়াল, ৺ব্বনিল ভট্টাচার্য, শ্রীহিতেন বস্থা, ৺স্বল দাশগুপ্তা, শ্রীগোপাল দাশগুপ্তা, শ্রীনর্যল ভট্টাচার্যা, শ্রীহর্গা সেন, শ্রীপ্রকাশকালী ঘোষাল, শ্রীবীরেন ভট্টাচার্যা, শ্রীরবীন চট্টোপাধ্যায়, শ্রীশতীনাথ মুখোপাধ্যায়, শ্রীশভিজিৎ বন্দ্যোপাধ্যায় ইত্যাদি।

9

এশতকের কয়েকটি দশক ভরে প্রকীর্ণ এবং স্থবিগ্রন্ত যন্ত্র-সহযোগিভার চেষ্টা হচ্চে। ষন্ত্রসংগীত বহু রক্ষের পরীকা-নিরীক্ষার ফসলরপে•আমাদের কানে আদছে, ভাতে গানের দকে যন্ত্র-দহযোগিতার ও বাল্যক্তের নতুন যুগের সন্ধান পাচ্ছি। ভারতীয় সংগীতের যন্ত্র-সহযোগিতা পাশ্চাত্তা সংগীতের বাদ্য-যন্ত্রের প্রয়োগ এবং বাছাবুন্দের উদ্ভব সম্পর্কে সমালোচনার অবকাশও যথেষ্ট। আজকাল অভ্যস্ত লঘু জাজ্-সংগীতের প্রভাব চুর্বল যুব মনকে আশ্রয় করছে। অক্তদিকে সহজ্বসভা সংগীতের হালা দোলা এক শ্রেণীর শ্রোতার মন খুশি করছে। এ থেকে একটা trend বা ভাবধারার উৎপত্তির সম্ভাবনা দেখা দিয়েছে, কারণ, সংগীতের ব্যবদা ও প্রতিষ্ঠার জন্মে এই বাস্তব ভদিকে অবলম্বন করে স্থাকারের। সংগীত রচনায় হয়ত দ্বিধা করছেন না। বে কোন তাত্তিকের কর্তব্য শুধু এই ভাবধারা লক্ষ্য করা। ভালমন্দ বিবেচনা कत्रत्व क्रिनीन (थांचा वर: ठिन्नानीन मःशीख-ममालाठक। वक्षांहे वना ষায় যে বৈদেশিক প্রভাবে আমর। সংগীতের জগতে শুধু নকলনবিশ হতে চাই না। আমাদের সংগীতের স্বাতস্ত্র্য সম্বন্ধে সন্দেহের অবকাশ নেই। অন্তত মুরোপ-আমেরিকায় রাগ-সংগীতের প্রচারে সম্প্রতি তা বিশেষ-ভাবে প্রমাণিত হয়েছে। তাই বৈদেশিক প্রভাবে শামাদের লঘুসংগীত অধু নকলনবীশের ক্বতি হয়ে দাঁড়াবে—এ ভাবনাকে প্রশ্রেষ দিতে পারা যায় না। আমাদের প্রাচীন দেশী সংগীত রূপান্তরিত হয়ে নানা ধারায় যে ভাবে বিবর্তিত হয়ে এদেছে সেই ধারাবাহিকভারই ক্রমবিকাশ এবং নতুনত্ব চাই। প্রাকৃত সংগীত সহজভাবেই পারিপার্থিককে গ্রাহ্ম করে, কিছু তাতে স্থাপত্তি त्नहे—त्म निष्क नकन ना इत्नहे हनए भारत। आज्रमखारक विमर्कन ना দিয়ে যদি যুরোপীয় রীতি থেকে কিছু ভঙ্গি স্বীকরণ করে নিতে পাার, ভবে সেধানে আমাদের স্টেশীল মনেরই বিকাশ চবে।

चाक्रकान চनक्रिक्रीि जिटल खुत्रकात्र १० वह दिएनिक काम्रा করেছেন এবং দে সব রচনা চিত্রের সহযোগিতায় নানাভাবে জনপ্রিয় হয়েছে। পুর্বেই বলেছি চলচ্চিত্র সংগীতের মতো উদ্দেশ্যমূলক রচনার বিশ্লেষণ থেকে কোন তত্ত্ব পৌছোতে পারা যাবে না। কিছ, যারা গানকে যন্ত্রসংগীতের প্রয়োগ-বৈচিত্র্য দিয়ে অথবা আবহ-সংগীতে সমুদ্ধ করবার পদা ভেবেছেন, তাঁদের কার্যধারা সম্বন্ধেও স্বতন্তভাবে বিশ্লেষণ দরকার। গ্রামোফোন রেকর্ডে এবং বিশেষ করে আকাশবাণী লঘুসংগীত বিভাগে ষল্পংগীত সহযোগিতা এবং বাগুরন্দের ব্যবহার সম্পর্কে কিছু কিছু যুক্তিসমত কাজ হয়েছে। যে সব অরকারদের কণা এর পূর্বে উল্লেখ করেছি, এঁরাও যন্ত্র সহযোগিতার কথা ভেবেছেন, কিন্তু এক্ষেত্রে বিশেষ বক্তব্য—'হার্মনি' বা শ্বর-সংগতির বিশেষ প্রয়োগ সম্বন্ধে। এ সম্পর্কে 'সাংগীতিকী' গ্রন্থে শ্রীদিলীপকুমার রায় সরলভাবে বুঝিয়েছেন: পাশ্চাত্য সংগীতে একক হুরে কঠ মিলিয়ে গান নাট্যমঞ্চে এবং তেশারাসে দলবন্ধভাবে গাইবার প্রথা প্রচলিত ছিল। দেড় হাজার বছর এ সংগীতের বয়স। রোমের পোপ গ্রেগরীর নামে রোমান ক্যাথলিক গীর্জার সেই গ্রেগরিয়ান সংগীত স্বর্জিপির মাধ্যমে এখনো প্রচলিত আছে। এরপর একসঙ্গে গাইবার স্মন্থ্রিধা থেকে 'হারমনির' স্ষ্টি, স্মর্থাৎ দেখা গেল "দ্বার প্রবাতো সমান নয়, কারুর থাদে কারুর চড়া। তাই একই গানের এক লাইনে নানা কণ্ঠের জ্বতো নানা হার বেঁধে শ্বরলিপি ছকে ফেলে ভাকে করল অচলপ্রতিষ্ঠ: পরিণাম-কাউন্টারপয়েন্টের অভ্যানয়। একটা দরল मृष्ठीख (मह---

ধরাযাক একজন পাইছে—সামামা। মারামা আমনি ওর সকে সকে পাইছে—সামামা। সারামা

এরই নাম হল আদিম কাউন্টারপয়েন্ট—হার্মনির অগ্রদ্ত। এরপরে অবশ্র কাউন্টারপয়েন্ট ক্রমণ জটিল হয়ে উঠল, হাজারো বিধিবিধান গড়ে উঠল হাজারো ভূলভ্রান্তি কল্পনা পরীক্ষার মধ্য দিয়ে।" ভারতীয় সংগীতে একক সংগীতের ক্রমবিকাশ একটি চূড়ান্ত সীমায় পৌছে করেছে স্পষ্টির কাজ। তাই এই রীতি ভারতীয় আোভা-সাধারণ ও সংগীত-রচ্মিতার কাছে নতুন করে এল। উদাহরণ: "ভারতীয় সংগীত ঐক্যভানিক অর্থাৎ অর্কেন্ট্র। সংগীতের ক্লেক্রে ইল্লোরোপীয় হার্মনির রীতি প্রয়োগের তিনি (ওন্তাদ আলাউদ্দিন থাঁ) পক্ষপাতী। বস্তুত এই আদর্শের ভিত্তিতেই তাঁর মাইহার বাাণ্ড গড়ে উঠেছিল। ভারতীয় ৰদ্ধে যুরোণীয় অর্কেস্টেশানের রীতি প্রয়োগের তিনিই বোধ করি এদেশে প্রথম দৃষ্টান্ত স্থল। ভারপর তাঁরই শিশ্ব তিমিরবরণ ও রবিশঙ্কর এই রীতিটির আরও অফুশীলন করেন।" (শ্রীনারায়ণ চৌধুরী: সংগীত পরিক্রমা)।

ষত্র-সংগীতে হার্মনির ব্যবহার প্রানো নয় কিছ বাংলা অথবা আধুনিক ভারতীয় গানে এ ব্যবহার অথবা পরীক্ষা-নিরীক্ষা এ শতকের প্রায় পঞাশ দশকের পূর্ব থেকেই ব্যাপক ভাবে আরম্ভ হয়েছে। অর্থাৎ চিত্রগীতির য়ৃগ থেকে আরম্ভ করে আর্কেন্টেশানের রূপ কিছু কিছু বদলাতে আরম্ভ করে। পরবর্তী কালে স্থরকারগণও সক্রিয় ভূমিকায় অবতীর্ণ হলেন। আফকের স্থরকারগণ রেডিওতে, গ্রামোফোনে এবং চিত্রগীতিতেও কাউন্টার্কপয়েন্টেই পরীক্ষা চালাচ্ছেন, হার্মনি প্রয়োগ করছেন—সমবেত সংগীতে স্থর-সহযোগিতায় একক সংগীতের (melody) পটভূমিকায়চনায়, সংগীত সহযোগিতায় এবং আবহ্দংগীতে। হার্মনির ব্যবহারে পরিচিত কয়েকটি নাম উল্লেখ করা হচ্ছে, বিশেষ করে বারা ষন্ত্রসংগীতের সম্বন্ধ বিশেষ সচেতন, যাদের স্থর রচনাও প্রযোজনার মূলে এ ধরণের চিস্তাধারা আশ্রেয় লাভ করেছে। শ্রীজ্ঞানপ্রকাশ ঘোষ, শ্রীভি বালসারা, শ্রীহেধীন দাশগুপ্ত, শ্রীরবীন চট্টোপাধ্যায়, শ্রীহনিচাদ বড়াল, শ্রীঅলক দে এবং আরো অনেকে। এপানে শুধু কয়েকটি নামই ব্যবহার করেছি।

কারণ অর-সংগতি স্কটির ধারণাটি কি শুধু পাশ্চাত্য সংগীতের সাধারণ শাস্ক্রতি, না ভারতীয় সংগীতে এককতা ও সামঞ্জ্য বজায় রেখে ভাতে অর-সংগতি স্কটির চেটা? এ বিষয়ে গীতরচনার এবং সংগীত সহযোগিভার ত্টো দিকেই এই প্রয়োগ লক্ষ্য করা যেতে পারে। নিশ্চিত ধারণা খুব কম সংখ্যক প্রকারদের মধ্যে ক্রিয়াশীল। আমাদের গান শুনে বদি যুরোপীয় সংগীতকার ভাবেন যে আমরা অত্যন্ত তুর্বল নেহাত প্রাথমিক শাস্করণই চালাচ্ছি, ভা হলে লজ্জায় ধিক্ত হওয়া ছাড়া উপায় নেই। এ সম্বন্ধে যভটা জানি, প্রীক্ষানপ্রকাশ ঘোষের ভাবনা খুবই পরিচ্ছন্ত। অরসংগতি স্কটির পেছনে ভারতীয় সংগতির রূপ সংরক্ষণ এবং সেই শাস্ক্রারে উপযুক্ত ভাবপ্রকাশক কমনীয় কাউন্টারপয়েন্টই ব্যবহাব বাছনীয় মনে করেন। কণ্ঠসংগীতে যক্ষ্য সহযোগিতা সম্বন্ধে এ পর্যন্তই বলা যায় যে, কোন রূপ অরসংগতি স্কটিতে ক্রেকারের মুরোপীয় সংগীতের অধিকারী হওয়া দরকার, ভবেই হার্মনি প্রয়োগ চলতে পারে। শুধু শ্বুল ধারণা নিয়ে হার্মনির ব্যবহার আজকের

লঘুনংগীতে জাজ্ সংগীতের অর্করণের মতোই আর একটি সমস্যা দাঁড়াবে। মোটকথা, আমরা অর্করণের ফদল চাই না। নতুন স্বরকারের প্রতিভাষ ভারতীয় ও পাশ্চাত্য সংগীতের অভিজ্ঞতা-প্রস্ত ফলশ্রুতি চাই। অজ্ঞতার এক্সপেরিমেন্ট গ্রাফ করা চলে না।

স্থাবকার সম্বন্ধে এই আলোচনা থেকে একথাই বলতে চেষ্টা করেছি বে আধুনিক গানের গঠন-প্রকৃতি পূর্ব স্থরকারগণের ধারা থেকে স্বভন্ত এবং এর পরিধি ভারু বাংলায় বিধিবন্ধ নেই, একই পদ্ধতি অবলম্বন করে বিভিন্ন ভাষায় গান রচিত হচ্ছে। গানের প্রকৃতি বিশ্লেষণ করে এদকল স্থরকারের মানদ ক্রিয়াকেই প্রাধান্ত দিতে হয়। অবশ্র শিল্পীর গায়ন পদ্ধতি ও শিল্পকর্মকে ব্দৰহেলা করছি না এবং গীতি রচনা সম্বন্ধেও সে কথা বলছি। কিছু বছ সংগীত সমালোচনা ও আলোচনা থেকে বুঝতে পেরেছি হুরকারকে পাশ কাটিয়ে আধুনিক গানের আলোচনা হয়ে থাকে এবং দায়িত্ব জ্ঞানহীন উক্তি করতে দিধা করা হয় না, বর্তমান সংগীতের মান ও উৎকর্ম বিচারে বিপরীত পদা অবলম্বন করা দরকার। স্থারকার সম্বন্ধ পদ্ধতিমূলক বিস্তৃত আলোচনার হৃক্ত হলে, স্থরকারের রচনার মান উন্নীত হবে এবিষয়ে সন্দেহ নেই। এ সম্পর্কে আরো বিশেষ উল্লেখযোগ্য, স্থরকারের মর্যাদাকে প্রতিষ্ঠিত করতে পারলে সংগীতশিল্পী সহজেই পরিবেষণের কথা ভাবতে পারবে। যে সব গান লক্ষ্য করে এ প্রসঙ্গটি রচিত হয়েছে, সে সব গানের একটি সংক্ষিপ্ত তালিকা পরিশিষ্টে ভট্টব্য। আরও একটি কথা বলা দরকার, এখানকার আলোচনা আধুনিক সংগীতের উৎকর্ষ ও প্রকৃতি বিচারের জন্মে principles বা বিচার ত্তর খুঁজে বের করা। সেই সম্পর্কে শামাতা করেকজন স্থরকার ও প্রযোজকের নাম উল্লেখ করা হয়েছে।

মোটাম্টি, বর্তমান স্থরকার সহত্তে বহু প্রসক্ষ উত্থাপন করে একথাই বলতে চেষ্টা করা গেছে যে স্থরকারের বিশেষ দক্ষতা বা specialisation শুধু একটি বিশিষ্ট সাময়িক প্রক্রিয়া নয়। নানা ধরণের অভিজ্ঞতা, পরীক্ষা-নিরীক্ষা, নির্বাচন কুশলতা, ভাবনার ধারাবাহিকতা ও কল্পনা বা ধ্যান-দৃষ্টি স্থরকারের মনের গঠনের লক্ষণ। বে মূহুর্ত থেকে সংগীতকুশলীর জীবনে এই বিচিত্র ধারাবাহিক-প্রক্রিয়া ক্ষলক ফলাতে আরম্ভ করে সে মূহুর্ত থেকেই সে স্থরকার। স্থরকারের রচনা-প্রকৃতিতে বহু প্রকারের প্রভাব ও রচনা-বৈষম্য থাকা সম্ভব, নানান স্থরকারদের আলোচনায় তার উল্লেখ করা গেছে। এবং প্রযোজনার

দিক থেকে তাঁদের পরিকল্পনাকে পরিপূর্ণতা দান করবার জন্তে যে বিশেষ রীতির সংগীত-সহবোগিতা অবলম্বন করা দরকার—অর্থাৎ মেলভি এবং হার্মনির ব্যবহার, একীকরণ অথবা সংগতির ব্যবহার—প্রভৃতির কথাও উল্লেখ করা হয়েছে। গতিশীল জীবনে বহু গান এই কয়েক দশকের মধ্যে সমৃত্রে রচিত হয়ে কানের ভেতর প্রবেশ করেছে এবং উবে গেছে। বহু অয়ংসম্পূর্ণ গানও রচিত হয়েছে এবং অক্সদিকে সংখ্যাতীত ব্যবসায়িক রীতি প্রভাবিত গান চারিদিকে ছড়িয়েছে। জীবনের সঙ্গে যোগ-ছাপন করে সহজ মনের অভিব্যক্তিকে আগে বাড়িয়ে দেবার যে দায়িত্ব হ্ররহার-প্রযোজকের ওপর ক্রম্ভে হয়েছে, তার ক্রমবিকাশ এবং ক্রমবির্তান অবশ্রম্ভাবী। কিন্তু এর জ্য়েপথ বেঁধে দেওয়া যায় না, ফরমাশ করা যায় না। আমরা প্রতিভাবান অভিজ্ঞ ও স্থদক্ষ স্থরকারের আবির্তাব সর্বদাই আশা করতে পারি, কাউকে শেব স্থরকার-রূপে অভিহিত করে দাঁড়ি টেনে দিতে পারি না। অন্তঃইতিহাস তা বলে না।

সপ্তম পরিচ্ছেদ

বাংলা গানে রাগ-সংগীতের প্রভাব

রাগ-সংগীতের রীতি-পদ্ধতি

বাংলা গান দেশী-সংগীতের ধারায় ক্রমবিকাশ লাভ করেছে কিন্তু রাগ-সংগীতের ঘারাই প্রভাবিত। এই প্রভাব সম্বন্ধে বলতে গিয়ে গ্রুপদ, থেয়াল, টিপ্লা ও ঠুম্বীর প্রকৃতি বিশ্লেষণ করা দরকার, অস্ততঃ স্বাভন্তা সম্বন্ধে কিছু স্বালোচনা প্রকৃত রূপ ধরে দিতে সাহাধ্য করবে।

ইংরেজি 'ক্লাসিকেল' শব্দটি কিছুকাল যাবৃৎ 'মার্গ' সংগীতের অর্থে ব্যবহৃত হয়, 'শাস্ত্রীয়' সংগীত কথাটির প্রচলন হয়েছে হালে, বাংলাদেশে 'ওন্তাদী' গান বলেই পরিচিত ছিল। 'ক্লাসিকেল' অর্থে পুরাতনী বা বাঁধা-ধরা পদ্ধতি বুঝায়—গীতি, অলকার, ছন্দ স্প্রের সর্বত্তই বাঁধাবাঁধি।

'ক্লাসিকেল' অর্থে দৃঢ়বদ্ধ বাঁধাধরা রীতি যদি কোথাও থেকে থাকে—তাঞ্চপদে। বাঁধা রীতিতে আলাপ শেষ করে গায়ক গানের স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ গাইবেন, বিভিন্ন তালের ও ছন্দের নানা গুণ প্রকরণ শেষ করেবন। তালও প্রধান অক। থেয়াল গানেও বিশেষ রীতি বা পদ্ধতি আছে, কিন্তু রাগ বিকাশের কায়দায়, তালের বৈচিত্র্য স্পষ্ট এবং অন্তাক্ত আছিকের প্ররোগ মূলত থানিকটা স্থাধীনতালাতের জন্তেই হয়েছিল। অর্থাৎ, থেয়ালে গায়কের ব্যক্তি-সত্তা প্রকাশের স্থাধাগ প্রচুর, যে স্থাবাগ প্রদান কায়দে নেই। শিল্পের সাধারণ নিয়মে গ্রুপদ যেমন আদিকের শেকলে বাঁধা, থেয়ালে গায়কের কল্পনাশক্তি ও ব্যক্তিগত ভাবচিন্তা প্রযোগের তেমনি আছে স্থাধীনতা। অন্তাদিকে, আর একন্তরে ট্রার উৎপত্তি যেমন একটি সন্থানিকা। অন্তাদিকে, আর একন্তরে ট্রার উৎপত্তি যেমন একটি সন্থানিকা। অর্থাৎ, রাগ-সংগীতের মধ্যে জনপ্রিষ রূপ—থেয়াল ও ঠুমরীর সঙ্গে জীবন-চেতনার সঙ্গে সম্পর্ক আছে। থেয়াল ও ঠুমরী সময়ের সঙ্গে লালাভাবে পরিবর্তিত হয়ে আজকের ভরে এনে পৌছে গেছে।

কিন্তু, তবু একই 'ক্লাসিকেল' বা 'মার্গসংগীতের' দীমানার মধ্যে থাকার দক্ষন একটি বিশেষ প্রান্ধ দাঁড়ায়: খেয়াল ও ঠুমরী কি বিকশিত হয়েছে, না কি নিয়নের শিক্ষে একই পরিসরের মধ্যে থেকে সংগীত-রসিক সমাজে গতাহুগতিকভাবে আর দশটা জিনিসের মতো চালু হয়েছে ?

ষে কোনও শিল্প যদি প্রাণবস্ত না হয়, তার বিকাশের মধ্যে যদি পরিবর্তনের কোন লক্ষণ না থাকে, ত। হলে যুগের পরিবর্তনের সঙ্গে সে শিল্পরূপ সাধারণের চিত্ত-বিনোদন করতে পারে না। এই অর্থে বে কোন শিল্পের ক্রমবিকাশের লক্ষণ ইতিহাসের দিক থেকে বিচার্য। সংগীতে গ্রুপদ গানের তত্ত্ব শুধু ঐতিহাসিক তত্তরপে বিচার করা যায়। ক্রমবিকাশ এ গানের গঠনে লক্ষণীয় নয়, ভধু শান্তজ্ঞ ব্যক্তির ভাবনার বস্তু মাত। রচনার সঙ্গে সঙ্গেই গান বিধি-নিষেধের পরিসরের মধ্যে এসে গিয়েছে। সাধারণের কানে শুনে ভাল লাগা বে কোন গানের প্রথম গুণ। কিন্তু গ্রুপদ গানের মধ্যে তা পাওয়া খনেকের পক্ষে কঠিন হয়ে পড়ে, ব্যাপারটি শ্রোভার মনের শিক্ষা ও সংস্কারের ওপর নির্ভরশীল। কিন্তু থেয়াল ও ঠুমনীর বেলায় এ কথা অনেক সময় খাটে না। থেয়াল ও ঠুময়ী, রাগসংগীতের একটি দজীব প্রবাহ। দলীত-শ্রোতার মনোভাব বিচার করলেই এই উক্তির সত্যতা বোঝা যাবে। বছরে বছরে থেয়াল ও ঠুমরার শ্রোভা যেমন বাড়ছে, তেমনি অন্তদিকে শ্রুতিমাধুর্যও শ্রোভাবে আকর্ষণ করছে। বিশ্লেষণ করলে বোঝা যাবে পঞ্চাশ বছর পূর্বে পেয়াল যে ভাবে গাওয়া হত, আজকাল দে ভাবে গাওয়া হয় না। আজকালের বিলম্বিত থেয়াল গাইবার কায়ন। লক্ষ্য করলেই একথা প্রমাণিত হবে। এটা পূর্ব রীতি নয়। দেকালে ঘরাণাগুলো তাদের বিশেষ পরিবার বা গোষ্ঠালক ঘরাণা রীতিকে অকুল রাথত, বিভিন্ন ঘরাণা রীতির মধ্যে তারতমাও ছিল चाराक । कि इ, चाजकान घतांगात मीमारकत्त कान मिल्लीरे चायक नन । রাগ বিস্তার ও তানে বছ রকমের পরীক্ষা নিরীক্ষার চেটা দেখা যায়। নিজ ঘরাণা পদ্ধতিতে যা পাওয়া যায় নি, এরপ বিভিন্ন ভঙ্গি ও স্থর প্রকাশের, ভাব উপস্থাপনার নানা রূপ থও থও কায়দা শিল্পী মাত্রেই মুক্ত ভাবে গ্রহণ করে থাকেন। শ্রোতামাত্র যেমন পূর্বে রাগলক্ষণের দিকে সচেতন থাকতেন, আঞ্চ প্রতিটি স্থরকলির প্রতিও লক্ষ্য করেন। বুঝতে চেষ্টা করেন—কোথাও ধীর, গছীর হুরের চলন একটি বিশেষ হুরে সঞ্জন্মাণ হয়ে বিশায় কৃষ্টি করছে, কোথাও গায়ক আলোর স্পন্দন সৃষ্টি করছে, কোথাও সৃষ্টি করছে স্পর্শকাভরতা —একটি বিশেষ হঃধ, বিশেষ হাসি অথবা একটি বিশ্বত মূহুর্ত শারণ করিয়ে निष्क, निर्वित्मयत्क अथात्न अकृषि स्त्र खेशनिकत मूदूर्ल्ड वित्मय करत निष्क.

স্পনির্বচনীয়কে স্থরের ভাষায় (musical phrase) বচনীয় করে তুলেছে। স্থরের বন্ধব্যেই সংগীত বিশিষ্ট হচ্ছে। আজকাল ওধু স্থর-বিহারের কয়দা বা তানকর্তব দেখেই শ্রোতা ধূলি হন না। শ্রোতা বক্তব্য খোঁছেন, স্ক্ষাতিস্ক প্রয়োগের অর্থ থোঁজেন। ধেয়ালগান শুনতে শুনতে শ্রোভা গায়কের স্বর সঞ্চরণ করবার প্রতি লক্ষ্য রাখেন, অর্থাৎ বিভিন্ন স্বরে সঞ্চরণ করে গায়ক স্থানে স্থানে যে আকম্মিকভার সৃষ্টি করেন, এবং ফলে, যে নতুন অভিজ্ঞতার **আখানন করিয়ে দেন, সেই অংশগুলো বেন শ্রোভার মনে বদে বার, ব্যক্তিগত** অভিজ্ঞতাতেও পরিণত হয়। স্থর এখানে ভগু abstract নয়। যাদের মনে স্থরের প্রতি সহজাত আকর্ষণ আছে, তাঁদের উপযুক্ত শিক্ষা না হলেও স্থরের প্রতীক এবে তাঁলের মনের সামনে সহজে দাঁড়ায়-ক্রেকটি থও স্থরগুছে, करमकि जात्व, करमकि विश्वारत्रत्र चारम । त्मर्थात्न वक्कवा त्वरह त्मध्या যায়। অর্থাৎ উপলব্ধিটা শুধু আত্মকেঞ্জিক এবং তাত্ত্বিকই হয় না। আজকাল স্থায়ী গাইবার রীভিতে, ছন্দ ও রাগের বিকাশে, ভানের প্রয়োগে, নানা ভাবস্ষ্টির কায়দায় অনেক বিভিন্নতা এসেছে। আজ গায়কের লক্ষ্য পূর্ব ८थटक चटनक चछत्र, मिल्ल-द्यारधत्र माविटक शास्त्रत काश्रमा यम् निरायहरून, ভাবনার ক্ষেত্রটি যেন সম্পূর্ণ বদলে গেছে।

রাগসংগীতের এই বিকাশমান গতিটিকে গতাহুগতিক শান্ত্রীয় রীতির মধ্য দিয়ে বিচার করলে ভূল ব্যাখ্যা হবার সম্ভাবনা থাকে। এ সম্পর্কে একটি কথা উল্লেখ করা দরকার। সংগীতের প্রভাব সম্পর্কে আমরা কিছু কিছু চিরাচরিত প্রসঙ্গ আজও কথায় কথায় আলোচনা করে থাকি। ভারতীয় ভাবনায় আনেক ক্ষেত্রে রাগের ঐশ্বর্ষ ও গায়কীর ক্ষমতা বর্ণনায় আলৌকিকত্বের প্রতি লক্ষ্য ছিল। মলার গেয়ে রুষ্ট ঝরানো একটি অতি প্রচলিত প্রবাদ তানসেনের সঙ্গে যুক্ত। এর পূর্ববতী বৈচ্ছু ওগোপালের কথা বলতে গিয়ে ছঃ বিমল রাম "হরিণকে মালা পরান", "পাথর গলান", প্রভৃতি উক্তিশুলোও প্রসঙ্গত "ভারতীয় সঙ্গীত প্রসঙ্গেশ উল্লেখ করেছেন। সংগীতে এ ধরণের আলৌকিকভার ধারণা কিন্তু বিশ্লেষণের সহায়ক হতে পারে না। Abstract art বা গুণবাচক শিল্প সম্বন্ধে এরূপ ধারণ। হওয়া আভাবিক। কিন্তু আজকরের যুগে স্থরের প্রভাব ও স্থরের চিত্র সম্বন্ধে শ্রোতা ও সমালোচক সন্ধাণ। বৃদ্ধি ও যুক্তি দিয়ে এঁরা ব্যাখ্যা করেন। সংগীতে কোন্ স্থরকলি কি ভাব প্রকাশ করে—আর্থাৎ কোন্টা কি অর্থে ব্যবহৃত, যথা—লঘ্রস প্রকাশক, চটুলভার

প্রতিক্বতি, বীররসের ভাবব্যঞ্জক, ভক্তিভাব-প্রকাশক, হৃদয়বিদারক, করুণ, ছংথল্লটা, শাস্ত-সমাহিত ভাবল্লটা, প্রাকৃতিক পরিবর্তনস্টক, বিশ্বয়স্টিকারক, শাকস্মিক হাশ্ররস স্টির কারণ, গতিস্টক, উন্মার্গগামিতার ভাবভোতক, fantastic—ইত্যাদি। এই ধরণের ভাবপ্রকাশের উদ্দেশ্রে স্থরকলিশুলো নির্বাচন করে সহজে শিল্পী মাত্রেই আজকাল ব্যবহার করেন। মনে হয়, এইরপ ভাবনাই আজকাল থেয়াল ও ঠুমরীকে সজীব করে রেথেছে।

এই প্রবহমান জীবনধারা থেয়াল ও ঠুমরীকে বাঁচিয়ে রাথে। নতুন ভাবনা চিস্তা এবং কলা-নৈপুণা ঠুমরী ও থেয়ালের অংগে প্রযুক্ত হচ্ছে, জীবনের সন্দে যোগ রেথেই সে চলেছে। এ ক্ষেত্রে আজ আমরা রবীক্রনাথের মতামতের অবলয়নে রাগসংগীত বিচার করব না। কারণ সংগীতের এই বিশেষ রূপটি নতুন ভাবে প্রাণবস্ত হয়ে আজ ধরা পড়েছে—বর্তমানের দৃষ্টি-ভলিতে স্ববিশ্রন্ত হচ্ছে। রবীক্রনাথ বাংলা গানে শাল্লীয় সংগীতের প্রয়োগসার্থকতা সম্বন্ধে বিশেষ ভাবে ভেবেছেন। কিন্তু রবীক্রনাথের ভাবনার পরিমগুলটি তাঁরই রচনার প্রয়োজনে এবং সমর্থনে সীমাবদ্ধ। অর্থাৎ 'কথা' যেখানে স্বরকে সম্পূর্ণতাদানের বাহন—সেই পরিমগুলের কথা উল্লেখ করা হচ্ছে। রবীক্রনাথ রাগসংগীতের চিরন্তন, অনির্বচনীয় রূপকেই লক্ষ্য করেছেন। তৎকালীন সংগীতের স্টাইলে—এই দৃষ্টিভলি আভাবিক ছিল। রাগসংগীতে ক্রমবিবর্তনের ভাবনা বাংলা দেশে তথনো আসেনি। হিন্দুছানী সংগীত তথনও শিশ্বপরম্পর। কয়েকজন বিশেষ শিল্লীর মধ্যে সীমাবদ্ধ। নির্বিচার অলংকার প্রয়োগ ও কায়দার আতিশয়ই ছিল রাগসংগীত-শিল্পীর অবলম্বন। বর্তমানে এ আভিশয়কে স্বটাই অলহারের আতিশয় বলা চলে।

এখানে বিশেষ ভাবে উল্লেখ করা দরকার যে, খেয়াল গানের বিকাশের সবটাই অলকার নয়। গানের স্থামী-অন্তরাসহ গায়কীর ন্যুন্তম প্রকাশ-বৈশিষ্ট্য নিয়েই থেয়াল গানের সরল দেহ। শুধু গানটিই থেয়ালের বৈশিষ্ট্য-প্রকাশক নয়, এর উপযুক্ত সহজ বিস্তার, তান ইত্যাদির সংযোগে গানটি খেয়ালে পরিণত হয়। সাধারণ ব্যবহারের অভিরিক্ত তান বিস্তার ইত্যাদির খণ্ড ক্ত অংশগুলোকে বিশেষ অলকার বলা য়য়। খেয়াল গান শুধু স্থামী-অন্তরার প্রকাশে থেয়াল হয় না। সরল, সহজ,মামুলি তানবিস্তার নিয়েই খেয়ালের দেহ। তাতে যখন গায়কের ব্যক্তিগত ভবিশুলো যোগ করা হয় তথনই হয় অলকারের ফ্রি। দেহটা অলকার নয়, শিলীর বিশেষ প্রয়োগরীতিটা অলকার।

আছিকের দাবি অহুসারে প্রথমে গায়কী ভালির খাভাবিক বিকাশ হওয়া দরকার। বিকাশের সজে সৌন্দর্য স্প্রের চেষ্টাতে অলহার-বিনিয়োগ পরিক্ষৃট হয়। অর্থাৎ বিন্তার ও তান্মাত্রেই থেয়ালের অলহার নয়, কিন্তু বিন্তার ও তানের মধ্যে সৌন্দর্য স্প্রের ভাবনায় উদ্ভাবিত রীতি প্রয়োগ, ওগুলোকে বিশিষ্ট ভাবে সাজানো, খাভাবিক ও অস্বাভাবিক নানান ক্ষুদ্র ওও ক্রের প্রয়োগক্তিত্বের সৌকুমার্য স্ক্রেই, তালের সজে ক্রেরে দোলা—এ সবই অলহার হয়ে দাঁড়ায়। এখানে অলহার শুধু উপরত্বার আভিশয়। বে থেয়ালকে গায়ক পরিমিতি বোধ সহকারে দ্বির রেখে সহজ ক্রর বিকাশের উদ্দেশ্যে বিন্তার ও তান প্রয়োগ করেন, তাকে আমরা নিরলহার সাদামাঠা থেয়াল বলতে পারি। এ ক্ষেত্রে minimum requirement-এর চিন্তা বা পরিমিতিবোধের প্রয়োগ দরকার। থেয়ালের দেহ সম্বন্ধে বে কথা বলা হল, অহুরূপ ভাবনা ঠুমরীতেও সম্ভব।

থেয়াল ও ঠুমরীকে প্রাণ্যস্ত সংগীত বলে উল্লেখ করছি কেন ? এর কারণ ঞ্পদের গানগুলোর দেহে উল্লিখিত বিকাশের অবকাশ দামাক্রই, কিছ থেয়ালের দেহের ওপর শিল্পীর সংযোজনা ও বিকাশের স্থাযোগ অপরিমিত। বছ विठित जिन, वह घतानात न्मर्न, वह जानकातिक मः रशक्ताय (थयात्मत मृष्टि इम বিভিন্ন-গায়কীও অতত্র হয়ে দাঁড়ায়। একই গানের রূপ পঞ্চাব, দিল্লী, গোয়ালিয়র, দক্ষিণী (মারাঠী) কায়দায়, আগ্রা ঘরাণায়, কিরানা ঘরাণায় নানা ভাবে নানান রকম হতে পারে। এই বিভিন্নতা ধ্রুবপদে দেখা যায় না। খেয়ালে এই বৈচিত্ত্যের মূল কারণ—স্থর বিকাশের স্বাতন্ত্র্য ও ব্যক্তিগত কায়দায় স্থর প্রয়োগ। এ স্বাতন্ত্রের জন্তেই ধেয়াল ও ঠুমরীকে প্রবহমান বলা যায়। পরীক্ষা করলে দেখা যাবে গ্রুপদ ও টপ্লার দেহ যদি নির্দিষ্ট ও ছির বলা যায়, খেয়াল ও ঠুমরী সে অর্থে নির্দিষ্ট নয়, অনেকটাই লোকপ্রচলিত ভাবের সঙ্গে স্থ্যমঞ্জন এবং প্রবহ্মান। এ অর্থে "ক্লাসিকেন" শক্টির তাৎপর্বের সঙ্গে মিল নেই। ক্লাসিকেল শব্দটি বাদ দিয়ে এ প্রকৃতির গানকে যদি রাগসংগীত (pure music) বলে উল্লেখ করা যায় তবে এর অতিরিক্ত অক্যান্ত লোক-প্রচলিত সংগীতকে (ধণা সাধুনিক, রবীক্রসংগীত, পল্লীগীতি, কীর্তন ইত্যাদিকে) মিল্ল-রীতির শিল্প বলা থেতে পারে; দেখানে হুর, কথা ও বিষয়বল্ধ-এই সকলের সামঞ্জ বিচার লক্ষ্য হয়ে দাঁড়ায়। অতএব এখানে তিনটি শুরের কথা উল্লেখ করছি, ঞ্ৰপদ অথবা টগ্লা রীতিতে বিকাশ ও প্রবাহের কোন পদা

নেই বলেই এছটোর প্রকৃতি সম্পূর্ণ ক্লাসিকস্তে বিচার্য। থেয়াল ও ঠুমরীর রূপ পরিবর্তিত হচ্ছে অতএব, এই সংগীতে ভাববার পথ একটু স্বতম্ভ। এর পরের পর্যায়ে যেখানে কথার প্রায়ায় এবং স্থরের রূপটি বাঁধা সেখানে সংগীতের বিচারে অহা কতকগুলো স্ত্তের অবলম্বন করা প্রয়োজন হয় তা আমরা বিশ্লেষণ করেছি। অর্থাৎ শাস্ত্রীয় সংগীতের তুসনায় লোকপ্রচলিত সংগীত অনেকটাই mixed art বা মিশ্ল কলা।

অতএব বেয়ালের আধুনিকতম রূপ প্রমাণ করে যে সে হচ্ছে জন-প্রচলিত থেয়াল প্রাণবস্ততায় 🕈 ও শিল্পচেতনায় আবো উন্মেষের শস্ভাবনা রাথে এবং সে চির-নৃতন। থেয়াল মৃত শাস্তের কচকচি মাত্র নয়। ক্লানিকেলও নয়। রাগসংগীতের আসবে আব্ল করিম থা, ফৈয়াজ থা, ওঙ্কার নাথ কিংবা বড়ে গোলাম আলী থাঁর গান শুধুই আাক্স্ট্রাক্ট বলা যায় না। কারণ এঁরা স্বরের বিশিষ্ট প্রতীক সৃষ্টি করেন, এতে প্রাণপ্রবাহ লক্ষ্য করা যায়। এই প্রবহ্মান সংগীতের রূপটি স্পষ্ট ও প্রত্যক্ষ—সেমৃত অথবা একটা নির্বিশেষ রূপে বাঁধা আছে একথা স্বীকার্য নয়। কোলকাতার বছ সংগীত সন্মিলনীতে ব্দথবা সংগীতের আাসরে একথা প্রমাণিত হয়েছে। প্রাণবস্ত প্রবাহ হথন থেয়ালের মধ্যে আলে, স্থরের অংশবিশেষের নতুন সংযোজনার দারা শিল্পী বথন এক একটি অপূর্ব নৃতন স্থারকলির (phrase) স্বাচ্চ করেন ও একএকটি নৃতন অভিজ্ঞতার স্তর ধরে দিতে পারেন, তথন দেখেছি গীতিরসিক ও শ্রোতাদের মধ্যে রসাম্বাদনের অপূর্ব মুহূর্ত, ব্যথা, হাদি, উচ্ছাস ও হুথের হৃষ্টি। সে অপর্রপ মুহুর্তের পরিচয় যাঁরা জানেন তাঁরা বলবেন প্রতিটি অংশে হরের কলিগুলে। তালের মধ্যে বিশেষ তাৎপর্যে ধরা দিয়েছে। সেগুলোতে কোথাও wit-এর সাক্ষাৎ পেয়েছেন, কোথাও বিষয়-বিহবলতা, কোথাও হাসি, কোথাও কান্নার অমুদ্ধপ ব্যথা এসেছে। কোথাও কোথাও এসেছে বান্তব প্রেমের অভিজ্ঞতা। আব্দুল করিম থার কঠে বেদনার অভিব্যক্তিতে শ্রোডা **टकें**रि चाकून हरम्हिन अमन निकत चाहि। चातात मधा ताजित्व खाछारक শুন্তিত করে দিয়ে ওতাদ ফৈয়াজ খাঁ বসম্ভরাগের আলাপ ও ধামার এবং স্বুঘরাইর ধেয়াল এবং সবশেষে গারা-কানাড়ার গারা-সংমিশ্রিত রাগের গান মনকে বিশ্বত অতীতে ফিরিয়ে এনে এক অভূতপূর্ব জীবনম্পন্দন সৃষ্টি করেছে, ' এমন নজিরও আছে। 🗐 শমিয়নাথ সাক্তালের গ্রন্থের বর্ণনা অথবা স্বগত ধুর্জটি-প্রসাদ মুখোপাধ্যায়ের অভিজ্ঞতা এ সম্পর্কে আমাদের দৃষ্টি আকর্ষণ করে। মনে

পড়ে একটি শ্রোতা একবার এসে ফৈয়াজ খানের কর্তে গান শুনে কানে কানে वरनिष्टितन कि य अनुरुष रानाम-अकृता है है। उस विकास वित মুক্তি পাবার জত্তে ছটফট করছে আর কাঁদছে। শ্রোতা নিশ্চরই উপমা দিতে জানেন না কিছু তাঁর উপলব্ধিতে এ চিত্রের প্রতি বিশ্বাস, বিশ্বয়, বিহ্বলতা এবং বেদনার অমুভৃতি স্পষ্টই দেখতে পেয়েছিলাম—সে ১৯৬৮ সনের একটি সংগীত সন্মিলনীতে। স্থারের অফুভৃতিতে বর্ণ খুঁজে পাওয়া, আলোর স্পন্দন অমুভব করা, চিত্রকে চোথ বুঝে দেখা, স্থরগুম্ভকে ও কলিকে অথবা স্থরগুচ্ছকে ছবির মত মনে রাখা খনেক শ্রোতার মধ্যে স্বাভাবিক। গীতকলির ভাব সম্বন্ধে বোধশক্তি কভট। প্রসারিত হয়েছে—এ হচ্ছে ভারই প্রমাণ। নির্বিশেষ থেকে স্থরের সভিব্যক্তিতে বিশেষকেই লাভ আজকের এই অভিজ্ঞতার মূলকথা। এ অভিজ্ঞতার আর একটি প্রমাণ, স্থরকাররা খেয়াল, ঠমরী গান থেকে স্থরকলি বা অংশবিশেষ সংগ্রহ করেন, নতুন অংশবিশেষকে সংযোজন করেন। এমনি করে ওস্তাদ ওঙ্কারনাথের বিশিষ্ট গান থেকে বাংলা গানের হুর রচনা, বাংলা গানে বেগম আথতারের গানের বিশেষাংশের প্রয়োগ, বড়ে গোলাম আলী খাঁর ঠমরীর অংশ বিশেষের ব্যবহার, ওন্তাদ ফৈয়াজ খাঁর অফুসরণে বাংলা গানের রূপদান ইত্যাদি।

ঞ্চপদী-প্রভাব

ঞ্চপদী প্রভাবে প্রাপ্ত বাংলা গানের চার ভাগ—স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ—একটি নিদিষ্ট রূপ পরিগ্রহ করেছে। লোকিক গীতিরচনায় বর্ণনাত্মকতা থাকায় এবং কীর্তনগানে আবেগের বহু তারবিকাশের বিভেদ থাকার জন্ম গানের এই চারভাগের একটা নির্দিষ্ট ধরণ গ্রহণ করবার কোন হুযোগই ছিল না। আজকের বাংলা গানের স্থায়ী-অন্তরা-সঞ্চায়ী-আভোগের রূপ সম্পূর্ণ শ্রুপদ-সংগীত-সংস্কার থেকেই জন্মছে। পূর্বেই উল্লিখিত হয়েছে, রবীক্রনাথ এ গীতিরচনার আদিক স্বপ্রতিষ্ঠিত করেন। বাংলা গান হচনায় রবীক্রনাথের উদ্ভাবিত পদ্ধতি সংখ্যাতীত রচনার মধ্য দিয়ে ব্যাপক প্রভাব বিত্তার করে।

ঞ্চপদের বিশেষ আফিক গুরুত্বপূর্ণ তালভাগ। এতে বে সাধারণ শ্রোভার মন হাত্বা-রসের প্রবণতার জন্ত তেমন আরুট হওয়া সম্ভব নয়। অর্থাৎ গভীর ভাবের সঙ্গে তালের গুরুগভীর ধীর পদক্ষেণ সহজে মন আরুট করে না।

ষে সব গানে গাছীর্ঘের বিকাশ, সে রক্ষের গানের দরকার বড় কম। প্রতিদিনের প্রয়োজন ছেডে দিলে গ্রুপদের তালভাগ যে স্ব গানে অফুস্ত হতে পারে, তাতে নাটকীয় ভঙ্গি অথবা গানের কথায় ভারিকী ভাব দরকার। ঞ্চপদের তালের প্রয়োগের জন্ম এরূপ পরীক্ষণ-নিরীক্ষণ শুরু হয়েছিল কয়েক শতক পুর্বে কীর্ত্তন গানে। বিলম্বিত ভালগুলোর রূপ পালাকীর্তনে বছ পরিমাণে মিলে। একথা স্বীকৃত যে ঠাকুর নরোত্তম (১৫৮১-৮২) গ্রুপদ গীতরীতি আয়ত্ত করে গরানহাটা কীর্তনে ভাব-গন্ধীরতার প্রয়োগ করেন। এইভাবে ভারি তাল পরবর্তী কালে কালীকীর্তনেও কিছুটা প্রয়োগ रुरम्हिल । तामरमारुन निरक मनीज भाषना करत्रहिरलन এবং अभरतम् रमोलिक গম্ভীরতা ও প্রশান্তি বাংলাগানে নতুন উদ্দীপনাস্প্রির কারণ হয়েছিল। ষত্ভট্ট কিছু ঞাদ রচনা করেছিলেন কিন্তু সে ধারাটি রক্ষিত নয়। বিষ্ণু চক্রবর্তীর ধ্রুপদ ভঙ্গির রচনা দে যুগের সংগীতকে আগে বাড়িয়ে দিয়েছিল। জ্যোতিরিন্দ্রনাথ এ গান প্রচার করতে চেষ্টা করেছিলেন। এ সম্পর্কে ওরু রবীন্দ্রনাথের কভকগুলো পানের কথাই প্রথমে বিচার্ঘ। কারণ এই রীতি থেকে যতটুকু দার দাধারণ শ্রোতা এবং গায়কমাত্রেই গ্রহণ করেছে, তা রবীক্রসংগীতের জন্মেই।

ঞাপদ গানের ভিদ্ধি সার্থক হয় গানের আদিকের য়য়্র্র্ন প্রয়োগ ছারা।
ঞপদী রীতি অত্যন্ত বিধিবদ্ধ। গমক, বিশেষ ধরণের বড় বড় মীড়ের প্রয়োগ
এবং তালে দৃঢ়শংবদ্ধ অবিচ্ছিন্ন গতি রবীক্রনাথ সম্পূর্ণ বর্জন করেছেন বলেই
ঞপদীয়ানা ভিদ্ধি রবীক্রমংগীতে হাই হতে পারে নি। সকল রক্ষমের গান
গায়কীর দকণই হতন্ত হয়ে পড়ে। গ্রুপদ গায়কের কঠ মার্জনার কয়েদা
রবীক্রসংগীতের সরল প্রকাশভদ্দির পক্ষে আভাবিক নয়। স্বক্ঠ গ্রুপদ গায়ক
রবীক্রনাথের গ্রুপদ-ফ্রেমে নিবদ্ধ গীতি স্থান্ধর করে হয়্বত গান করেনে সন্দেহ
নেই, য়েমন করে শ্রীরমেশচক্র বন্দ্যোপাধ্যায় করেন, কিছু একটি অভিক্রতা
সবার কাছে স্পাই হবে য়ে গ্রুপদ গায়ক য়ে মৃক্ত ভিদতে গানকে নিয়ে তালের
সঙ্গে থেলা করতে পারেন, সে মৃক্তির পথ রবীক্রসংগীতে নেই। এবং নেই বলেই
প্রকাশভদ্দি পৃথক হয়ে য়য়। রবীক্রনাথের গানে গ্রুপদের কাঠামো আছে।
কিছু, গ্রুপদের কাঠামোকে কথনো গ্রুপদ বলা য়য় না। তাকে গ্রুদ্ধ বলে
প্রমাণ্ড করা য়য় না। রাগসংগীতের প্রধান বৈশিষ্ট্য প্রকট হয়্ব তার কটাইল

বা গায়কীতে এবং গায়িকা বা গায়কের ব্যক্তিছের প্রধান উপাদান হচ্ছে শব্দ অবলম্বনে হ্বর প্রকাশের আশাস্থ্রপ মৃক্তি ও গায়কীর হুষ্ঠ প্রকাশ। শ্রীধীরেন্দ্রনাথ ভটাচার্য এ বিষয়ে গোঁসাইজীর রবীক্রসংগীত প্রসদে, যে সব গান গোঁসাইজীর কঠে ভনেছেন, তারই কথা উল্লেখ করেছেন। বিষ্ণুপুর ঘরাণা গ্রন্থে কিন্তু সে ভিকিট বজায় নেই। হ্বরলিপিটা গানের সমস্যা নয়, ভিকিটাই গানের বড়ো কথা।

ঞ্চপদ গানের আসরে দারা গান ভনে থাকেন এবং যারা গ্রুপদ চর্চা করেন তাঁরা একথা স্বীকার করবেন যে বাণীর উচ্চারণ গ্রুপদে ভিদ্ধির স্চুচনা করেছে, বিভিন্ন ঘুরাণায় কথা বিভিন্নভাবে উচ্চারিত হয়েছে—কোথাও অধ-উচ্চারিত, কোথাও অফ্চারিত, কোথাও গমক সহকারে পরিবর্তিত, কোথাও ছেদ অথবা দম-প্রযুক্ত—বাক্যরপাস্তরিত, কোথাও প্রয়োজনের অতিহিক্ত স্বর (vowel) যুক্ত। বাংলার কথাসম্পদ এই রীভিতে কথা উচ্চারণের স্বাধীনতা দিতে পারে না। রবীক্রনাথ তো কক্ষণো দেন নি। প্রীপ্রজ্ঞানানন্দ স্বামিজী গ্রুপদ কাঠামোতে রচিত রবীক্রনাথের গানের রাগরূপের সংরক্ষণ ও গন্ধীরতা, সৌন্দর্য এবং ভাবসমৃদ্ধির সম্পর্কে যে কথার উল্লেখ করেছেন ভাকে স্বীকার করে নেওয়া যায়, কিন্তু একথা বলা যায় যে সে সব লক্ষণ থাকা সন্তেও রবীক্রনীতি-পরিমণ্ডলের এ রচনা গ্রুপদ গান নয়। প্রকাশভিদ্বির মূলে গ্রুপদ থাকা সন্তেও সে সম্পূর্ণ রবীক্রসংগীত'। পূর্বেই বলেছি, প্রকাশই গানের পূর্ণ রূপ—Form is the soul। প্রস্কৃটি বিশ্লেষণ দরকার।

আমাদের মূল বক্তব্য: বর্তমান বাংলা গানের রূপে গ্রুপদীয়ানার সঙ্গে আত্মিক যোগাযোগ নেই, কারণ বাংলার গান উভূত হয়েছে সহন্ধ মনের আবেদন থেকে, প্রাকৃত গীতি-প্রবণতা থেকে যেমন করে পল্লীগীতি ক্তিলাভ করেছে ও যে ভাবে কীর্তন এবং অক্সান্ত ভক্তিমূলক গান জন্মলাভ করেছে। বাংলা গান গ্রুপদ থেকেও কিছু কিছু উপাদান সংগ্রহ করেছে—কোথাও রাগ, কোথাও তালের কাঠামোটি অবলম্বন করা হয়েছে কিছু গ্রুপদের গীতরীতি ক্রমবিবর্তনের সঙ্গে প্রত্যক্ষভাবে সকল সময়ে সর্বসাধারণের মনোরঞ্জন করতে পারে নি। উনবিংশ শতকে বিষ্ণুপুর ভঙ্গি অবলম্বন করে বাংলা গানের একটি রীতি সাধারণ্যে প্রচারিত হয়, সে সময়ে বাংলার বিভিন্ন অঞ্চলে সাধারণের কানে ট্রারীতির ভঙ্গি আরও বেশী প্রচার লাভ করে। এ সময়ে বাংলার বিষ্ণুপুরের গ্রুপদ্বানর প্রভাবও বিস্তৃত হয় (দিলীপকুমার মুখোপাধ্যায়ের "বিষ্ণুপুর ঘরাণ।"

অষ্টব্য)। ঘরাণা সহত্বে একটি কথা খ্বই সত্য বে বাণীর উচ্চারণের কায়দাই ঘরণার প্রধান বৈশিষ্ট্য। একথা সত্য যে ঘরাণাগুলোর উচ্চারণ সহত্বে আঞ্চলিক কায়দার কথা ওঠে। হ্বর প্রবাজনার ক্লেত্রে বিশেষ শক্তিমান গায়কেরা ব্যক্তিগত কায়দার ওপর নির্ভরণীস ছিলেন। এপদের অধিকাংশ কথাতে পার্থক্য ছিল দামান্তই, অথবা কয়েকটি বিশেষ গান এদব ক্লেত্রেই হয়ত ব্যবহার করা হত। কিন্তু দব ক্লেত্রেই গায়কীর স্বাতন্ত্রে গান রূপাস্থরিত শোনাতো। গায়কীর কায়দায় উচ্চারণ স্বতন্ত্র হয় এবং এক্তন্তে একই কথা বিভিন্ন শোনাতে গারে। নানা আলোচনার দারা বোঝা দায় যে বিভিন্ন ঘরাণার প্রথম বিশেষ তারতম্য হয় উচ্চারণ-গত। এর পরেও ভিন্নির বা style-এর কথা আলে। একপদ দক্পর্কে গৌরহারী (গবরহার), নৌহারী, ভাগরী, থগ্রার-বাণীর কথা প্রচলন ছিল। এগুলোকে 'শৈলী' বলে মেনে নেওয়া হত, কিন্তু এর নির্দিষ্ট প্রকৃতি ও সংজ্ঞা নির্দেশত হয় নি। শাস্তীয় ভেদও জানা য়য় না। "পরস্ক য়হী কহনা পড়ে যা কি আজকাল ইস্ চার্রো বাণীযোঁ কী স্বভন্ন শ্রণই নহী দেতী।" (পণ্ডিত বিফুনারায়ণ ভাতথণ্ডে)

কোন বন্ধর কোণগুলিকে ভেঙে নিয়ে আপনার গতিপথে গড়িয়ে নিয়ে ষাবার জন্মে তাকে বিভিন্ন আরুতির করে নিলে যে অবস্থা হয়, ঞ্পদ অথবা থেয়াল গানে কথার ব্যবহারও খনেকটা সেরপ। স্থর প্রয়োগের বছ বিচিত্ত ভিন্নির জন্তে প্রত্যেকের কর্তে বাণীকে স্বতম্ত্র শোনায়। এজন্তে একই হিন্দস্থানী ব্ৰঙ্গবুলি, ব্ৰঙ্গভাষা, পাঞ্চাবী, মিশ্ৰ উতুৰ্, প্ৰভৃতি ভাষার শব্দে রচিত বছ ঞ্পদ ও থেয়াল নানারূপে উচ্চারিত হতে বাধ্য। অধিকাংশ গানে কাব্যিক সৌন্দর্য বা ভাষাগত পরিচ্ছনতা থোঁজ করা বুথা। কারণ সংগীতের ভাষায় একটি সাধারণ স্বাভাবিক রূপই বর্তমান। পূর্বের মতো স্বাবার বলা যায় —রাগদংগীতের গানের ভাষা এমন সহজ ও ব্যবহার্য হে, রচনার প্রভিটি শব্দকে ভেঙে সহজে ক্ষরের দারাই উচ্চারিত, অমুক্ত, খণ্ডিত, দমপ্রযুক্ত, রৌদ্রুস-চিহ্নিত, করুণ ও গল্পীরভায় পরিণত করা যেতে পারে। বাণী বা कथात পूर्व উচ্চারণের প্রয়োজন এখানে গৌণ হয়ে পড়ে। স্থর প্রয়োগের প্রাধান্তই এখানে বিশেষ। কোন গ্রুপদ ও থেয়াল গান যদি গায়ক সমাজে ু আদরণীয় হয়, তা বিশেব করে হয় গীতিভঙ্গি বা কায়দার জন্তে। রাগসংগীতের শ্রোতা ঢংএর সমান্তর করেন। রাগসংগীতের ভঙ্গি বা কায়দা বাংলা গানের কায়দার সব্দে সমগোত্রীয় নয়। বাংলা রচনায় উচ্চারণ রূপান্তর অথবা স্থরের ক্ষেত্রে সামাস্ত হেরফেরও গ্রাহ্ম নয়। স্থর এখানে অবলম্বন মাত্র। বাংলা গান কথাকে কোনো প্রকারে কতবিক্ষত হতে দিতে প্রস্তুত নয়। অর্থাৎ বাংলা-কথার কোণগুলো এমনি তীত্র ও দৃঢ় যে তার একটুমাত্র থবঁতা বা পরিবর্তনও শ্রোতার কান পীড়ন করে। গ্রুণদ ও থেয়ালগানে ভাষা নিয়ে স্থরের পাকে স্থপক অথবা রূপান্তরিত করা হয়। বাংলা উচ্চারণের এবং প্রকাশের এ রূপান্তর এখন পর্যন্ত বাংলায় স্বীকৃত হয় নি। যদি স্বীকৃত হত তবে হয়ত বাংলা গ্রুবপদ এবং থেয়াল গান চালু হয়ে যেত সহজে।

ঞ্পদ-থেয়ালের ভাষা কাব্যরূপের প্রাধান্ত দের না। সে জন্তে একই ধরণের ঞ্চাদ, প্রেয়াল, টপ্পা, ঠুমরী রচনা সমগ্র উত্তর ও মধ্য ভারতের এক প্রান্ত থেকে অক্তপ্রান্তে ও পাকিন্তানেও একইভাবে নাজ পর্যন্ত প্রচলিত আছে। উনবিংশ শতকে বাংলায় বিষ্ণুপুরের সংগীত-সাধকগণ বহু গান চালু করতে চেষ্টা করেছেন। কিন্তু গায়ক ও শ্রোতার কান দেগুলোকে জনপ্রিয় করে আজ পর্যস্ত বয়ে নিয়ে আসতে সক্ষম হয় নি। এ শতকের তৃতীয় দশকে গোপেশ্ব বন্দ্যোপাধ্যায়ের স্বরলিপিস্ সংগীত-গ্রন্থলো বিশেষভাবেই চালু ছিল। বহু সংগীতজ্ঞ ও শিক্ষকেরা এ বই আলোচনা করতেন। কিছু বাংলা ঞ্জাদ সেই ধারা থেকে প্রচারিত হতে পারে নি। অথচ সেকালের অনেক প্রকারের গান আছেও চালু রয়েছে। শাল্পজ ব্যক্তিমাত্রেট গ্রুপদ গানের প্রচলনের দপক্ষে বলবেন। মৃশকিল হচ্ছে, গান সম্বন্ধে কোন ওপরওয়ালার নির্দেশ অথবা শাস্ত্রজ্ঞের বিধান এবং বিশেষজ্ঞের প্রচেষ্টা কোনরূপে ফলপ্রস্থ হয় না। কোন রূপের সংগীতকে শ্রোতা বা গায়কের উপর চাপিয়ে দেয়া যায় না। ষদি গ্রুপদের কাঠামো এবং রাগের বাঁধা-প্রকৃতি সবসময়ে বাঙালী শ্রোতার কানে ভাল লাগত তবে রবীক্সনাথও প্রথম জীবনে যে ধরণের বিছু গান রচনা করেছিলেন পরেও হয়ত সারা জীবন ভরে সে ভাবে গান রচনা করে যেভেন কিংবা সমসাময়িক প্রয়োজনে অমুরূপ ভাবে ভাবতেন। দেখা যাছে ত। হয় নি। না হবার কারণটিও বিশ্লেষণ করা হয়েছে। দেখা যাচ্ছে স্থরের ঐকান্তিক সতা, যাকে ভাষানিরপেক বলা যায়, বাংলা রচনার সঙ্গে তার সামঞ্জ সাধন করা যায় নি। সামঞ্জু সাধনের চেষ্টায় গ্রু-দরীভির প্রয়োগ প্রকৃত অর্থে সার্থক হয় नि।

রবীক্রনাথ ভাষা ও ভাবের অক্ষতাকে রক্ষা করে গানের প্রকাশ-ভঙ্গিতে ব্যক্তিগত বৈশিষ্ট্য বন্ধায় রেখেছেন। গ্রুপদ থেকে স্থায়ী অস্তরা সঞ্চারী

শাভোগ নামক রচনার কাঠামোকে গ্রহণ করেছেন। রাগের ও তালের structure বা কাঠাঘোও প্রয়োগ করেছেন। গোড়ার দিকে কিছু গান মৌলিক গ্রুপদ গানের অমুসরণে রচনাও করেছেন। শ্রীদিলীপকুমার রায় লিখেছেন "রবীক্সনাথ গোঁদাইজীর সহযোগে চটি অরণীয় কাজ করেন বাংলা-शास्त्र हार चारारम: अथम राश्मा शास्त्र रीज राश्न करान अशमी ऋरत्र মাটিতে—গোঁদাইজীর নানান হিন্দী গ্রুপদ ভঙ্গি অবিকল দেই স্থর-ভালের কাঠামোয় বাংলা গানের প্রতিমা প্রতিষ্ঠা করেন; দ্বিতীয়, নিজের মনেক মৌলিক বাংলা গান এবং ব্রহ্মদংগীতে তাঁকে দিয়ে স্থর সংযোগ করান।" উনবিংশ শতকের শেষভাগে ও বিংশ শতকের প্রথমভাগে গোঁসাইজির মত এতবড় ধ্রুণদী এবং "এত নামভাক কারো হয় নি।" "গোঁদাইজির সভাবগত মাধুর্য ছিল অবর্ণনীয়।" দেশী সংগীতের প্রতি তার প্রগাঢ় ভালবাসা ছিল, গ্রুপদের সংগে তিনি বাংলা গান গাইতেন। কিন্তু সকল গায়কেরাই তথন ষতটা স্থারের দরদী ছিলেন ততটা কাব্যের দরদী ছিলেন না। অর্থাৎ কথা ও স্বরের সামগুস্তের আভাষ মিললেও "বিকাশ বেশি হয় নি অর্থাৎ বাংলা গানের যুগল মিলন সঞ্জাত সর্বাঙ্গস্থন্দরতার তৃপ্তি মিলত না—যদিচ অগ্রদৌত্যের স্বর্ণরাগ-চ্ছটা মিলত পদে পদেই।"…"অবশ্য একথা ঠিক যে এসব গানে ছবছ হিন্দুস্থানীয় বাগদংগীতের রস মিলতেই পারে না—বেহেতু এগান কণ্ঠবাদন নয়—এ হল ঘথার্থ পান-মানে কাব্যসংগীত।" অঘোর চক্রবর্তী, স্থরেন্দ্রনাথ মজুমদার এবং ব্যোদাইজী সম্বন্ধেও দিলীপবাবুর একই রকমের নিরীক্ষণ (observation)। এবং ইনি একথা বলেছেন যে বাংলা গানের দাবীটা স্বতম্ভ রকমের বলেই গোড়াছই স্বাতস্ত্র্য স্পষ্ট হয়েছিল। বাংলা গানের ভাবসত্তা ও প্রকাশ স্বভন্ত্র-ধরণের, একথা এখানেও বলেছি। রাগের কাঠামো বা structure ছাড়া এবং রাগের মূল প্রকৃতিকে বর্জন করে এদেশে সংগীত সৃষ্টি সম্ভব নয়। তাই স্বাভাবিক ভাবে স্মাপনার প্রয়োজনে:গীতিকারেরা চলিত basic music বা মূল রাগদংগীতকেই অবলম্বন করেন। এটা স্বাভাবিক, কিন্তু একথা সভ্য যে গ্রুপদ স্বাইাদৃশ ও फैनिविश्म में जरक वाश्मात मश्री छ मभारक या श्री का विश्वात करति है न. বে পরিমাণে তার আবেদন বাংলা গানের দেহে ও প্রাণে সংরক্ষিত হয় নি। একথাও সভ্য যে, বিষ্ণুপুরের কোন রচনাই গায়কসমাজে প্রচলিত হয় र्नि। রামমোহনের পরিকল্পনায় গ্রুপদের নতুন প্রয়োগ সংগীতকে প্রসারিত করেছিল। গ্রুপদ ধেন রেনেসাঁদের শিল্পতার একটি নতুন আলোকবর্তিকা।

এই শংস্কাবের ধারাটি বছজনের মধ্য দিয়ে নানা ভাবে রূপাস্তর লাভ করে জ্যোতিরিজ্ঞনাথ পর্যন্ত এসেছিল। সে এক দীর্ঘ ইতিহাস। এখান থেকেই রবীজ্ঞনাথের পরীক্ষা-নিরীক্ষার প্রারম্ভ।

এ পর্যন্ত ধ্রুপাদের দারা প্রভাবিত বাংলা গানের সম্বন্ধে যে কয়েকটি ভাবনার স্থ্যু পাওয়া গেল দে কথা সংক্ষেপে বলা যাক!

প্রথম ক্ষেত্রে, বর্তমান বাংলা গানের মূল গঠনে গ্রুণদের রূপ আছে সন্দেহ নেই। কিন্তু, গ্রুণদের মনোরঞ্জনশক্তি ও তার প্রভাব আনেকটাই abstract অথবা নির্বিশেষ বলা যায়, তাই এই নির্বিশেষ রূপটি বাংলা কথা ও স্থুরের সঙ্গে সামঞ্জ্ঞপূর্ণ নয়, সেজত্যে বাংলা গান গ্রুণদের অহ্বরপ সার্থক রাগপ্রধানসংগীত সৃষ্টি করতে পারে নি।

দ্বিতীয়ত, বাংলা গান শনেকটা মিশ্রংীতির কলা। বাংলা-গানে ভাষার প্রকৃতি মার্গদঙ্গীতের কায়দাকে পরিপূর্ণরূপে গ্রাহ্য করতে দেখা যায় না এবং ভাষা ও ভাবকে গৌণ করে তাতে রাগ বিকাশের স্থবিধা করতে দেখা যায় না।

তৃতীয়ত, প্রয়োজন অসুসারে কথাকে রূপান্তরিত ও পরিবর্ডিত উচ্চারণ করা ঘরাণাদের বৈশিষ্ট্য হলেও, বাংলা গানের জনশ্রুতিতে তা গ্রাহ্ম নয়। ভাষা রাগবিকাশের সহায়ক নয় অনেক ক্ষেত্রে।

চতুর্থত, ঘরাণাগুলো কথাকে উচ্চারণের সময়ে রূপাস্থরিত নাকরে সম্পূর্ণ-গ্রুপাদকে রূপদান করতে পারে না, কিন্তু এও বাংলায় গ্রাহ্ম নয়।

পঞ্চত, বাংলা গানের কথা ভাবসমুদ্ধ। ভাবসমৃদ্ধি ত্যাগ করে ভাষা দাঁড়াতে পারে না, অন্তাদিকে গানের প্রয়োজনে ভাষাকে গৌণ করা সম্ভব নয়। তাই দেখা যাচ্ছে বাংলা গানের উৎস মূলত প্রাকৃতিক বা প্রকৃতিগত। ভাষা ও ভাবসমৃদ্ধি থব করে বাংলা গান কথনো চালু হয় না। যে সব বাংলা গান ক্রপদকে আশ্রম করেছিল তাতে হ্রের কাঠামোটাই ছিল প্রধান। তাতে পূর্ণাক প্রণদী রীতি বিকশিত হ্বার হ্যোগ পায় নি, কাজেই বাংলা গানে ক্রপদ দাঁড়ায় নি কিন্তু প্রপদ গান বাংলা গানের কাঠামো তৈরির সহায়ক হ্যেছে, বহুক্ষেত্রে বাংলা গানে অহ্বরূপ গান্তীর্য ও স্বাভন্ত্রা দান করেছে। প্রাচীন কীর্তন গানে বিলম্বিত লয়ের ও বিভিন্ন তালের প্রয়োগ হয়েছে। তাই, বর্তমান বাংলা গানের structure বা কাঠামো ছাড়া আর কোথাও ক্রপদের লক্ষণ তাতে স্পষ্ট নয়।

ঞ্চপদ সম্পূর্ণ মার্গদলীত-সভ্যিকার শাস্ত্রীয় রীতি প্রযুক্ত। এর সঙ্গে

থেয়াল ও ঠুমরীর প্রকৃতিগত বৈষম্য অত্যন্ত বেশী। থেয়াল ও ঠুমরী—সঞ্চীতের প্রাণবন্ধ রীতি। পরিবর্তনের পথে বিশেব রূপ লাভ করেছে—গীতকুশলী ব্যক্তিবিশেষের স্পর্শে। নতুনের পর নতুন রূপ পরিগ্রহ করছে সময়ের সঙ্গে পৰিবর্তিত পথে।

খেয়াল ও বাংলা গান

সেকালে থেয়াল গায়কের নামে নানা বিরুদ্ধ মতামত সংগীত-রসিকদেশ মধ্যে চলিত ছিল। মতগুলো গ্রুপদের সমর্থনে। যথা—"ধেয়াল গায়ক বেতালা", "ধেয়ালী টপ্পার সংমিশ্রণ করেন", "থেয়ালী ঠুমরী ছারা প্রভাবিত", "থেয়ালী হাজা সারেকীয়া কায়দায় গান করেন", "ধেয়াল গায়ক অস্থায়ী গানেওয়ালা" (এর বেশি কিছু সে জানে নাবা গায় না), "থেয়াল নাট্কী তালের গান" (মহারাষ্ট্রে) ইত্যাদি, ইত্যাদি। এসব উক্তি গ্রুপদাগনের বাঁধাবাঁদি থেকে খেয়ালের মৃক্তির কথা প্রমাণ করে। কিছু খেয়ালের স্থাতায় শুধু এই মৃক্ত প্রকৃতিতে নয়, এর বহুম্থিতায়। অর্থাৎ নানান রীতি-পদ্ধতি নিয়ে খেয়াল গান নানারূপে গাওয়া হতে পারে। পরিবর্তনের পথও প্রশস্তা। গত একশত বছরের মধ্যে খেয়াল গানের রূপে যে ফ্রত পরিবর্তন হয়েছে তাতেই এই বহুম্থিতা ও প্রাণপ্রবাহ স্বীকৃত। স্বর্থাৎ ব্রের উপযোগী শিল্পবোধের প্রতিফলন এই গানেই সম্ভব।

বর্তমান থেয়ালগানের স্থর-প্রয়োগের রীভিকে নানা ভাবে গানে রূপান্তরিত করবার চেটা দেখা বায়। বাংলায় এ শতকে ত্রিশ দশকের সময়কাল থেকে এই প্রভাবের বিন্তার লক্ষ্য করা বেভে পারে। অত্লপ্রদাদ দেন থেয়ালের গায়নরীতি, বিশেষ করে ঠুমরীর ধারা অস্পরণ করে বাংলা গান রচনা করেন এবং সে গানগুলো মূলরীতির সঙ্গে সংশ্লিষ্ট বলেই সাধারণ্যে প্রচারিত হয়। কাজী নজরুল গীতি রচন। করে মৃক্তভাবে থেয়াল ভঙ্গিতে গাইবার জ্যে গায়কের হাতে তুলে দেন। কিছুকালের মধ্যে গীতিকার হিমাংশু দত্ত স্বর্গারর এ পথে এগিয়ে আসেন। যাঁদের কঠে এ গান প্রথম যুগে প্রচারের বাহন হয় এ রা হচ্চেন দিলীপকুমায় রায়, রুফ্চন্তে দে, আঙ্রব্রালা, ইন্দ্রালা, শচীন দেববর্মন। বিশেষ করে থেয়ালঠুমরী-প্রভাবিত ঐ সক্ গান থেকেও অনেকটাই এগিয়ে যান জ্ঞানেজ্রপ্রসাদ গোস্বামী-ক্রের্কটি বাংলা গানে ধেয়াল গায়কীর সরাসরি প্রয়োগ করেন। ভীমদেবের কঠে

এবং কিছুকালের মধ্যে আরও নানা শিল্পীর ছারা গ্রামোফোন ও রেভিওতে প্রধানত এই শ্রেণীর গানের প্রসার হয়। সমসাময়িক কালে অনেক গীতিকার ও গায়ক এপথে এগিয়ে আদেন।

বাঁরা বলেন এ শতকের ত্রিশ দশকের পূর্বে থেয়াল বাংলা গানেও প্রচলিত হয়েছিল—বেষালী রীতির প্রকৃতি বিশ্লেষণ করলে একথা ভুল মনে হয়। (টপ্লা चालाइना खडेवा।) दकन এ कथा वना इय छ। शीद्र शीद्र विद्वारण करा द्वर्ष পারে। আসলে টপথেয়ালের একটা রূপ পূর্বে প্রচলিত ছিল। কিছু বিশিষ্ট আন্দিক প্রয়োগ করে খেয়ালের অফুদরণ এ যুগেই হয়েছে। এ শতকের আগে কবি-গীতিকারদের মন কেড়ে নিয়েছিল গ্রুপদ এবং টপ্পার রীতি। থেয়াল তথনে। আজকের মতো মুক্তরূপে আদেনি। একথা পূর্বেই বলেছি, গ্রুণ্ট বা থেয়ালের কোন গানের ছায়া নিয়ে, বা অমুসরণ করে কোন গান রচনা করলেই তা গ্রুপদ वा (अशाम इस ना । अल्लान अथवा (अशामी त्री किटक अवनयन कर तमरे तम भान প্রকৃত রূপ লাভ করতে পারে। গ্রুপদের কাছে থেয়ালের প্রধান দাবী গায়কীর মুক্তি-কথা ব্যবহারে ও হুর ব্যবহারে মুক্তি এবং দেই দঙ্গে রাগ বিকাশের স্বাধীনতা। রাগবিকাশ করবার নানান পছতিও আছে। ভেবে দেখনে বোঝা বাবে এই সব রীতি ভেবে অথবা অভিজ্ঞতা নিয়ে এশতকের ত্তিশ দশকের আগে গান রচনা হয় নি। হয়ত, অঘোর চক্রবর্তী, স্থরেক্তনাথ মজুমদার, গোঁলাইজী এবং লালটাদ বড়ালও বাংলা গান বা থেয়ালের মডো করে গেয়ে থাকবেন ৷ কিন্তু প্রশ্ন, খেয়ালী রীভি দৃঢ়বদ্ধ ভাবে ও পরিপূর্ণ রূপে ভাতে সঞ্চারিত হতে পেরেছে কি না ৃ—যদিও দে মুগেই প্রভাব বিস্তৃত হয়েছে শাসরা বলতে পারি, তবু স্বীকার কর্মত হবে যে তখন ভঙ্গি সঞ্চারিত হবার মতো অবলম্বন দাঁড়ায় নি। প্রভাব বিস্তৃত হুছে বাংলা গান "সেই" রূপে নবকান্তি লাভ করছে এই যুগে। এই যুগে এদেও বাংলায় পূর্ণ খেয়াল ২১নি, রূপটি হয়েছে মৌলিক বাংলা গান, প্রয়োজন অফুসারে সম্ভবতঃ স্থরেশচন্ত্র চক্রবর্তী এর নাম দিয়েছিলেন "রাগপ্রধান"।

কেন পূর্ণ থেয়াল বাংলায় চালু হয় নি ? এই প্রান্থের উত্তরে অনেক তর্ক-বিতর্ক ও প্রান্থ আদে। এর কয়েকটি মূল কারণ সংক্ষেপে বলা দরকার, যদিও স্থানে স্থানে এ সম্বন্ধে নানা কথা উল্লেখ করা হয়েছে। বাংলা কথার ভাবসম্পদ ও গানের ইতিহাসের উল্লেখ নত্ন নয়। থেয়াল গানের ভাষাগত বক্তব্য অত্যক্ত সাধারণ, সাদাসিধা, সহজ এবং ভাবের দিক থেকে

তুর্বল। সাধারণ মিলন-বিরহ তুঃখ, সহজ ভজন-পুজন অথবা অত্যস্ত ক্ষীণ, বাঁধাধরা স্বতি, প্রকৃতি বর্ণনা স্বথবা সহজ্বাধাক্ষ্ণ প্রেম নিয়েই এর শেষ। বিশিষ্ট কতকগুলো ব্যঞ্জনবর্ণ এবং শব্দ এই গানে হুর-প্রকাশের সহায়ক। তাছাড়া থেয়াল গানে স্করগুলোকে বিচ্ছিন্ন ভাবে উচ্চারণ করতেও বাধা নেই; जुननाय, ताःना मन व्यथता मनममष्टि এकर्याटन উक्रांतिक इश्वयांहे त्रीकि। क्थात এই अनः नश नश्क त्रपृष्टि भाषात्कत शाधीन खत-छक्तात्र एवत कारमात्क বেশি মর্যাদা দেয়। ভাছাড়া উচ্চারণের হেরফের (এমনকি বিকৃতিও) গ্রাহ্ম হয়ে যায়। বাংলা গানের কথার ভাবৈশ্বর, উচ্চারণের অবিকৃত রীতি, এবং শব্দগুচ্ছকে আবৃত্তি করবার স্বাভাবিক প্রবণতা খেয়াল গানের ভাষা ব্যবহারের সঙ্গে আকাশ-পাতাল পার্থক্য স্চনা করে। এ জন্মই বাংলা থেয়ালকে গায়ক মুক্তভাবে প্রয়োগ করেন নি। টপ্পার জন্ত নিধুবাবু সংক্ষেপ রচনার একটা পথ দেখিয়েছিলেন সন্দেহ নেই। থেয়ালে বাছাই শব্দ ব্যবহার করে বিস্তার (স্করবিস্তার), বোল তান, তান, সারগম, ছন্দবিচিত্রার প্রয়োগ করা যায়, কিন্তু খেয়ালের কণ্ঠভঙ্গি বা "কণ্ঠবাদন" এমনই ব্যাপার যে তাতে বাংলাছ খুঁজে পাওয়া কঠিন হতে পারে। সম্ভবত: এজতেই মৌলিক বাংলা থেয়ালের সায়কী চালু হয়নি। নজকলের একটি থেয়ালোপম গান "শৃক্ত এ বুকে পাথি মোর স্বায়"—বাক্ভল্পিকে পরিপূর্ণ রেখে থেয়ালের সর্বরূপ বিস্তার দিয়ে রচিত, জ্ঞানেক্সপ্রসাদ গোসামীর মুখে আনেকেই শুনেছেন। কিন্তু সম্পূর্ণ গান্টি একটি অনুরূপ মধ্যলয়ের থেয়ালের সঙ্গে তুলনা করলে বলা যায়-এ গানে খেয়ালী রীতি পরিফুট হলেও খেয়ালী-রীতির পুর্বফুডি ক্থনও হয় নি। যা হয়েছে তাকে "রাগপ্রধান" বাংলা গান বলা হয়। এটা অনেকটা মধ্যপন্থ। আরও কয়েকটি গানে এরপ থেয়ালী রীতি লক্ষ্য করা ষেতে পারে। কোন গানই আজ পর্যন্ত থেয়াল গানের আসরে এসে পৌছোয় নি। কিন্তু রচনা ঠিক হয়েছে।

যে কোন একটি গানকে থেয়াল করে রচনা করা বা সাধারণভাবে গাওয়া বড় কথা নয়, থেয়াল গায়কের কঠে রীতিদক্ষত রূপে একটি মূল্যবান 'অস্থায়ী' রূপে গৃহীত হওয়া বড় কথা। কয়েকটি গানে শ্রীভীমদেব চট্টোপাধ্যায়ের কঠে রাগের রূপ ও ভাব বিকাশের অপরূপ চেষ্টা দেখতে পাওয়া যায়। পরবর্তী-কীলে শ্রীতারাপদ চক্রবর্তী বাংলায় খেয়ালের রূপে তান-বোলভানের প্রয়োগ দেখিয়েছেন। শ্রীচিমায় লাহিড়ী সারগম্ প্রয়োগের কায়দাটি স্বাভাবিক

করতে চেয়েছিলেন। শ্রীণীণালি নাগের রেকর্ডের গানে ধেয়ালী-ভলিতে কথা ও প্রের দংমিশ্রণের কায়দা, শ্রীণীরেক্রচন্দ্র মিত্রের গানে ঠুমরীর কুশলভার প্রয়োগ নানাভাবে বাংলায় থেয়াল ও ঠুমরীকে রুপদান করেছে। এসব ছাড়া জিশ দশকের পর থেকে পরীক্ষা-নিরীক্ষার কেত্রে থেয়ালী স্বর-সংযোজনায় শ্রীজ্ঞানপ্রকাশ ঘোষের কথা উল্লেখ করা য়ায়। "আলোছায়া দোলা" এবং "বিদি দখিনা-পবন আসে ত্রারে" হিংমাশুকুমারের প্রযোজনায় এই তুটো গানে শ্রীশচীন দেববর্মনের প্রথম আত্মপ্রকাশ হয়েছিল থেয়ালীভলির সংগীত দিয়ে। মোটাম্ট, তত্বের দিক থেকে বাংলা থেয়াল স্টেতে কোন বাধা না থাকা সত্ত্বেও, বাংলা কথা অবলম্বনে পূর্ণাল থেয়াল গান গায়ক সমাজে বা থেয়ালের আগবরে চালু হয় নি : একথা বলা দরকার, গান স্টেতে কোথাও কোন বাধা নিষেধও থাকতে পারে না, এ বিষয়ে মিলিত চেষ্টাও চলতে পারে। পূর্বাক্ত উদাহরণগুলোও ত্মরণ করি, কিন্তু সব স্থিয়ে সত্ত্বেও আজ পর্যন্ত কেন পূর্ণাল থেয়াল চালু হয়নি সে কথাটিই বিশেষভাবে মনে আসে।

এর কারণ বর্ণনায় একটি পুরানো তর্ক আলে-ছিন্দী বাংলায় স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ ব্যবহারের তারতমা। কিন্তু ভাষার এসব ক্রটি বাধ। নয়। আদর্শ থেয়াল-গায়ক ভাষার উচ্চারণের বাধানিষেধের মধ্যে বন্দী থাকতে রাজি নন। বেষালী এ ব্যাপারে গতারুগতিক শব্দ ব্যবহারের পথটা বোগ হয় ছাড়তে চান না. অমুচ্চারিত, অশুদ্ধ-অর্থ-উচ্চারিত কথাকে অধিকতর আ, ই, উ, ও প্রভৃতি সংযোগ করে, অথবা ছ-একটি ব্যঞ্জনবর্ণের অতিরিক্ত প্রয়োগ করে কণ্ঠবাদন-ধেয়ালীর নিয়মিত কাজ। যদি গায়ক এভাবে বাংলা গান করেন শ্রোতার সম্বন্ধে তিনি নিশ্চিত হতে পারেন কিনা সন্দেহ। বাঙালী শ্রোতার দিক থেকে পুরোনে: রসিকতার কথা মনে পড়ে। "রাধার কোমরে ঘাগরী"—গানের কথায়, "কোমরে ঘা"তে বার বার থেমে থাকার পর "ঘা"তে সমের "হা" এসে যে তুর্ঘটনা ঘটায়, তাতে 'ঘাগরী' আর উচ্চারিত হয় না। বাঙালী শ্রোতার কান এই শব্দের অপব্যবহারে তৈরী নয়। রঞ্জিলা ঘরাণায় গানের বাণীকে আকর্ষণীয় করে ভোলবার একটা চেষ্টা দেখা যায়। কিন্ধ ভাষার চালের মধ্যে যেন তান বিস্তার বাধা পেয়ে যায়। দেপা যায়, পেয়াল-ভিত্তিক গান রচিত হলেও. ধেয়ালত সম্পূর্ণ ফুর্তি লাভ করে না। কারণ কথার রচনাতে ধেয়াল বিধিবদ্ধ নয়। সংগীতক্রিয়াই তার পূর্ণ কৃতি এবং গায়কের ধারাবাহিক রাগরীতির অভিব্যক্তিই থেয়াল। কথা কলাল

মাত্র। থেয়ালের কথার ভাষা দশ রকমের শব্দে সংমিশ্রিত, সহজ, ভাববৈচিত্র্যেহীন, নিরলন্ধার ও সুল। আলোচনা করলে দেখা যাবে অলঙ্কারপূর্ব
কাব্যিক ভাষা থেয়ালের বাধা স্বরূপ। সে জ্বন্ত দেখা যায় একই ধরণের স্থায়ী
অথবা অস্করা বিভিন্ন রাগের থেয়ালে পাওয়া যায়। প্রায় একই কথা বিভিন্ন
ঠুমরী গানেও খাটে। নতুন রচনাও কিছু কিছু চালু হয়। কিছু সেই সব
রচনা ওন্তাদদের গলায় সার্থকরপে ফুটে উঠলে গায়ক তাকে সংগ্রহ করেন।
একথাও অনখীকার্য যে মৌলিক ঘরাণায় প্রচলিত "চীজের" সংখ্যা খুবই
দীমাবদ্ধ, প্রতিটি রাগে গানের সংখ্যা য়ে খুব বেশি আছে এমন কথা বলা যায়
না। যখন কোন ওন্তাদ বলেন কেউ হাজার হাজার থেয়াল জানেন,—উজিগুলো হাক্সকর মনে হয়। সংখ্যাতত্বকে বিশাস করা আমাদের কাজ নয়। এক
জন গায়ক শ'দেড়শ গান আর গুটি পঞ্চাশেক রাগ;ভাল করে গাইতে পারলে
বড় থেয়ালী হতে পারেন। থেয়ালের কৃতিত সংখ্যায় নিরূপিত হয় না এবং
প্রচলিত ও অপ্রচলিত গালভরা নাম ও তালিক। ছারাও নয়। গায়কীর
প্রকাশের রূপে ও ভঙ্গি ছারাই রাগের উৎকর্ষ নিরূপণ করা হয়, যথা:—

- (১) কোন রাগের বিশেষ অংশ কিভাবে সম্পন্ন করতে হয় ?
- (২) কোন বিস্তারে বিশেষ রাগ স্থাগের সংগে এক একটি স্থানক সার্থকরপে সম্মিলিত করা যায় ?
- (৩) তানের গঠন-প্রণালী কিরূপ ?
- (৪) তানের সঙ্গে ছন্দের সম্পর্ক কি ও কোথায় ?
- (৫) বিস্তারের সঙ্গে তানের সম্পর্ক কি ? সংযোগ কোথায় ?
- (৬) স্থরের প্রতিটি কলি কিভাবে সম্পন্ন করা যায় ?
- (৭) নতুন রকমের স্বর-সম্মিলন বা স্বরকলি রচনা দারা রাগবিকাশ হয় ১ কিনা ?
- (৮) স্থায়ীর মুথ সাজানোর কায়দা, বার বার ফিরে ফিরে জাসার নতুনত্ব কি আছে ?
- (৯) তান ও বিস্তারের মধ্যে ছন্দের বৈচিত্র্য স্থষ্টি হয় কিনা?
- (১০) স্থায়ী **স্থাংশর ভক্তি কিরপ, রচয়িতার কায়**দা (বন্দেশ) কিরপ ? ইত্যাদি, ইত্যাদি।

যদিও নানা রকমের পারিভাষিক শব্দের উল্লেখ করা হয়নি, তবু এখানে বলব খেয়াল সম্বন্ধে এসব কথাই শ্রোতারা ভাবেন, এই পদ্ধতির স্থালোচনা লেগে থাকে। এসব আলোচনায় কথা-রচনার প্রসক্ত অভ্যন্ত সামাক্ত।
১০নং লক্ষণ থেকে বোঝা যায় স্থায়ীর গুণাগুণ নির্ধারণের জন্তে আনেক সময়ে
ভণিতার খোঁজ-খবর করা যায়। অখব। গায়ক-রচিয়িতার আলোচনা চলে।
কিন্ত 'কথার' প্রকাশভক্তি যেরপই হোক, স্বরের চাপ এর উপর এভ প্রবল ফে
স্বরের সংযোজন ও বিভাজন কথাকে অপ্রধান করে। কোথাও 'কথা' ভাল
থাকা সত্ত্বেও গানের "বাঢ়ভে" তাকে গায়ক ইচ্ছে অস্থসারে তুম্ডে, মৃচডে,
খিতিয়েও নিতে পারে। সামাত্ত সংখ্যক শব্দ ব্যবহারই হয় অবলম্বন। সব কথার
বিষয়বস্ত একই অর্থে একাকার হয়ে যেতে পারে। আশা করি, উপরের সংক্ষিপ্ত
বিবরণে ব্যোঝাতে পেরেছি—ভাষা খেন স্থাভাবিক কারণে অপ্রধান হয়ে পড়ে
এবং অক্ষর বা শব্দ শব্দান্ত থামধেয়ালী রূপেই হয় অবলম্বন। খেয়াল গানের
এই স্থলে আইন-কান্থন চলে না। আকাশবাণীর সর্বভারতীয় অন্থ্রভানে গানের
বাণীকে ঘোষণা করে' মুর্যাদ। দেবার চেষ্টা করা হয়। কিন্তু থেয়ালীদের গান
শুনে দেখা যায় ভাষা সেথানে শুধু নেহাৎ হাভান্ত উচ্চারণ পদ্ধতি।

থেয়ালের কথায় বা বাণীতে—য়থা, কগবা বোলে, বরথা রুত্রকী, বোলন লাগি রে, গিয়াকে নজরিয়া, পীর ন জানে, দৈয়া কাঁহা গয়ে, বনরা রিললে ইত্যাদি ইত্যাদি—মামূলী শক্পুলোই গানের অবলহন। থেয়ালী দৃষ্টি রাগবিকাশে নিবছ, কথায় নয়। কথা বড়জোর শক্ষ মাত্র। অনেক ক্ষেত্রে ভাষায় সমগ্রতা নেই, প্রতীকও নয়। এখানেই বাংলা রচনার প্রকৃতির সঙ্গে পার্থকা। য়ি বলা য়ায় একটি করে স্থন্মর ভাবসমগ্র রচনা চালু হবে না কেন ? উত্তর: নিশ্চয়ই চালু করতে পারেন। মনে রাখতে হবে থেয়ালের রচয়িতা মানে "থেয়াল গায়ক" নিজে—য়ে জন স্থরের স্থায়ীভাগকে স্থন্মর করে আবর্ষণীয় করে তুলতে পারেন—স্থরকার নয়। থেয়ালের স্থায়ী রচনার বেলায় শিল্পীয় স্বরব্যবহারের প্রত্যুৎপয়বৃদ্ধি ক্রিয়াশীল। দেখানে আলাদা স্থরকারের স্থান নেই, নিজেই স্থরকার। য়দিও স্থরকার সম্বন্ধে শাল্পীয় ব্যাখ্যাও আমরা দিতে পারি, কিন্তু, থেয়াল গানে তা মিলে না। বর্তমান বাংলা গান এ পদ্ধতি থেকে জনেক দ্রে—গীতিকার আর স্থরকার ছজনার সম্বিলিত ফল এবং স্থরকারের সেখানে প্রাধান্ত ।

বাংলা কথা রচনায় সমগ্র জনসাধারণের কান বাংলাগান শুনে শুনে বাংলা প্রাকৃতিন্তে এমন অভ্যন্ত হয়েছে, যে গীতি রচনার রীতিকে শ্রোতা আহত হতে দিতে রাজি নয় ৷ কারণ, কবিমনের রচনা ছাড়া বাংলা গান গ্রাফ হয় না এবং প্রাব্য তো নয়ই। প্রীদলীপকুমার রায় এজন্তে কাবাসংগীত কথাটি বিশেষ ভাবে ব্যবহার করেছেন। হরের প্রয়োজনে বাংলা রচনা নোচার স্বেচ্ছাপ্রযুক্ত হবে—এ ভাববার কোন স্থবিধেই নেই, অথচ স্বাধীনতা না পেলে থেয়ালং গায়ক এ পথে পা বাড়াবেন না। তাই রাগপ্রধান গানও এক অর্থে কাব্যগীতি, কারণ সেখানে ভাষা রচনার ঐশ্বর্য বজায় থাকা দরকার। কিন্তু তবুও গায়কীর অভিনবত্বের জন্তে রাগপ্রধান গানে থেয়ালের বে ঐশ্বর্য নবকান্তি লাভ করেছে তাকে স্বাগত জানাতেই হয়। আসলে আমরা নকল চাই না, অভিনবত্বই চাই। মোটাম্টি বে সকল কারণে একই ধরণের গান সমগ্র উত্তর ভারতের (পাকিন্তানেও) একপ্রান্ত থেকে অন্তপ্রান্ত পূর্বন্ত বেধাল হিসেবে চলেছে অথচ বাংলায় রূপান্তরিত করা সম্ভব হয় নি সে কারণগুলোকে সংক্ষেপে বলা যাক:

- (১) বাংলা গানের উৎকর্ষ এবং থেয়াল গানের উৎকর্ষ বিচারের পদ্ধতি শ্বতম্ব—বাংলা গানের শ্রোতা কথাকে বাদ দিয়ে গান শোনে না, থেয়াল গানের প্রধান লক্ষ্য—কথা নম—গানের রীতি বা ভঙ্গি এবং রাগের বিকাশ;
- (২) বাংলা গানের প্রধান অবলম্বন ভাব ও ভাষার অবিকৃত রূপ, থেয়ালী কথার উচ্চারণ —গতাহগতিক, অভ্যাসপদ্বী—বাধা-বন্ধ-হারা শুধু অক্ষর উচ্চারণ-পদ্বী;
- (৩) বাংলা গান বাক্ভলি বা ইডিয়ম থেকে বিচ্যুত হতে পারে না, খেয়ালের ভাষায় বাঁধা বাক্ভলি নেই, প্রয়োজন অফুসারে নানা শব্দ নানাভাবে উচ্চারিত হয়;
- (8) বিলম্বিত চালে বাংলা গান চালু হবার পন্থা মোটেও নেই, অর্থাৎ হয় নি, কারণ দেখানেও শব্দ ও বাক্য ভেঙে ভাবগ্রাহ্য করবার সমস্তা বড় হয়ে দাঁড়ায় ("রাগপ্রধান" সালোচনা দুষ্টব্য)।

তব্ও, থেয়ালের যে বিপুল প্রভাব সম্পূর্ণরূপে বাংলা গানে নতুন যুগস্ষ্টি করেছে দে কথা উল্লেখ করা বেতে পারে। মধ্যলয়ের থেয়ালকে রাগপ্রধান শ্রেণীর গান আংশিকভাবে থেয়ালরীভিকে কথা-সম্পদের মধ্য দিয়ে নতুনরূপে গ্রহণ করতে পেরেছে। এর সম্ভাবনাপ্ত অপরিসীম। এমনপ্ত হতে পারে রাগ-অবলম্বিভ গান ভবিশ্বতে নতুন ভাবে প্রচলিত হবে, কারণ,

- ১। থেয়ালরপের বহু প্রতিফলন হয়েছে,
- २। श्रामुख ७ मश्रामुख बार्यात श्रामुख ।

- ৩। তান ও সারগমের প্রয়োগের চেষ্টা হয়েছে নানা ভাবে,
- ৪। রাগবিন্তারের বছ অংশ বাংলা গানে প্রচলন হয়েছে—কোন কোন
 হরকার মীড়, ঝটকা ইত্যাদির বছল প্রয়োগ করেছেন,
 - भाধুনিক গানের রূপকে সমৃদ্ধ করেছে,
- ৬। সময় হিসেবে ও ঋতু মেনে রাগ ব্যবহারও কোন কোন কেজে উত্তর ভারতের সংগীতে এখনো চালু আছে,
 - । থেয়ালের মধালয়ের ছন্দভঞ্জিও সহজে গ্রহণ করা হয়েছে।

কিন্তু এই সকল তো গেল আদিক বিচারে নানান অংশ প্রতিফলনের কথা।
এ সম্পর্কে আরো একটি বিশেষ বিচার্য আছে—তা হচ্চে ব্যক্তিগত ভদি বা .
ফাইল। ঘরাণার রূপান্তর যেমন সন্তব নয় তেমনি ফাইলকেও প্রতিফলিত না দেখলে থেয়ালকে সার্থক বলা যায় না। আমবা ওতাদ ফৈয়াজ থার ভদিতে হরের ছন্দে ছন্দে বাকভদি গানে প্রয়োগ হতে দেখেছি অথবা ওকারনাথের যে আবেগ-প্রবণতা হরে ও ভাবে প্রকাশ পেয়েছে তাকে রেকর্ড মাধ্যমে বাংলায় রূপান্তরিত করতে চেট্টা হয়েছে এরূপ দেখেছি। আমাদের থেয়াল গানের রীতি এখনো অফুকরণশীল। কিন্তু, বাংলাদেশ মৌলিক থেয়ালীর উদ্ভাবনী-শক্তির অপেক্ষা করে। অর্থাৎ এমন রচনার উৎস দরকার যেখান থেকে ধারাবাহিক ভাবে ভিন্দ সহকারে বহু গান গায়কীর গুণেই গ্রাহ্ছ হতে পারবে। তাহলেই এক ধরণের থেয়াল গান চালু হওয়া সন্তব। এখানে নতুন যুগের বাগ্গেয়ধারের প্রয়োজন।

১। শান্ত্রীর-সংগীতে music composer অর্থে বাগ্গেরকার শব্দটি বিশেষ ব্যবহৃত।
বাগ্গেরকারের ব্যাখ্যাও প্রচুর হয়েছে। কণা ও প্রের অভিজ্ঞতা-সম্পন্ন ব্যক্তি যখন পদ্ধতি, লক্ষণ
এবং প্রযুক্তি বিভার কৃতিত্ব দেখান তাঁকে এই নামে অভিহিত কর। যায়। কিন্তু, বাগ্গেরকার
তিন শ্রেণীর: উত্তম, মধ্যম ও অধম। মধ্যম-অধম ছুটো গুণই বিশেষ লক্ষণ বলে উল্লেখও
আছে। রত্তাকরকার বাগ্গেরকারের গুণ দিয়েছেন:—

⁽২) শব্দাস্থাসন-জ্ঞান (২) অভিধান-প্রাথীণা (৩) ছন্দ প্রভেদ-জ্ঞান (৪) অলকার কুশলতা (৫) রসভাব পরিজ্ঞান (৬) দেশস্থিতি, অর্থাৎ কলাশান্তে প্রথীণতা (৭) তুর্বত্রিতর চাতুর্ধ (৮) ক্ষত্তশারীরশালিতা (৯) লয়তালকলাজ্ঞান (১০) অনেককার জ্ঞান (১১) প্রস্তুত্ত প্রতিভা (১২) স্ভ্রুগগেয়তা (১৩) দেশীরাগাভিজ্ঞতা (১৪) সমাজবাকপট্ড (১৫) রাগছের পরিত্যাগ (১৬) সার্ভ্রের (১৭) উচিতজ্ঞতা (১৮) অনুচ্ছিস্টোজিনির্থল (১৯) নবীনধাতুনির্মিতি (২০) পরিচিত্ত পরিজ্ঞান (২১) প্রবন্ধ-প্রগল্ভতা (২২) ফ্রন্তগীতবিনির্মাণ (২৬) পরাত্রবিদক্ষতা (২৪) ত্রিছান-সমকপ্রোচি (২৫) আলপ্তি-নৈপুণ্য (২৬) অবধান।

টপ্লা

পাঞ্চাবের এই রাখালিয়া গানের উৎপত্তি কবে হয়েছিল বলা ছঃসাধ্য। টপ্পা যে গোডায় রাখালিয়া গান ছিল একথাও জনশ্রুতি। গ্রুপদের প্রারম্ভিক রূপ যাই হোক না কেন এর একটা ইতিহাদ পাওয়া যায়। থেয়াল কয়েকশত বৎসরের মধ্যে গ্রুপদকে ভেঙে স্বাভাবিক ভাবেই সৃষ্টি হয়েছিল। এমনও হতে পারে লোক-প্রচলিত এক ধরণের গীত থেকেই খেয়ালের উৎপত্তি হয়েছিল। থেয়াল বিশেষ করে দিল্লী অঞ্চলে প্রচলিত হয়ে আকবরের সময়ে প্রসিদ্ধি লাভ করে। কিন্তু, টপ্লা পুরোপুরি আঞ্চলিক গীতি। "ভপা (টপ্লা) প্রাঞ্চাবেই বেশীর ভাগ গাওয়া হয়। এই দেশের ভাষাতেই রচিত হয়। তুই থেকে চারটি কলিতে নিবদ্ধ, এর বেশীও হতে পারে। তবেঁ চুটি চুটি পদান্ত ভিন্ন ভিন্ন নিল যুক্ত হয়। এটি প্রেম সংগীত।" (-ফ্কিফলাহ, মুঘল ভারতের সংগীত চিস্তা: শ্রীরাজ্যেশ্বর মিত্র:) কিন্তু একথা সত্য যে রাগসংগীতের উৎসু সন্ধানে বেরুলে অনেক রক্ষের লোকপ্রচলিত, আঞ্চলিক রূপে পৌছে যাওয়া যায়। টপ্লার বহু বিশ্লেষণই মনগভা। বিস্তৃত বিশ্লেষণ করা যায় না. ভাধ বলা চলে টগ্না প্রেম-সংগীত, পাঞ্চাবে এর উৎপত্তি ও প্রচলন, সপ্তদশ শতান্দীর ফ্রিক্লাহ একথা বলে গেছেন। গানের প্রকৃতিতে একটি বিশিষ্ট পদ্ধতি বর্তমান, সে কথাই আমাদের বক্তব্য। কারণ, টগ্লা অষ্টাদশ শতকের শেষ এবং উনবিংশ শতকের গোডার দিকে বাংলাকে প্রভাবিত করেছিল।

গানগুলো আলোচনা করে ও অভ্যাস করে দেখা যায় সংগীত-রীতি হিসেবে কয়েকটি মাত্র বিশেষ লক্ষণ এতে বর্তমান। হয়ত, প্রথম টপ্পা স্প্রতিতে এসব লক্ষণ ছিল না, লোকগীতির মত এগুলোর মধ্যে কতকটা চটুলতাই বর্তমান ছিল। তাতে গীতির পাঞ্জাবী কথা এবং কোথাও কোথাও অস্ত্যানিলের চেষ্টা দেখাযায়। পাঞ্জাবী ভাষায় কথাগুলো অভ্যন্ত বাঁধাধরা। যে সমস্ত রাগে টপ্পা রচিত হয়েছে তা অধিকাংশই সম্পূর্ণ জাতীয়, অর্থাৎ দাতটি অরের ব্যবহারই তাতে চলে এবং কতকটা সরল, সহজ এবং লঘু ভাবোদ্দীপক। খাম্বাজ, কাফি এবং ভৈরবী ঠাটের রাগই এর প্রধান অবলম্বন। পরবর্তীকালে,

শাল্লে এসব গুণ সন্নিবেশের পরেগু ধেরাল রচনার অধিকাংশ রচরিতার মধ্যে প্রথম দুটো গু

হ>, ২২, ২৩ সংখ্যক গুণ অপ্রধান। কারণ, গারক-রচরিত। ক্রিরাসিদ্ধ ব্যক্তি, গুধু সংগীতক্রিয়ার

অতিরিক্ত ভাষা সম্বদ্ধে তার মধ্যে কোন গুলিনা থাকা সম্ভব নর।

শুক্রগম্ভীর ভাবোদ্দীপক টপ্পা রচনার চেষ্টা করা হয়েছিল, সে চেষ্টারও প্রমাণ পাওয়া বায় ইমন, ভূপালী, কেদার, মৃলতানী, পুরিয়া প্রভৃতি রাগে টপ্পা রচনার উদাহরণ থেকে। কিন্তু দেগুলোও ওন্তাদদের নিতান্ত পরীক্ষানিরীক্ষার ব্যাপার। টপ্পার স্থর সংযোজনা ও চলনে ফ্রন্ডতান প্রয়োগ বিশেষ বৈশিষ্ট্য, একথা সকলেই জানেন। সাধারণ কথায় তাকে 'ক্রম্জমা' বলা হয়। এই শক্টির উল্লেখ ব্যতীত এর আর কোন প্রয়োজন আমাদের নেই। জম্জমা শক্টি সংগীতে টপ্পার দানাদার তান বোঝায়। "আসলে ক্রম্জমা (zamzama) শক্রের অর্থ স্থরকরে পড়া। ইংরেজিতে যাকে chant বলে সেই রকম। জম্জমা-পরদাজ, জম্জমা সনজ, জম্জমা গুইয়ান, জম্জমানাক শক্ষে 'গায়ক' বোঝায়" [মুঘল ভারতের সংগীত চিস্তা]।

টগ্লা শ্রেণীর গানে বে তান ব্যবহার চলে তাকে চিত্ররূপ দিয়ে "বেণী" বলা থেতে পারে। "বেণী" অলংকারটি সংগীতশাস্ত্রে আছে। কতকগুলো তরকের তার গায়ে গায়ে সাজিয়ে দিলে থেমন দেখতে হয়. সেইরূপ শ্বরগুলোকে নানান শুরে দাজিয়ে যাওয়ার কারুকর্ম নিয়েই টপ্লার উৎপত্তি। চন্দের contrast বা বৈপরীতা এর সৌন্দর্য। অর্থাৎ, প্রচলিত পাঞ্চারী ঠেকা বা মধ্য-বিলম্বিত গতি ত্রিতালের (মধ্যমানের) বিশিষ্ট ভঙ্গিতে গানগুলো বিক্তন্ত। মধ্যমান অর্থে ত্রিতালের ঝোঁক প্রতি তালের ওপর না পড়ে. প্রতি তালের মধ্যে ঝুঁকি সৃষ্টি করা। এরূপ তালের সঙ্গে টগ্লা গায়কের **जान खराक खराक ग**फ़िया खरात खरात चारताश चथरा चराताश कतरत । প্রতিটি তানের গতি শেষ হবে সমের ভাবেসম্মিলনে এবং একটি বিশেষ রক্ষের বাঁধা "মোকামে"। তানগুলোর মধ্যে সংযোগ অনেকটাই অবিচ্ছিন্ন রাসায়নিক সংযোগের মত। দানাগুলোকে বহু রকমের থেয়ালী তানের মত খণ্ড, বিচ্ছিল ও জটিল করা যায় না, যদিও স্তবক স্ষ্টিতে একটা স্বাভাবিক জটিলতা স্বাসে সন্দেহ নেই। আমরা শাদা কথায় তাকে জড়ানো গিটকারী বলতে পারি। মোটামুটি, তানের রূপ, গানের মুখ বা স্থায়ী গাইবার বাঁধা ভঙ্গি এবং তানের ছকবাঁধা শুর এই সব মিলে টগ্লার পরিসর ও পরিবেশ সীমিত ও সঙ্কীর্ণ। এধরণের তান শতন্ত্রভাবে ঠুমরী ও থেয়ালেও ব্যবহার করা হয়। সেজন্তেই এ গানের প্রচলন বেশি হয় নি এবং এ গানে স্বষ্টর স্থানন্দ মৌলিক চিম্ভার ব্দবকাশও শিল্পীর কিছুমাত্র নেই।

আমরা জানি, গ্রুপদের পরিমগুলের সঙ্গে প্রত্যক্ষ জীবনের ভাবনার যোগ

বেমন নেই, আধিকও তেমনি দৃঢ়বদ্ধ আইন-কাছনে বাধা। ধেয়াল ও ঠুমরা ভাব ও সৌনদর্থের দিক থেকে অনেকটাই জীবনের সঙ্গে যুক্ত বলেই আরো বেশি প্রচলিত হয়ে আত্মরক্ষা করে চলেছে। কিন্তু টপ্পারীতির কয়েকটি বিশিষ্ট লক্ষণ বিশায় স্বষ্টি করে। টপ্পারীতি বিগত শতকে সবচেয়ে বেশি প্রচারিত হয়েছিল, সাধারণ সংগীতকারদের আদরণীয় হয়ে একেবারে জনসমাজে পৌছে গিয়েছিল। অথচ দে মৌলিক টপ্লারীতি আজ অচল। বাংলাদেশে পাঞ্চাবী টপ্প। প্রচলিত হলেও তাল বিভাগে তাকে অনেকটা সরল করে নেওয়া হয়েছিল, দ্বিতীয়ত: টপ্লার তানের বছ শুর ও শুবককে কতকটা সরল করা হয়েছিল। কিন্তু সাধারণ গায়কের গানে এ ভক্তি সহজে ক্টুরণ হওয়ার কারণ— টপ্লার তান সহজাত অভিবাক্তির ফদল। গলার স্বাভাবিক গিটকারী এই রীতির ভিত্তি বলেই, টগার তানের ভঙ্গি বাংলা কীর্তন, খ্যামাবিষয়ক গান এবং কবিওয়ালা ও পাঁচালীকারদের অবলম্বন হয়েছিল। বাংলায় এ গিটকারী একটু ধীরণতি, তা ছাড়া গলার স্বাভাবিক ঐশর্থের দঙ্গে এ গিটকারী খনেকটাই স্থসমঞ্জন। দেখা গেল পশ্চিম থেকে এ গানের রীতি বাংলায় আসা মাত্রই তাকে ভেঙে বাংলার গায়কের। প্রয়োগ করতে পারছে। কিছ কিছু শোরী, সারাসারের টপ্পা অন্তুসরণে নিধুবাবু নিজে গীত রচনা করলেন এবং তানের গুবক ও তার সহজেই যুক্ত হল। সাধারণ প্রেমের গানে ভঞ্চিট থাপ থেয়ে গেল। থেয়ালের গায়কীভঙ্গিতে যে বছ পরিবর্তনের প্রয়োজন হয়, গানে বর্ণ ও শব্দ উচ্চারণের প্রয়োজনে যে ভাবে তাকে ভেঙে চুরুমার করে দেওয়া প্রয়োজন হয়, টপ্পা ভঙ্গিতে তার প্রয়োজন হল না।

পরবর্তীকালে টপ্লাগানের শুবক ও শুরগুলো আবো লঘু ও খণ্ড খণ্ড হয়ে এদেছিল। সঙ্গাতের ক্রমবিকাশের সঙ্গে তান থেয়ালে ও ঠুমরীতেও মিপ্রিক্ত হয়ে য়েতে থাকে। কিন্তু টপ্লা, নিধুবাব্র রচনার জন্তেই, বাংলা গানের একটি বিশেষ section বা প্রেণীরূপে প্রচারিত হবার সাময়িক স্থযোগ পেয়েছে। বিষয়বস্তুর অভিনবত্ব এবং রচনার মৌলিকতার কথা ছেড়ে দিলেও, একথা অনস্বীকার্য যে টপ্লায় তানের তরঙ্গ ও শোরীর অম্বসরণে ভঙ্গির উদ্ভাবন বাংলা গানের ক্রমবিকাশে যুগাস্তকারী স্টে। পূর্বেই উদ্লিখিত হয়েছে বাংলার কণ্ঠপ্রকৃতির সঙ্গে টপ্লার একটা সহজ্ঞাত মিল ছিল—গিটকারীর স্বাভাবিকতায়। স্থরেশচন্দ্র চক্রবর্তী কোন কোন ভাটিয়ালী গানে ত্ব একটি টপ্লার তানের শুবক লক্ষ্য করেছিলেন। টপ্লার কায়দা শ্লামসংগীতেও সপ্রসারিত

হয়, কাজেই কিছু কিছু তান সাধারণ গানেও যুক্ত হতে থাকে। সে যুগে ট্রাই নবারচনার পথ প্রদর্শক।

জনৈক ওন্তাদের (ওন্তাদ মুহম্মদ হোসেনের) মুখে ভনেছিলাম--"আগেকার विভिन्न घतानात तथग्रान भागत्कता वनत्त्वन, त्व तथग्रानी देशा चानाय करत्रनि, দে প্রকৃত খেয়ালী হতে পারে না।" মৃহত্মদ হোসেন টপ্লা শিখেছিলেন তৎকালীন পঞ্চাবের হন্ধ্যমিঞার কাছে (পরবর্তী কালে ঢাকার) এবং কোলকাতার রমজান থার কাছে এবং সবশেষে ওন্তাদ তসদূক হোসেন খাঁর কাছে (যিনি শেষ জীবন মেদিনীপুরে কাটিয়ে দেখানে স্থাত হন), এবং মৃহম্মদ হোদেন কিছুকাল (বড় গোলাম আলী থার পুরপুরুষ) কালেখার সক্ষেও ছিলেন । মহমদ হোসেনের কাছে এদের প্রত্যেকরই উপদেশ ছিল "থেয়ালীকে টগ্গা আদায় করতেই হবে।" কণ্ঠমবের জ্রুত সঞ্চরণ শক্তি ও তানের শ্রুতিমাধুর্ঘের জন্মাই বোধ হয় এই নির্দেশ। তবে একথাও সভা যে থেয়াল গানে তানের নানা বৈচিত্রা সৃষ্টি করতে টপ্লার তানের স্থবক তাঁরা দেকালে বাদ দিতেন না। বিস্তারে বৈচিত্রা-সৃষ্টি বিগত যুগে ব্যাপক ভাবে সকল থেয়ালীর মধ্যে ছড়ায় নি, তান-পন্টার প্রতি আকর্ষণই বেশি ছিল। এই কায়দাতে কিছু কিছু খেয়াল গান টপ্লা-রীতি প্রভাবিত হয়ে পড়ে। বিশেষ করে বাংলা দেশেই পায়কী অনেকটা টপ্পা প্রভাবিত হয়। লক্ষ্য করলে উত্তর ভারতের কোন কোন ঘরাণার খেয়ালেও জমজমা তানের প্রভাব প্রচুর দেখা যাবে।

গানের হুর বিভারের পুরো স্থানটি ব্যন টপ্পার তানের ভঙ্গিতে তরকায়িত হয় এবং গানের হুল ব্যন মধ্য-বিলম্বিত বা স্থল্ল টিমে লয়ে থাকে তথনই গানের ক্লেপে টপ্পার ভাব আসে। আসলে থেয়াল গানের বহু আজিক সেকালে প্রচারিত হয় নি, হুর বিস্তারের পদ্ধতিও সীমিত ছিল। তানকর্ভবে খুব বেশি জটিল পন্টার ব্যবহার প্রচলিত ছিল না, তাই থেয়ালগান অনেকস্থলে টপ্পারের পর্বাতে হয়েছিল। টপ্থেয়াল স্থভাবস্থ গায়কীরীতি, অনেকটাই খেয়ালীর গীত-পদ্ধতি নয়। টপ্থেয়াল স্থভাবস্থ গায়কীরীতি, অনেকটাই খেয়ালীর গীত-পদ্ধতি নয়। টপ্থেয়াল বলে কোন বিশিষ্ট শ্রেণীও নেই, ভার গানও নেই। কথাটি দিলীপবার বেশি চালু করেন। যাবা সেকালে প্রপদের চর্চা করতেন বা প্রপদপন্থী ছিলেন তাঁরা গানে সামান্ত বিস্তার করে, অথবা না করে, তু একটি বাঁটের ব্যবহার করে টপ্পান্তির তান প্রয়োগ করতেন। এই পদ্ধতিটি টপ্থেয়াল নামে পরিচিত হয়। ছন্দের দিক থেকে এসব গান

সাধারণত ত্রিতালেই বাঁধা থাকত। শ্রীদিলীপকুমার রায় সেকালের অংঘার-চন্দ্র চক্রবর্তীর দানাদার টগ্লার ভানের কথা উল্লেখ করেছেন। তিনি ছিলেন क्ष्मिती। अधात्रमाथ ठळवर्जी मश्रक मयरहात्र स्मीतिक छेकि भास्त्रा यात्रह শ্রীষ্মরনাথ ভট্টাচার্যের লেখা থেকে—"তিনি গ্রুপদই গাইতেন। তবে টপ্লাও গাইতেন না, তা নয়। বেমন গ্রুপদে তেমনি টগ্লায় তিনি ছিলেন অসাধারণ পায়ক। ভন্তন গানও তিনি অনেক আসরে গাইতেন এবং তাঁর ভন্তন অপূর্ব হত। তাঁর সেই সব গান ছিল টগ্লা অকের" [বিফুপুর ঘরাণা]। অঘোর বাবুর পরে বাংলা গানে সবচেয়ে উল্লেখযোগ্য রসস্থ উক্রেন রাধিকা গোস্বামী ও স্থরেক্তনাথ মজুমদার। স্থরেক্তনাথ মজুমদারের মতো কণ্ঠ সে যুগে ছিল না। পুঁজিও বিশেষ ছিল না, "কিন্তু তাঁর ছিল অনগতন্ত্র কল্পনা ও অসামাগ্র তানের প্রতিভা।"—"রাঙা জ্বা কে দিল তোর পায়ে মুঠো মুঠো", মাঝে মাঝে তব দেখা পাই." "আমার মন ভুলালে যে কোথায় আছে সে." "আমার পরাণ যাহা চায় তুমি তাই তুমি তাই গো," "কেন কক্ষণ স্বরে বীণ। বাজিল," "বিয়োগ বিধুরা রাজবালা প্রভৃতি গানে তিনি হিন্দুস্থানী টপথেয়ালের যে লীলায়িত স্মানন্দের ঢেউ তুলতেন তাতে রদজ্ঞমাত্তেরই প্রাণ উঠত ছলে। এই ভঙ্গি দ্বিজেন্দ্রনাল তাঁর কাছে থেকে শেখেন—তিনি বাংলা গানে তান বিকাশের ও স্থর বিহারের এক নতুন স্মাভাষ ও সম্ভাবনা দেখিয়ে দিলেও তাঁর কঠে বাংলা গানের স্বন্দরতম রূপটি ব্যাহত হত, তিনি ষতটা স্থরের দরদী ছিলেন তওঁটা कारवात नतनी हिल्लम मा। এकथा श्रीमारेकी ७ व्यापात वात् महस्स मधान थार्ट ।"-किन्त व तारे हिलन वारना भारतत्र व्यान्छ । व्यर्थार वना इस्त्र शास्क এমনি করে একটা টপথেয়াল-ধরণের ভঙ্গির দিকে বিজেজ্রলালের দৃষ্টি নিবদ্ধ हरम्हिन। किन्हु त्म ऋपिष्ठ वांच्ना शात्न हानू हम नि। अधान कांत्रन, যার গানের তান স্বাভাবিক ভাবেই ফেরে ডিনি নিজের মতো করে একটা রীতি উদ্ধাবিত করে নেন। কিছ, তা প্রকৃত থেয়াল গানের তান নয়। খেয়ালের তানে বহু রকমের ফর্লা প্রয়োগ করে তাকে বিচিত্র করা হয়, থেয়ালের তান অনেক কেতেই ক্রত সঞ্চরমাণ কণ্ঠের রাগ-বিন্তার, নিছক প্রিটকারী নয়।

গ্রামোকোন রেকর্ডে লালটাদ বড়াল থেকে আরম্ভ করে জ্ঞানেক্রপ্রসাদ গোস্বামী পর্যন্ত একটি ধারা এযুগে স্পষ্টই লক্ষ্য করা যায়। যিনি এঁদের মজো সাধারণ্যে বেশি প্রচারিত হন নি অথচ উনবিংশ শতকের ধারাটিকে জনাবিল রেখেছেন এবং প্রকৃতরূপে খিনি আছ পর্যন্ত রক্ষা করে চলেছেন ভিনি প্রীকালীপদ পাঠক। শ্রীকালীপদ পাঠকের রীতি বাংলা টপ্পার রীতি, ডালের কাঠামো পুরোনো ধারা থেকে কতকটা সরল করা হয়েছে। ভানের গভি একট ঈবৎ ধীর, কিছু শুবক ও শুরগুলো অবিকৃত ও কতকটা সংক্ষিয়। জানি না টপ্পার এ রুপটি এরপর বজায় থাকবে কি না ? আরো অনেক গায়ক এ চর্চা করেন। রেভিও মারফভেও প্রচারিত হয়, কিছু নিবিড়রসঘন যে রূপ শ্রীপাঠকের মধ্যে দেখেছি, উদাহরণ-স্বরূপ শুরু তারই উল্লেখ করা গেল। এঘারা প্রমাণ হয় এখনো কিছু কিছু প্রোভা আনাচে কানাচে আছেন যারা উনবিংশ শতকের সংবক্ষিত পুরোনো রূস আখাদন করেন। কিছু, সেগুলো পুরোনো শোরী সারাসাবের টপ্পার প্রতিরূপ নয়। খাঁটি বাংলা টপ্পা, বাংলার একটি মৌলিক শীতরূপ।

ঠুমরী

নায়ক-নায়িকার মধ্য দিয়ে ঐকান্তিক প্রেমের অভিব্যক্তি হয় ঠুমরী গানে। গায়ক অধিকাংশ ক্ষেত্রেই নায়িকা হয়ে দাঁড়ান। ব্যক্তিগত ভাবাবেগ প্রকাশের আধীনতা আর কোন গানে এ ভাবে পাওয়া যায় না। অনেক সময়ে মনে হতে পারে কীর্তনের একটি পূর্ব পালাতে পূর্বরাগ, মান, বিরহ, মাথ্র ইত্যাদি যে বিচিত্র প্রকাশ আছে, একটি ঠুমরীতে সেই পূরো নাটকীয় ভাব-প্রকাশের হুগোগ আছে, অথচ বর্তমান রীতিতে সে নাট্যরস নেই। এক সময়ে বাইজীরা নেচে ঠুমরী গাইতেন 'ভাও' ছিল তাদেরই ভলি প্রকাশ। ক্ষচিবাগীশের চোথে প্রেমের অভিব্যক্তি এত বেশি উৎকট ঠেকে যেত যে ঠুমরী গান রাগসংগীতের আগরে পৌছাতে পারে নি। ক্ষণ্ডন বন্দোপাধ্যায় এজন্তেই বড় আশান্থিত ছিলেন। তিনি ঠুমরীর আপরিসীম সম্ভাবনার কথা বলেছিলেন। বিগত শতান্ধী থেকেই ঠুমরীর গীতরীতি একটি বিশেষ প্রকাশভদিরূপে দানা বাঁধল, বাইজীর আসরে নৃত্যশীলার গান হিসেবেই রইল না। বিশেষ করে কলকাতায় নির্বাসিত ঠুমরী গানের নায়ক ওয়াজেদ আলীকে কেন্দ্র করেই এই রীতি আরো বিশিষ্ট হল।

থেয়াল কিংবা ঞ্রণদের মধ্যে নায়ক-নায়িকার প্রেমের যে অভিব্যক্তি আছে গানের মধ্যে তার রদ-বিন্তাব হয় না, যদিও নায়ক-নায়িকার ভাবাবেগের আদান-প্রদানের নানা বৈচিত্র্য প্রাচীন সংস্কৃত গ্রন্থে বর্ণিত হয়েছে। হিন্দুস্থানী সংগীতের পাশী গ্রন্থেও এর বর্ণনা আছে (রাগদর্পণ, ফকিরুলাহ)। কিন্তু গ্রুপদ খেয়ালের প্রধান লক্ষ্য সেই রদ-স্প্রিতে থাকে না। রদের উল্লেখ হলেও রাগ প্রকাশের নানা ভঙ্গির সম্বন্ধেই সচেতন করে দেয়। ধামার প্রেমোলাসের গান, স্মাবির ও রঙের তাতে ছড়াছড়ি, রঙ ছাড়াধামার হয় না। কিন্তু ধামার গানের বিশেষ সৌন্দর্য, উল্লসিত ছন্দ প্রকাশের গুরুগন্তীর ভোতনাতে পরিস্ফুট, কোমল ভাবাবেগ তাতে অত্যন্ত গৌণ। তুলনায়, হোলী ঠুমগীতে দেখা যায় আবেগপ্রবণ প্রেমোল্লাদের ভাব স্বাকর্যনীয়ন্ত্রপে ফুটে উঠেছে। যেন প্রেমের চাতুরী ও হু:থ আমাদের ঘরের আনাচে কানাচে প্রবেশ করেছে। এজন্তে ঠুমরী মন্দিরের পরিবেশ ছেড়েও রাগের স্থরকল্পনার জগৎ ছেড়ে একেবারে জনসমাজের মধ্যে এসে পড়েছে। মন্দির প্রভৃতিতে অপাংক্তেয় হয়ে থাকার কারণও অনেকটা জাগতিক প্রেমের প্রতি অরুচি। ঠুমরীর কায়দা সহজেই পায়ক গায়িকাকে নায়ক বা নায়িকা করে তোলে। এথানেই ব্যক্তিগত ভাবের স্থবিধে হয়। ঠুমরী মধুর-রস-প্রধান, প্রেমের স্থরেলা অঙ্গে ও স্থরপ্রকাশের বিশেষ ভঙ্গিতে এর রূপ প্রকাশিত। কি ধরণের বিরহ, বেদনা অথবা মান, অভিমান, বিরাগ, অকারণ বিরুক্তি ইত্যাদি ভাব প্রকাশ হবে, কিরপ হার ও ভাবপ্রকাশের উপযুক্ত অঙ্গভঙ্গি বা 'ভাও' তাতে থাকবে—ঠুমরী গানে এসব আধিক এখন কতকটা নির্দিষ্টই আছে, কিন্তু এর মধ্যেও গায়কের ব্যক্তিগত ভদিপ্ৰকাশেরও স্থবিধে আছে।

আধুনিক কালে ঠুমরীর মৃল প্রারভি থর্ব হতে দেখা যায়। কোন কোন ছলে গান শুধু একটি ভঙ্গিতে পরিণত হয়, ভাবাভিব্যক্তির চেয়ে থেয়ালের মন্ত হ্বর সংযোজনার দিকে লক্ষ্য চলে যায়। বহু আঞ্চলিক ভঙ্গিও ঠুমরীর মধ্যে উদ্ভাবিত হয়। অর্থাৎ, নানারপ হ্বর প্রকাশের চাল এতে প্রবেশ করে। পার্শী ও আরবী সংগীত-ভঙ্গির কিছু কিছু প্রভাব পাঞ্জাব অঞ্চলের লোকগীতিতে ছড়িয়ে পড়েছিল। "পাঞ্জাবীতর্কিফ" ঠুমরীতে আজ্কাল প্রযুক্ত, অর্থাৎ সে ধরণের হ্বরগুচ্ছ ঠুমরী গানে এসেছে। উত্তর ভারতের পল্লীগীতি থেকে কিছু কিছু সংযোজনও এর মধ্যে হয়ে থাকে, বথা চৈতী কাঙ্গুরী, দাদরা ইত্যাদি। প্রেমের অভিব্যক্তিতে আবেগের সহজ প্রকাশে, গানে 'বিশেষ' হাই হয়। কোথাও কোথাও আবেগের প্রতি লক্ষ্য না রেথে গায়ক কতকটা থেয়ালী রাগ-বৈচিত্ত্যেরও হাই করেন—সারগ্যের প্রয়োগ করে। অর্থাৎ এই হ্বাধীন আহ্রণীবৃত্তি ঠুমরীকে নিছক আবেগপ্রধান গানে পরিণত না করে

বিশিষ্ট ভঙ্গির গানরপে পরিণত করে। নায়ক-নারিকার মূল ভাবটি হয় রীজি মাত্র। এই রীজি সম্প্রদারিত হয়ে ঠুমরীর ভঙ্গিট একটি বিশিষ্ট ভঙ্গি হয়ে দাঁড়ায়। অর্থাৎ ঠুমরীর গীতি পদ্ধতিতে নমনীয়তা ও কমনীয়তা আছে, পাণুরে প্রাচীনতায় দে স্তম্ভিত হয়ে থাকে নি, প্রয়োজন অফুসারে গ্রহণ করেছে, হুরু ও বন্ধ হয়ে থাকে নি। সেজতো স্বরগুচ্ছের নানারপ যোজনার কায়দাও ঠুমরী গানের রীতিকে প্রভাবিত করেছে।

"ওয়াজেদ আলী ঠুমরী ফাষ্ট করেছিলেন"—বজবাটি লোক-প্রচলিত হলেও এতে ঐতিহাসিক সভ্যতা নেই। কারণ, ঠুমরী রীতিটি সাধারণ মনের দাবীতে ক্ষষ্ট একটি বিবর্তিত ভঙ্গি মাত্র। ওয়াজেদ আলীর আমলে হয়ত পরীকা-নিরীক্ষার একটা চূড়ান্ত অবস্থা এসেছিল, রচনা ও অফুশীলনের একটি নির্দিষ্ট ধারার প্রবর্তন হয়েছিল, ধীরে ধীরে "লাচাও" ও "ভাও" ঠুমরীর রীতির পয়াও নির্দিষ্ট হয়েছিল, কিন্তু ওয়াজেদ আলী বা কে।ন ব্যাজিবিশেষকে ঠুমরী ক্ষেত্রির দায়িত্ব আরোগ করা যায় না। মীর্জা থাঁ এবং ফকিরুল্লাহ্র সময়েও 'ঠুমরী' বর্তমান ছিলেন। অতএব এঁর পরবর্তীকালে বিবর্তনের সঙ্গে সক্ষেত্র বর্তমান ছিলেন। অতএব এঁর পরবর্তীকালে বিবর্তনের সক্ষেত্র ঠুমরীর আঙ্গিক স্পষ্টভাবেই গড়ে উঠেছে—একথা বলতে অস্থবিধা নেই।

ঠুমরীর আর একটি লক্ষণ থেকে স্পাইই বোঝা যার যে গীতরীতিটি আনেক স্থলে লোকগীতি-প্রভাবিত। অবশ্য সকল প্রকার সংগীতের মৃল সন্ধান করতে করতে লোকগীতিতে পৌছে যাওয়া চলে। যথন গ্রুপদ থেয়ালের ধারাগুলো পরিপূর্ণ বিকশিত অক্যদিকে ঠুমরীও আত্মপ্রকাশ করছে, তথন লোকগীতির এক শ্রেণীর গান সংনিশ্রিত হতে থাকে ঠুমরীতে। ঠুমরীর আদ্মিক সম্প্রদারিত হয়। এভাবেই দাদরা ভাগিটে ঠুমরীর অন্তর্ভুক্ত হয়ে গিয়েছে, চৈতী এবং কাজরীও ঠুমরীর আদ্মিকের মধ্যে চুকে পড়ে। ঠুমরী গণিকা সমাজের প্রধান অবলম্বন ছিল। কিন্তু ওয়াজেদ আলীর কলকাতা বাসের জত্যে বাংলায় ঠুমরী গীতরীতি রূপে প্রচারিত হবার স্ব্যোগ ক্ষি হয়। বাংলা দেশে পরে মৈজুদ্দিন থাঁ। এবং গিরিজাশঙ্করের প্রভাবেই মূলভ এর প্রসার। অবশ্য এ সম্পর্কে ঐতিহাসিক বিচারে আরো সমসাম্মিকের নাম উল্লেখ করা প্রয়েজন, কিন্তু আমাদের ভাবনা স্বত্স।

ঠুমরীর বিশেষ আদ্ধিক "বোল" তৈরির রীভিতে নিবদ্ধ আছে। "বোল-তৈরি" কথাটির অর্থ, হুর-কলিতে বিশিষ্ট ধরণের স্বরগুচ্ছের বিভাস। এই বিকাস প্রেমাভিব্যক্তির সহায়ক। কয়েকটি শ্বরসমষ্টিকে খুরিয়ে ফিরিয়ে কথার মধ্য দিয়ে যেন একই বক্তব্যের রচনা করা। এই রচনার অবলম্বন श्टाक्ट अवि कियानम अथवा अवि आखान यथा, 'ननमी जादक शानि तमव'. 'ঘুম থেকে জাগিও না,' 'দৃষ্টিবাণ হেনোনা,' 'কেমন যে পীরিতি লাগিয়েছো!' 'কেন প্রেম করেছ,' 'কেন ইয়ার্কি করছ'। ইত্যাদি ইত্যাদি। এসব কথাগুলোর মধ্যে তুএকটি ক্রিয়াপদ এবং অহুজ্ঞাই প্রধান। ঠুমরী গায়ক **অনেক সময়ে এর সঙ্গে অভিব্যক্তির জন্মে উপস্থিতক্ষেত্রে আরো কিছু সহজ্ঞ** क्था कुछ (मन। वांश्वांशात्नव वीं जिल्क (य जादरे विक्रिय कवा याक ना কেন, কথায় এমন সীমানা টেনে দেওয়া যে ভাষার অতিশয় বিকাস বাঙালীর কান সহু করতে নারাজ। ভাষার কাব্যগুণই হচ্ছে বাংলায় প্রধান। **এই প্রধান ফর্মুলাটি বার বারই নানাভাবে বলা হয়েছে। ভাষার কাব্যগুলিই** ख्रुत्क निर्वाठत्नत्र পথে निष्य माँ क्रित्य (मग्र। क्थांत्र निर्वाठन এवः স্থরগুচ্ছের নির্বাচন এই হুটোতে মিলে ঠুমরীর স্বাঙ্গিকের পুরোপুরি প্রকাশ হতে দেখা যায়। আবেগ প্রকাশের জন্ম অথবা বিশিষ্ট স্বরগুচ্ছ ব্যবহারের জন্ম বিশেষ কাব্যিক কথা নির্বাচনের প্রয়োজন ঠুমরীতে নেই। সামাত্র ও সোজা গভামুগতিক কয়েকটি শব্দ এর অবলম্বন। এখানেই বাংলার রচনারীতির সঙ্গে বিরোধ। ঠুমরীতে ব্যবস্থৃত শব্দগুলো কাব্যিক ভাষা নয়, কতকগুলো বাঁধা বুলি।

গ্রামোক্ষান রেকর্ড দৃষ্টে বলা যায় যে অনেক এক্স্পেরিমেণ্ট করা সত্ত্বেও ঠুমরীর পুরো রূপটি কোন বাংলা গানকে অবলঘন করে দাঁড়ায় নি, অথবা একথা বলা চলে বাংলায় পুরো ঠুমরী দাঁড়ায় নি। কিন্তু, যা দাঁড়িয়েছে তা হচ্ছে বাংলার ঠুমরী-প্রভাবিত স্বকীয় সংগীতের অহুরূপ অভিব্যক্তি। কথার প্রতি শ্রোতার দাবী, কাব্যের প্রতি পক্ষপাত এবং ভাব থেকে ইমেজ প্রত্যক্ষ করবার আশায় বাংলা গান ঠুমরী গানের ঘারা প্রভাবিত হয়েছিল। অতুলপ্রসাদের ঠুমরী-ভিত্তিক রচনার কথা বলেছি। নজকলের রচনাও কাব্যগুণসমন্বিত। এ ছ্জন রচয়িতা, যারা ঠুমরীতে মন দিয়েছিলেন, তাঁরা বাংলা রচনায় ঠুমরীর সম্পূর্ণ ভলিটাকে আদায় করিয়ে সেই ভলি গানের মধ্যে প্রচলন করে দিতে পারেন নি। হিমাংজকুমারের ছ একটি রচনায় প্রথামান সমক্ষের ভামেজ চমকপ্রকভাবে এসেছে। বে কয়েকজনার গানে ঠুমরীর রূপ গ্রামোক্ষোন রেকর্ড অবলম্বনে কিছুটা জনপ্রিয় হয়েছিল তাঁবা ক্রফচন্দ্র দে,

শ্রীশচীন দেববর্মন, ইন্দ্বালা, শ্রীভীম্মদেব চট্টোপাধ্যায়, শ্রীধীরেক্সচন্দ্র মিত্র। ব্যক্তিগত গায়কীতে ঠুমরীর আদিক পুষ্ট হয় বলেই এই রূপের দার্থকড়া নির্ভর করে গীতকার বা স্থরকারের ওপর নয়—গায়কের ওপর।

কিন্ধ ঠ্মরীর রংএর পোঁচ দিয়ে বাংলাগানের রূপের যে বৈচিত্তাপূর্ণ পরিবর্তন হয়েছে, নতুন ধারার রাগপ্রধান ও আধুনিক গানের মধ্যে ঠুমরীর নানান ছোঁয়া গানকে সমৃদ্ধ করেছে একথা বলা বাছল্য। ঠুমরী গানের প্রেমবৈচিত্তা হুরে প্রকাশের হুযোগ প্রচুর ছিল বলেই বাংলায় ঠুমরীর ক্তুম খণ্ড আংশের প্রভাব বিস্তৃত। আনেকক্ষেত্রেই এই প্রভাব আনেকটা পরোক্ষ। আনেক ই্রকলির মূল অক্সন্ধান করলে ঠুমরী গান পর্যন্ত বাওয়া যায়। ঠুমরী আলিকের স্থাতন্ত্র্য কিছু কিছু রাগপ্রধান গানে প্রয়োগ করতেও চেটা করা হয়ে থাকে।

ঞ্জপদ, থেয়াল, টপ্লা ও ঠুমরীর দঙ্গে বাংলা গানের সম্পর্ক সম্বত্তে আলোচনায় একথা স্পষ্টই বোঝা গেছে যে বাংলাগানের উৎপত্তি প্রাকৃত বা দেশী-সংগীত থেকে হলেও, রাগসংগীত ধীরে ধীরে রসনিঃসরণ করে বাংলাগানকে উচ্ছীবিত করে তুলছে। বাংলাগান প্রতি পদে পদেই স্বকীয় ভাব রক্ষা করে চলেছে। স্বকীয়ভাবটি বোঝা যায় না বলেই বাদামবাদের रुष्टि रुघ। यथा, "वाःनाटक अल्लन, त्थयान, धामात्र, हैक्षा, र्रुमती शाख्या हत्व ना কেন ?" নিশ্চয়ই হবে। এতে বাধা দেবার কোন প্রশ্ন আদে না। কিছ গেয়ে প্রমাণ করতে হবে "হাা, এই হচ্ছে।" সে গান সহজভাবে সর্বন্ধন-গ্রাহ্য হওয়া চাই। এ পর্যস্ত আমরা দেখেছি প্রতি পদে পদে বাংলাগান মৌলিকতার দিকে ফিরেছে, তত্ত ও তথাকথিত শালীয় রীতিতে সে বাঁধা नम् । अन्नादक व्यविकन अन्ना, त्यमानादक भूर्वत्री जित्र त्यमान, र्रुमत्री दक পরিপূর্ণ অফুসরণ বা উপ্লাকে পুরো অফুকরণ হয় নি। সব ক্লেডেই বাংলাগানের মৌলিকতা সংরক্ষিত। অর্থাৎ ধেয়াল বলতে যে পরিপূর্ণ গীতি-ভঙ্গি বা রাগদংগীত রীতি আমরা বৃঝি তা বাংলা ভাষায় হয়নি। থেয়ালের বুত্তপথ हत्तक वर्गहीन, वर्षमकीर्ग जाया। जामतन जिल्लिके त्याजिक-यात्क त्यान বলা যায়। বাংলা ভাষার বৃত্তপথে দেই জ্যোতিক্ষের মত থণ্ড ও বিচ্ছিয় রূপ আমরা যে আধারে পাছি দেটা বাংলার অকীয় রীতি। মৌলিক শিল্পের অমুবাদ বা অমুকরণ কথনো চলে না, বাংলার দৌভাগ্য—তার ষকীয়তাকে অবলম্বন করে যে বিশিষ্ট ধরণের রীতি গড়ে উঠছে, তার নাম যাই হোক, তাকে আমরা পরিপূর্ণরূপে পেতে চাই। এটা স্থলক্ষণ। কথা ও রাগের এবং বিশেষ করে রীতির সমতা রক্ষা করে, রাগপ্রধান গান ব্যাপক ভাবে ধীরে ধীরে ক্রমবিকাশের পথে গ্রুপদ, ধামার, থেয়াল, ঠুমরীর বহুরূপে বিকশিত হতে পারবে এবং তাতে বাংলার স্থকীয়তা বজায় থাকবে বলে মনে হয়। এজন্ত আরো পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হবে। সবচেয়ে বেশি প্রয়োজন শক্তিমান গায়কী। বর্তমান গীতশ্রেণীতে রাগ প্রয়োগের একটা সন্ধীব রূপ সব সময়েই পাওয়া ঘাছে। এই সজীবতা বজায় রেথে কতটা কথার ব্যবহার করতে হবে ? কিভাবে হবে ? ঠুমরীতে কতটা পরিমাণ বোল ব্যবহার হবে ?—তা গায়কীর পরীক্ষা-নিরীক্ষার ওপর নির্ভর করবে। এজন্ত রাগ-সংগীতের শিক্ষা ও সংগীতরচনার ক্ষেত্র আরো বিজ্ঞানিক চিন্তা-নির্ভর এবং স্থান্থল হওয়া দরকার।

রাগপ্রধান বাংলা গান

রাগ অবলম্বন করে গান রচনা কি আধুনিক যুগের পুর্বে হয় নি ? রাগের প্রাথান্ত কি ভৎকালীন গানে ছিল না ? সকলেই জানেন "রাগসংগীত" পূর্বযুগের বাংলা গানের ভিত্তিভূমি। কিন্তু, "রাগপ্রধান" নামকরণের প্রয়োজন হয়েছিল শুধু রাগভিত্তিক বাংলা গান লক্ষ্য করে নয়, গানের ভিন্দি বা কায়দা লক্ষ্য করে। স্থরেশচন্দ্র চক্রবর্তী তৎকালীন বেতারে প্রচারিত বছ রাগ অবলম্বিত গানের প্রচারের জন্ত নানা অঞ্চানের পরিকল্পনা করেন। প্রায় সেই সময় থেকেই রাগপ্রধান কথাটি প্রচারিত। রাগপ্রধানের মূল কথা—গানের মধ্যে শুধু রাগের রূপ স্টে কর! নয়, গায়ন পছতিতে রাগ সংগীতের স্টাইল-প্রতিফলন। এ শতকের তৃতীয় দশক থেকেই থেয়াল শু ঠুমরীর রূপ আমদানীর প্রতি সংগীতকারদের প্রধান লক্ষ্য ছিল। গ্রুপদ এবং টপ্রা এই হুটো গানের রীতি বাংলায় আগেই এসেছিল, কিন্তু থেয়াল শু ঠুমরীর ভিন্ন অবলম্বন অপেকারত নতুন পদক্ষেপ।

শে কালের টপথেয়ালের গানের মধ্যে টয়া প্রকৃতির রূপই ছিল স্পষ্ট।
গানের মধ্যে কয়েকটি বিশিষ্ট ধরণের তানের প্রাধান্তই বিশেষ ছিল—
তাকে গিটকারী বলা হত। গিটকারী বলতে গলার একটা স্বাভাবিক

তানের বিকাশ বোঝায়। থেয়াল গান এটাকে স্বীকার করে না, থেয়ালে গলায় তান ক্রণের বহু রকমের ফর্লার অভ্যাস দরকার হয়। অভএব এ য়্গে দেখা গেল থেয়াল ঠুমরীর সীমানা অনেকটাই বড়ো বা ছড়ানো, তাতে বহু রকমের ভলিতে স্ব-বিহার বা বিস্তার ও নানান রকমের তরলায়িত, বিস্তীর্ণ, বেণীবদ্ধ ও ক্ট-সমন্বয়ের তান চলে, নিছক গিটকারী চলে না। শুধু ভাই নয়, ঠুমরী প্রচারের সলে সলে বোল তৈরি, ছলের কাজ এবং অংশ-তান প্রয়োগ করবার চেষ্টা দেখা য়ায়। বাংলাগানে এই সব প্রয়োগ করেও প্রোতার দাবীতেই হোক বা যে কারণেই হোক, গানের ভাষা ও কথার ভাব-রূপ বজায় রাথার চেষ্টা প্রাধায় লাভ করল। এরপ ভাবনা সংগীতকারকদের মধ্যে স্বাভাবিক ভাবেই বিকশিত হয়। অর্থাৎ পথটা কেউ বেঁধে দেয় নি, দেওয়া য়ায় না। এটাই স্বাভাবিক রূপ। মোটাম্টি, একটি রাসায়নিক প্রক্রিয়ায় থেয়াল ও ঠুমরীর নানান কায়দা বাংলা উচ্চারণ ও প্রকাশভঞ্চিতে ওতপ্রোত ভাবে মিশে গিয়েছিল।

তৎকালীন বেতারে প্রচারিত "হার।মণি" অস্কুটানের জ্ঞান নজকল অসংখ্য বাংলা গান রচনা করেছিলেন। অপ্রচলিত অথবা অপেক্ষাকৃত অচলিত রাগ অবলম্বন করে অফুটানে গান প্রচারিত হত, পরিকল্পনার মূলে ছিলেন স্থরেশ-চক্স চক্রবর্তী, ইনি রাগ পরিচয় দিতেন। আর একটি অফুটান "নবরাগমালিকা", এতে রাগের সংশিশ্রণ করে, বিস্তার অথবা তান সহকারে অক্যান্ত ধরণের গান প্রচারিত হত। বলা হয়ে থাকে নজকল ক্ষেক্টি রাগও তৈরী করেছিলেন। খবরটা বাংলাগানের দিক থেকে গুকুত্বপূর্ব, যদিও 'রাগ তৈরী করা' ব্যাপারে কোন গুকুত্ব আরোপ করা যায় না। এখানে নজকলের রাগ-তৈরী-করার বাংলা খবরটি গানের গোড়াপতনের একটা মূল্যবান প্রসঙ্গ।

"রাগ তৈরী করা" খুব বড় কথা নয়। ষে কোন স্থায়ক বারোটি স্থরের নানা রকমের ব্যবহারের কায়দা ভেবে নিয়ে রাগ তৈরী করতে পারেন। কিন্তু দে রাগ যদি গায়ক বা ষন্ত্রীর গ্রাহ্ম হয়, রাগের বে সব লক্ষণ বিকশিত হওয়া দরকার তা যদি তৈরী রাগে ফুটে ওঠে এবং তা যদি গৃহীত হয়, তবেই সে অভিনব রাগ বলে' স্বীকৃত হতে পারে। শুধু একটা রাগের কাঠামো তৈরী করে গান বা গৎ রচনা করলে রাগ স্পষ্ট হয় না। রাগের স্বসংখ্য লক্ষণ তাডে ফুটে পঠা দরকার এবং তা' শিল্পীর গ্রাহ্ম ও সংগীত বিকাশের মধ্য দিয়ে প্রচারিত হওয়া প্রয়োজন। যে কোন রাগের রূপ একটা বাঁধা ফ্রেম নয়, তাকে ক্রম্পরিণতি-মৃশক স্থরের রূপ বলা যায়। এজন্তে, মার্গ সংগীতের দৃষ্টিকোণ থেকে নজকলের রাগসংগীত-প্রীতি এবং এরপ ভাবনার থবর ছাড়া রাগ বানানোর সংবাদটার ওপর কোন মৃল্যই আরোপ করা যায় না। যাঁরাই একটা রাগ তৈরী করেছেন যলে দাবী করেন, তাঁদের দাবীও প্রাপ্ত হতে পারে না, যদি রাগের আলাপ, বিন্তার, জোর, পকড়, প্রধান-অল, বাদী-সম্বাদী, বক্রম্বর ইত্যাদি ইত্যাদি সকল লক্ষণ প্রকাশ করবার মতো স্থযোগ তাঁদের না থাকে। নজকলের সে পন্থাও ছিল না—সময় ও স্থযোগ তাঁর ছিল না। তাছাড়া কবি-গীতিকারের প্রয়োজন কি রাগের এসব বৈচিত্র্য নিয়ে মাথা ঘামাবার ? কবির কাছে রূপটা বড়ো, রক্ত-মাংস-হাড় নিয়ে তাঁর কারবার নয়। এজন্তে ভাসাভাসা রূপ দাড় করিয়ে তার নাম যদি দিয়ে থাকেন "ধনকুন্তলা" বা "সন্ধ্যামালতী"—তা দিন। সে কাব্যিক ইচ্ছের থেয়াল। সেথানে কবিমন কিয়াশীল। তবে নজকলের রাগতৈরীর থবরটা রাগপ্রধান গান রচনার দিক থেকে নিয়ালথিত কারণে একটি প্রধান পদক্ষেপ বলা যায়।

সাধারণত থেয়াল বা ধ্রুণদ গায়কেরা প্রচলিত ও অচলিত রাগের গান করতে রীতি ও টাভিশনকে অতিক্রম করেন না বা করতেন না। নজরুলের এই বিশেষ রাগবানানোর ব্যপারটি গভামুগতিকতা থেকে মুক্তির সন্ধান দেয়। সাধারণত কয়েকটি রাগে মনোনিবেশ করে গায়কদের বছর কেটে যায়। নতুন রাগ স্পষ্ট অপবা সংমিত্রণের ভাবনাকে তাঁরা সহসা গ্রাহ্য করেন না। নজকলের উদীপনা নতুন স্ষ্টির একটা লক্ষণ স্থচিত করে। দ্বিতীয়তঃ, যদি কোনো অভিজ্ঞ সংগীতকার কোন রাগ-রচনা করেন, তাঁকে বছ সময় ব্যয় করে সে রূপের প্রতিষ্ঠা করা দরকার হয়। ওন্তাদ আলাউদ্দীন থান "হেমন্ত" রাগ তৈরী করেছেন (তিনি হয়ত আরো রাগ সৃষ্টি করেছেন বা করতে পারতেন), কিছ ভেবে দেখা যেতে পারে "হেমস্ক" রাগ প্রতিষ্ঠা ও প্রচারের পেছনে কভটা সম্বত্ন সাধন করতে হয়েছে। "চক্রনন্দন"বলে একটা রাগ ওস্তাদ আলী আকবর খান প্রচার করেছেন, এখনো তা পুরো খীকুত হয়েছে কি? বলছি, অভিজ্ঞ সংগীতজ্ঞের কাছে নজকলের রাগ-বানানোর খবরটা নিভাস্ত অকিঞ্চিৎকর। কিছ রাগপ্রধান বাংলা গান তৈরীর এটা একটা মৌলিক প্রয়ান। নজকলের মন স্বাভাবিক ভাবেই বুঝতে পেরেছে ধরা-বাঁধা রাগের সীমানায় (রাপ সংগীত পদ্ধতির রীতিতে গান করা হলেও) বাংলা গানের রূপকে বন্দী করা যাবে না। নজকলের এই পদক্ষেপ নতুন স্প্রির একটা আখাস বা পদক্ষেপ। অর্থাৎ

রাগদংগীত গাইবার পদ্ধতির বিশুদ্ধিতা রাগপ্রধান গানে রক্ষা করা থেতে পারে, কিছু রাগ-বিশুদ্ধিতা রক্ষা করন্তেই হবে এমন আইন চলবে না। রাগ-বিশুদ্ধিতা নষ্ট করার উদ্দেশ্যে নয়, ইচ্ছাক্তত রক্ষক বৃদ্ধিতে রাগের রূপকে পরিবর্তনও করা যাবে। নজকলের, তথা সমদাময়িক স্থরেশচক্র চক্রবর্তীর চিস্তাধারায় এই স্বর্নটিই ব্যাখ্যা পাওয়া যায়। থেয়াল গায়ক হয়ত সহসা একাজ করতে পারবেন না, ঠুমরী গায়কও তাঁর স্টাইল অহুসরণ করে যতট্কু করা দরকার করে যাবেন। নজকল বৃঝতে পেরেছিলেন রাগরূপে বৈচিত্র্য স্কৃষ্টি রাগপ্রধান সংগীতের দিক থেকে অব্শৃস্তাবী।

নজকলের কয়েকটি গান গেয়েছেন জ্ঞানেক্সপ্রসাদ গোস্বামী—আপনার মৃক্তভিকতে। এখানে গায়কের ভক্তির মৃক্তি স্বীকৃত। নজকল থেয়াল রীতির কিছু কিছু গানের পত্তনে "চীজ্" তৈরীর কান্ধ করেছেন, কিন্তু এরপর বাঁধাবাঁধি রাখেন নি। কিন্তু জ্ঞান্থ রাগ-প্রধান গানে স্বতন্ত্র রীতি। গীতকার যেমন করে গানের প্রতিস্তরে নির্বাচন প্রক্রিয়ার দ্বারা স্থর সংগ্রহ করে সাজিয়ে গুছিষে নেন, ইনি ডেমন করে "চীজ্য" তৈরী করেছেন। নজকল জ্বনেক রাগপ্রধান গানেই বাঁধাবাঁধি বড়ো বেশি করেন নি। এই বিশেষত্বের দিকে লক্ষ্য রেখে রাগপ্রধান গানের বিশ্লেষণে জ্বারো থানিকটা এগিয়ে যেতে পারি। রাগপ্রধান গানে গায়কীর কতকটা মৃক্তি জ্বাছে এবং গানে গায়কের ব্যক্তিত্ব সঞ্চারিত করবার স্থবিধেও জ্বাচে।

রাগপ্রধান গানে গায়কের ব্যক্তিত্ব প্রকাশিত হ্বার স্থবিধে থাকা সত্ত্বেও কতকটা সীমানা টানা হয়ে যায় আপনা থেকে। জ্ঞানেক্সপ্রসাদ গোস্বামীর গানে বৈপরীত্য বা contrast খ্ব বেশি, শব্দ ও কাব্যাংশকে একসংগে পৌরুষপূর্ণ কণ্ঠে স্পষ্ট উচ্চারিত করে অন্য আংশে বিস্তার ও তানের দিকে এগিয়ে যান। কথার গুরুত্ব পরিসরকে সীমিত করে দেয়। এখানেও কিছুটা নির্বাচন ক্রিয়া রয়েছে। এদিক থেকে প্রীতারাপদ চক্রবর্তীর গান খেয়ালের হিন্দুয়ানী রীতি ঘেঁযা, কোথাও কোথাও থেয়ালী রূপের তান প্রবল হ্বার সম্ভাবনা জানায়, কিন্তু কথার জন্ম সেখানেও সাবধানী নির্বাচিত স্থরবিস্তারের লক্ষণ স্পষ্ট। প্রীমতী দীপালি নাগ-(তালুকদার)-এর গানে দেখা যার প্রতি কথার সক্ষে কথা বোনায় রন্ধিলা ঘ্রানার কায়দা প্রতিফলনের স্পষ্ট প্রিয়াস। প্রীতীম্বদেব চট্টোপাধ্যায়ের গানে অভিনব স্থর-চারণা, যাকে বাংলা কথায়

"কণ্ঠবাদনের" প্রত্যক্ষ প্রহাস বলা যায়। শ্রীধীরেক্সচন্দ্র মিত্র ও শ্রীশচীক দেববর্মন—অনেকটা আধুনিকের কাছে এসে পড়েন। অর্থাৎ রুফ্চন্দ্র দে থেকে আজ পর্যন্ত রাগপ্রধানের রূপ বিশ্লেষণ করলে বোঝা যায়-—এই গান রাগ-সংগীতের পূর্ণ পর্যায় থেকে আরম্ভ,করে আধুনিকের সীমানা পর্যন্ত বিস্তৃত।

রাগপ্রধান গানের বিভিন্ন স্তর লক্ষ্য করলে দেখা যায় এতে তুটো লক্ষণই স্পষ্ট:--একটিতে, রাগদংগীতের অলংকার প্রয়োগ, অক্টটিতে কথার ভাব-সংগতির জ্বাত্ত নির্বাচন-প্রক্রিয়াটিও আছে—অর্থাৎ, সীমানা টানা আছে। প্রথম পর্যায়ে রাগ-সংগীতের অভাংকারের প্রয়োগ-বৈশিষ্ট্য নতুন নতুন রকমের দেখা যায়। গাংকেরা আজকাল সারগম করছেন—থেয়ালী ছন্দে ও অনেকটা কণ্ঠবাদনের ভঙ্গিতে। কথা ও কাব্যিক ভাব-সমগ্রতা দেখানে র্রক্ষিত হচ্ছে কিন। বলা মুস্কিল, নির্ভর করছে গানের কথার সঙ্গে এই বিশেষত্বকে উপযুক্ত করে রাগকে অলভারে ভাবসমগ্র করা যায় বিনা—তার ওপর। এক্ষেত্তে শ্রীচিন্ময় লাহিডীর গানের বিশেষ সম্ভাবনা ছিল। নির্বাচিত তানের অংশ নিয়েও কিছুরচনা চালু হচ্ছে। গীতকার একাদ্ধ করেছেন আধুনিকের মতো করে, রাগপ্রধানে কিছু স্থরকলি বা সারগমের অংশ সংযোগের চেষ্টা করেছেন। বিশিষ্ট ঠুমরীর অংশ নিয়ে আধুনিক রচনা কতকটা রাগপ্রধানে রূপাস্তরিত হচ্ছে। এগুলো রাগপ্রধান গানের নতুন ভাবধারা। নির্বাচন প্রক্রিয়ায়স্থরকারের হস্তকেপের স্থযোগও থেকে যাছে। এইরূপ বৈশিষ্টা লক্ষ্য করা গিয়েছিল প্রথমে হিমাংভ দত্তের রচনায়—রাগপ্রধানের সামাত্ত কয়েকটি রচনায় ইনি উজ্জ্বলতম স্বরকাব। এই দিকে থেকে শ্রীজ্ঞানপ্রকাশ ঘোষও বিশেষ স্বলঙ্কার নির্বাচন-পন্থী স্থংকার রূপে মূল্যবান কাজ করেছেন। শ্রীম্মনিল বাগচীর মানসিক্তাও এই ভকির রূপদানের লক্ষণ প্রকাশ করে।

বিশ্লেষণের দারা দেখা গেল রাগপ্রধান বাংলা গানের রীতির বিস্তৃত্তম পরিদরের মধ্যে গ্রুণদ, থেয়াল, টয়া, ঠৄয়রীর দব শ্রেণীর কায়দা গানে অবলম্বিত হতে পারে, এমন কি সংমিশ্রণের জল্মে রাগপ্রধান গান আধুনিকের সীমা পর্যন্ত পোরে। রাগপ্রধান কথাটির মর্মার্থ এই যে থেয়াল অথবা ঠূমরী রীতির যে পদ্ধতিই অমুস্ত হোক, ভাষার ভাবরূপ এবং ইভিয়মকে অক্র্রেরাথতে হবে, ভাষা রীতি-অমুসারে উচ্চারিত হবে, অর্থাৎ রাগরূপকে যেভাবেই হোক মনোরঞ্জকও করা যেতে পারে, রাগে মিশ্রণ চলতে পারে কিন্তু গায়কী রীতি পুরোপুরিই রাগ-সংগীতের দিকে সুঁকে যায়, যদিও মৌলক

ভাষার বাক-ভলি তাতে অক্ল থাকে। রাগসংগীতে গানের বিকাশ বে ভাবে হয়, কথা বে ভাবে ব্যবহৃত হয় রাগপ্রধান গানে সেরপ হয় না। কিন্তু, তালের প্রয়োগে রাগপ্রধানে রাগ-সংগীতের সলে কোন তারতম্য নেই, যা আধুনিক গানে আছে। রাগপ্রধান রাগসংগীত অথবা হিন্দুছানী গানের অহুকৃতিও নয় আবার সে আধুনিকও নয়—রাগাপ্রথী আঞ্চলিক গান।

আগেই লক্ষ্য করেছি, এর বিশেষ লক্ষণ প্রকাশিত হয় গানে রাগসংগীতের ছন্দ প্রকৃতি প্রয়োগ দারা। ভাষায় প্রকাশিত ভাষরপটির অথগুতা রক্ষা করে চৰবার জন্মে আজ পর্যন্ত কোন বাংলা গানে বিলম্বিত লয়ের সঙ্গে একাত্মতা ष्टांभन कता रल ना। व्यर्थार नामा कथाय, विलक्षिত एवन व्यामारमत जाव नय. ভাবপ্রকাশের পয়াও নয়। সংগীতকার যদি সার্থকরূপে বিলম্বিত লয়ের রাগপ্রধান গান চালু করতে চেষ্টা করেন, তা হলে প্রশ্ন থেকে যাবে, তাতে রাগের রূপের সঙ্গে ভাষা কতকটা ফোটানো যাবে কি ? থেয়ালে ভাষার প্রশ্নটা গৌণ। ষে বাক্-বৈদন্ধ্য বাক্-চাতুরী এবং বাক্য ও কথা আমরা পছল করি--বিলম্বিত লয়ে তার স্থবিধে কতটুকু? কথার সংগতি তাতে পাওয়া যাবে তো? এ সব প্রতিবন্ধকগুলো অতিক্রম করে কেউ যদি সত্যি বিলম্বিত লয়ের গান চালু করতে পারেন, যে গানে বাংলাঘ অক্ল থাকবে এবং গানও স্বীকৃত হবে (অর্থাৎ শভ্যাদ করার পথে কোন বাধা থাকবে না) তাহলে বাংলা রাগপ্রধান গান থেয়ালের দাবী অনেকটা মেটাতেও পারবে। ধীরগতি বিলম্বিত গানের প্রচলন কীর্তনে ছিল, কিছ উপযুক্ত গায়ন শক্তির অভাবে কীর্তনের এই আজ জনপ্রিয় নয়। কীর্তনের বিলম্বিত লয়ের গানের গুরুত্ব সম্বন্ধে অনেকেই বলেন। কিন্তু আইন-কাফুন প্রণয়ন করে গান চালানো যায় না। সহজ मृष्टिक्वि एक एक देना यात्र विनिधिक हारने ज्ञान वाश्मात्र अहनरन वांधा रनहें। কিন্তু শিল্পের প্রত্যক্ষ ও স্বীকৃত-রূপ না পাওয়া পর্যন্ত এ সম্বন্ধে কিছুই বলা যায় না। বিলম্বিত গান গায়কের গ্রাহ্ম হওয়া চাই। মোটামূটি, বাংলায় বিলম্বিত লয়ের গান ছিল না, এখনো নেই, নতুন স্প্রির শাশা পোষণ করা ভাল। রাগপ্রধানে মধ্যলয়ের গানই প্রচলিত ও জনপ্রিয়। কিন্তু এখনো বিলম্বিত লয়ের গান স্থ্রচলিত হবার পথে বাধা থেকে গেছে অনেক।

সংক্ষেপে, 'রাগপ্রধান' রূপটি এখন বিশেষ বাংলা গানেরই রূপ নয়, এ রূপটি যে কোন প্রদেশের যে কোন ভাষায় রাগ-সংগীতের ভাষার অভিব্যক্ষিরই মতো। রাগ-সংগীতে ভাষার অভিব্যক্তি যেমন ভাবে করা যায়, গানে দেশীভাষা তার চেয়ে বেশি ভাবগত মর্যাদা লাভ করে এবং রাগ-সংগীতের গীত-ভলি প্রয়োজন অহুসারে হ্যনিয়য়িত হয়। শ্রীনারায়ণ চৌধুরী তাঁর গ্রন্থে এই কয়েকটিলক্ষণ বিশ্লেষণ করেছেন: (১) রাগ-প্রধান গান হিন্দুছানী থেয়াল গানও নয় আবেগবর্জিতও নয় (২) হ্রবিশুদ্ধি আর হ্রর-সৌন্দর্থের গলা-ষম্না সংগম। কিন্তু 'এহ বাহ্য' বর্ণনা। আবেগটা বড় নয় এবং হ্রর-বিশ্বদ্ধিতাও প্রকারাস্তরে বিচার্থ নয়। তাই অক্ত বিশ্লেষণ দরকার। রাগপ্রধান গানের স্থুত্তের ব্যাখ্যা এইরূপে দেওয়া বেতে পারে:

- (১) রাগপ্রধান-গানের প্রধান লক্ষণ রাগ-সংগীতের প্রকাশ-ভলির (থেয়াল, ঠুমরী ইত্যাদি স্টাইল) জ্বন্তে যে ভাষা ব্যবহার হোক সে ভাষার বাক্ভলি ও ভাব-সমগ্রতা গানে বজায় থাকবে, এই ক্মর্থে রাগপ্রধান আধুনিক কালের রচনা (অসমীয়া ভাষায়ও রাগপ্রধান চালু আছে)।
- (২) রাগপ্রধান গানে রাগবিশুদ্ধি থাক বা রাগসংমিশ্রিত হোক বাধা নেই, কিন্তু নির্বাচন ক্রিয়া থাকা দরকার—(কি কি অলঙ্কার, তানের কতটা দৈর্ঘ্য অথবা অত্যাত্ত রীতি কতটা প্রয়োগ হবে ?)—এ সম্বন্ধে সচেতনতা।
- (৩) গায়কীভঙ্গি স্বাধুনিক রীতির কণ্ঠ-উপস্থাপনা থেকে স্বতন্ত্র—থেয়াল ঠুমরীর গলা বলতে যদি কিছু থাকে, তাই প্রয়োগ হবে—চরম উদাহরণ, জ্ঞান গোস্বামী এবং ভীম্মদেব চট্টোপাধ্যায়ের গান।
- (৪) বাঁধা হ্ররের কলি ব্যবহার করে গান রচিত হলেও এ গানের নৈপুণ্যে হ্বাভন্তা ও শিল্পীর ব্যক্তিত্ব দাবী করে—উদাহরণ হ্বরূপ হিমাংশু দত্তের "ছিল টাদ মেঘের পারে" এই ফ্রেমে বাঁধা রচনাটি গাইবার জল্মেও শিল্পীর রাগ-সংগীতের নৈপুণ্য দরকার—এ গানটি যদিও আধুনিক গানের সীমানায় এনে বায়।
- (৫) গায়কীর মৃত্তির সঙ্গে তার শিল্পবোশই গানকে সীমিত পরিসরের মধ্যে দাঁড় করিয়ে দেয় এজন্তে রাগপ্রধান পুরো রাগসংগীতও হয় না আবার আধুনিকও নয়।
- (৬) সাধারণত মধালয়ের ব্যবস্থৃত তালগুলো রাগ-সংগীতের অমুরূপ ব্যবস্থৃত হয়—তাল এথানে আধুনিক গানের ছন্দমাত্ত নয়—রাগ-সংগীতে তালপ্রকরণ বেমন নিয়মমাফিক—রাগ-প্রধানে তেমনি ব্যবহার চলে।

সবশেষে এই কথাটি মনে রাথতে হবে রাগপ্রধান কোন মুহূর্তের স্ঠাষ্ট নয়।
আবাজাবিক ভাবেই বিকশিত হয়েছে। কেউ এর রূপ বেঁধে দেয় নি। এ

ধরণের গান চালু ছিল না—এমনও নয়। তথু আধুনিক গানের সংগে এর স্বাতন্ত্র লক্ষ্য করে তিরিশ দশকের পরে নামকরণ করা হয়েছে।

তাল প্রসঙ্গ

শালীয় সংগীতে তাল অতি প্রনো অধ্যায়। তালের কত বিচিত্র নাম, বিচিত্র হিসেব-নিকেশ আছে তার ইয়তা নেই। তালের অসংখ্য রকমের প্রকৃতি হওয়াও থুব স্বাভাবিক। কারণ, ভিত্তিতেই রয়েছে সংখ্যাতত্ব। শ্রীদিলীপ-কুমার রায় 'সান্ধীতিকী' গ্রন্থের ভূমিকাতেই (শিবের মুখ থেকে নির্গত তাল-চচ্চৎপুট, চাচপুট, ষট্পিতাপুত্রক সম্পর্কেষ্টাক ও উদ্ঘট্ ইত্যাদি উল্লেখ করে), মার্গতালের বাগাডমর থেকে মুক্তির পথ প্রশন্ত করে দিয়েছেন। অর্থাৎ দেশী সংগীতের আলোচনায় এসবের প্রয়োজন নেই। সংস্কৃত সংগীত-গ্রন্থ ছেডে মুঘলযুগের সংগীত চিস্তায় আসা বেতে পারে। তাল সমন্ধীয় বর্ণনাতে প্রায় ৯৩টি তালের একটি তালিকা দিয়েছেন মীর্জা থাঁ "তহ্ফাতুল হিন্দ্" এছে (শ্রীরাজ্যেশর মিত্র ক্বত অভ্বাদ)। এর মধ্যে বিভিন্ন নামে ভুধু পাঁচ মাত্রারই প্রায় তেরোটি তালের উল্লেখ আছে। এ দারা প্রমাণিত হয় রাগ-সংগীতে এমন কোন হিদেব বা মাত্রা নেই যাতে কোন না কোন ভাল রচিত হয় নি। কোথাও এমনকি অর্থমাত্রায় তাল শেষ হয়েছে, দেখা যায়। কীর্তনেও তালের চর্চা হয়েছিল বিস্তৃত ভাবে। বরং কীর্তনেই বাংলা পদের ছন্দ-রূপ নিয়ে তালের সৃষ্টি হয়েছিল। কীর্তনে তালের অলহারের অনুশীলনও অ্তান্ত প্রাচীন ঘটনা। প্রায় শতাধিক তাল কীর্তনে ব্যবহৃত হত, একথা পূর্বেই উল্লেখ करत्रि । वना वाङ्ना, त्थान वर्जमान भारत मुक्कारव প্রয়োগ করা হচ্ছে।

কিন্ত, তা সংঘণ্ড বলব, আধুনিক গানে তাল সহদ্ধে পুরনো চিস্তা ও পদ্ধতি প্রবোজ্য নয়। যাঁরা ভুধু রাগ-সংগীতের মার্গ তালকেই শিল্পসাধনার ব্রত বলে মনে করেন, তাঁদের পথ আধুনিক গানের পথ নয়। রবীক্রনাথ আলোচনাটি ক্ষক করেছিলেন উন্টে। দিক থেকে, অর্থাৎ যাঁরা রবীক্রসংগীতকে তালের ত্বলতা নিয়ে অবজ্ঞা করেছিলেন উাদের প্রতি-আক্রমণ করে। প্রথম জীবনে চিরাচরিত লয়ের ভঙ্গিতে তিনি গান রচনা করেন। বহু গানের স্বরলিপিতে তালের নামও উল্লেখ করা হয়েছিল। প্রায় ১৩০৩ সাল পর্যন্ত এভাবে চলবার পর গানে নতুন ছন্দ প্রয়োগ করতে আরম্ভ করেন (শ্রীশান্তিদেব ঘোষ)। রবীক্রনাথ চমকপ্রদ বিশ্লেষণ করে চিস্তার পথটি খুলে দিয়েছেন। আদতে তিনি

পরবর্তী থালের রচনায় তালের দিকে যান নি, তিনি লক্ষ্য রেখেছেন ছন্দ ও লয়। মৃদ্ধিল হচ্ছে, তাল সম্বন্ধে বলতে গেলে তালের প্রাস্থলে রাগ-সংগীতের কথা আদে, সে জন্তে, যারা রবীক্রসংগীতের আলোচনা করেন তাঁদের মধ্যে কেউ রবীক্রনাথের ছন্দ স্প্রিটাকে তালজগতের বড় দান বলে উল্লেখ করেন। কিন্তু রবীক্রনাথের দৃষ্টিভঙ্গি স্বভন্ত, রাগ-সংগীতের তাল-জগতের সংগে কোন নিকট সম্পর্ক রাখেন নি তিনি। তিনি আধুনিক গানের ছন্দের প্রক্ষত প্রবক্ষা।

রাগ-সংগীতে যা 'তাল' আধুনিক গানে তা অধিকাংশ ক্ষেত্রেই তালয়স্থে ধবনির বিচিত্র সমাবেশ—আঘাত ও প্রতিঘাত বা ছন্দ সমাবেশ মাত্র। আধুনিক অর্থে এখানে অধিকাংশ লখু-সংগীতের কথাই বলছি। এই ছন্দ সমগ্রভাবে গানকে সমৃদ্ধ ও পূর্ণ করে তোলে। এই ছন্দ গানের অলকার মাত্র—অক্যাক্ত সহযোগী বস্ত্রের মতো।

তালযন্ত্র ছাড়া স্থরেলা আঘাত স্পষ্টির বছ বিচিত্র পদ্বা (বর্তমানে যেমন চলে) আমাদের সংগীতে তা জানা ছিল না। আজকাল বহু রকমের ছন্দ-ধ্বনি সংযোজিত হচ্ছে—পল্লীগীতি থেকে অথবা নানান বিদেশীয় গানের রীতি থেকে নানা বাদনভদ্দি গ্রহণ করা হছে। এই অর্থে 'তাল' শন্ধটি আমরা সকল রক্ষের সংগীতে ব্যবহৃত ছন্দের নাম হিসাবেই ব্যবহার করি। কিন্তু রাগ-সংগীতে ভালের যে প্রকৃতি, লঘু-সংগীতে ছন্দের প্রকৃতি সেরপ ভাবে উপস্থাপিত করা যায় না, একথা উল্লেখ করেছি। রাগ-সংগীতের তাল আরম্ভ হ্বার সঙ্গে বিকশিত হয় ছন্দের নানা আঘাত-প্রতিঘাতে, পরে ধীরেধীরে নানা অলম্বারে তার পরিণতি হয়, এবং বিশিষ্ট প্রারম্ভিক মাজায় সামঞ্জন্ত ও ছন্দ সমন্বয়ে (যাকে সম বলা হয়) তাতেই পরিসমাপ্তি। লঘু-সংগীতের তাল প্রয়োগে আরম্ভ ও পরিসমাপ্তি একই রক্ম, বিকাশ ও পরিসমাপ্তির বালাই নেই। তালের বৈশিষ্ট্য প্রতিপাদন গানের লক্ষ্য-বস্তু নয়। সমের অন্তিত্বই হয়ত স্থীকার করা যায় না। ধদি কোথাও কোন বিশেষত্ব প্রয়োগ করা হয়—তাও সাবধান-প্রয়োগ এবং 'অধিকন্ত ন দোষায়' রক্ষের ব্যাপার।

ষ্মর্থাৎ, বর্তমান সংগীতে তালের হুটো শ্রেণী:—একটিতে শুধু নিয়মিত ছন্দের বিভাগ—তাতে যে কোন ভাবে স্করেলা ঘাত-প্রতিঘাতের দারা ব্রিয়ে দেওয়া যেতে পারে যে নিয়মিত ছন্দ চলেছে। কি ধরণের স্থ্রের মাঘাত তাতে দরকার, সেটা গানের রচনার প্রকৃতি দেখে স্থির করা হবে। পিয়ানোর পর্দায় স্থরের আঘাতে, গীটারের তারে, থমকের ঠোকায়। তার্বয়ের তারের আঘাতে এবং নানান ধাতব যত্ত্বের আঘাতে নানা রক্ষের আওয়ান্ধ স্থষ্ট করে ছল্প রচনা হয়ে থাকে। শুধু ছল্প বৃঝিয়ে দেওয়াই নয়; তাকে উপযুক্ত ভাবে বাদনের জন্তে রচনা করাও দরকার হয়। এ ছাড়া রাগ-সংগীতে ব্যবহৃত তাল-বাত্যের ব্যবহার লঘু-সংগীতে তো আছেই। সেই সঙ্গে টোলক, থোল, ঢোল, খুঞুরী, থমক জাতীয় নানা বন্ধও চালু আছে। কিন্তু মূল কথা—বাজাবার পদ্ধতিটি শুধু উপযুক্ত ধ্বনিস্প্ততে নির্ভর্মীল। তালের বিস্তারে প্রয়োজন সামান্ত, বাজাবার কৃতিত্বও সীমাবদ্ধ ও এক্ষেয়ে।

चन्न শ্রেণীতে—রাগ-সংগীতের তাল। সেধানে নির্দিষ্ট তাল-যন্তের চর্চা ও ব্যবহার চলে এবং চর্চাটিও পদ্ধতি-মাফিক, শ্রমসাধা। তালধন্তে শুধু ছন্দই বাজে না, ছন্দের বিকশিত-রূপ নিয়েই এক একটি পূর্ণ তাল। নিয়ম হচ্চে—যে মাত্রায় ভারস্ত সেধান থেকে গতি হৃক করে এক-একটি বক্তব্য শেষবারে দাঁড়িতে ফিরে আসা—অর্থাৎ সমে। সমে ভাব ও গতির সমন্বয়। তাল বলতে এই শ্রেণীতে পাথোয়াজ, তবলাতে (এবং খোলের, দক্ষিণ ভারতীয় সংগীতে মৃদক্ষম, ঘটম প্রভৃতির) ব্যবহাত বহু রক্ষমের ছন্দ-বাদনের ক্রমপরিণতি-মূলক পদ্ধতি বুঝায়। তাল-বাদনের ক্রমপরিণতি কথাটির বিশেষ অর্থ আছে।

রাগ-সংগীতে তালের অঙ্গটরও প্রাধান্ত আছে। কারণ, গানের কোথাও না কোথাও তালবাদক সামান্ত হোক, বেশি হোক বিশেষ স্থান করে নেবেন, তাঁর শিল্পরপ প্রস্কৃট হবে। রাগ-সংগীতের ছল্ল-প্রকরণে সত্যিই বৃঝি 'লাঠিয়ালি' বা 'পালোয়নি' অথবা 'ঘোড়দৌড়ে কে জেতে' তারই পরিবেষণ। ধামার গানে বাঁট-অংশের সংগত এবং আড়ি-কু-আড়ির পর 'ধা' নিয়ে লুকোচুরি দেখে তাই মনে হতে পারে। পুরোনো দিনে এগুলো মারামারির সামিল ছিল হয়ত। আজকের যুগে আর তা নয়। তারাণা গাইবার সময়ে ছল্লকে সাজিয়ে নেবার প্রধান লক্ষ্য—তবলার সাথ-সংগৎ। লক্ষ্য করলে দেখা ঘাবে বিলম্বিত খেয়াল গাইবার সময়ে ধীর-গতিকে ভেলে ভেলে তেহাইরূপে বিস্তারকে ছল্লোবন্ধ করে নেওয়া হয়। এখানেও স্থরের কায়দার সক্ষে নিগৃঢ় সংমিশ্রণ। সেতার-স্বরোদে তান, তোড়া, ইত্যাদি সাজিয়ে পাঁচি ক্ষতেই, তবলিয়াকে জবাব দিতে হয়। না হলে সাথ-সক্ষৎ হল না। এই রীতির জ্যে বারা সাথনা করেন এবং বালের মনে সংগীতের এই অভিব্যক্তির প্রতি আকর্ষণ আছে—তাঁদের মানসিকতা আলাদা রক্ষের। তাঁরা এর মধ্যে স্ক্ষতা ও

কারিগরি এবং সৌন্দর্য স্টেতে বাদকের বক্তব্য বুঝে নিতে পারেন। এ রসের রসিকের সংখ্যা আজ ক্রমবর্ধমান। মুদ্ধিল হয় তুলনামূলক আলোচনাতে। বাইরে থেকে উকিয়ুঁকি মেরে আমরা বলছি 'ওদের গুরুটা তুর্বল' আর অক্তদিকের বক্তব্য 'ওদিকে সংগীত নেই, পালোয়ানী আছে'। কিন্তু এই চরম-মনোভাক অবলম্বন করে আর্ট এবং সংগীত-তত্ত্ব ইত্যাদি আলোচনার প্রয়োজন নেই।

রবীন্দ্রনাথ একপক্ষের প্রবক্তা হয়ে আধুনিক রীতির মৌল রপটিকেই মনে প্রাণে বুঝে নিয়েছিলেন এবং লয়ের মুক্তির কথা ঘোষণা করেছিলেন "সংগীতের মুক্তি" প্রবন্ধে:

- "(১) · · · তাল জিনিসটা সংগীতের হিসাব-বিভাগ। এর দরকার খুবই বেশি একথা বলাই বাহুল্য। কিন্তু দরকারের কড়াকড়িটা যথন বড়ো হয় তথন দরকারটাই মাটি হইতে থাকে। · · · · ·
- (৩)
 ---কাব্যে ছন্দের যে কাজ, গানে তালের সেই কাজ। আতএব ছন্দ যে নিয়মে কবিভায় চলে, ভাল সেই নিয়মে গানে চলিবে এই ভরসা করিয়া গান বাঁধিতে চাহিলাম---

উলাহরণ:
বাজিবে। সধি। বাঁশি। বাজিছে (১২৩।৪৫।৬৭।৮৯১০)
কাঁপিছে। দেহ। লডা। থর। থর (১২৩।৪৫।৬৭।৮৯।১০১১)
বে কাঁদনে। হিয়া। কাঁদিছে (১২৩৪।৫৬।৭৮৯)
আঁখার। রজনী। পোহাল (১২৩।৪৫।৬৭।৮৯)
হুয়ার। মম। পথ। পাশে (১২৩।৪৫।৬৭।৮৯)
বনের পথে পথে বাজিছে বায়ে (১২৩।৪৫।৬৭।৮৯১০।১১১২)

রবীন্দ্রনাথের বক্তব্য অন্থারে এরপ অসংখ্য উদাহরণ দেওয়া যায় যাতে "লয়ের হিসেব দিলেও তালের হিসেবে মেলে না।" এ সব ছল্দে গান বাঁধা যায় অথচ ছল্দ-ভাগ তো প্রচলিত নেই। রবীন্দ্রনাথ এরপ নানা ছল্দকে চমকপ্রদর্মণে গান বেঁধে দিয়েছেন। তিনি এরপ বিভিন্ন তুই, তিন, চার, পাঁচ ও ছয়্ম মাঝার নানারপ সন্নিবেশ করেন। রবীন্দ্রনাথের কয়েকটি প্রচলিত গানের ছল্দ :—

রূপকড়া (১২৩।৪৫।৬৭৮), ন্বতাল (১২৩।৪৫।৬৭।৮৯), একাদশী (১২৩।১২৩৪।১২৩৪), রাম্পেক (১২৩।৪৫), ন্ব পঞ্চাল (২+৪+৪+৪), তা ছাড়াও ছয় মাজার নানান ব্যবহার (১২।৩৪৫৬;১২৩৪।৫৬)। এ ছাড়াও সম্পূর্ণ পাঁচ মাজা কিংবা ছয় মাজার শব্দে মাজা ভাগ না করেও কতকগুলো গানে প্রয়োগ করেন।

কিন্তু রবীন্দ্রনাথের তালের ব্যাখ্যা আমাদের উদ্দেশ্য নয়। আমি বলব, সংগীতের এই মৃক্তির যে প্রকৃতিটি আধুনিক কিংবা দেশী গানের মৃলে ছিল— তাকে ব্যাখ্যা করে, শান্তীয় দৃষ্টিভঙ্গির থেকে পার্থকাটি স্পষ্ট করে দেখিয়ে তিনি তৎকালীন প্রয়োজন অহুদারে লিথেছেন:

নিয়ম অর্থে এখানে রবীক্রনাথের বর্ণিত কবিতার ছন্দের নিয়ম, ছন্দ গানে প্রয়োগের নিয়ম। ওন্তাদের মাত্রার বন্ধনী, সম-ফাঁকের ঘোরপ্যাচ ও অলঙ্কারের বাহিরের ওন্তাদিটাও নিয়ম। চিরাচরিত রীতি অফুসারে মুক্ত-ছন্দ-রচনা হয়ত কিছু কিছু পরিমাণে লোক-সংগীতে অথবা কবিতায় চলেছিল, কিছু ভেতরের তন্তুটির ব্যাখ্যা কথনো হয় নি। কারণ, তাল বলতেই আমরা শান্ত্রীয় রীতির ওপর নির্ভরশীল। কিছু এ ছন্দের ব্যবহার রাগ-সংগীতের বর্ণিত তালের ব্যবহার নয়। (শ্রীশান্তিদেব ঘোষের আলোচনা প্রষ্টব্য।) রবীক্রনাথের আলোচনা লঘু সংগীতের দিগু দুর্শনের সহায়ক।

এবারে, এখানকার মূল বক্তব্য: রবীক্সনাথের কাছে বেটা বাধা স্বরূপ মনে হয়েছে নিয়মিত অভ্যানে এবং সংগীতের সামগ্রিক বিকাশে রাগ-সংগীত-শিল্পীর কাছে সেটা বাধা নয়। হতে পারে সেকালে গ্রুপদী ও পাথোয়াজীর প্রচুর মারামারি ছিল গানের আসরে। রাগসংগীতের নিয়মিত অভ্যাস আধীনতা দিতে পারে—সে বন্ধনের মধ্যে স্বাধীনতা। সংগীতের formটির ওপর দখল না হলে দে স্বাধীনতা পাওয়া সম্ভব নয়। এ দখলের চূড়াস্ত উদাহরণ ওতাদ আলি আকবর খান ও পণ্ডিত রবিশহরের পাশ্চাত্য দেশে সংগীত প্রচার। থেয়াল গানে ঠেকার ব্যবহার চলে, কিছু ঠেকার মধ্যেও নানা 'ভরণ' প্রয়োগ হয়। অর্থাৎ নানা স্থানে মধ্যে স্থলর ছন্দাংশের অভিন্যক্তির স্থবিধে তবলিয়ার থাকে। তাতে থেয়াল গান স্থবিহারে বাধা পায়না। ঠুমরী গানেরও একটি বিশিষ্ট অংশে হালা ছন্দাংশের (অললারের) পরিবেষণ রীতিতে গান আকর্ষণীয় হয়। অর্থাৎ রাগ-সংগীতে তালবাদকেরও একটা প্রধান স্থান আছে এবং স্বাধীনতা আছে, সীমার মধ্যে এবং নিয়মের মধ্যে শিল্পী ও তালবাদকের মৃক্ত আচরণের পথ আছে।

কিছ এই মৃক্ত আচরণের সঙ্গে রবীক্রনাথের উল্লিখিত তাল তত্তাইর সঙ্গে সংস্কৃতিক করে বিভ্রম স্পষ্টির কোন প্রয়োজন নেই। রবীক্রনাথ গান সম্বন্ধে ধে কথা বলেছিলেন, বর্তমান লঘু সংগীতের রীতিতে সেই রূপই প্রত্যক্ষ করছি। রবীক্রনাথ মৃক্ত ভাবে ছন্দ তৈরী করে গিয়েছেন। ব্যাখ্যা করেছেন প্রকৃতি, আমরা এখানে বর্তমান লঘু-সংগীতে তাল-প্রকরণের রূপ কি দাঁড়ায় তাই বলছি।

রবীশ্রনাথ সম বর্জন করবার পক্ষে বলেছেন। আধুনিক তাল অনেক ছলেই সম-বিবর্জিত। কবিতার ছন্দের মত আধুনিক গানে সমের মাজল চুকিয়ে দেবার জায়গা নেই। বহু রবীশ্র-সংগীত অথবা আধুনিক গানে তাল-যন্ত্র ছাড়া অক্সরপেও ছন্দের ব্যবহার চলে। সেধানে সম-ফাঁকের তাগিদ নেই, আছে ভধুলয় বা ছন্দের নিয়মিত গতি। রাগ-সংগীতের শ্রোভা বেমন করে "ধা"এর জত্যে অপেকা করেন, লঘু-সংগীতে সে কথা ভাববার স্থবিধে নেই। তা হলে, লঘু-সংগীতের তাল-প্রকরণ কোন শ্রেণীর ?

রাগ-সংগীতের তালে সম ছাড়া ভালের শন্তিত্ব নেই, কিছু লঘ-সংগীতে হয়ত তবলা বা পাথোয়াজ বাজাতে পারা যায়। কোথাও বোল-বাণী, কায়দা, গং, তোড়া, তেহাইও প্রযুক্ত হতে পারে, কিছু তাতে নিয়মের বন্ধন নেই। তিকার হেরফেরও চলতে পারে। এক কার্ফা (চতুর্মান্তিক) ভালের কড প্রকারের ঝুঁকি ও দোলা হতে পারে এবং দে অফুসারে বাজনার পদ্বাও প্রয়েজন অফুসারে বদলে ধেতে পারে। কোথাও মাত্রায় বিশিষ্ট ধরণের আওয়াজ, কোথাও ঠক্ ঠক্—থট্ খট্ —ঠুং ঠুং, কোথাও বায়ার সমক, কোথাও একটা আবহ-সংগীতের একটানা গভিকে দোলা লাগিয়ে য়ায়, এতে বিশেষ রকমের তালের অক বা অংশ বিকাশের কোন সম্ভাবনাই থাকে না। ভাবতে গেলে খোলের ভাইনের আওয়াজটাও লঘু-সংগীতে অনেকটা আবহ ক্ষির মতো। ধর্মীয় গীতি অথবা অধ্যাত্ম গীতির জন্তো খোল ব্যবহারে আমাদের সংকার তৈরী হয়ে আছে, ধদিও খোলেও বহু নৈষ্টিক তাল অফুশীলন হয়েছে ও হছে।

স্বটা মিলে আধুনিক সংগীতের তাল অনেকটা effect music এরই মতো সহকারী সংগীত মাত্র। তবলার রূপ পরিকৃট হতে পারে একমাত্র রাগপ্রধান গানে, বেখানে রাগ-সংগীতের রীতি প্রয়োগ করা হয়, এবং এই রাগপ্রধান রীতিটি রাগ-সংগীতের তাল-নির্ভর। লঘু সংগীতের তাল মুক্ত-ছন্দ তাল, ছন্দ ও লয়ের ধ্বনি-সৌষম্য মাত। কিছু এ দম্বছে প্রধান বক্তব্য এই যে, শিক্ষার ব্যবস্থায় তাল-সাধন বেমন প্রয়োজন তেমনি নানা যন্ত্র ব্যবহারের কুশলতা আর্জন না করলে ধ্বনি-সৌষ্ম্য স্প্রের নিয়মবোধ জাগ্রত হতে পারে না। রাগ-সংগীতে একক তালযন্ত্রের কঠিনতম আদিকের শিক্ষা, লঘু-সংগীতে বছ ধ্বনি-যন্ত্রের ব্যাপক বিস্তৃত শিক্ষা, রাগ-সংগীতে intensive--লঘু-সংগীতে extensive রীতিতে শিক্ষা-পদ্ধতি তৈরি হওয়া দরকার। অনেক ক্ষেত্রে দেখা যাবে লঘু-সংগীতে তাল সংগতের জত্তে বিশেষ বিশেষ শিল্পীর ডাক পড়ে यात्रा इन्त रुष्टिए योनिक नग्नर्यास्य गत्न ध्वनि-र्यास्यत्र धक्रन भाष्टिक সামঞ্জ্য সাধন করতে পারেন। বিশেষ ধরণের বাদকেরা লঘু-সংগীতেও পার্থক হতে পারেন। তাল শিক্ষার কেত্রে লঘু-সংগীতের বেলায় কিছ সংক্ষেপ নেই—প্রয়োগের ব্যাপারে ষেমন সংক্ষেপ আছে। ধিনি তবলা বাজাচ্ছেন, ডিনিই ঠিক বাজাচ্ছেন এবং তিনিই চমকপ্রদ ছন্দে ঢোল বাজিয়েও শোনাতে পারেন। তিনি ভালটি বাঁয়ার গমকে আর বাঁয়ার মাটির খোলের ওপর একটা ধাতব যন্ত্রের ধ্বনি তুলে গানের ছন্দকে দোলা লাগিয়ে দিতে পারেন। লঘু-সংগীতের পথ বিচিত্র এবং গতিও বিচিত্র। বর্তমান আলোচনা থেকে যে স্ত্রগুলো যাওয়া গেল, তা সংক্ষেপে:

- রাগ সংগীতের তাল ও লবু সংগীতের ছল, তুটো খডয়ঃ
 প্রকৃতির—বদিও একই 'তাল' শলে তুটোই বোঝায়।
- (২) রাগ-সংগীতের তাল—রীতি-মাফিক ধারাবাহিক (process) রপে নানা অলফার সহযোগে গানের মধ্যে বিকশিত হয়।
 মাত্রা স্থাপনায় তাল যন্ত্র বাজনাতে উত্থান-পতনের স্থ্যমাধাকে, ওজন-বোধ থাকে এবং সমের ভাব-সম্মিলনে ছন্দের: পরিণতি ও সমাপ্তি।
- (৩) লঘু সংগীতের তালে, মাত্রাকে নিয়মিত ভাবে ছলেপ বাজানোর ওপর নির্ভর করে। ক্রম-পরিণতিহীন একঘেয়ে এর গতি। অলকারের অপ্রয়োজন এর বৈশিষ্টা, সম-ফাঁকের নিয়মিত দৃঢ়বন্ধতা (বিশেষ ক্ষেত্র ছাড়া) এতে প্রয়োজন নেই।
- (8) ছড়ার ছন্দ কিংবা বছ বিচিত্র যান্ত্রিক ও প্রাক্তিক ছন্দ বে ভাবে তৈরী হয়, কবিতায় মাত্রা প্রয়োগের নানা ব্যবস্থায় বে ছন্দ তৈরী করা যায় লয়্-সংগীতে এ সকলই ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে সমান ভাবে প্রয়োগ করা হয়ে থাকে। ধ্বনি-বৈচিত্রাই লয়্-সংগীতের ছন্দের প্রাণ। অর্থাৎ কত প্রকারের ধ্বনির ব্যবহার কত ভাবে হতে পারে তাও লক্ষ্য করা দরকার।
- (৫) লঘু-সংগীতের ছন্দ আধুনিক গানের একটি ধ্বনি-বর্ণ বিশিষ্ট আলঙার মাত্র। অধিকাংশ স্থলে সে effect music (বা সহযোগী সংগীতা-লংকার) এমন কি গানের মধ্যে বোলবাণী, রেলা, পরণ, গং-সহ তবলার বা পাখোয়াক্ষ ব্যবহার একটা অক হতে গানে যুক্তপারে—যেমন করে কথক নৃত্যের ছন্দবাদনও আধুনিক হয়ে যায়। কিন্তু রাগ্-সংগীতের কোন তালের পুরো প্রোগরে দরকার ওতে নেই—অর্থাৎ তালের রীতি-অঞ্সারে প্রোগ। ক্রমবিকাশও দরকার নেই।
- (৬) রাগ-প্রধান গানের বিশেষ **আঞ্চিক-রাগসংগীতের তাক** ব্যবহারে নিবন্ধ।

আধুনিক গানের সঙ্গে রাগপ্রধান গানের এখানেই বিশেষ তারতম্য। এরপর, রাগ সংগীতের তাল প্রসক্ষকে পাশ কাটিয়ে লঘু-সংগীতের বর্তমান তাল প্রযোগ-বিধি বিশ্লেষণ করে দেখতে পারবেন যারা হ্ব-প্রযোজক এবং গারা ছন্দ ও তাল সম্বন্ধে অভিজ্ঞ ও বহুমুখী প্রয়োজন সম্বন্ধে ভেবেছেন, বহু রক্ষমের ষল্পের ছারা যারা ছন্দ ও লয়ের ঝুঁকি বা ইন্দিত স্থাষ্টি করেন, প্রোতার মনোরঞ্জন বা গানের প্রকৃতি অনুসারে ছন্দের বৈচিত্তা স্প্রেই বাদের মুখ্য উদ্দেশ্ত থাকে, তালবাদনের নিয়মিত পন্ধতি তাঁদের কাছে গৌণ হয়ে যায়।

পরিশিষ্ট

নির্দেশিকা ১ ॥ ব্যবহৃত গ্রন্থপঞ্জী

রবীক্রনাথ ঠাকুর সংগীত চিম্ভা - দিলীপ কুমার রায় **সাঙ্গীতিকী** — শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর স্বরলিপি গীতিমালা ১ম ও ২র খণ্ড ইন্দিরা দেবী চৌধুরাণী রবীন্দ্র-সংগীতে ত্রিবেণী-সংগম রবীন্দ্র-সংগীত শান্তিদেব ঘোষ গীতবিতান বার্ষিকী বিভিন্ন সংখ্যা প্রফুলকুমার দাস त्रवीत्य-श्रमक । म ७ २ म थ ४ ধুর্জটিপ্রদাদ মুখোপাধ্যার কণা ও হুর দৌমোক্রনাথ ঠাকুর রবীন্দ্রনাথের গান/অস্থান্ত প্রবন্ধ গুভ গুহ ঠাকুরতা রবীন্দ্র-সংগীতের ধারা প্রভাতকুমার মুখোপাধ্যার त्रवीत्म-जीवनी সংগীতে রবীন্দ্র-প্রতিভার দান __ সামী প্ৰজানানন্দ স্ণীলকুমার গুপ্ত নজরুল চরিত মানস হুশীলকুমার রায় **জ্যোতি**রিন্দ্রনাথ বাংলার গীতকার রাজ্যেখর মিত্র মুঘল ভারতের সংগীতচিন্তা সংগীত পরিক্রমা নারায়ণ চৌধুরী বাংলার লোকসাহিত্য ডাঃ আগুতোৰ ভটাচাৰ্য বাংলার লোকগীতির হুর বিচার হ্মবেশচন্দ্ৰ চক্ৰৰতী

[বাংলার লোকসাহিত্য গ্রন্থের অন্তর্গত পরিশিষ্ট—ক]

ৰাংলার বাউল ডাঃ উপেক্সনাথ ভট্টাচার্য হারামণি মহম্মদ মনমুরুদ্দিন বাংলার পল্লীগীতি সংগ্রহ চিত্তরঞ্চন দেব বাংলার লোকসংগীত :ম--ৎম থও ননীগোপাল কন্দ্যোপাধ্যায় প্রকাশিত লোকসাহিত্য রবীন্দ্রনাথ ঠাকুর ভারতের লোকসাহিত্য (সংগ্রহ) - বেতার জগৎ, শারদীয়, ১৯৬৪ ৰাংলা সংগীত (মধ্যবুগ) রাজ্যেশর মিত্র ভারতীর শক্তি সাধনা ডঃ শশিভূষণ দাশগুপ্ত

निर्दिशका->

শাক্ত পদাবলী ও শক্তি ধর্ম
ভারতীয় সংগীতচিম্বা
ভারতীয় সংগীতচিম্বা
ভারতীয় সংগীতচমাক
শ্বতির অতলে
বিক্তৃপুর
বিক্তৃপুর ঘরাণা
বিক্তৃপুর ঘরাণা
বিক্তৃপুর ঘরাণা
ত আমি
বিক্তৃপুর ঘরাণা
ত আমি
ত আ

[বিষ্ণুপুর বরাণা গ্রন্থের অন্তর্গত পরিশিষ্ট (১)]

সংগীতাচার্য রাধিকা মোহন গোস্বামী ও

বিশূপুর ঘরাণা — শ্রীধীরেক্তনাথ ভট্টাচার্য

[বিফুপুর ঘরাণা গ্রন্থের অন্তর্গত পরিশিষ্ট (২)]

ভাতথণ্ডে সংগীত শাস্ত্র (হিন্দী সংস্করণ

How to Sing

· Madeline Mansion

Akashvani

- বিভিন্ন স্ণগা

Aspects of Indian Music

(D. P. Mukherjee) - Publication Division

निदर्भिका-२॥

রবীন্দ্র-সংগীত

(ক) জ্রীদিলীপকুমার রায়ের উলিখিত "রাগ-ভঙ্গিম গানের দৃষ্টান্তপঞ্জী—বদিও তিনি বলেছেন এরূপ গানের সংখ্যা অনেক:

ইমন কল্যাণ/তেওরা

সতামকল প্রেমময় তুমি, বারি ঝরে ঝর ঝর ভরা বাদরে,
আমার মাণা নত করে দাও, তোমারি রাগিণী জীবন কুঞ্জে

সুরুফাঁক ভাল

প্রথম আদি তব শক্তি -- সোহিণী, দাঁড়াও মন অনন্ত ব্রহ্মাও মাঝে -- ভীমপলঞী

চৌতাল

নয়ন তোমারে পার না দেখিতে = ভৈরেঁা, আছো অন্তরে তবু কেন কাঁদি = কাঞ্চি

একতাল

সীমার মাঝে অসীম তৃমি = কেদার ছারানট, মন্দিরে মম কে = আড়ানা, আমি তোমার প্রেমে হব = ভৈরবী, অমল ধবল পালে লেগেছে = ভৈরবী,

ত্রিতালী

ডাকো খোরে আজি এ নিশিথে = পরজ, আজি বসত জাগ্রত ছারে = বাহার, আজি কমল মুকুলদল গুলিল = বাহার, তিমির হুয়ার থোলো = ভৈরেঁ। রামকেলী, রূপ সাগরে ডব দিয়েছি = থাখাজ

মধ্যমান (টপ্লা অঙ্গের)

কে বসিলে আজি হৃদয়াসনে – সিকু, পিয়াসা হায় হায় নাহি মিটিল – ভৈরবী

(খ) গ্রুপদাক তথা গ্রুপদ গানের শ্রেণীরূপে স্বামী প্রজ্ঞানানন্দের দৃষ্টাস্থপঞ্জী: চৌতালে

তুমি অমৃত পাণারে = ললিত, কেমনে কিরিরা যাও = ভৈরবী, এখনো আঁধার রয়েছে হে নাথ = আদাবরী, জাগ্রত বিশ্ব কোলাইল মাঝে = বিভাস, প্রভাতে বিমল আনন্দে = ভর্জরী, আজি হেরি সংদার অমৃত্যর = বিলাবল, শোনো ভার স্থাবাণী শুভ মৃত্তর্ভ = ইমন কল্যাণ, ভোমারি দেবক করে। হে = ছারানট, তাঁহারে আর্ডি করে ক্রে তপন = বড্গংস্নারং, ভর হতে তব অভর মাঝে = বেহাগ, হে মহা প্রবল বলী = কানাড়া ইত্যাদি

-সুরুফাঁক তালে

শান্তি করো বরিষণ — তিলককামোদ, ফুদ্দর বহে আমানন্দ মন্দানিল — ইমনকলাণ, দেবাদিদেব মহাদেব — দেবগিরি, প্রথম আদি তব শক্তি — দীপক, আনন্দ তুমি ধানী মলল তুমি — তৈরবী প্রভৃতি

ধামারভাবে

আজ রাজ আসনে তোমারে —বেহাগ, মম অঙ্গনে স্বামী আনন্দে হাসে — বাহার, হাদি মন্দির দারে —কেদারা, গরব মম হরেছ প্রভু—দেশ, অমৃত সাগরে — কামোদ, প্রভৃতি স্বাভা ১১ তিতিল

সবে আনন্দ করো – দেবগিরি বিলাবল, শুত্র আসনে বিরাজো – ভৈরব প্রভৃতি

তেওঞ্গ তালে

আজি এ অনেক সক্ষ্যা স্বৰী, আমার মিলন লাগি তুমি নাগেশীবাহার, অড়ায় আছে বাধা নিশ্র সাহানা, কাঁড়াও আমার আঁথির আগে ন বেহাগ, আলোর আলোকময় করে। হে তরব, বিপুল তরক রে ভীমপলশী, পাঙ্দি

ঝাপভালে

কেন বাণী তব নাহি শুনি — ভৈরব, নিতা নব সতা তব — শুক্ল বেলাবলী, পেয়েছি অভরণদ — খট্, মহা সিংহাসনে বসি — ভৈরবী, হলর নন্দন বনে নিভৃত এ নিকেওনে — ললিতা পৌরী, ইত্যাদি।

্রে) রবীক্তনাথের 'দেশী' সংগীভরীতি অনুসারী রচনা সম্বন্ধে শ্রীশান্তিদেব ঘোষের বর্ণিত বিশেষ লক্ষণ:

গান রচনার আরম্ভ থেকে সাতাশ বছর বয়স পর্যন্ত লোকপ্রচলিত ক্ষরের সাহায্যে তৈরী গান—অধিকাংশ কীর্তন ও রামপ্রসাদী ক্ষরে রচিত:—

- ১ পহন কুমুম কুঞ্জ মাঝে (মিশ্র কীর্তন) ২ আমি শুধুরইফু বাকি (রামপ্রসাদী)
- ৩ আমি জেনেশুনে তবু (কীর্তন) ঃ খ্রামা এবার ছেড়ে চলেছি (রামপ্রসাদী)
- আবার মোরে পাগল করে (কীর্তন)
 শুথে আছি (মিশ্র কীর্তন)

ত্তিশ বছর বয়স থেকে আরম্ভ করে পরবর্তী দশ বছরে বাউল ও লোক-প্রচলিত স্করে রচিত গান

বাউল—তোমরা স্বাই ভাল, খ্যাপা তুই আছিদ আপন
কীর্তনাক—আমাকে কে নিবি ভাই, খাঁচার পাথি ছিল, বড় বেদনার মত,
ভহে জীবনবল্লড, ভালবেদে স্থী, সংসারে মন দিয়েছিম,
ভগো এত প্রেম আশা, চাহিনা স্থাধ থাকিতে হে,
একবার তোরা মা বলিয়া তাক

অস্থান্ত প্রচলিত হুরে—এবার যমের ছয়ার খোলা, ভোমরা হাসিরা বহিয়া, তোমার গোপন কথাট, আমরা মিলেছি আজু মায়ের ডাকে. বঁধ ভোমার করব রাজা, আজি শরত তপনে, নয়ন তোমারে পায় না, ওলো দই ওলো দই, হাদয়ের একুল ওকুল।

১৩১২ সালে বক্সন্তক্ত -- রদের আন্দোলন (প্রায় ৪৪ বৎদর বয়সে) পূর্ববঙ্গীয় বাউলদের গানেছ: স্থরে রচনা :---

- ১. আমার দোনার বাংলা
- ২. ও আমার দেশের মাটি
- ৩. ওরে ভোরা নাই বা কথা বললি ৪. ঘরে মথ মলিন দেখে
- ৫, ছি ছি চোখের জলে
- ৬. যে তোমায় ছাডে ছাড ক
- যে তোরে পাগল বলে / ৮. যদি তোর ভাক শুনে

"বাংলার নিজস্ব হুর ও চঙে রচিত গুরুদেবের গানের আর একটি নতুন সৃষ্টির প্রকাশ আমানের কাছে ধরা পড়ে থাকে। আমি বলৈ রাবীন্ত্রিক কীর্তন বা রাবীন্ত্রিক বাউল। অর্থাৎ আথর ইত্যাদি বর্জিত, বাউলের প্রভাবযুক্ত ও গুরুদেবের শান্তিনিকেতনের জীবনে যার শুত্রপাত, সেই গান।"

বাউল, কীর্তন ইত্যাদি স্ববের রচনায় বিচিত্র ছন্দের প্রয়োগ:--

- ১ ওরা অকারণে চঞ্চল—চার মাত্রা
- আমার কী বেদনা দে কি জানো—তিন মাক্রা
- ৩ বেতে যেতে চায় না যেতে —ঝাঁপতালে
- ৪ লহ লহ তুলে লহ—তেওড়াতালে

"বিষয় বৈচিজ্যের দিক থেকে এর আগে রচিত (৫৪ বংসর বয়স) গানের মধ্যে ধর্ম সংগীত ছিল সংখ্যায় স্বচেয়ে বেশি, ভারপর জাতীয় সংগীত (দেশাস্কবোধক অর্থে) ও মানবিক প্রেমেক গান। ঋতু-বিষয়ক নংগীত ছু-একটি মাত্র। কিন্তু এখান থেকে ঋতু-সংগীত বেম্বন প্রাধাস্কু পেয়েছে, তেমনি ঐ ফরে জাতীয় সংগীত লেখা বন্ধ হয়ে গেল। জীবনের প্রথম দিকে রামপ্রসাদী হুরের গান কিছু পেয়েছিলান: কিন্তু শেষার্থে দে হুরে আর একটিও রচনা করতে দেখি না। প্রথম জীবনে রচিত কীর্তনের বিভিন্ন হার ও চঙের মধ্যে কয়েকটি আর পরবর্তী জীবনে দেখা গেল না। দেখা গেল নতুন চঙের দেখা, মিতা হুরের গান। যেমন-- আছি এ নিরালা কুঞ্জে, পুরানো জানিয়া চেও না, রোদন ভরা এ বসত ইত্যাদি। 'গহন কুমুম কুঞ্জ মাঝে' বা 'একবারু তোরা মা বলিয়া ডাক' গান ছটিতে যে ধরনের প্রচলিত কীর্তনের হার গুনি ঠিক ঐ হুরে আর ভিনি-ब्रह्मा करवन नि ।"

(ঘ) অপ্রচলিত তালের প্রথম প্রকাশ তালিকা (রবীন্দ্র সংগীত গ্রন্থের---"ছৰ ॥ তাল")

১০১০ কাব্যগ্ৰন্থ। মোহিত সেৰ সম্পাদিত

গভার রঞ্জনী নামিল জনরে। রূপকড়া ৩।২।৩ = ৮ মাত্রা ভুরারে দাও মোরে রাখিয়া। একাদশী ৩।২।২।৪=১১ মাত্রা

১৩১৬ গান। ইণ্ডিয়ান প্রেস সম্পাদিত জননী, তোমার করুণ চরণ। নবপঞ্চাল ২।৪।৪।৪।৪—১৮ মাত্রা আজি ঝড়ের রাতে। ঝম্পাক ৩।২—৫ মাত্রা বিপদে মোরে রক্ষা কর। ঝম্পাক ৩।২—৫ মাত্রা

১৩২১ গীতালি। হাদর আমার প্রকাশ হল ৪।২ = ৬ মাত্রা

১৩২৪ সংগীতের মুক্তি—(প্রবন্ধ)

ব্যাকুল বকুলের ফুলে ৫ | ৪ = > ...

কাঁপিছে দেহলতা ধর্মর ৩।৪।৪ = ১১

ত্রার মোর পথ পাশে ১=১ ..

যে কাঁদনে হিয়া 😊 > 🍃

১৩২৬ শেফালি। সথী প্রতিদিন হার; ৬।৬==১২ "

১৩২৯ নবগীতিকা (১ম)। আমার যদিই বেলা যারগো ২। ৪ = ৬ সাত্রা

निदर्गमिका-७॥

শ্রীদিলীপকুমার রায়ের উল্লিখিত ছিজেন্সলালের কতিপয় রাগ-ভঙ্গিম গান

আইল ঋতুরাজ সজনি	নিকুড়া	চোতাল
আজি গাও মহাগীত	থায়াজ	চৌতাল
আজিগো ভোমার চরণে জননি	ইমনকল্যাণ	একতালা
আজি ভোমারি কাছে ভাসিয়া বার	ৰি ৰিট	মধ্যমান
আজি নৃতন রতনে	ভৈরবী	ত্ৰিভাগী
আজি বিমল নিদাব প্রভাতে	ভৈরবী	য ধ্যমান
আনন্দময়ী বহকরা	ভৈরবী	ত্রি ভাগী
আমরা এমনিই এসে ভেসে যাই	কি কিট	একতালা
আমার আমার বলে ডাকি	रे ड त्रवी	একডালা
আমি চেয়ে থাকি দুর সান্ধ্য গগনে	ইষনকল্যাণ	একতালা
আমি রব চিরদিন তব পথ চাহি	কি খিট থাখাল	₹<,

আমি সারা সকালটি বসে বসে	ভূপৰল্যাণ	এ কতালা
প্ৰতিমা দিয়ে কি প্ৰিৰ ভোষাৰে	क रकर ी	চৌতাল
কী দিয়ে সাজাব মধুর মুর্তি -	ভৈরবী-আসাবরী	চৌতাল
একই ঠাই বলেছি ভাই	ভৈরবী	ৰ গৈতাল
আর একবার ভালবেদো	বোগির ।	ত্ৰিতালী
বে জগতে আমি বড়ই একা	ভীমপলঞ্জী	ৰৎ
এ জীবনে প্রিলনা সাধ ভালবাসি	ভৈরবী	वद
এদো প্রাণদখা এসো প্রাণে	ৰাহার	ত্ৰি তালী
ঐ প্রণর উচ্ছ্বাসী মধুর সম্ভাবি	ভৈ রো	একতালা
পতিভোদ্ধারিণি গঙ্গে	ভৈরবী	ত্রি তালী
वत्रया ब्यार्ग व्यर	কেদারমলার	ত্রি তালী
হৃদর আমার গোপন করে	ছায়াৰট	একতালা
বাও হে হুখ পাও	ইমনকল্যাণ	তেওরা
সকল ব্যথার বাধী আমি হই	বাগেশ্রী	আড়াঠেকা
ভোমারেই ভালবেদেছি আমি	দরবারী কানাড়া	আড়াঠেকা
মলর আসিয়া কয়ে গেছে	ন টমলার	यद

[গান গুলোর লক্ষণ বর্ণনা করা হয়েছে—গ্রুপদ, থেয়াল, টপ্পা, টপ্থেয়াল ইত্যাদি রূপে]

निर्मिका - 8 ॥

(ক) রন্ধনী হান্তের যে সকল গান গ্রামোফোন রেকর্ডযোগে প্রচারিত

আমি সকল কাজের

তুমি নির্মল কর মঙ্গল করে

কবে ভূষিত এ মঙ্গ

আমার সকল রকমে কাঙাল করেছ

ষাগো, এ পাতকী

কুটিল কুপথ ধরিয়া

আমি তো তোমারে

আর কতদিন ভবে থাকিব

প্রেমে জল হরে যাও গলে

তোমারি দেওয়া প্রাণে

মেহবিহ্বল করণা ছলছল

ওয়া চাহিতে জানে না

সম্প্রতি প্রকাশিত "কান্ত-পদ-লিপি"—জ্রীনলিনীকান্ত সরকারের স্বরলিপিসহ, ৩০টি গানের একটি উপ্লেখবোগ্য সংযোজন। এ গ্রন্থে যেসব অতিরিক্ত জনপ্রির গানের স্বরলিপি পাওয়া যাচেত্র:

শুনাও তোমার অমূত বাণী

তোমারি চরণে করি ছংখ নিবেদন

আমি সকল কাজে পাই হে সময়

বদি মরমে শুকারে রবে

ভীতি সঙ্কল এ ভবে

পাতকী বলিরে কি গো

ু কেন বঞ্চিত হৰ চরণে আমি অকৃতি অধম
কৰে চিন্ন মাধুনী ঐ তৈরৰে বাজিছে
ভারত কাব্য নিকুঞ্চে সেগা আমি কি গাহিৰ গান
তবু ভাঙেনা ঘুমের ঘোর তৰ চরণ নিম্নে উৎস্বম্মী ইত্যাদি

(খ) অত্লপ্রসাদের গান (কাকলী) স্বরলিপি যোগে বছল-প্রচারিত। বে সকল গান রাগভলিম (অনেক ক্ষেত্রে ঠ্মরী জাতীয়) বলে শ্রীদিলীপকুমার রায় উল্লেখ করেছেন "শ্রেষ্ঠ গান হিসেবে ভাবীকালে বীণাপাণির প্রসাদ পাবে" সে গানের তালিকা:

কি আর চাহিব বলো জল বলে চল মোর সাথে চল্ আর কতকাল থাকব বসে আমারে ভেঙে ভেঙে আমারে এ আঁধারে থাকিদনে বদে ভোৱা প্ৰলো সাথী আমার চোখ াঁখে ভবের থেলায় প্রভাতে যারে নব্দে পাথি ৭ মধুর রাতে মিছে তুই ভাবিদ মন সবারে বাস্রে ভালো কে গো তুমি বিরহিণী ওগো निठ्ठं प्रमी যাবনা যাবনা হাবনা হরে ক্ষক কুমক ক্ষর্ম মোরা নাচি ফুলে ফুলে ছুলে বাদল কমঝ্ম বোলে তাহারে ভূলিব কেমনে বঁধু ধরো ধরো মালা কত গানতো হল গাওয়া শ্রাবণ ঝুলাতে আমার বাগানে এত ফুল দে ডাকে আমারে জানি জানি গোরকরাণী আর আয় আমার সাথে

পাগলা মনটারে তুই বাঁধ

নির্দেশিকা—৫॥ নজকুল-গীতি

মধ্কালে এল হোলি

জনপ্রির নজরুল-গীতির দৃষ্টান্তগঞ্জী। অধিকাংশই এচ. এম. ভি., কোলাবিরা, হিন্দুহান প্রভৃতি রেকর্ডে বিধৃত। জনপ্রির রচনার মধ্যে কিছুসংখ্যক ইন্লামী গানও ছিল, সেগুলোর প্রচলনের সুলেও ছিলেন নজরুল।

অংকারের মূল কেটে দে আধংনা চাঁদ হানিছে আকাশে আজ ভারতের নব যাত্রা পথে আমায় নহে গো, ভালবাস মোর গান আজি নক্ষতুলাল মুখচন্দ্র আমায় প্রামা মায়ের কোলে আমারে চোধ ইদারার আমি চিরভরে দুরে চলে বাব

আমি সন্ধা-মালতী বনচারা অঞ্চলে

আমি খার খুলে আবর আমবার বধন গান ধরেছি

আরো কতদিন বাকী

আসল যথন ফুলেরি ফাগুন আসিল আজি বন্ধ মোর

উল্লেখিজন বাজে মাদল এ আঁথিজন মোচ প্রিয়া

এ ঘন ঘোর রাতে

এত জল ও কাজল চোখে

এল ঐ রণরঙ্গিণী চণ্ডী এল রে ছুর্গা

কঙ্গণ কেন অরণ অাথি

কাবেরী নদী জলে

কার নিকুঞ্জে রাত কাটায়ে কারার ঐ লোহ কপাট

কালা সেজে ফিরলি বরে কুল ছেড়ে চলিলাম ভেসে

কুহ কুহ কোয়েলিয়া কে নিৰি ফুল

কে বিদেশী

কেউ ভোলে না কেউ ভোলে

কেন আনো ফুল ডোর কেন কাঁদে পরাণ

কেন দিলে এ কাঁটা

কেন মেঘের ছায়া

কেমনে রাখি আখি বারি

গভীর নিশীথে চেওনা হুনয়না

জগতের নাথ কর পার হে

জানি জানি প্রিয় ভোমার মহা বিধে কিছু তুষি শুনিতে চেওনা মোর মনের কথা

তুমি হক্ষর তাই চেরে থাকি

তোরা সব জরধ্বনি কর দক্ষিণ সমীরণ সাথে

ছুৰ্গম গিরি কান্তার মরু

मृत्र बीशवांत्रिनी (प पांज (प पांज

নহে নহে প্রিয় এ নছে আঁথিজন

নতুন করে গড়ব ঠাকুর নীলাম্বরী শাড়ি পরি

না মিটিতে মন সাধ

পালিয়ে যাবে গো, আমি ছার থুলে আর রাখব না

শিউ শিউ বিরহী প্রিয়তম হে বিদার প্রথম মনের মুকুল

কাগুন রাতের ফুলের নেশায়

ৰলৱে জ্বা ৰল ৰসিয়া বিজনে

ৰাগিচার ব্লবুলি তুই

বাঁশি বাজায় কে কদমতলায়

বিদায় সন্ধ্যা আসিল বৌকথাকও

ভরিয়া পরাণ গুনিতেছি গান

ভারত শ্বশান হল মা ভারতলক্ষী আয় মা কিরে ভারত আজিও ভোলে নি

ভূলি কেমনে

ভোরের ঝিলের জলে মধুর মিনতি শুন ঘনস্থাম

মনে পড়ে আৰু সে কোন জনমে

মহাকালের কোলে এসে মাগো, চিন্ময়ী রূপ ধরে আয়

মেঘে মেৰে অন্ধ মেঘহীন ধর বৈশাথে মেবলা নিশি ভোরে
নেববৈরণ কন্তা
নোর মুম্বোরে এলে মনোহর
মোমের পুতুল মমীর দেশে
নোরা কঞ্চার মত উদ্দাম
বত নাহি পাই দেবতা
কবে তুলদী তলায়
বাও বাও তুমি কিরে

বাতের শেকালি ঘুম ভেঙে বলে

রাভামাটীর পথে লো
ক্রম্থ্যু ক্রম্থ্যু
শাওন আসিল ফিরে
শিকল পরা ছল আমাদের
শৃস্ত এ বুকে পাথী মোর আর
সথি গো বুণা প্রবোধ দিলে
সথি, বল বঁধুরারে
হে বিধাত। হে বিধাত।

নিৰ্দেশিক।—৬॥

সুরকার ও প্রযোজক

(ক) রেকর্ডে প্রকাশিত আধুনিক সংগীতে হার-সংযোজনা প্রযোজনার কন্ধেকটি দৃষ্টাস্ত:

স্পনিল ভট্টাচার্য মাধবী রাতে মম মন বিভাবে

অভ্ৰপম ঘটক

গান গেয়ে মোর তুমি ছিলে তাই

শুক্ৰো পাতা ঝরে যার

সন্ধামালতী বনে

ধরিনাম লিখে দিও অঙ্গে

জাগো রে মন

চোধের জলে পূজবো এবার

আজি এ শারদ বিজয়া গোধুলি

কমল দাশগুপ্ত

ন্সামি ভোরের যুথিকা

জানি জানি গো

পৃথিবী আমারে চার

স্বার দেবতা তুমি

দেদিন তোমায় আমি বলেছিত্ব গো

সাঁঝের ভারকা আমি

নচিকেতা ঘোষ

ছোট্ট পাথি চন্দ্ৰা

মায়াবতী মেদে এল তক্রা

রবীন চট্টোপাখ্যায়

চৈতী ফুলের কী বাঁধিদ রাঙা রাখি পিয়া পিয়া কে ডাকে আমারে

মধু মালতী ডাকে আর

রাইটাদ বড়াল

[আধুনিক গান রচনার প্রাথমিক

যুগে রাইটাদ বড়ালের স্থান পুরোভাগে

সহজ সরল স্ব-সংযোজনায়

চলচিত্রের জন্ম রচিত কুন্দনলাল সাইগলের

গানগুলোর দৃষ্টাস্টই উল্লেখ করা যায়]

গোলাপ হয়ে উঠুক ফুটে

কাহারে বে জড়াতে চার রাজার কুমার পকীরাজে প্রেম নহে মোর মৃত্ ফুলহার

প্রেমের পূজার

শৈলেশ দত্তগুপ্ত

জীবনে বারে তুমি দাওনি মালা

তোমার ভূবন মাঝে তোমায় ডাকা ভূলব না

निन की भूवी

পান্দীর গান গাঁয়ের বধু

রাণার

ওগো আর কিছু তো নাই কেন কিছু কথা বল না উজ্জ্ব এক ক'াক পায়রা

ছরত ঘূর্ণির লেগেছে পাক বদি কিছু আমারে হুধাও বা বারে বা বা পাবী

যাক্ বা গেছে বাক স্বধীরলাল চক্রবর্তী

> আমি তোমার কেহ নহি আপনারে ভূলে যাই এ ছটি নয়ন

তোমার রূপের মাধ্রী থেলাঘর মোর

স্থীন দাশগুপ্ত

সোনার হাতে সোনার কাঁকন

চোথের নজর কম হলে এলো বরবা যে সহসা জল ভরো কাঞ্চন কন্তা নাম রেথেছি বনল্ডা

স্বল দাশগুপ্ত

নাই বা ঘুমালে প্রিয়

হিমাংভ দত্ত

আকাশের চাদ মাটির ফুলেতে

টাদ কহে চামেলি গো

খুঁজে দেখা পাইনি যাহার

তার কাজল নয়নে ছিল

ৰারা চামেলি বলে

ন্সাজি এ মাধবী রাতে

যদি দথিনা প্ৰন আসিয়া

আলোছায়া পোলা মম মন্দিরে এলে

মঞ্গুরাতে আজি

কাগুনের সমীরণ সনে

বহে রিনিকি ঝিনিকি

ছিল চাঁদ মেঘের পারে বল হিম ঋতু বল

ঝরানো পাতার পথে

তাজমহল

চাঁদ ভোলে নাই চামেলিরে তার

রাতের ময়ূর ছড়ালো পাখা

প্রেমের না হবে কর

প্রাবণ রজনী

(খ) স্বাধুনিক সংগীতে স্থর-সংযোজনা ও প্রযোজনার কিছু সংখ্যক দৃষ্টান্ত— স্বাকাশবাণীর রম্যগীতি স্বস্থঠানে প্রচারিত:

অনিল বাগচী

অনুপম ঘটক

ভোমারে গান শুনিয়ে

অভিজ্ঞিৎ বন্দ্যোপাধ্যায়

চাক চাক কুড় কুড় নকুড় নকুড়

বে প্রেমে নেই গো ক্ষমা

জীবনেতে প্রেম একবার জাসে

শুলকনাথ .দে চেরে বদে থাকি শামার এ বেতুল প্রাণের গান গেয়ে বেলা যার

ওন্তাদ আলি আক্বর ধান আজো আধিজল আয় আয় পায়ী

ক্ষাল দাশগুপ্ত অভিমান হৃত বক্লের কুঁড়ি বাশরীর ব্কে গোপাল দাশগুপ্ত

কিছু বলো কিছু গুনি আবার জাগিল সাড়া কেমন করে এলাম

গৌর গোস্থামী কেউ জানে কেউ জানে না

জ্ঞান প্রকাশ ঘোষ
আমি হুরে হুরে ওগো তোমার
সিংহাসনে বসলো রাজা
আমি দেখতে পোলাম না
বুকি একেলা কাটিবে মধ্যামিনী
তোমার সোনার আলোর ডাকলে বখন
শত বিদ্লের কণ্টক মোর
জনশক্তির প্রাণবস্থা
(হিন্দী) থাকে ন পাও লেকিন

(হিন্দী) খাকে ন পাও লেকিৰ ভূল যায়ে দিল ময়্বী নাচ্ জননী ভেরি জয় হায় হরি হরি স্থামৰণ করে।

তিমিরবরণ দীপ নিভে বার দক্ষিণামোহন ঠাকুর একি কথা থলো

ছৰ্সা সেন

তুমি আসবে বলে

তুমি আসবে বলে

তুমিচাঁদ বড়াল

কতটুকু তুমি জানো

বকুল ফোটা লগন এল
নলিনীকান্ত সরকার

কলক।তা কেবল ভূলে ভরা

নিধিল ঘোষ শুন্ শুন্ শুন্ শুলি গায় নির্মল ভট্টাচার্য

নির্মল ভট্টাচার্য নদীর বাল্চরে অন্তর বনে ফুটুক ভোমার

প্রকাশকালী ঘোষাল প্রেম দে তোপ্রেম নর মিলন রাতের

প্রবীর মজুমদার
ভাক্সভীর ভেক্কি
বউ কিউড়ী গো
যদি সূর্য এত উজ্জ্বল
নাচে নাগিনী সেয়ে
বীরেন ভট্টাচার্য
হারায়ে গিঙেছে দুর ঝাধারে

ভি. বালসারা
কোনদিন যদি তুমি
রবীন চট্টোপাধ্যায়
ভালো লাগে চাদের আলো
মন-মযুবী আবেলে দোলে
সত্যজিৎ মজুমদার

ক্ষা ক্ষা নিক্ষ ক্ষা ক্ষা নিক্ষ

বাংলা সংগীতের রূপ

সলিক চৌধুরী
কে চেউ জাগালে আজ
কিল্মিল খিলমিল
ওপারের মঞ্জিল
হলুদ গাঁদার ফুল
সৌম্যেক্সনাথ ঠাকুর
উড়ে যার মনের কথা
আজ বুল বুল দের শীব

স্থরেন পাল

বদি বলো ভূলে বেতে
হিতেন বস্থ

রোদে রাঙা ইটের পাঁজা হিমাংড বিশাস

পাৰি আরফুলের

কয়েকটি ভ্ৰম সংশোধন				
পৃষ্ঠা	नारेन	আ ছে	হবে	
48	२७	ষাগের মধ্যে	রাগের মধ্যে	
25	১২	অকুকরণ।	অমুকরণ,	
36	>>	ছ'শটি	ছ'দশটি	
270	•	ঠাইছ, আরম্ভ	বাইছ-আরম্ভ	
२ •३	2.	তালের গান	চালের গান	